দেবতা, রাক্ষস, মানুষ বা পশু—কোন প্রাণীই আমাব জলবিহাবেব সময়ে এখানে আসে না ; স্থৃতবাং তোমবা আসিযাছ কেন গ" ॥১৫॥

অর্জুন বলিলেন—"ফুর্মতি। সমুদ্রে, হিমালয়েব পার্শ্বে এবং এই গঙ্গানদীতে দিনে, বাত্রিতে বা সন্ধ্যাকালে জলগ্রহণ কবিতে কাহাব বাধা আছে १॥১১॥

ভুক্তই হউক, আর অভুক্তই হউক, দিন হউক, বা বাত্রি হউক, নদীশ্রেষ্ঠা গঙ্গাব জল গ্রহণ কবিতে কাহাবও কোন কালনিয়ম নাই ॥১৭॥

আমবা শক্তিশালী বলিয়াই তোমাকে তিবস্কাৰ কবিলাম; আৰ যুদ্ধে অসমৰ্থ মানুষেবাই তোমাদেব পূজা কবিয়া থাকে ॥১৮॥

এই গঙ্গা পূর্বকালে হিমালয়েয় হেমশৃঙ্গ হইতে নির্গত হইয়া যাইয়া সপ্তপ্রকাবে সমুজেব জলে মিশিয়াছে ॥১৯॥ ইয়ং ভূত্বা চৈকবপ্রা শুচিরাকাশগা পুনঃ।
দেবেরু গঙ্গা গন্ধর্বে। প্রাপ্যোত্যলকনন্দতাম্ ॥২১॥
তথা পিতৃন্ বৈতরণী তুস্তরা পাপকর্মজিঃ।
গঙ্গা ভবতি বৈ প্রাপ্য কৃষ্ণদৈপায়নোহত্রবীৎ ॥২২॥
তাসংবাধা দেবনদী স্বর্গসম্পাদনী শুভা।
কথমিচছসি তাং বোদ্ধুং নৈষ ধর্ম্মঃ সনাতনঃ॥২৩॥
তানিবার্য্যমসংবাধং তব বাচা কথং বয়ম্।
ন স্পৃশেম যথাকামং পুণ্যং ভাগীরথীজলম্॥২৪॥

ভাবতকৌমুদী

অথ কে তে দপ্ত প্রকাবা ইত্যাহ—গঙ্গামিতি। বথস্থাং বথবছরতগিরিশৃঙ্গনির্গতামিতি সব্ধৃ-বিশেষণম্, অতো নাষ্টপ্রকাবাপত্তিঃ। ন প্যুর্যিতং প্রদিনেহণি স্থিতং পাপং যেষাং তে সন্থ এব নষ্টপাপা ইত্যর্থঃ। ষ্টপাদোহযং শ্লোকঃ ॥২ •॥

ইয়মিতি। ইযং শুচিঃ পবিত্রা গঙ্গা, একমাকাশমাত্রং বপ্রং তটং যক্তাঃ সা তাদৃশী আকাশগা সতী, দেবেষু দেবলোকেষু, অলকনন্দতাম্ অলকনন্দেতি নাম প্রাপ্নোতি। সংজ্ঞাযামপি হ্রম্বত্মার্ধম্। "পিতৃকেদাব্যোর্বপ্রো বপ্রঃ প্রাকাব্বোধসোঃ" ইতি বিশ্বঃ ॥২১॥

তথেতি। গঙ্গা পিতৃন্ পিতৃলোকান্ প্রাপ্য পাপকর্মভির্জনৈত্বস্তরা বৈতবণী ভবতী-ত্যন্তবং ॥২২॥

অসমিতি। অসংবাধা কেনাপ্যবাধনীযা ॥২৩॥

ভাবতভাবদীপঃ

মিতি। অধুষ্ঠ্ম ধর্ষিতবন্তঃ ॥১৮॥ সপ্তধা—বস্বেকিসাবা নলিনী পাবনী সীতা চক্ষ্ণ সিদ্ধ্র্ন রলকনন্দেতি সপ্তধা। গড়া সমৃদ্রান্তঃ সমপত্ততেতি যোজনা। অপ্যূর্ণাষ্টতপাপা নিঃশেষিত-পাপাঃ ॥১৯—২০॥ একমাকাশবূপং বপ্রং তটং যন্তাঃ সা, "তটং বপ্রম্" ইতি মেদিনী ॥২১—২২॥ অসংবাধা নিঃসন্ধটা, ইতবনদীবৎ প্রাবৃষি বজন্ত্বলাড্বেন ক্ষণমপ্যস্পৃশ্রত্বং ন

গঙ্গা, যমুনা, প্লক্ষজাতা, সবস্বতী, সবয়্, গোমতী ও গগুকী—এই সাতটী নদীব জল যাহাবা পান কবে, তৎক্ষণাৎ তাহাদেব পাপ নষ্ট হয়॥২০॥

এই পবিত্ৰ গঙ্গা আকাশপথে যাইয়া দেবলোকে 'অলকনন্দা'—নাম ধাবণ কবিয়াছে ॥২১॥

আবাব এই গঙ্গাই পিতৃলোকে যাইয়া পাপিষ্ঠ লোকের ছস্তবণীয়া বৈতরণী নদী হইযাছে; এই সকল কথা স্বয়ং বেদব্যাস বলিয়াছেন ॥২২॥

অতএব স্বৰ্গ ও সৰ্ব্বপ্ৰকাব মঙ্গলজনিকা এই গঙ্গার জল ব্যবহার করিতে কেহই বাধা দিতে পাবে না; তুমি বাধা দিতে ইচ্ছা কৰিতেছ কেন? ইহা ত সনাতন ধৰ্ম্ম নহে! ॥২৩॥

বৈশস্পায়ন উবাচ।

অঙ্গারপর্ণস্তিচ্ছু ত্লা ক্রুদ্ধ আয়ম্য কাম্মুকম্।
মুমোচ বাণান্নিশিতানহীনাশীবিধানিব ॥২৫॥
উল্মুকং ভ্রাময়ংস্তূর্ণং পাণ্ডবশ্চর্ম্ম চোত্তমম্।
ব্যপোবাহ শরাংস্কম্ম সর্বানেব ধনঞ্জয়ঃ ॥২৬॥

অৰ্জ্জুন উবাচ।

বিভীষিকা বৈ গন্ধর্ব ! নাস্ত্রজেষু প্রযুজ্যতে। অদ্রজেষু প্রযুক্তেয়ং ফেনবৎ প্রবিলীয়তে ॥২৭॥ মানুষানতিগন্ধর্বান্ সর্ববান্ গন্ধর্বব । লক্ষয়ে। তত্মাদক্রেণ দিব্যেন যোৎস্থেহহং ন তু মায়য়া ॥২৮॥

ভাৰতকোমুদী

অনিবার্যামিতি। কেনাপ্যনিবার্য্যম্, অসংবাধং শান্তনিষ্ধেবহিতঞ্চ ॥২৪॥
অঙ্গাবেতি। আশীবিষান্ তীক্ষবিষান্, অহীন্ সর্পানিব ॥২৫॥
উল্মুক্মিতি। উল্মুক্ং হস্তখ্বতং জলংকাষ্ঠম্। ব্যপোবাহ নিবার্যামাস ॥২৬॥
বিভীবিকেতি। বিভীবিকা ভ্যপ্রদর্শনম্। ইযং বিভীবিকা ॥২৭॥
মাহ্যানিতি। সর্কানেব গন্ধর্কান্, মাহ্যান্, অতি বলেনাতিক্রাস্তান্। দিব্যেন
স্বর্গীযেণ ॥২৮॥

ভাবতভাবদীপঃ

প্রাপ্রোতি ইত্যর্থ: ॥২৩---২৪॥ অহীন্ সর্পান্, আশীবিষান্ বিষদংষ্ট্রান্ ॥২৫॥ চর্ম চ্ছত্রাকার-

যাহাতে কেহ বাধা দিতে পারে না, শাস্ত্রীয় কোন নিষেধ নাই; কেবল তোমাব কথায় আমরা সেই পবিত্র গঙ্গাজ্বল ইচ্ছানুসাবে কেন স্পর্শ কবিব না ?" ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—অঙ্গাবপর্ণ অর্জ্জ্বের উক্তি শুনিরা, ক্রুদ্ধ হইয়া, ধনু আয়ত করিয়া, তীক্ষবিষ সর্পেব স্থায় অনেক নিশিত বাণ নিক্ষেপ কবিল ॥২৫॥

তখন অর্জুন হস্তস্থিত জ্বলংকাষ্ঠ এবং উৎকৃষ্ট চর্মা (ঢাল) ঘুবাইতে থাকিয়া সম্ববই অঙ্গাবপর্ণের সমস্ত বাণ ব্যর্থ কবিয়া দিলেন ॥২৬॥

পবে, অর্জুন বলিলেন—"গন্ধর্বব ! অস্ত্রজ্ঞদিগেব প্রতি তোমাদেব এই ভয়প্রদর্শন সফল হয় না ; কেন না, অস্ত্রজ্ঞদিগেব প্রতি এইরূপ ভয়প্রদর্শন কবিলে, তাহা ফেনেব ফ্রায় লয় পাইয়া যায় ॥২৭॥

গন্ধর্বে । সকল গন্ধর্বকেই মান্তুষ অপেক্ষা প্রবল দেখিতে পাই। অতএব আমি তোমাব সহিত স্বর্গীয় অন্ত্র দ্বাবাই যুদ্দ কবিব, কিন্তু মায়া দ্বাবা নহে ॥২৮॥ পুবাস্ত্রমিদমাগ্রেয়ং প্রাদাৎ কিল রহস্পতিঃ। ভবদ্বাজায় গন্ধর্ব ! গুরুর্মান্তঃ শতক্রতাঃ॥২৯॥ ভবদ্বাজাদগ্রিবেশ্যো হুগ্নিবেশ্যাদ্গুরুর্মম। সাধিবদং মহুমদদদ্দ্রোণো ব্রাহ্মণসত্তমঃ॥৩০॥ বৈশস্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা পাশুবং ক্রুদ্ধো গন্ধর্বায় মুমোচ হ।
প্রদীপ্তমন্ত্রমাগ্নেয়ং দদাহাস্থ্য বথস্ত তৎ ॥৩১॥
বিবথং বিপ্লুতং তস্তু স গন্ধর্বং মহাবলম্।
অদ্রতেজঃপ্রমূচ্ঞ প্রপতন্তমবাদ্মুখন্ ॥৩২॥
শিবোরুহেষু জগ্রাহ মাল্যবৎস্থ ধনঞ্জয়ঃ।
ভাত্বন্ প্রতি চকর্ষাথ সোহস্ত্রপাতাদচেত্রসম্ ॥৩৩॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

পুবেতি। শতকতোবিদ্রস্থ গুরুং, অতএব তত্মাপি মাস্তঃ। ততশ্চাস্থাব্যর্থক্ম্॥২৯॥ ভরেতি। প্রথমার্দ্ধে প্রাপ্তবানিতি শেষঃ। সাধ্ সম্যক্ ॥ २०॥ ইতীতি। পাণ্ডবোহর্জুনঃ। তদাগ্রেষমন্ত্রং কর্ত্তু। অস্ত্র অঙ্গাবপর্ণস্ত ॥৩১॥

বিবথমিতি। বিপ্লুতং বিহব ন্যা সধনঞ্জবঃ। অন্ততেজনা প্রমূচং মূর্চ্ছিতম্। মাল্যবংস্থ পুস্পমালাশোভিতেমু, শিবোক্তেমু কেশেষু। অচেতসং সংজ্ঞাহীনম্॥৩২—৩৩॥

ভাবতভাবদীপঃ

মাযুধপাতত্রাণম্। ব্যপোহত অপদাবিতবান্ ॥২৬॥ মানুষানতি মানুষাধিকান্ লক্ষ্যে

গন্ধৰ্বে! দেববাজেব গুৰু ও মাননীয় স্বয়ং বৃহস্পতি পূৰ্ব্বকালে এই আগ্নেয অন্ত্ৰ মহৰ্ষি ভবদাজকে দিয়াছিলেন ॥২৯॥

ভবদ্বাজ হইতে অগ্নিবেশ্য এবং অগ্নিবেশ্য হইতে আমার গুৰু জ্রোণ ইহা পাইযা-ছিলেন , সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ জ্রোণ আবার আমাকে ইহা দান কবিয়াছেন"॥৩০॥

বৈশস্পায়ন বলিলেন—অৰ্জ্জুন এই কথা বলিয়া, ক্ৰুদ্ধ হইয়া, সেই প্ৰজ্বলিত আগ্নেয অন্ত্ৰ গন্ধৰ্কেব প্ৰতি নিক্ষেপ কবিলেন; সেই অন্ত্ৰ গন্ধৰ্কেব বথখানা দগ্ধ কবিল ॥৩১॥

তখন মহাবলশালী সেই গন্ধর্বে বথহীন, বিহ্বল এবং অস্ত্রেব তেজে অচৈতন্ত হইযা অধােমুখে পড়িতে লাগিল; সেই সময়ে অর্জুন যাইয়া তাহাব পুষ্পমালা-শােভিত কেশকলাপ ধাবণ কবিলেন এবং অস্ত্রাঘাতে অচৈতন্ত সেই গন্ধর্বকে ভ্রাতৃ-গণের দিকে আকর্ষণ কবিয়া আনিতে লাগিলেন ॥৩২—৩০॥ যুধিষ্ঠিরং তম্ম ভার্য্যা প্রপেদে শবণার্থিনী। নাম্না কুম্ভীনসী নাম পতিত্রাণমভীপ্দতী॥৩৪॥ গন্ধবুর্ত্বাচ।

ত্রায়স্ব মাং মহাভাগ! পতিঞ্চেমং বিমুঞ্চ মে। গন্ধবর্বীং শবণং প্রাপ্তাং নান্না কুম্ভীনদীং প্রভো!॥৩৫॥ যুধ্বিষ্ঠির উবাচ।

যুদ্ধে জিতং যশোহীনং স্ত্রীনাথমপবাক্রমম্।
কো নিহন্যাদ্রিপুং তাত! মুঞ্চেমং রিপুসূদন।॥৩৬॥
অর্জ্জ্ন উবাচ।

জীবিতং প্রতিপত্তস্ব গচ্ছ গন্ধর্ব। মা শুচঃ। প্রদিশত্যভয়ং তে২গু কুরুবাজো যুধিষ্ঠিরঃ॥৩৭॥ গন্ধর্বব উবাচ।

জিতোহহং পূর্ববিকং নাম মুঞ্চাম্যঙ্গারপর্ণতাম্। ন চ শ্লাঘে বলেনাঙ্গ। ন নাম্রা জনসংসদি॥৩৮॥

ভাবতকোগুদী

যুধীতি। প্রপেদে প্রাপ্তা। নাম প্রদিদ্ধা। অভীপ্রতী ইচ্ছন্তী। নলোপ আর্ব: ॥০৪॥
তামম্বেতি। পত্যুর্মোচনেনৈর মম তাণমিতি ভাব: ॥০৫॥

যুদ্ধ ইতি। স্ত্রী ভার্য্যের নাথো বিশিকা যক্ত তম্ ॥০৬॥

জীবিতমিতি। প্রতিপদ্মর লভস্ব। মা শুচ: পরাভবরশাৎ শোকং ন কুক ॥০৭॥

তখন কুন্তীনদীনায়ী সেই গন্ধৰ্কেব ভাৰ্য্যা পতিব প্ৰাণ বক্ষা কবিবার ইচ্ছায তৎক্ষণাৎ যাইয়া যুখিষ্ঠিবেব শরণাপন্ন হইল ॥ ১৪॥

গন্ধবনী বলিল—"হে প্রভো! হে মহাত্মন্। আপনি আমাকে বক্ষা করুন, আমার এই পতিকে ছাড়িয়া দিন; আমিও গন্ধবর্বী, আমাব নাম কুন্তীনসী, আমি আপনাব শ্বণাগত।" ॥৩৫॥

যুধিষ্ঠিব বলিলেন—"যুদ্ধে জয করায় যাহাব যশ নাই, পবাক্রম নাই এবং স্ত্রীমাত্রই বক্ষক, সে শক্রকে কোন্ ব্যক্তি বধ কবে ? অতএব অর্জুন ইহাকে তুমি ছাড়িয়া দাও" ॥১১॥

অর্জুন বলিলেন—"গন্ধর্ব ! জীবন লাভ কব এবং চলিয়া যাও, শোক কবিও না। কুকবাজ যুধিষ্টিব আজ ভোমাকে অভয় দিয়াছেন" ॥১৭॥

⁽৩৫) ইতঃ পরম্ 'দৃদ্বোবাচ মহাবাচঃ ফান্তনং বৈ য্থিটিরঃ' ইত্যর্দ্ধমধিকং কচিং। (৩৮)···ন চ শ্লাছে বলেনাশু···।

সাধিবমং লব্ধবাল্লাভং যোহহং দিব্যান্ত্রধাবিণস্।
গান্ধর্ব্যা মায়যেচছামি সংযোজয়িতুমর্জ্জুনম্ ॥৩৯॥
অন্ত্রাগ্রিনা বিচিত্রোহয়ং দথ্যো মে বথ উত্তমঃ।
সোহহং চিত্ররথো ভূত্বা নাল্লা দগ্ধরথোহভবম্ ॥৪০॥
সম্ভূতা চৈব বিভায়ং তপসেহ মযা পুরা।
নিবেদয়িয়ে তামগ্র প্রাণদায় মহাত্মনে ॥৪১॥
সংস্কৃত্তিযিত্বা তবসা জিতং শবণমাগতম্।
যো বিপুং যোজযেৎ প্রাণেং কল্যাণঃ কিং ন সোহর্হতি ॥৪২॥

ভাবতকৌমূদী

জিত ইতি। অঙ্গাবো জলৎকাষ্ঠ্য তন্ত্বৎ পর্ণং বাহনং বথো যশু সঃ অঞ্চাবপর্ণস্ততাং তদ্রপ-মিতার্থঃ, পূর্ব্বকং পূর্ব্ববিত্তি। শ্লাঘে আত্মগোঁববং কবোমি। অঙ্গেতি সম্বোধনে ॥৩৮॥

সাধ্বিতি। লাভং লাভবদেব স্থেম্। যুধিষ্ঠিবং প্রদিশতীত্যনেনান্তমানাদর্জ্নমিত্যুক্তম্ ॥৩০॥ অম্বেতি। দশ্ববথো ভূষা, নামা চিত্ররথং অভবমিত্যন্তমং ॥৪০॥

সম্ভূতেতি। সম্ভূতা প্রাপ্তা। নিবেদ্যিয়ে জ্ঞাপযিয়ামি ॥৪১॥ সমিতি। তবসা বলেন, সংস্কম্ভযিতা সংজ্ঞালোপেন স্তন্ধীকৃত্য ॥৪২॥

ভাবতভাবদীপঃ

অতো দিব্যেনান্ত্রেণ যোৎস্থে ॥২१—৩১॥ বিপ্ল**ুতং বণাচ্যুতম্, অতএব প্রমূচম্ ॥**৩২ – ৩৫॥ স্ত্রী নাথো বঙ্গিতা যশু তম্ ॥৩৬—৩৭॥ অঙ্গাববৎ ভাষবং চঃস্পর্শঞ্চ পর্ণং বাহনং বথো যশু সোহস্পাবপর্ণস্তশু ভাবস্তত্তাম্ ॥৩৮॥ লাভং লাভবৎস্থ্যদং স্থাযম্ ॥৩৯—৪০॥ সংভূতা

গন্ধর্ব বলিল—"আমি পরাজিত হইযাছি বলিয়া পূর্বেব 'অঙ্গাবপর্ণ' নাম পবিত্যাগ কবিলাম; আব লোকসভাষ শক্তি বা নাম দ্বাবা আত্মশ্লাঘা কবিব না ॥৩৮॥

আমি এটা ভাল লাভ কবিলাম যে, আমি দিব্যাস্ত্রধাবী অর্জ্জুনকে গান্ধবর্বী মায়ায সংযুক্ত কবিবাব ইচ্ছা করিতে পাবিতেছি ॥৩৯॥

অস্ত্রাগ্নি আমাব এই বিচিত্র উত্তম বথখানিকে দগ্ধ কবিয়া দিয়াছে ; স্থুতরাং আমি দগ্ধবথ হইযা নামতঃ 'চিত্রবথ' হইলাম ॥৪০॥

আমি পূর্বের তপস্তা দ্বাবা এই বিছাটা লাভ কবিয়াছিলাম, আজ তাহা প্রাণদাতা মহাত্মাকে দান করিব ॥৪১॥

যিনি আপন শক্তিতে জয় কবিয়া শক্রকে স্তব্ধ কবিয়াছিলেন, পবে আবাব

চাকুষী নাম বিভেয়ং যাং সোমায় দদে মনুঃ।
দদে স বিশ্বাবসবে মম বিশ্বাবস্থৰ্দদে ॥৪০॥
সেবং কাপুৰুষপ্ৰাপ্তা গুৰুদত্তা প্ৰণশ্যতি।
ভাগমোহস্তা ময়া প্ৰোক্তো বীৰ্য্যং প্ৰতিনিবোধ মে ॥৪৪॥
যচ্চকুষা দ্ৰফ মিচ্ছেজিষু লোকেষু কিঞ্চন।
তৎ পণ্যেদ্যাদৃশঞ্চেছেতাদৃশং দ্ৰফ মুহতি ॥৪৫॥
একপাদেন ষণ্মাসান্ স্থিতো বিভাং লভেদিমাম্।
ভানুনেয়াম্যহং বিভাং স্বযং তুভাং ব্ৰতেহকৃতে ॥৪৬॥
বিভায়া হ্বনয়া বাজন্। বয়ং নৃভ্যো বিশেষিতাঃ।
ভাবিশিষ্টাশ্চ দেবানামনুভাবপ্ৰদৰ্শিনঃ ॥৪৭॥

ভাবতকৌমুদী

চাক্ষীতি। সোমাধ চন্দ্রায়। বিশ্ববিষ্ণনাম গন্ধর্ব: ॥৪০॥
সেতি। প্রণশ্রতি নিক্ষনা ভবতি। আগমঃ পবস্পবযা প্রাপ্তি:। বীর্যাং শক্তিম্ ॥৪৪॥
যদিতি। যাদৃশং যদ্যদ্ধর্মবিশিষ্টম্। তাদৃশং তত্তদ্ধবিশিষ্টম্ ॥৪৫॥
একেতি। ব্রতে একপাদেন ধ্যাসস্থিতিরূপে নিধ্যে, ত্বয় অরুতেইপি, স্বধ্যেবাহ্ম্, তুভাম্,

একেতি। ব্রতে একপাদেন ষণ্মাসন্থিতিরূপে নিষমে, ত্বযা অরুতেইপি, স্বযমেবাহম্, তুভ্যম্, অন্থনেয়ামি প্রাপবিয়ামি দাভামীতার্থঃ ॥৪৬॥

ভাবতভাবদীপঃ

অর্জ্জিতা তপনা ॥৪১॥ প্রাণৈর্বোজ্বেৎ ন হক্তাৎ ॥৪২—৪৪॥ যদিতি। তৎ ধশ্বিস্বরূপং পশ্রেৎ, যাদৃশং যদ্ধর্মবিশিষ্টং সামাক্ততো বিশেষতক্ষ সর্ববং দর্ববাবস্থং বস্তু সর্ববদা সসন্ধ্রামু-সাবেণ পশ্রেদিতার্থঃ ॥৪৫॥ অমুনেক্যামি পশ্চাৎ প্রাপযিক্যামি ॥৪৬॥ বিশেষিতাঃ বিশিষ্টাঃ,

সেই শক্ত শবণাগত হইলে তাহাকে প্রাণ দান কবিয়াছেন, তিনি কোন্ মঙ্গলকৰ বস্তু না পাইতে পাবেন ১ ॥৪২॥

এই বিগ্যাব নাম—'চাকুষী', যাহা মন্ত্র চন্দ্রকে দিয়াছিলেন, চন্দ্র বিশ্বাবস্থকে দিয়াছিলেন, বিশ্বাবস্থ আবার আমাকে-দিয়াছেন ॥৪৩॥

গুৰুপ্ৰদন্ত এই বিভা কাপুৰুষেব নিকট গেলে বিনষ্ট হইষা যায়। ইহাব প্ৰাপ্তির বিষয় আমি বলিলাম ; এখন শক্তিব বিষয় শ্রবণ ককন ॥৪৪॥

লোক ত্রিভ্বনের মধ্যে যাহা কিছু দেখিতে ইচ্ছা করিবে, এই বিভাব প্রভাবে তাহাই দেখিতে পাইবে এবং যে-রকম দেখিতে ইচ্ছা করিবে, সেই বকমই দেখিতে পাবিবে ॥৪৫॥

ছয মাস যাবং এক পায় দাঁড়াইয়া থাকিয়া এই বিছা লাভ কবিতে পারে, কিন্তু আপনি এ ব্রত না কবিয়া থাকিলেও আমি নিজেই আপনাকে এই বিছা দিব ॥৪৬॥ গন্ধর্বজানামশ্বানামহং পুরুষদত্তম !।
ভাতৃত্যস্তব তুত্যঞ্চ পৃথগ্ দাতা শতং শতম্ ॥৪৮॥
দেব ৷ গন্ধর্ববাহাস্তে দিব্যবর্ণা মনোজবাঃ ।
ক্ষীণাক্ষীণা ভবন্ত্যেতে ন হীযন্তে চ রংহদঃ ॥৪৯॥
পুবা কৃতং মহেন্দ্রস্থা বদ্রং বৃত্রনিবর্হণম্ ।
দশধা শতধা চৈব তচ্ছীর্ণং বৃত্তমূর্দ্ধনি ॥৫০॥
ততো ভাগীক্বতো দেবৈর্বজ্ঞভাগ উপাস্থতে ।
লোকে যশোধনং কিঞ্চিং দা বৈ বজ্ঞতন্তুঃ স্মৃতা ॥৫১॥

ভাবতকোমুদী

বিঅযেতি। নৃভ্যো মহুয়োভ্যঃ, বিশেষিতা অধিকীকৃতাঃ। অবশিষ্টাঃ সমানাঃ, অন্থ-ভাবপ্রদর্শিনঃ প্রভাবপ্রদর্শনক্ষমাঃ। "অন্থভাবঃ প্রভাবেহপি" ইত্যমবঃ ॥৪৭॥

গন্ধবিতি। গন্ধবিজানাং তদ্দেশজাতানাম্। দাতা দাস্থামি। তৃন্প্ৰত্যয়: ॥৪৮॥

দেবেতি। হে দেব ! বাজন্। বাজপুত্রেতি যাবৎ, গন্ধর্কাণাং বাহা অখা:। ক্ষীণাক্ষীণা: প্রযোজনাত্মারেণ রুশা অরুশাশ্চ। বংহসো বেগাৎ, ক্ষীণভেহপি ন হীযন্তে ॥৪२॥

তদখোৎকর্ষং বল্লুমুপক্রমতে —পুরেতি। বুত্রনিবর্হণং বুত্রাস্থবনাশকম্। দশধা শতধা দশগুণিতশতধা সহস্রধেত্যর্থা, শীর্ণং ভগ্নম্ ॥৫ •॥

ভাবতভাবদীপঃ

অধশিষ্টাম্বল্যাং, অন্থভাবস্থ আকাশগমনাদৃগ্যন্তাদেং প্রদর্শিনো দর্শনশীলাং ॥৪৭—৪৮॥ ক্ষীণাশ্চ অক্ষীণাশ্চ ক্ষীণাক্ষীণাং বৃদ্ধা অক্ষীণাস্তক্ষণা বা এতে ন ভবন্তি, বংহসো বেগাচ্চ ন হীয়স্তে ইতি নকাবাম্বন্ধেন যোজ্যম্। "ক্ষীণাং ক্ষীণা" ইতি পাঠে সমর্থাং অসমর্থা ইত্যর্থং, ঐশ্বর্যার্থস্থ ক্ষয়তেঃ কর্ত্তবি নিষ্ঠান্বাং দৈর্ঘাং পত্মক। এতে বংহসো বেগাতিশ্যাৎ ন হীয়ন্তে অপি তু অধিকমধিকং সমর্থা ভবন্তীতার্থং। বংহসো বেগাৎ ॥৪৯॥ অশ্বোৎপত্তিমাহ—চতুর্ভিঃ পুবেতি ॥৫০॥ ভাগীকৃতঃ শীর্নহাদনেকধাভূতো বজ্বভাগঃ তেমু তেমু স্থানেমু দেবৈরুপাস্থতে।

বাজপুত্র। আমবা এই বিভার গুণেই মনুষ্য হইতে শ্রেষ্ঠ হইয়াহি এবং দেব-গণেব সমানই প্রভাব দেখাইতে পাবি ॥৪৭॥

হে পুক্ষশ্ৰেষ্ঠ! আমি আপনাব ভ্ৰাতৃগণকে এবং আপনাকে পৃথক্ পৃথক্ ভাবে এক শত কবিয়া গন্ধৰ্বদেশীয় অশ্ব দান কবিব ॥৪৮॥

বাজপুত্র। গন্ধর্বদেশীয় সেই অশ্বগুলি সুন্দববর্ণ, মনের স্থায় বৈগবান্ এবং প্রয়োজন অনুসাবে শ্বীণ ও অক্ষাণ হইতে পাবে, আব কখনও বেগভ্রষ্ট হয় না॥৪৯॥

পূর্বকালে বুত্রাস্থববধেব জন্মে ইন্দ্রেব বজ্র নির্দ্মিত হইয়াছিল; পরে তাহা বুত্রাস্থবেবই মস্তবে পতিত হইয়া সহস্রভাগে বিভক্ত হইয়াছিল ॥৫০॥

বজ্রপাণিত্র স্মিণঃ স্থাৎ ক্ষত্রং বজ্রবথং স্মৃত্য ।
বৈশ্যা বৈ দানবজ্ঞান্চ কর্মবজ্ঞা যবীয়সঃ ॥৫২॥
ক্ষত্রবজু স্থ ভাগেন অবধ্যা বাজিনং স্মৃতাঃ ।
বথাঙ্গং বড়বা দূতে শ্বাশ্চাশ্বেয়ু যে মতাঃ ॥৫৩॥
কামবর্ণাঃ কামজবাঃ কামতঃ সমুপস্থিতাঃ ।
ইতি গন্ধর্ববজাঃ কামং প্রযিয়তি মে হয়াঃ ॥৫৪॥

ভারতকৌমূদী

তত ইতি। ভাগীকৃতো বৃত্তমূদ্দ্ধ্ব থণ্ডথণ্ডীকৃতঃ। যশোধনমূৎকৃষ্টম্ ॥৫১॥
বজ্রেতি। বজ্রমূৎকৃষ্টং হবিঃ পাণো যশু সঃ। বজ্রং তদ্বজ্বসাধকো বথো যশু তৎ। দানমেব
বজ্রমূৎকৃষ্টং যেষাং তে। যবীবদো ঘবীযাংসং কনিষ্ঠাঃ শূলাঃ, কর্ম দ্বিজসেবৈব বজ্রমূৎকৃষ্টং যেষাং
তে। হবিঃপ্রদানাদিনা পাণ্যাদ্য এব ব্রাহ্মণাদীনাং বজ্রা বা ॥৫২॥

ক্ষত্রেতি। উক্তবীত্যা ক্ষত্রেশ্ত বদ্ধং রথস্কশ্র ভাগেন চালকত্যা অংশভূতত্বেন হেতুনা, বাজিনোহখাং, অবধ্যা অনাযাদেন হস্ত্বমশক্যাং। কে তে ইত্যাহ—বড়বা অখা ন পুনবশ্বতেরতার্থং, যং রথাঙ্কমশ্বম, সতে, অধ্যেষু মধ্যে যে চ শ্বাং ॥৫৩॥

কামেতি। কামবর্ণা ইচ্ছানুদাবেণ বর্ণধাবিণ ইত্যর্থঃ। এবমন্তজাপি। গন্ধর্বজা গন্ধর্ব-দেশজাতাঃ, মে মম, হযা অখাঃ, ইতি পূর্বোক্তেভ্যো হেতুভ্যঃ, তব কামং পূব্যিন্তন্তি ॥৫৪॥

ভাবতভাবদীপঃ

ছানান্তেব সামান্ততো বিশেষতশ্চাহ—লোকে ইতি। যশোধনম্ উৎকৃষ্টং স্পৃহণীযম্; সৈব বজ্ঞতম্ব: বজ্ঞত্ত স্বরূপন্। সৈবেতি বিধেবলিঙ্গাপেক্ষমা স্ত্রীত্বন্। "তপ্তে প্রথিন দ্যানমতি সা ছানেষ্ বৈদ্বদেব্যামিক্ষা" ইতিবং ॥৫১॥ ব্রাহ্মণক্ত পাণি: হবিঃপ্রদেত্বাৎ বজ্ঞ:, ইতবেষা-মার্ভিল্যাভাবেন হবিঃপ্রকেপানহর্তাৎ, অতঃ স দেবৈকপাত্ততে। রথো হি দেবব্রাহ্মণিদিষাং নাশহেত্ত্বাৎ বজ্ঞং দেবোপাত্তন্। দানকর্মণোরপি ব্রহ্মক্তপ্রীতিকরত্বাৎ বজ্ঞত্বন্। তেন বজ্ঞবন্তো ব্রাহ্মণাদ্যো দেবৈরুপজীব্যস্ত ইত্যর্থ: ॥৫২॥ প্রকৃতে কিমাযাতং তদাহ-ক্তরেতি। ক্তবিজ্ঞা তাগেন অংশত্বেন অবধ্যা অবধিভূতাঃ বাজিনো বেগবন্তঃ। বথত্ত বজ্ঞবেশ্বর্ধ এব মৃথ্যং কাবণং ন ধ্বজাদিকমিতার্থঃ। রথাঙ্গং রথচালকম্। বড়বা অশ্বা। যে শ্বাতে চ রথাঙ্গম্। রথিনা ভূল্যোহশ্ব ইত্যর্থ: ॥৫৩॥ স্বীয়েষধেষু বিশেষমাহ—কামেতি।

তদবধি দেবতাবা সেই ক্ষুদ্র ক্ষুদ্র বজ্রখণ্ডগুলিব আদর করিয়া আসিতেছেন। জগতে যাহা কিছু উৎকৃষ্ট আছে, সে সমস্তই বজ্রেব অংশ ॥৫১॥

ব্রান্মণেব হাত বজ্ঞ, ক্ষত্রিয়েব বথ বজ্ঞ, বৈশ্যের দান বজ্ঞ এবং শূড়ের সেবা বজ্ঞ ॥৫২॥

যশা যে অশ্বকে প্রসব কবে, কিংবা অশ্বের মধ্যে যেগুলি বীব, সেগুলি ক্ষত্রিযেব বছ্রম্বরূপ রথেব অংশ ; স্কুতরাং সেগুলিকে অনায়াসে বধ কবা যায় না ॥৫৩॥

অৰ্জ্জুন উবাচ।

যদি প্রীতেন মে দক্তং সংশয়ে জীবিতস্থ বা। বিন্তা ধনং শ্রুতং বাপি ন তদ্গন্ধর্ব। বোচয়ে ॥৫৫॥

গন্ধর্বর উবাচ।

সংযোগো বৈ গ্রীতিকবো মহৎস্থ প্রতিদৃশ্যতে। জীবিতম্ম প্রদানেন প্রীতো বিফাং দদামি তে ॥৫৬॥ হত্তোহপ্যহং গ্রহীন্তামি অক্তমাগ্রেরমুক্তমস্। তথৈব সখ্যং বীভৎসো। চিবায় ভবতর্বভ।॥৫৭॥

অৰ্জুন উবাচ।

ছত্তোহস্ত্রেণ রূণোম্যখান্ সংযোগঃ শাশ্বতোহস্তু নৌ। সথে ! তদ্ক্রহি গন্ধর্বে । যুগ্নছ্যো বদ্ভবং ভবেৎ ॥৫৮॥

ভারতকৌসুদী

যদীতি। জীবিতশু সংশযে স্থিতেন বেতার্থ:। বিছা উক্তরূপা, শ্রুতং ধনম্ উক্তরূপা স্বা শ্রুতং শান্তং বা। তৎ সর্কমহং নেতুং ন বোচযে, প্রতিদানাশক্তথাদিতি ভাব: ॥৫৫॥ সংযোগ ইতি। ত্বনা মহুং জীবনং দত্তম্, অহমপি তুভাং বিচ্চাদিকং দদামীতি ভাবং ॥৫৬॥ অথ সতো জীবনশু মুয়া কথং দানং সম্ভবতীত্যাহ—ত্বত্ত ইতি। চিবায় স্থাম্ ॥৫ ৭॥ ভারতভাবদীপঃ

গদ্ধজা: গদ্ধলোকজা: 11৫৪॥ প্রীতেন দত্তমপি প্রতিপ্রদানমন্তরেণ ন রোচয়ে। "দণতি প্রতিগৃহাতি গুহুমাথ্যাতি পৃচ্ছতি। ভূহুক্তে ভোজযতে চৈব বড্বিধং প্রীতিলক্ষণম্ ॥"

আমাদের গন্ধর্বদেশীয় অশ্বগুলি ইচ্ছান্ম্সাবে রূপ ধবিতে পারে, ইচ্ছান্ম্সাবে বেগবান্ হইতে পারে একং ইচ্ছানুসাবে উপস্থিত হইতে পারে; অভএব অবশুই সেগুলি আপনার অভিলাষ পূর্ণ কবিবে"॥৫৪॥

অর্জুন বলিলেন—"গন্ধর্বে! আপনি সম্ভষ্ট হইয়া, অথবা জীবনে সংশয়াপন হইবা আসাকে যে বিস্তা, ধন এবং উপদেশ দিতে উন্তত হইয়াছেন, ভাহাব প্রতিদান কবিতে পাবিব না বলিয়া তাহা আমি গ্রহণ কবিতে ইচ্ছা করি না" ॥१৫॥

গন্ধর্বে বলিল—"প্রধান লোকেব সংসর্গই সম্ভোবজনক হয়, ইহা দেখা যায়। সে যাহা হউক, আপনি আমাকে জীবন দিয়াছেন, আমি সন্তুষ্ট হইয়া তাহার পরিবর্ত্তে চান্দ্ৰী বিছা দিভেছি ॥৫৬॥

হে ভবতশ্রেষ্ঠ অর্জুন! আমিও আপনাব নিকট হইতে উত্তম আগ্নেয় অস্ত্র এবং চিরস্থায়ী সথিত্ব গ্রহণ কবিব" ॥৫ ৭॥

⁽৫ १) --- তথৈব যোগ্যং বীভংসো। ---।

কারণং ক্রহি গন্ধর্বব । কিং তদ্যেন স্ম ধর্ষিতাঃ। যান্তো বেদবিদঃ সর্বেব সন্তো বাত্রাবরিন্দমাঃ॥৫৯॥ গন্ধর্বব উবাচ।

অনগ্নয়োহনাত্তযো ন চ বিপ্রপুরস্কৃতাঃ।

যুয়ং ততো ধর্ষিতাঃ স্থ ময়া বৈ পাণ্ডুনন্দনাঃ॥৬০॥

যক্ষরাক্ষসগন্ধর্বাঃ পিশাচোবগদানবাঃ।

বিস্তবং কুরুবংশস্ম ধীমন্তঃ কথয়ন্তি তে ॥৬১॥

নারদপ্রভৃতীনান্ত দেবর্ষীণাং ময়া প্রুত্তম্।

গুণান্ কথষতাং বীর! পূর্বেষাং তব ধীমতাম্॥৬২॥

ভাবতকোমুদী

স্বন্ত ইতি। অস্ত্রেণ আরেয়ান্ত্রদানেন। বুণোমি গৃহামি। সংযোগঃ সথ্যম্, শাশ্বতশ্চিবস্থাযী, নৌ আবয়োঃ। যুক্ষয়ো যুক্ষং। অদাদেশাভাব আর্বঃ ॥৫৮॥

কাবণমিতি। ব্যং সর্ব্ব এব বেদবিদঃ অবিন্দমাশ্চ সন্তঃ, রাজ্রো যান্ত এব যেন স্বয়া ধর্ষিতা আক্রাস্তাঃ, তত্তনীয়ং কাবণং ব্রহি ॥৫२॥

অনেতি। অনয়যো বিবাহাকবণাত্ত্ত্বাপ্যস্থাপিতায়য়, অনাহত্যঃ অগ্রত্তাপ্যদত্তাহত্যঃ, বিপ্রঃ পুরস্কৃতঃ অগ্রগামীকৃতো যৈন্তে তাদৃশাশ্চ ন ॥৬০॥

যক্ষেতি। বিস্তবম্ অনক্যসাধাবণকর্মণাং তৎকীর্জীনাঞ্চ বাছল্যম্ ॥৬১॥

ভাবতভাবদীপঃ

ইত্যক্তে:। অন্তথা মম ঋণিত্বং স্থাদিতি ভাবঃ। পক্ষান্তরে তু মম যশোহানি: ॥৫৫॥ আতং পক্ষমাদত্তে সংযোগ ইত্যাদিনা॥৫৬—৫৭॥ যুদ্মভ্যো যুদ্মতঃ, যৎ যদ্মাদ্ধেতোঃ॥৫৮—৫২॥

অর্জুন বলিলেন—"গন্ধর্ব। আমি তোমাকে অস্ত্র দান কবিয়া তোমার নিকট হইতে অশ্ব গ্রহণ করিব, আর আমাদেব চিবস্থায়ী সখ্য হউক। কিন্তু সখে। তোমাদের নিকট হইতে মানুষেব যে ভয় হয়, তাহাব কাবণ কি বল ॥৫৮॥

গন্ধর্ব। আমবা সকলেই বেদজ্ঞ ও শত্রুদমনকারী হইয়াও বাত্রিতে চলিতে থাকিয়াই তোমাকর্ত্বক যে আক্রান্ত হইলাম, তাহাব কাবণ কি, বল" ॥৫১॥

গন্ধর্ব বলিল—"পাণ্ডবগণ! তোমবা অগ্নি স্থাপন কর নাই, বা অন্য অগ্নিতেও আহুতি দাও নাই, কিংবা ব্রাহ্মণকেও সম্মুখে কবিয়া চল নাই, তাহাতেই আমাকর্তৃক আক্রান্ত হইয়াছিলে ॥৬০॥

সংখ ! বৃদ্ধিমান্ যক্ষ, বাক্ষস, গন্ধর্বে, পিশাচ, নাগ ও দানবগণ তোমার কুক-বংশেব বহু বৃত্তান্ত বলিয়া থাকে ॥৬১॥ স্বয়ঞ্চাপি ময়। দৃষ্টশ্চবতা দাগবাস্ববাস্।
ইমাং বস্থমতীং কুৎস্নাং প্রভাবঃ স্থকুলস্তা তে ॥৬০॥
বেদে ধনুষি চাচার্য্যমভিজানামি তেহজুন !।
বিশ্রুতং ত্রিষু লোকেযু ভাবদ্বাজং যশস্বিনম্ ॥৬৪॥
ধর্মং বায়ুঞ্চ শক্রঞ্চ বিজানাম্যধিনো তথা।
পাণ্ডুঞ্চ কুরুণার্দ্দূল ! ষড়েতান্ কুরুবর্দ্ধনান্।
পিত্বনেতানহং পার্থ। দেবমানুষসন্তমান্ ॥৬৫॥
বিভাত্মানো মহাত্মানঃ দর্ববশস্তভ্তাং ববাঃ।
ভবস্তো ভাতরঃ প্রাঃ দর্বে স্ক্চবিত্রতাঃ ॥৬৬॥
উত্তমাঞ্চ মনোবৃদ্ধিং ভবতাং ভাবিতাত্মনাম্।
জানন্ধপি চ বঃ পার্থ। কুত্বানিহ ধর্ষণান্ ॥৬৭॥

ভাবতকোগুদী

নাবদেতি। তব পূর্বেষাং পূর্বেপুক্ষাণাম্॥৬২॥

স্বয়মিতি ৷ স্কুল্স সদংশস্ত তত্তোৎপরপূর্বপুক্ষগণস্থেত্যর্থ: ॥৬০॥

বেদ ইতি। আচার্য্যং শিক্ষকম্। বিশ্রেতং বিখ্যাতম্। ভাবদ্বাজং দ্রোণম্॥७৪॥

ধর্মনিতি। শক্রমিক্রম্। দেবসত্তমা ধর্মাদয়ং পঞ্চ, মানুষসত্তমন্চ পাণ্ডুং। বিজ্ঞানামি লোক-পরম্পর্যা প্রবণাদিতি ভাবং। ষট্পাদোহ্যং শ্লোকঃ ॥৬৫॥

বিত্তেতি। বিত্যা আত্মনি যেষাং তে। স্কচবিতং ব্রতং ব্রন্ধচর্যাং হৈন্তে ॥৬৬॥
ভাবতভাবদীপঃ

অন্যযো দাবহীনত্বাং। অনাহতবাং সমাবৃতত্বাং। আশ্রমবিশেষহীনঃ অব্রাহ্মণো ধর্ষণীয বীব! জ্ঞানী নাবদপ্রভৃতি দেবর্ষিগণ যখন তোমাব পূর্ব্বপুক্ষগণেব গুণকীর্ত্তন কবেন, তখন আমি তাহা শুনিয়াছি ॥৬২॥

আব, আমি নিজেও এই সমৃদ্রবেষ্টিত সমস্ত পৃথিবী বিচৰণ করিতে থাকিয়া তোমাব বংশজাত পূর্ব্বপুক্ষগণেব প্রভাব দেখিযাছি ॥৬০॥

অৰ্জুন! ত্ৰিভুবনবিখ্যাত ও যশস্বী জোণ তোমাকে বেদ ও ধনুৰ্বেদ শিক্ষা দিয়াছেন, ইহা আমি জানি ॥৬৪॥

হে কুককুলশ্রেষ্ঠ। ধর্ম, বায়, ইন্দ্র এবং অশ্বিনীকুমাবদ্বয—এই পাঁচ জন দেবশ্রেষ্ঠ, আব মনুয়াশ্রেষ্ঠ পাড়ু, এই কুকবংশবর্জক ছয় জন তোমাদেব পিতা ইহাও আমি জানি ॥৬৫॥

আব, তোমবা সব কয়টী ভাইই যথানিয়মে ব্রহ্মচর্য্যব্রত কবিয়াছ, বিদ্বান্ হইযাছ এবং উদারচেতা ও সকল অস্ত্রজ্ঞেব মধ্যে প্রধান বীর হইযাছ ॥৬৬॥ দ্রীদকাশে চ কোবব্য! ন পুমান্ ক্ষন্তমর্হতি।
ধর্ষণামাত্মনঃ পশ্যন্ বাহুদ্রবিণমান্ত্রিতঃ ॥৬৮॥
নক্তঞ্চ বলমস্মাকং ভূয় এবাভিবর্দ্ধতে।
যতন্ততো মাং কোন্তেয়! সদাবং মন্মুরাবিশৎ ॥৬৯॥
সোহহং ত্বয়েহ বিজিতঃ সংখ্যে তাপত্যবর্দ্ধন!।
যেন তেনেহ বিধিনা কীর্ত্তামানং নিবোধ মে ॥৭০॥
ব্রহ্মচর্য্যং পবে ধর্মঃ স চাপি নিয়তন্ত্রয়।
যস্মাত্রসাদহং পার্থ! বণেহন্মি বিজিতন্ত্রয়॥৭১॥
যস্ত স্থাৎ ক্ষত্রিয়ং কশ্চিৎ কামর্তঃ পরন্তপ!।
নক্তঞ্চ যুধি যুধ্যেত ন স জীবেৎ কথঞ্চন॥৭২॥

ভাবতকোমুদী

উত্তমামিতি। মনোযুক্তা বৃদ্ধিবিতি মনোবৃদ্ধিস্তাম্। মধ্যপদলোপী সমাস: ॥৬৭॥
স্ত্রীতি। ধর্ষণামবমাননাম্। বাছন্তবিণং বাহুবলম্ ॥৬৮॥
নক্তমিতি। নক্তং বাক্রো। মহ্য়: ক্রোধঃ ॥৬৯॥
স ইতি। সংখ্যে যুদ্ধে। তেন তদ্বিষদকেন-॥৭০॥
ব্রন্ধেতি। নিষ্ঠে নিষ্ঠেন স্থিতঃ ॥৭১॥
য ইতি। কাম এব বৃক্তং ব্যবহাবো যশু সঃ। নক্তং বাক্রো॥৭২॥

ভাবতভাবদীপঃ

ইতার্থ: ॥৬০---৬৬॥ মনোবৃদ্ধিং মনঃসহিতাং বৃদ্ধিং সন্ধল্পনিশ্চযৌ, ভাবিতাত্মনাং শোধিত-

অর্জুন! তোমাদেব মন ও বুদ্ধি ভাল এবং শিক্ষা দ্বাবা আত্মাও বিশুদ্ধ হইয়াছে; ইহা আমি জানিয়াও তোমাদিগকে আক্রমণ করিয়াছিলাম ॥৬৭॥

তাহাব কাবণ এই যে, বাহুবলসম্পন্ন পুক্ষ স্ত্রীব সাক্ষাতে নিজের অপমান দেখিয়া সহ্য কবিতে পাবে না ॥৬৮॥

বিশেষতঃ, বাত্রিতে আমাদের বল অত্যস্ত বৃদ্ধি পাইয়া থাকে। সেই জন্মই আমাব ও আমাব স্ত্রীব ক্রোধ জন্মিয়াছিল ॥৬৯॥

তথাপি তুমি আমাকে যে কাবণে যুদ্ধে জয় করিয়াছ, তাহা আমি যথানিযমে বলিতেছি, শোন ॥৭০॥

অৰ্জুন! ব্ৰহ্মচৰ্য্যই উৎকৃষ্ট ধৰ্ম্ম; তাহাও যেহেতু নিযতভাবে ভোমাতে বহিযাছে, সেই হেতুই তুমি আমাকে যুদ্ধে জয় কবিতে পারিয়াছ ॥৭১॥

অর্জুন! যে ক্ষত্রিয় কামপবায়ণ হয়, সে যদি বাত্রিতে যুদ্ধ কবে, তবে সে কোন প্রকাবেই জীবিত থাকে না ॥৭২॥

যন্ত স্থাৎ কামর্ত্তোহপি স্থাচ্চ ব্রহ্মপুবস্কৃতঃ।
জয়েন্নক্তঞ্চবান্ সর্বান্ স ধূর্গতপুবোহিতঃ॥৭০॥
তন্মাত্তাপত্য। যৎকিঞ্চিন্ন ণাং শ্রেষ ইহেন্সিত্য।
তন্মিন্ কর্মাণি যোক্তব্যা দান্তাত্মানঃ পুরোহিতাঃ॥৭৪॥
বেদে ষড়ঙ্গে নিবতাঃ শুচ্যঃ সত্যবাদিনঃ।
ধর্মাত্মানঃ কৃতাত্মানঃ স্থানূপাণাং পুবোহিতাঃ॥৭৫॥
জয়শ্চ নিয়তো রাজ্ঞঃ স্বর্গশ্চ তদনন্তরম্।
যস্ত স্থাদ্ধর্মবিদ্বাগ্যী পুবোধাঃ শীলবান্ শুচিঃ॥৭৬॥
লাভং লব্ধুমলব্ধং বা লব্ধং বা পবিবক্ষিতুম্।
পুবোহিতং প্রকুর্বীত রাজা গুণসমন্মিত্ম্॥৭৭॥
পুবোহিতমতে তিঠেদ্ য ইচ্ছেছ্তিমাত্মনঃ।
প্রাপ্তঃং বহুমতীং সর্ববাং সর্বশঃ সাগবাত্মরাম্॥৭৮॥

ভাবতকৌসুদী

য ইতি। ব্রহ্মা ব্রাহ্মণ: পুবস্কৃতো যেন স:। নক্তঞ্চরান্ বাত্রিচবান্ গন্ধর্ববাক্ষসাদীন্। ধুবং কৌশলাত্মাপদেশদানভারং গতঃ প্রাপ্তঃ পুবোহিতো যশু স: ॥৭৩॥

তশাদিতি। দাস্ভাত্মানঃ কামবিষয়ারিবাবিতচিন্তাঃ ॥৭৪॥

বেদ ইতি ৷ শুচ্যঃ পবিত্রাঃ ৷ কুতাত্মানঃ সর্কবিষষেষু শিক্ষিতাঃ ॥৭৫॥

জয় ইতি। স্বৰ্গশ্চ নিয়ত ইতি সম্বন্ধ:। পুৰোধা: পুৰোহিত:॥१७॥

লাভমিতি। লভ্যত ইতি লাভো ধনং তম্। প্রকুর্বীত তত্বপদেশাদিলাভাষ ॥৭৭॥

কিন্তু যে ক্ষত্রিয় কামপবায়ণ হইয়াও ব্রাহ্মণকে সম্মুখে বাখিয়া যুদ্ধ কবে, সে সেই পুরোহিত-ব্রাহ্মণেব উপদেশেই সমস্ত বাত্রিচবকে জয় কবিতে পাবে ॥৭৩॥

অতএব হে তাপত্য! এই জগতে মনুষ্যদিগেব যে কিছু মাঙ্গলিক বিষয় অভীষ্ট আছে, তাহাতেই সংযতচিত্ত পুবোহিত নিযুক্ত কবিতে হইবে ॥৭৪॥

বাজাদেব এমন পুবোহিত হওয়া চাই, যাঁহাবা ষডক্স বেদে নিবত থাকেন এবং পবিত্র, সত্যবাদী, ধর্মাত্মা ও শিক্ষিত হন ॥৭৫॥

যে রাজাব ধর্মজ্ঞ, বাগ্মী, সংস্কভাব ও পবিত্র পুবোহিত থাকেন, সে বাজাব ইহকালেও জয় নিশ্চিত, পবকালেও স্বর্গ নিশ্চিত ॥৭৬॥

বাজা অলব্ধ ধন লাভ কবিবাব জন্ম, কিংবা লব্ধ ধন রক্ষা কবিবাব জন্ম গুণবান্ পুবোহিত নিযুক্ত করিবেন ॥৭৭॥

⁽৭০) --- স চেদ্রদ্ধপুরস্কৃতঃ, পার্ধ। রন্ধপুরস্কৃতঃ। --- স পুনোহিতধুর্গতঃ।

নহি কেবলশোর্য্যেণ তাপত্যাভিজনেন চ।
জয়েদব্রাহ্মণঃ কশ্চিদ্ভূমিং ভূমিপতিঃ কচিৎ ॥৭৯॥
তত্মাদেবং বিজানীহি কুরূণাং বংশবর্দ্ধন ।।
ব্রাহ্মণপ্রমুখং বাজ্যং শক্যং পালয়িহুং চিরুম্ ॥৮০॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বাণি চৈত্রবথে
গন্ধর্বপবাভবো নাম ত্রিষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ **

ভারতকৌমুদী

পুরোহিতেতি। ভূতিং সম্পদম্। সর্বশং সর্বৈর্ধঃ প্রকাবিঃ ॥ १৮॥
নহীতি। অভিজনেন কুলেন। অব্রাহ্মণঃ পুরোহিতবাহ্মণবহিতঃ ॥ १२॥
তন্মাদিতি। ব্রাহ্মণ এব প্রম্থম্ উপদেশাদিদানায অগ্রবর্ত্তী যক্ষিংস্তৎ ॥ ৮০॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং
ভাবতকৌমৃদীসমাখ্যাযামাদিপর্বাণি চৈত্রবথে ত্রিষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥ ০॥

ভাবতভাবদীপঃ

চিতানাম্ ॥৬৭॥ বাহুদ্বিণং বাহুবলম্ ॥৬৮—৭১॥ কামবৃত্তঃ কুতদারঃ ॥৭২—৭৬॥ লাভং লক্ষবাং ধনম্ ॥৭৭—৮০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বনি নৈলকন্তীয়ে ভাবতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ॥১৬৩॥

--:*:--

যে বাজা নিজেব সম্পদ ইচ্ছা কবেন এবং সর্ব্বপ্রকাবে সমুদ্রবেষ্টিত সমস্ত পৃথিবী জয় কবিতে ইচ্ছা কবেন, তিনি পুবোহিতেব মতে চলিবেন ॥৭৮॥

অর্জুন! কোন বাজাই পুরোহিত না রাখিয়া কেবল বীবত্বে বা কেবল কোলীত্তে কখনও বাজ্য জয় করিতে পারেন না ॥৭৯॥

অতএব সথে! ইহা জানিও যে, ব্রাহ্মণকে সম্মুখে বাখিয়াই চিবকাল রাজ্য পালন কবিতে পারা যায়"॥৮০॥

^{* &#}x27;···অষ্ট্রমষ্ট্রাধিক·· ', ' · সপ্তত্যধিক···', '···ষ্ডশীত্যধিক···' ইতি পাঠান্তবাণি। ২১৪ (৪)

চতুঃষ্ঠ্যধিকশততমোহধ্যায়ঃ।

হুৰ্জুন উবাচ।

তাপত্য ইতি ষদ্বাকায়ুক্তবানসি মামিহ।
তদহং শ্রোভূমিচ্ছামি তাপত্যার্থবিনিশ্চরম্ ॥>॥
তপতী নাম কা চৈষা তাপত্যা যংক্ততে বরম্।
কৌত্তেয়া হি বরং সাধো। তত্ত্বিচ্ছামি বেদিতুম্॥২॥

বৈশস্থায়ন উবাচ।

এবম্ক্তঃ দ গন্ধর্বঃ কুন্তীপুত্রং ধনঞ্চয়ম্। বিশ্রুতাং ত্রুতিরু লোকের্ শ্রাব্যামাদ বৈ কথাম্॥॥॥
গন্ধর্ব উবাচ।

হন্ত ! তে কথরিক্যামি কথাযেতাং মনোরমাম্। যথাবদ্ধিনাং পার্থ ! দর্ববৃদ্ধিমতাং বর ! ॥॥

ভারতকৌমুদী

তাপতানখেংনহেত্ং জিজাদতে—তাপতা ইতি। তাপতাার্থনাপতানদার্থো বিনিষ্টীয়তে মনেনেতি তন্ মনাত্ম তাপতানকপ্রয়োগহেত্মিতার্থঃ ॥১॥

তাপত্য ইতাপত্যার্বপ্রতায়স্ততাব্যমান্ত্র চ পূর্ব্বেবাং পুংসাং নামজ্ঞানাৎ জ্বীণাঞ্চ তদজানাৎ ছীদেন পুস্কৃতি—তপতাতি । হংকৃতে যদ্ধিনিতে । তত্তমু মন্মন্থ তাপত্যস্কুর । ২০

এবনিতি। বিশ্বতাং বিখ্যাতান্। কথান্পাখানন্থে।

হতেতি। হর্বভোতক্ষিদের। হর্বন্ড মনোরমক্থাক্থনারভাদের । ।।

ভাবতভাবদীপঃ

পুরোহিতপ্রসাদাদেব তাপতাক্ত ঝাপ্টিকুং "তাপতা" ইতি সংঘাধনং কৃত্য: তদ্ধ

হার্কুন বলিলেন—''সথে! তুমি আমার প্রতি যে 'তাপত্য' এইরূপ শব্দ প্রযোগ কবিয়াছ, আমি তাহার কারণ শুনিতে ইচ্ছা করি ।'গা

তপতা নামে ইনি কে ! খাঁহার জন্ম আমরা 'তাপতা' হইয়াছি ; বস্তুতঃ আমরা ত 'কৌন্তের'। সত্রব ইহার তত্ব জানিতে ইক্সা করি"॥২॥

বৈশপায়ন বলিলেন—অর্জুন এইবাপ বলিলে, সেই গন্ধর্বে অর্জুনকে ত্রিভুবন-বিবাত উপাধ্যান স্থনাইতে লাগিল ৷৩৷

গহর্ব বলিল—"হার্ছ্ন! তোমার নিকট এই মনোহর উপাখ্যানটা যথাহথভাবে সম্পূর্ণ ই বলিব জো উক্তবানস্মি যেন ত্বাং তাপত্য ইতি যহচঃ।
তত্তেহহং কথয়িয়ামি শৃণুষৈকমনা ভব ॥৫॥
য এষ দিবি ধিফ্যেন নাকং ব্যাপ্নোতি তেজসা।
এতস্ম তপতী নাম বভূব সদৃশী স্থতা ॥৬॥
বিবশ্বতো বৈ দেবস্ম সাবিত্র্যবন্ধা বিভাে!।
বিশ্রুতা ত্রিষু লাকেষু তপতী তপসা যুতা ॥৭॥
ন দেবী নাস্থরী চৈব ন যক্ষী ন চ বাক্ষমী।
নাপ্রবা ন চ গন্ধবর্বী তথা রূপেণ কাচন ॥৮॥
স্থবিভক্তানবস্থান্ধী স্বসিতায়তলোচনা।
স্থাচারা চৈব সাধ্বী চ স্থবেশা চৈব ভাবিনী ॥৯॥
ন তস্থাঃ সদৃশং কঞ্চিত্রিষু লোকেষু ভারত!।
ভর্ত্তারং সবিতা মেনে রূপশীলগুণশ্রুটতঃ॥১০॥

ভারতকোমুদী

উক্তবানিতি। একমনা মছক্তব্যে একাগ্রচিতঃ ॥৫॥

য ইতি। ধিষ্যোন শুদ্ধেন অগ্নিময়েন বা, "ধিষ্যাঃ শুদ্ধে চ পাবকে" ইত্যারণদন্তঃ ॥৬॥ বিবস্থত ইতি। সাবিত্রাবরজা সাবিত্রীতঃ কনিষ্ঠা ॥৭॥

নেতি। তথা তাদুশী তপ্তীসদৃশীত্যর্থ: ॥৮॥

ষিতি। স্থবিভক্তানি বিধাতা স্বষ্ঠু বিভজা নির্মিতানি অনবভানি অনিন্দনীয়ানি অঙ্গানি যশুঃ সা, স্বষ্ঠু অসিতে ক্রফে আয়তে চ লোচনে যশুঃ সা। ভাবিনী শৃঙ্গারভাবান্বিতা ॥১॥

আমি তোমাব প্রতি যে কারণে 'তাপত্য' এইরূপ শব্দ প্রয়োগ কবিয়াছি, তাহা বলিতেছি, তুমি একাগ্রচিত্ত হইয়া শোন ॥৫॥

যিনি এই আকাশে থাকিয়া অগ্নিময় তেজ দ্বাবা সমস্ত আকাশ ব্যাপ্ত করেন, ইহারই 'তপতী' নামে নিজেব অনুবাপ একটা কন্তা হইয়াছিল ॥৬॥

এই সূর্য্যদেবেবই কন্তা সাবিত্রী অপেক্ষা তপতী কনিষ্ঠা ছিলেন এবং তিনি ত্রিভূবনবিখ্যাত তপস্থিনী হইয়াছিলেন ॥৭॥

দেবী, অস্থরী, যক্ষা, রাক্ষসা, অপ্সবা কিংবা গন্ধবর্বী—ইহাদেব মধ্যে কোন বমণীই রূপে তপতীর তুল্য ছিলেন না॥॥

তাঁহার সকল অঙ্গই সুগঠিত ও অনিন্দিত ছিল এবং নয়নযুগল দীর্ঘ ও কৃষ্ণবর্ণ ছিল ; আর তিনি সদাচাবসম্পন্না, সচ্চবিত্রা, সুবেশা ও হাবভাবযুক্তা ছিলেন ॥১॥

⁽১০) নহস্তা: সদৃশং কঞ্চিৎ, ন তস্তা: সদৃশং কিঞ্চিৎ।

সম্প্রাপ্তযোবনাং পশ্যন্ দেয়াং ছহিতরঞ্চ তাম্।
নাপলেতে ততঃ শান্তিং সম্প্রদানং বিচিন্তয়ন্ ॥>>॥
অথক্ষপুত্রঃ কোন্তেয় ! কুরূণামূষভো বলী।
সূর্য্যমাবাধয়ামাস নৃপঃ সম্বরণন্তদা ॥>২॥
অর্য্যমাল্যোপহাবাত্যৈর্গ ক্রৈশ্চ নিযতঃ শুচিঃ।
নিয়মৈরুপবাসৈশ্চ তপোভির্বিবিধবপি ॥>৩॥
শুক্রামুরনহংবাদী শুচিঃ পৌববনন্দনঃ।
অংশুমন্তং সমুগ্রন্তং পূজ্যামাস ভক্তিমান্ ॥>৪॥ (যুগ্মকম্)
ততঃ কৃতজ্ঞং ধর্মজ্ঞং রূপেণাসদৃশং ভুবি।
তপত্যাঃ সদৃশং মেনে সূর্য্যঃ সম্ববণং পতিম্॥>৫॥

ভাবতকৌমুদী

নেতি। সবিতা তপত্যাঃ পিতা ত্র্যাঃ। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ ।১•॥ সম্প্রাপ্তেতি। সম্প্রদীযতে যদ্মৈ ইতি সম্প্রদানং ববম্॥১১॥

অথেতি। ঋক ঋকবংশীয়: অজমীচন্তস্ত পুত্র:, কুরুণাং তৎপূর্ব্বপুরুষণাং মধ্যে ঋষতঃ শ্রেষ্ঠঃ। দিদুশব্যাখ্যানাভাবে পূর্ব্বোক্তবিবোধাপত্তিবিতি ক্রষ্টব্যম্ ॥১২॥

অর্থোতি। নিয়তো নিতাপ্রবৃত্তঃ। অনহংবাদী অহন্ধারশৃন্তঃ। অংশুমন্তং স্থ্যম্॥১৩—১৪॥ তত ইতি। তপত্যাঃ দদৃশমন্ত্রপং পতিম্॥১৫॥

ভাবতভাবদীপঃ

পৃচ্ছতি—তাপত্য ইতি। তাপত্যার্থং তাপত্যপদার্থম্॥১—৫॥ ধিষ্ণ্যেন মণ্ডলেন॥৬—১০॥

বাপ, গুণ, স্বভাব ও শাক্সজ্ঞান দ্বাবা ত্রিভুবনের মধ্যে কোন পুরুষকেই তপতীব অমুবাপ বব বলিয়া সূর্য্য মনে কবিতে পারিয়াছিলেন না॥১০॥

অথচ তপতীব, যৌবন উপস্থিত হওয়ায় তাঁহাকে দান কবা আবশ্যক হইয়া পড়িল; কিন্তু তাঁহাব ববেব বিষয় চিন্তা করিয়া সূর্য্য শান্তি পাইতে লাগিলেন না ॥১॥

অর্জুন! সেই সময় ঋক্ষবংশীয় অজমীঢ়েব পুত্র এবং কুরুবংশের মধ্যে প্রধান বলবান্ সম্বৰণবাজা সূর্য্যেব আবার্থনায় প্রবৃত্ত হইলেন ॥১২॥

তিনি প্রত্যহ পবিত্র হইয়া, অহঙ্কাব পরিত্যাগ কবিয়া এবং শুক্রাষায় প্রবৃত্ত থাকিষা, অর্ঘ্য, মাল্য ও গন্ধপ্রভৃতি উপহাব, ব্রত, উপবাস ও নানাপ্রকাব তপস্থা দ্বারা ভক্তিসহকাবে উদয়কালে সূর্য্যের পূজা কবিতে লাগিলেন ॥১৩—১৪॥

তাহাব পব, কৃতজ্ঞ, ধাৰ্ম্মিক এবং জগতে অতুলনীয় ৰূপবান্ সম্ববণকেই তপতীব অনুৰূপ বৰ বলিয়া সূৰ্য্যদেব মনে কৰিলেন ॥১৫॥ দাতুমৈচ্ছততঃ কন্যাং তথ্যৈ সম্ববণায় তাম্। ন্পোত্তমায় কোবব্য! বিশ্রুতাভিজনায চ ॥১৬॥ যথা হি দিবি দীপ্তাংশুঃ প্রভাসয়তি তেজসা। তথা ভুবি মহীপালো দীপ্ত্যা সম্ববণোহভবৎ ॥১৭॥ যথার্চমন্তি চাদিত্যমুগ্রন্তং ব্রহ্মবাদিনঃ। তথা সম্ববণং পার্থ! ব্রাহ্মণাবেবজাঃ প্রজাঃ ॥১৮॥ স সোমমতি কান্তত্মাদাদিত্যমতি তেজসা। বভূব নৃপতিঃ শ্রীমান্ স্থল্নদাং তুর্লু দামপি ॥১৯॥ এবংগুণস্থ নৃপতেশুধার্ত্তস্থ কোবব।। তথ্যৈ দাতুং মনশ্চক্রে তপতীং তপনঃ স্বযম্ ॥২০॥ স কদাচিদথো বাজা শ্রীমানমিতবিক্রমঃ। চচার মুগয়াং পার্থ! পর্বতোপবনে কিল ॥২১॥

ভারতকোমুদী

দাতৃমিতি। বিশ্রুতাভিজনায বিখ্যাতবংশায ॥১৬॥

যথেতি। দীপ্তাংশুঃ তুর্যাঃ। অভবং প্রভাসক ইতি শেষঃ ॥১ १॥

যথেতি। ব্রাহ্মণাদবরজা: পরজাতা: ক্ষত্রিযাদয: ॥১৮॥

দ ইতি। শ্রীমান্ কান্তিমান্ দ নৃপতিঃ সম্রণঃ, কান্তমাৎ কমনীযন্তগশালিমাৎ, ম্হদাং পশে দোমং চন্দ্রম্, অতি অতিক্রান্তঃ অতীবসন্তোষক ইত্যর্থঃ, তথা তেজ্বদা ত্র্হ্রদাং পশেহণি চ আদিত্যম্ অতি অতিক্রান্তঃ অতীবতাপক ইতি তাৎপর্য্যম্, বভূব। স্কুষ্ঠ্ যথাসংখ্যমলম্বারঃ ॥১৯॥ এবমিতি। নৃপতেঃ স্থিতমাদিতি শেষঃ ॥২১॥

তাহার পর সূর্য্য, বাজশ্রেষ্ঠ এবং বিখ্যাত বংশসম্ভূত সেই সম্বরণকেই সেই ক্যাটা দান কবিবাব ইচ্ছা করিলেন ॥১৬॥

কাবণ, সূর্য্য যেমন আপন তেজে আকাশে আলোক বিস্তাব কবেন, সম্ববণ-রাজাও তেমনই আপন তেজে পৃথিবীতে প্রভাব বিস্তাব কবিয়াছিলেন ॥১৭॥

ব্রহ্মজ্ঞেনা যেমন উদয়কালীন সূর্য্যেব অর্চ্চনা কবেন, তেমন ফত্রিয়প্রভৃতি প্রজাবা সম্বর্ণরাজ্ঞাব অর্চনা কবিত ॥১৮॥

ননোহৰ মূর্ত্তি সম্বৰণরাজা কমনীযতা গুণে বন্ধুবর্গের পক্ষে চন্দ্রকে অতিক্রম ক্ৰিয়াছিলেন; আবাব আপন প্রতাপে শক্রবর্গের পক্ষে সূর্য্যকেও অতিক্রম ক্রিয়াছিলেন ॥১৯॥

অর্জুন। সম্বরণবাজ এইরূপ গুণবান্ ও আচাববান্ ছিলেন বলিয়। দয়ং সূধ্য-দেবই তাঁহাব হল্তে তপতাকে দান কবিবান ইক্সা করিয়াছিলেন হে•া চবতো মৃগয়াং তন্ত ক্ষুৎপিপাসাসমন্বিতঃ।
মমাব রাজ্ঞঃ কোন্তেয়! গিবাবপ্রতিমো হয়ঃ॥২২॥
স মৃতাশ্বশ্চবন্ পার্থ! পদ্র্যামেব গিবৌ নৃপঃ।
দদর্শসিদৃশীং লোকে কন্যামায়তলোচনাম্॥২৩॥
স এক একামাসান্ত কন্যাং পরবলার্দনঃ।
তক্ষে নৃপতিশার্দ্দ্ লঃ পশ্যন্তবিচলেক্ষণঃ॥২৪॥
স হি তাং তর্কয়ামাস রূপতো নৃপতিঃ প্রিয়ম্।
পুনঃ স তর্কয়ামাস ববেন্দ্র ক্টামিব প্রভাম্॥২৫॥
বপুষা বর্চসা চৈব শিখামিব বিভাবসোঃ।
প্রসমত্বে চ কান্ত্যা চ চক্রবেখামিবামলাম্॥২৬॥

ভারতকৌমুদী

স ইতি। পর্ব্বতোপবনে পর্ব্বতসমীপবর্ত্তিবনে ॥২১॥

চরত ইতি। অপ্রতিম: অখেষু নিরুপম:, হ্য: অখ: ॥২২॥

স ইতি। মৃতঃ অখো যশু সঃ, অতএব পদ্ধাং চবন্ ॥২৩॥

স ইতি। প্ৰবলাদ্দন: শক্তদৈশ্ববিজ্বতা। অবিচলেক্ষণো নির্নিমেষনযনঃ ॥২৪॥

স ইতি। রূপতো রূপদর্শনাৎ। শ্রেখং লক্ষ্মীদেবীম্। প্রভাং স্ত্রীমৃত্তিধারিণীম্॥२৫॥

বপুষেতি। বপুষা উজ্জ্বলেন, বর্চ্চদা তেজদা। তর্কথামাদেতি পূর্ব্বান্থকর্ষঃ ॥২১॥

ভাহাব পব, মনোহব মূর্ত্তি ও অসাধারণবিক্রমশালী সম্বর্ণরাজা কোন সমযে পর্বতের নিকটবর্ত্তী বনমধ্যে মৃগয়া কবিতে গমন কবেন ॥২১॥

তিনি মৃগয়া করিতেছিলেন, এমন সময়ে তাঁহার নিরুপম অশ্বটী ক্ষ্ধা ও পিপাসায় কাতব হইয়া সেই পর্ব্বতেই প্রাণত্যাগ কবিল॥২২॥

তখন সেই বাজা চৰণযুগল দ্বাবাই সেই পর্ব্বতে বিচরণ করিতে থাকিয়া জগতে অতুলনীয়া দীর্ঘনয়না একটা কম্যাকে দেখিতে পাইলেন ॥২৩॥

শক্রসৈন্সবিজয়ী একাকী সম্ববণবাজা একাকিনী সেই কন্সাটী দেখিয়া নির্নিমেষ-নযনে অবস্থান করিতে লাগিলেন ॥২৪॥

এবং তিনি তাহাব বাপ দেখিয়া, তাহাকে সাক্ষাৎ লক্ষ্মীদেবী বলিয়া এবং সূর্য্য-মণ্ডল হইতে বিচ্যুতা স্ত্রীমূর্ত্তিধারিণী সূর্য্যপ্রভার স্থায় মনে করিতে থাকিলেন ॥২৫॥

আবাব, তাহাব উজ্জ্বল আকৃতি ও উজ্জ্বল তেজ দেখিয়া অগ্নিশিখার স্থায় এবং নির্ম্মলতা ৫ মনোহবতা দেখিয়া তাহাকে চন্দ্রকলাব স্থায় ধারণা কবিতে লাগিলেন ॥২৬॥ গিরিপৃঠে চ সা তিমিন্ স্থিতা স্বসিতলোচনা।
বিজ্ঞাজমানা শুশুভে প্রতিমেব হিরণায়ী ॥২৭॥
তস্থা রূপেণ স গিরিবেশেন চ বিশেষতঃ।
সমর্কক্ষুপলতো হিবণায় ইবাভবং ॥২৮॥
অবমেনে চ তাং দৃষ্ট্বা সর্বলোকেয়ু যোষিতঃ।
অবাপ্তং চাত্মনো মেনে স রাজা চক্ষুয়ঃ ফলম্ ॥২৯॥
জন্মপ্রভৃতি যং কিঞ্চিদ্দৃষ্টবান্ স মহীপতিঃ।
রূপং ন সদৃশং তন্থান্তর্কয়ামাস কিঞ্চন ॥৩০॥
তয়া বদ্ধমনশ্চকুঃ পাশৈগুণময়ৈন্তদা।
ন চচাল ততো দেশাদ্বুবুধে ন চ কিঞ্চন ॥৩১॥

ভাবতকৌমুদী

গিরীতি। স্বষ্ঠু অসিতে কৃষ্ণবর্ণে লোচনে যক্তাঃ সা, হিবগায়ী স্বর্ণনির্মিতা ৪২৭।
তক্ষা ইতি। রূপেণ উজ্জ্বতেজসা। সমা তেজসৈবাবকাশপূবণাৎ সমানা বৃক্ষাঃ স্থপা
ছয়শাথা বৃক্ষা লতাশ্চ যশ্মিন্ সঃ, হিবগায়ঃ বর্ণময়ঃ ॥২৮॥

অবেতি। অবমেনে রূপতো নিকর্ষাদবজ্ঞে। অবাপ্তং লক্ষম্ ॥২৯॥
জন্মেতি। তত্তাঃ কন্তামা রূপেণ সদৃশং কিঞ্চন ন তর্কয়ামাস ॥৩০॥

ত্যেতি। তথা কন্তথা কর্ত্রা, গুণম্থৈ কপাদিগুণস্বকপৈ: পাশে: করণৈর্বন্ধমনশ্চস্থ: সম্বরণ: ০১॥

ভাবতভাবদীপঃ

मध्यमानः मानमाज्य ॥>>-->৮॥ স্বর্লাং ত্র্দামপি মধ্যে শ্রীমান্॥>>---২৭॥ স্থৃপ: ওলা:।

সেই নীলনয়না কক্যাটা পর্ব্বতের উপরে থাকিয়া স্বর্ণময়ী প্রতিমাব ক্যায শোভা পাইতেছিল ॥২৭॥

তাহাব রূপের ও পবিচ্ছদের কিবণে সেই পর্বতেব উচ্চ বৃক্ষ, ফুন্ত বৃক্ষ এবং লতা সকল যেন নমান হইরা গিয়াছিল এবং পর্বতিটাই যেন অর্ণময় হইয়াছিল ॥২ ॥ সম্বরণবাজা সেই কন্যাটীকে দেখিয়া ত্রিভ্বনেব সকল বমণীকেই অবজ্ঞা করিতে লাগিলেন এবং নিজেব চোখেব ফল পাইয়াছেন বলিয়া মনে করিতে থাকিলেন ॥২ ৯॥ আর, তিনি জন্মাবধি যত কিছু নাপ দেখিয়াছিলেন, তাহাব কোন রূপই সেই কন্যাটীব নাপের তুল্য নহে বলিয়া ধারণা কবিতে লাগিলেন ॥৩ ০॥

তখন সেই কন্ত:টী নিজেব গুণবাপ রুজু দ্বারা রাজার মন ও চফু বছন

অত্যা নূনং বিশালাক্যাঃ সদেবান্ত্ৰমানুষম্।
লোকং নিৰ্মাণ্য ধাত্ৰেদং রূপমাবিদ্ধতং কৃতম্ ॥৩২॥
এবং সন্তৰ্কয়ামাস রূপদ্ধবিণসম্পদা।
কত্যামসদৃশীং লোকে নূপঃ সন্ত্ৰবণন্তদা ॥৩৩॥
তাঞ্চ দৃষ্টেবুৰ কল্যাণীং কল্যাণাভিজনো নূপঃ।
জগাম মনসা চিন্তাং কামবাণেন পীড়িতঃ ॥৩৪॥
দহ্মানঃ স তীব্ৰেণ নূপতির্মমণাগ্রিনা।
তাপ্রগল্ভাং প্রগল্ভন্থাং তদোবাচ মনোহবাম্ ॥৩৫॥
কাসি কত্যাসি বস্তোক। কিমর্থঞ্ছেই তিষ্ঠসি।
কথঞ্চ নির্জ্জনেহবণ্যে চবত্যেকা গুচিন্মিতে। ॥৩৬॥
ত্বং হি সর্বানবন্তান্দ্রী সর্বাভ্বণভূষিতা।
বিভূষণমিবৈতেষাং ভূষণানামভীপ্সিতম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

জ্ঞা ইতি। দেবাস্থ্যভ্যাং লোকাভ্যাং স্বৰ্গপাতালাভ্যাং সহেতি সদেবাস্থ্যো শান্ত্যো লোকস্তম্ ॥৩২॥

এবমিতি। কপমেব দ্রবিণম্ আদবণীযত্বাদ্ধনং তৎসম্পদা, অসদৃশীসতুলনীযাম্ ॥৩০॥ তামিতি। কল্যাণাভিজনো মঙ্গলস্ববংশ: ॥৩৪॥ দহুমান ইতি। প্রগল্ভে প্রগল্ভতাযোগ্যে যৌবনে ব্যসি ভিষ্ঠতীতি তামপি ॥৩৫॥ কাসীতি। কশু কল্যা ভাগ্যা বা চবশ্রেকা একাকিনী ॥৩৬॥

কবিয়া ফেলিল বলিয়া তিনি সে স্থান হইতে যাইতে বা অন্ত কিছু জানিতে পাবিলেন না ॥৩১॥

বিধাতা নিশ্চয়ই দেবলোক, অস্ত্রবলোক ও মনুয়ালোক মন্থন কবিয়া এই বিশালনয়নাব এই মনোহব ৰূপ বাহিব কবিয়াছিলেন ॥৩২॥

সম্বৰণবাজা উক্তৰ্বপ ধাৰণা কৰিলেন এবং তাহাৰ ৰূপবাশি দেখিয়া তাহাকে জগতে অতুলনীয় বলিয়া মনে কৰিলেন ॥৩৩॥

সেই স্থন্দরীকে দেখিয়াই সদ্ধশজাত সম্বৰণবাজা কামবাণে পীডিত হইয়া মনে মনে অনেক বিষয় চিন্তা কবিলেন ॥৩৪॥

সম্বৰণবাজা তখন দাকণ কামানলে দগ্ধ হইতে থাকিয়া সেই সরলা সুন্দ্রী যুবতিকে বলিলেন—॥৩৫॥

"সুন্দবি। তুমি কে ? কাহাব কন্তা বা ভার্য্যা ? কি জন্মই বা এখানে অবস্থান কবিতেছ ? একাকিনীই বাংকেন নিৰ্জন বনে বিচৰণ কবিতেছ ? ॥৩৬॥ ন দেবীং নাহ্যরীঞেব ন যক্ষীং ন চ রাক্ষসীম্।
ন চ ভোগবতীং মন্তে ন গন্ধবর্বীং ন মানুষীম্ ॥৩৮॥
যা হি দৃষ্টা মহা কাশ্চিচ শ্রুতা বাপি বরাঙ্গনাঃ।
ন তাসাং সদৃশীং মন্তে ত্বামহং মন্তকাশিনি। ॥৩৯॥
দৃষ্টেব চারুবদনে! চন্দ্রাৎ কান্ততরং তব।
বদনং পদ্মপত্রাক্ষং মাং মথ্যাতীব মন্মথঃ ॥৪০॥
এবং তাং স মহীপালো বভাষে ন তু সা তদা।
কামার্ভ্রং নির্জ্জনেহবণ্যে প্রত্যভাষত কিঞ্চন ॥৪১॥
ততো লালপ্যমানস্ত পার্থিবস্থায়তেক্ষণা।
সৌদামিনীব চাল্রেয়ু তত্রবান্তবধীয়ত ॥৪২॥

ভারতকৌমুদী

ছমিতি। বিভূষণম্ অলঙ্কবণমিব, শোভাতিশযজননাদিতি ভাব: ॥৩৭॥
নেতি। ভোগবতীং নাগীম্। ন মত্যে তৎসদৃশীমিতি শেষ: ॥৩৮॥
যা ইতি। যোবনমদেন মতা সতী কাশতে শোভত ইতি তৎসম্বোধনম্ ॥৩৯॥
দৃষ্টেতি। কান্ততরং স্থলবতবম্। পদ্মপত্তে ইব অক্ষিণী যস্ত তৎ ॥৪৩॥
এবমিতি। কামার্জি বাজানম্। কিঞ্চন কিঞ্চিদিপি ॥৪১॥
তত ইতি। লালপ্যমানস্থ প্রবোক্তবদেব পুন: পুনর্লপতো ক্রবতঃ। অস্ত্রেম্ ॥৪২॥
ভাবতভাবদীপঃ

"ইম্বশাথা শিক্ষ: ক্ষ্প:" ইত্যমব: ॥২৯—১৮॥ মত্ত্বে কাশত ইতি মন্ত্ৰকাশিনী ॥০৯—৪২॥
তোমাব সকল অঙ্গই স্থান্দৰ; স্মৃত্ৰবাং তুমি সকল অলঙ্কাবে অলঙ্গত হইয়া
এই অলঙ্কাৱগুলিবই যেন অভীষ্ট বিশেষ অলঙ্কাব হইয়াছ ॥৩৭॥

তোমাব তুল্য রূপবতী কোন দেবী, অসুবী, যক্ষী, বাক্ষসী, নাগী, গন্ধবর্বী বা মানুষী আছে বলিয়া আমি মনে করি না ॥৩৮॥

হে যৌবনমত্তে! আমি যত কিছু স্থনদবী বমণী দেখিয়াছি বা শুনিয়াছি, তোমাকে তাহাদেব তুল্য বলিয়া মনে করিতে পাবি না ॥৩৯॥

চাকবদনে। পদাদলতুলা-নয়নযুক্ত তোমাব মুখখানিকে চন্দ্র অপেক্ষাও স্থুন্দব দেখিয়াই কামদেব যেন আমাকে মন্থন কবিতেছেন" ॥৪ ।॥

সম্বৰণবাজা এইৰূপ তাহাকে বলিলেন, কিন্তু সে রুমণী তখন সেই নিৰ্জ্জন বনমধ্যেও তাহার নিকট কোন প্রত্যুত্তরই কবিল না ॥৪১॥

তথাপি রাজা বাব বাবই সেইরূপ বলিতে লাগিলে, বিহ্যুৎ যেমন মেঘেব ভিতবে অন্তর্হিত হয়, তেমনই সেই দীর্ঘনযনা সেইখানেই অন্তর্হিত হইল ॥৪২॥

তামদেষ্ট্রং দ নৃপতিঃ পরিচক্রাম দর্ববতঃ। বনং বনজপত্রাক্ষীং ভ্রমন,ুমান্তবক্তদা ॥৪৩॥ অপশ্যমানঃ স তু তাং বহু তত্র বিলপ্য চ। নিশ্চেষ্টঃ পাৰ্থিৰভোষ্ঠো মুহূৰ্ত্তং স ব্যতিষ্ঠত ॥৪৪॥ ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতারাং বৈয়াদিক্যামাদিপর্ববণি চৈত্ররথে

তপত্যুপাখ্যানে চহুঃষক্ট্যধিকশতত্ৰোহধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চষষ্টাধিকশততমোহধাায়ঃ।

গন্ধৰ্বৰ উবাচ।

ভাথ তম্মামদৃশ্যাযাং নৃপতিঃ কামমোহিতঃ। পাতনঃ শক্তসংঘানাং পপাত ধ্বণীতলে ॥>॥

ভাৰতকৌমুদী

তামিতি। বনজপত্রাকীং পদ্দলতুল্যনযনাম্। "বনে সলিলকাননে" ইত্যমরঃ ॥৪ अ অপশ্যমান ইতি। আত্মনেপদবিষয় আনশ্প্রত্যে আর্থ: ॥৪৪॥ ইতি মহামহোপাধ্যায-ভাৰতাচাৰ্য্য-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতাযাং মহাভারতটীকায়াং ভাবতকৌমূদীসমাখ্যাযামাদিপর্কণি চৈত্রবথে চতুংবস্তাধিকশততমোহধ্যায়ঃ # • #

তথেতি। পাত্যতীতি পাতন: সংহর্তা। নন্দাদিশ্বাৎ কর্ত্তবি যুঃ ॥ ভাবতভাবদীপঃ

বনজপত্রাক্ষীং জলজপত্রাক্ষীম্ ॥৪৩—৪৪॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্বাণি নৈলকন্তিয়ে ভাবতভাবদীপে চতুঃবষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৬৪॥ -- 248---

তখন বাজা সেই পদ্মনয়না রমণীকে অবেষণ কবিবার জন্ম উন্মত্তেব স্থায় ভ্রমণ কবিতে থাকিয়া সমস্ত বন বিচবণ করিলেন ॥৭৩॥

কিন্তু তাহাকে না দেখিয়া আবাব সেইখানে আসিয়া বহু বিলাপ করিয়া বাজশ্রেষ্ঠ সম্ববণ নিশ্চেষ্ট হইয়া কিছুকাল দাঁড়াইয়া থাকিলেন॥ ४॥

গন্ধর্বে বলিল—"সেই কন্মাটী অদৃখ্য হইলে, শক্রবিজয়ী সম্ববণবাজা কামপীড়নে মোহিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥১॥

^{* &#}x27;৽ এ • প্রত্যধিক…', '…একসপ্রত্যধিক…', '…সপ্তাশীত্যধিক ' ইতি পাঠভেদা:।

তিন্দিন্ নিপতিতে ভূমাবথ সা চারুহাসিনী।
পুনঃ গীনায়তশ্রোণী দর্শবামাস তং নৃপম্ ॥২॥
তং কুরূণাং কুলকরং কামাভিহতচেতসম্।
উবাচ মধুরং বাক্যং তপতী প্রহসন্ত্যপি ॥৩॥
উত্তিঠোতিন্ঠ ভদ্রং তে ন ত্বমর্হস্থবিন্দম!।
মোহং নৃপতিশার্দ্দৃল। গন্তমাবিদ্ধতঃ ক্ষিতৌ ॥৪॥
এবমুক্তোহথ নৃপতির্বাচা মধুবয়া তদা।
দদর্শ বিপুলপ্রোণীং তামেবাভিমুখে হিতাম্ ॥৫॥
অথ তামসিতাপাঙ্গীমাবভাষে স পার্থিবঃ।
মন্মথাগ্রিপবীতাত্মা সন্দিশ্ধাক্ষবয়া গিবা ॥৬॥
সাধু ত্বমসিতাপাঙ্গি। কামার্ত্রং মত্তকাশিনি।।
ভক্ষম্ব ভক্ষমানং মাং প্রাণা হি প্রক্রহন্তি মাম্॥৭॥

ভাবতকৌমুদী

তিমিন্নিতি। দর্শবামাস আত্মানমিতি শেষঃ ॥२॥

তমিতি। কুলকবম্ অবিচ্ছিন্নবংশপ্রবর্ত্তকম্। প্রহসন্তী স্ময়মানা ॥ এ

উত্তিষ্ঠেতি। তে তব ভন্রসন্ত। আবিষ্কৃতো বিধাত্রা আবির্ভাবিতঃ ॥ ৪॥

এবমিতি। বাচা উক্তরূপষা ॥ ৫॥

অথেতি। মন্মথান্নিপরীতাত্মা কামানলব্যাপ্রচিত্তঃ। সন্দিশ্ধাক্ষব্যা অপ্পইতাৎ ॥ ৬॥

ভাবতভাবদীপঃ

অথেতি ॥১—২॥ প্রহসন্ অক্স ইব ॥৩॥ আবিদ্ধতঃ প্রখ্যাতঃ। দ্রীলিদ্ধাঠে তু তিনি ভূতলে পতিত হইলে, মধ্রহাসিনী ও সুনিতম্বা সেই ক্সাটী আসিয়া পুনরায় বাজাকে দেখা দিল ॥২॥

এবং মৃত্ হাস্ত কবিতে কবিতে কুকবংশবক্ষক কামার্ত্ত বাজাকে এই মধুব বাক্য বলিল— ॥৩॥

"হে শক্রবিজয়ী বাজগ্রেষ্ঠ। আপনি উঠুন উঠুন, আপনাব মঙ্গল হউক, বিধাতা আপনাকে বাজা কবিয়া ভূতলে পাঠাইয়াছেন; স্কুতবাং আপনি অল্প কাবণে মূচ্ছিত হইতে পাবেন না"॥৪॥

বাজা মধুব বাক্যে এইবাপ অভিহিত হইয়া তখনই সন্মুখস্থিতা সেই বিশাল-নিতম্বা কন্যাটীকে দেখিতে পাইলেন ॥৫॥

ভাহাব পব, কামাকুলছাদয় সম্বৰণবাজা অম্পষ্ট বাক্যে সেই স্থলোচনা কন্যাটীকে বলিতে লাগিলেন— ॥৬॥

⁽৩)·· তপতী প্রহুসন্নিব, ···তপতী হসতীব সা।

জ্বর্দর্থং হি বিশালাকি। মামবং নিশিতৈঃ শবৈঃ।
কামঃ কমলগর্ভাভে। প্রতিবিধ্যন্ ন শাম্যতি ॥৮॥
দক্তমেবমনাক্রন্দে। ভদ্রে। কামমহাহিনা।
সা জং পীনাবতশ্রোকি। মামাপুহি ববাননে ! ॥৯॥
ছদধীনা হি মে প্রাণাঃ কিন্নবোদ্গীতভাষিনি।।
চারুসর্ববানবভাঙ্গি। পদ্যেন্দুপ্রতিমাননে ! ॥১০॥
নহুহং অদৃতে ভীরু। শক্যামি খলু জীবিতুম্।
কামঃ কমলপত্রাকি। প্রতিবিধ্যাত মাময়ম্॥১১॥
তত্মাৎ কুক বিশালাকি। মযানুক্রোশমঙ্গনে !।
ভক্তং মামসিতাপাঙ্গি। ন পবিত্যক্ত্রুমর্হিন ॥১২॥

ভাবতকোমূদী

সাধিতি। প্রস্তৃষ্টি পবিতাঙ্গন্তি। নকাবনোপাভাব আর্ব: ॥৭॥

ষদিতি। কমলগর্ভন্স পদ্মকোষস্থ আভা ইব আভা যক্তান্তৎসম্বোধনম্ ৮েঃ

দষ্টমিতি। কাম এব মহাহির্মহাসর্পন্তেন দটং নান্। ন বিহুতে আক্রন্দো মদাখাসনশব্দো যস্তান্তৎসম্বোধনম্। "আবাবে কদিতে ত্রাভর্যাক্রন্দো দারুণে বণে" ইত্যমুর: 📭

ষদিতি। কিন্নবশু উদগীতবদুৎকৃষ্টগানবৎ ভাষত ইতি তৎসংঘাধনম্ ॥১০॥ নহীতি। তদুতে বিনা। প্রতিবিধ্যতি শবৈবিতি শেষ: ॥১১॥

ভাবতভাবদীপঃ

আবিভূতিানি ॥৪—৬॥ প্রসংষ্টি প্রদৃহতি ॥৮॥ অনাক্রনে অত্রাতবি কালে। "আক্রদ:

"ভাল; হে স্থলোচনে। হে যৌবনমত্তে! আমি কামার্ত্ত হইযা তোমাতে আসক্ত হইযাছি, তুমিও আমাতে আসক্ত হও; না হইলে প্রাণ আমাকে পবিত্যাগ কবিবে॥৭॥

হে বিশালনয়নে। হে পদ্মকোববর্ণে। ভোমাব জন্মই কাম আমাকে নিশিত শব দ্বাবা বিদ্ধ কবিতে থাকিয়া কিছুতেই নিবৃত্তি পাইতেছে না ॥৮॥

ভদ্রে। কামৰূপ মহাসর্প আমাকে দংশন কবিয়াছে; কিন্তু সুন্দবি। তুমি আমাব প্রতি আশ্বাসবাক্যও বলিতেছ না, সম্বৰ আসিয়া আমাকে ৰক্ষা কব॥৯॥

হে অনিন্দ্যস্থানি ! তোমাব কণ্ঠস্বব কিন্নবেব উৎকৃষ্ট গানেব ন্থায় এবং তোমাব মুখখানি পদ্ম ও চন্দ্রেব তুল্য ; স্থতবাং আমাব প্রাণ তোমাবই অধীন হইয়াছে ॥১•॥

স্থানবি! তোমাকে ছাড়িয়া আমি জীবিত থাকিতে পাবিব না। কারণ, এই কাম আমাকে অনববত বিদ্ধা কবিতেছে ॥১১॥ .

ত্বং হি মাং প্রীতিযোগেন ত্রাতুমর্হাদ ভাবিনি!।
ত্বদর্শনক্তমেহং মনশ্চলতি মে ভূশম্॥১৩॥
ন ত্বাং দৃষ্ট্বা পুনশ্চান্তাং দ্রুষ্ট্বং কল্যাণি। রোচতে।
প্রদীদ বশগোহহং তে ভক্তং মাং ভজ ভাবিনি।॥১৪॥
দৃষ্ট্বৈব ত্বাং বরারোহে। মন্মথো ভূশমন্সনে।।
অন্তর্গতং বিশালান্ধি। বিধ্যতি ত্ম পতজ্রিভিঃ॥১৫॥
মন্মথাগ্রিসমুভূতং দাহং কমললোচনে!।
প্রীতিসংযোগযুক্তাভিরদ্ভিঃ প্রহলাদয়ন্ধ মে॥১৬॥
পূজায়ুধং তুরাধর্ষং প্রচণ্ডশরকান্মুক্ম্।
ত্বদর্শনসমুভূতং বিধ্যত্তং তঃসহৈঃ শরৈঃ।
উপশাময় কল্যাণি! আত্মদানেন ভাবিনি।॥১৭॥

ভারতকৌমুদী

তশাদিতি। অহকোশং দয়াম্। হে অপনে! উত্তমন্তি। ॥১২॥

স্বমিতি। প্রীত্যা যোগো রমণায় সংযোগন্তেন। চলতি অধীরং ভবতি ॥১৩॥

নেতি। অক্সাং রমণীম্। এতেন সপত্মীসম্ভাবনাপি তে নাস্ত্রীতি স্বচিতম্ ॥১৪॥

দৃষ্ট্রেতি। অন্তর্গতং যথা স্থান্তথা বিধ্যতি। শ্বেতি পাদপূবণে। পত্ত্রিভির্বাইণ: ॥১৫॥

মন্মথেতি। প্রীত্যা সংযোগে যুক্তাঃ সঙ্গতাঃ প্রীতিসংযোগরূপাভিবিত্যর্থ:, অন্তর্জান্যন্ধ প্রহলাদনপূর্বকং শময়স্ব ॥১৬॥

ভাবতভাবদীপঃ

জন্দনে স্বানে মিত্রদারুগযুদ্ধযোঃ। ভ্রাতর্যাপি চ পুংসি স্থাৎ" ইতি মেদিনী ॥৯—১৩॥ অতএব বিশালনয়নে। তুমি আমাব প্রতি দয়া কব , আমি তোমাব ভক্ত , স্মৃতবাং তুমি আমাকে পবিত্যাগ কবিতে পাবিবে না ॥১২॥

স্থলরি! তুমি প্রীতিপূর্বক সংযোগ ঘটাইযা আমাকে বক্ষা কর; ভোমাকে দেখাব পবে আমাব মনে অনুরাগ জন্মিযাছে, তাই সে মন অত্যন্ত অন্থির হইরা পডিযাছে ॥১৬॥

কল্যাণি! তোমাকে দেখিয়া আব আমার অন্ত বমণীকে দেখিবাবও ইচ্ছা হইতেছে না, তুমি প্রসন্ন হও, আমি তোমাব অধীন এবং ভক্ত, অতএব আমাকে ভজন কর॥১৪॥

সুন্দবি! তোমাকে দেখাব পবেই কামদেব বাণ দ্বাবা আমাব হৃদযকে অত্যস্ত বিদ্ধ কবিতেছেন ॥১৫॥

কমলন্যনে ৷ কামানল হইতে আমাৰ যে দাহ উপস্থিত হইযাছে, তাহা তুমি নিজেব প্ৰণয়সংযোগৰূপ জল ছাবা নিবাবিত কৰ ॥১৬॥

^{(&}gt;६)--- श्रव्याम्--- कन्गावि ! द्योहरय--- ।

গান্ধর্বেণ বিবাহেন মায়ুগৈহি ববাঙ্গনে!। বিবাহানাং হি বস্তোরু। গান্ধর্বিঃ শ্রেষ্ঠ উচ্যতে ॥১৮॥ তপত্যুবাচ।

নাহমীশাত্মনো বাজন্। কন্যা পিতৃমতী হৃহম্।
মযি চেদস্তি তে প্রীতির্যাচম্ব পিতবং মম ॥১৯॥
যথা হি তে ময়া প্রাণাঃ সংগৃহীতা নরেশ্বর ।।
দর্শনাদেব ভূযস্তং তথা প্রাণান্ মমাহবঃ ॥২০॥
ন চাহমীশা দেহস্ত তন্মান্ পতিসভ্ন ।।
সমীপং নোপগচ্ছামি ন স্বতন্ত্রা হি বোষিতঃ ॥২১॥
কা হি সর্বেষ্ লোকেষু বিশ্রুতাভিজনং নৃপম্।
কন্যা নাভিল্যেনাথং ভর্তারং ভক্তবংসলম্ ॥২২॥

ভাবতকোমুদী

পুলোতি। তব দর্শনেনৈব সমৃত্তম্ৎপরম্। বট্পাদোহযং শ্লোকঃ ॥১৭॥
গান্ধর্বেণেতি। শ্রেষ্ঠ আহ্বান্তপেক্ষরা ॥১৮॥
নেতি। আত্মনো ন ঈশা দানাদো সমর্থা। হি যন্ত্রাদহং পিতৃমতী ॥১৯॥
যথেতি। সংগৃহীতা আরুষ্টাঃ। ভূষঃ অধিকং যথা স্থান্তথা, অহবো হ্রতবান্ ॥২০॥
নেতি। অহং মম দেহতৈত্ব ন ঈশা দানাদো সমর্থা। সমীপং তবেত্যর্থঃ ॥২১॥

কলাণি তোমাব দর্শনমাত্রেই আমার হৃদয়ে কাম জন্মিয়াছে, নেই তুর্দ্ধি কাম বিশাল বাণ ও ধনু ধারণ কবিয়া তুঃসহ বাণ দ্বাবা আমাকে বিদ্ধ কবিতেছে, অতএব সুন্দবি। তুমি আত্মসমর্পণ কবিয়া তাহাকে শান্ত কর॥১৭॥

সুন্দবি। তুমি গান্ধর্বে বিবাহ অন্তুশাবে আমার সহিত মিলিত হও। বস্তোক! বিবাহেব মধ্যে গান্ধর্বে বিবাহ একটি শ্রেষ্ঠ বিবাহ"॥১৮॥

তপতী বলিলেন—"বাজা। আমার দেহেব উপবে আমাব আধিপত্য নাই। কাবণ, আমাব পিতা আছেন; স্থৃতবাং আপনাব যদি আমাব উপরে প্রণয় জন্মিযা থাকে, তবে আমাব পিতাব নিকট আমাকে প্রার্থনা কব্দন ॥১২॥

বাজা। আমি যেমন দর্শনমাত্রই আপনাব প্রাণ হবণ করিয়াছি, আপনিও তেমন আমা অপেক্ষা অধিক পবিমাণে আমার প্রাণ হবণ কবিয়াছেন ॥২০॥

কিন্ত আমি আমাব দেহেব প্রভু নহি; তাই আমি আপনাব নিকট যাইতেছি না। কাবিং, দ্রীজাতি স্বাধীন নহে ॥২১॥

ত্রিভূবনেব মধ্যে কোন্ কন্তা বিখ্যাত বংশসম্ভূত এবং ভক্তবংসল রাজাকে প্রতিপালক ও প্তিরূপে লাভ কবিতে ইচ্ছা না কবে । ॥২২॥ তন্মাদেবং গতে কালে যাচম্ব পিতরং মন।
আদিত্যং প্রণিপাতেন তপদা নিয়মেন চ ॥২৩॥
দ চেৎ কাময়তে দাতুং তব মামরিদূদন!।
ভবিশ্বাম্যথ তে রাজন্! সততং বশবর্ত্তিনী ॥২৪॥
অহং হি তপতী নাম সাবিত্র্যব্যক্তা হতা।
অস্ত্র লোকপ্রদীপস্থ সবিতুঃ ক্ষত্রিয়র্ষভ।॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে তাপত্যে পঞ্চষ্ট্যধিকশততমোহধ্যাযঃ॥०॥ *

ভারতকোমুদী

কেতি। বিশ্রুতাভিজনং বিখ্যাতবংশম্। নাথং বক্ষকম্ ॥২২॥
তত্মাদিতি। এবং গতে ইথভূতে আবষোঃ পবস্পবাস্থবাগসম্বন্ধিনীতার্থঃ ।২ ০।
স ইতি। কাম্যতে ইচ্ছতি। তব হস্তে ॥২৪॥
অহমিতি। সাবিত্রীতঃ অববজা কনিষ্ঠা। সবিতৃঃ স্থ্যাস্ত ॥২৫॥
ইতি মহামহোপাধ্যাম-ভারতাচার্য্য-শ্রীহরিদাসদিন্ধান্থবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌম্দীসমাখ্যাযামাদিপর্কিনি চৈত্রবথে পঞ্চষট্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥

--:#:--

ভারতভাবদীপঃ

রোচতে ক্লচির্ভবতি ॥১৪—১৯॥ ভূয়োহধিকং অহবঃ হাতবানসি ॥২০॥ তর্হি ক্রিযতাং সঙ্গ ইতি
চেৎ তত্তাহ – ন চেতি ॥২১ ২৫॥

ইতি শ্রীমহাভাবতে আদিপর্কণি নৈলকষ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষ্টাধিকশততমোহধ্যায়: ॥১৬৫॥

---°;*;----

মতএব মাপনি এইবাপ সময়ে প্রণিপাত, তপস্থা ও ব্রত দ্বাবা আমাব পিতা স্থ্যদেবেব নিকট আমাকে প্রার্থনা করুন ॥২৩॥

মহাবাজ! তিনি যদি আমাকে আপনাব হাতে দিতে ইক্তা করেন, তবে আনি চিবকালের জন্মেই আপনার বশবর্ত্তিনী হইব ॥২৪॥

হে স্বত্রিয়শ্রেষ্ঠ ! জগতেব প্রদীপ এই সূর্যাদেবেব কল্পা সাবিত্রা , আহি তাঁহাবই কনিষ্ঠা ভগিনী : আমাব নাম—'ভপতী' ॥২৫॥

^{🗣 &#}x27; ःमथ्रज्यिक्तःः', '…विमथ्रज्यस्किःः', '-- ष्यद्वेश्विज्यस्किः ' देखि शार्टरज्ञाः ।

ষট্ষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ।

---2#2---

গন্ধৰ্বৰ উবাচ।

এবমুক্ত্বা ততন্ত্র্ণং জগামোর্দ্ধমনিন্দিতা।

স তু বাজা পুনর্ভূমো তত্ত্বৈ নিপপাত হ ॥>॥

অবেষমাণঃ সবলন্তং বাজানং নৃপোত্তমম্।

অমাত্যঃ সামুযাত্রণ্চ তং দদর্শ মহাবনে ॥২॥

ক্লিতো নিপতিতং কালে শত্রুধ্বজমিবোচ্ছ্রিতম্।

তং হি দৃক্ট্বা মহেম্বাসং নিরশ্বং পতিতং ভূবি ॥৩॥

বভূব সোহস্ত সচিবঃ সম্প্রদীপ্ত ইবাগ্নিনা।

হুরয়া চোপসঙ্গম্য স্নেহাদাগতসভ্রমঃ ॥৪॥

তং সমুখাপ্যামাস নৃপতিং কামমোহিতম্।

ভূতলাভূমিপালেশং পিতেব পতিতং স্তুত্ম্ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকোসুদী

এবমিতি। মনিন্দিতা সর্বাঙ্গস্থন্দবী তপতী। রাজা সম্বরণ: ॥১॥ অন্বেদমাণ ইতি। সবলঃ সসৈন্তঃ। সাত্মাত্রঃ সাম্বরঃ ॥২॥

কিতাবিতি। উচ্ছিত প্রান্তবোলিতম্, কালে নিপতিতং শক্রমজমিব। নিবশং বাহনী-ভূতাশ্বসূত্ম্। সম্প্রদীপ্তো জ্লিত ইব সন্তাপাতিরেকাং। আগতসন্ত্রম উপস্থিতাধৈধ্য:। নূপতিং সম্বর্ণম্ ১০ ৫।

ভাবতভাবদীপঃ

এবমিতি 🕮 অকুষাত্র: শিবিবভাণ্ডাভাহর্ভৃভি: দহিত: দাহুষাত্র: ॥२॥ নিবস্ত: তপত্যা

গন্ধৰ্ক বলিল—"সৰ্বাঙ্গস্থলবী তপতী এইৰূপ বলিয়া, তাহাৰ পৰেই উপবেৰ দিকে চলিয়া গেলেন, কিন্তু সম্বৰণবাজা পুনবায় সেইখানেই ভূতলে পতিভ হইলেন॥:॥

তাহাব পব, সৈতগণ ও অনুচবগণেব সহিত মন্ত্রী অন্বেষণ কবিতে করিতে সেই মহাবনেই আসিয়া সেই অবস্থায় রাজাকে দেখিতে পাইলেন ॥২॥

এবং যথাসময়ে উত্তোলিত আবাব ভূতলে পতিত ইন্দ্রুবজেব ন্যায় মহাধন্ধর্বিব বাজাকে অশ্ববিহান অবস্থায় ভূতলে পতিত দেখিয়া সেই মন্ত্রী সন্তাপানলে জলিয়া উঠিলেন এবং সহব যাইয়া, স্মেহের বশে ব্যস্ত হইয়া, পিতা যেমন

[্]০) ' निटरा পতিতা ভূবি' নীলবর্ণসমতঃ পাঠা।

প্রজ্ঞয়া বয়সা চৈব বৃদ্ধঃ কীর্ত্ত্যা নয়েন চ।
অমাত্যক্তং সমুখাপ্য বভূব বিগতত্বরঃ ॥৬॥
উবাচ চৈনং কল্যাণ্যা বাচা মধুবয়োখিতম্।
মা ভৈর্মসুজশার্দ্দূল। ভদ্রমস্ত তবানঘ!॥৭॥
কুৎপিপাসাপরিশ্রান্তং তর্কয়ামাস বৈ নৃপম্।
পতিতং পাতনং সংখ্যে শাত্রবাণাং মহীতলে ॥৮॥
বারিণা চ স্থশীতেন শিবস্তম্মাভ্যবেচয়ৎ।
অফ্ট্রন্মুকুটং বাজ্ঞঃ পুগুবীকস্থগিন্ধনা॥৯॥
ততঃ প্রত্যাগতপ্রাণস্তরলং বলবাম্পঃ।
সর্বাং বিসর্জ্রয়ামাস তমেকং সচিবং বিনা॥১০॥

ভাবতকৌমুদী

প্রজ্ঞয়েতি। প্রজ্ঞয়া বৃদ্ধা। নষেন নীতিজ্ঞানেন চ। বিগতজ্ঞবং সন্তাপশৃত্যং ॥৬॥
উবাচেতি। কল্যাণ্যা মঙ্গলন্ধনিক্যা। ভব্তং মঙ্গলম ॥९॥
জ্বৃদিতি। ক্থিপিগাপবিশ্রাস্তম্, অতএব পতিতম্। পাতনং নিপাতকম্, সংখ্যে যুদ্ধে ॥৮॥
বাবিণেতি। অক্টং বারিসেকেন ধ্ল্যাদিমলাপগমাৎ উজ্জ্বনমভ্বং ॥৯॥
তত ইতি। প্রত্যাগতপ্রাণ উগন্থিতচৈতত্যঃ। বলং সৈন্তম্ ॥১০॥

ভাবতভাবদীপঃ

ত্যক্তম্ ॥৩॥ আগতসম্রমো জাতভয: ॥৪ ৮॥ পুগুরীকষ্কেন স্থগিন। উশীবম্লেন নিশিতং মুকুটং দাহাপন্যনার্থং বাজ্ঞঃ শিবসি নিহিত্যাত্রযক্ষ্টৎ বিশীর্ণং সন্থঃ শুক্তমভূৎ ইত্যর্থ:।

পুত্রকে উত্তোলন কবেন, তেমনই কামমোহিত ভূতল পতিত রাজাকে ভূতল হইতে উত্তোলন করিলেন ॥৩—৫॥

জ্ঞানে, বয়সে, যশে ও নীতিকৌশলে বৃদ্ধ সেই মন্ত্রী বাজা সম্ববণকে উত্তোলন কবিয়া সন্তাপশূত্য হইলেন ॥২॥

এবং তিনি মঙ্গলময় মধুব বাক্যে সম্মুখস্থিত রাজাকে কহিলেন—"রাজশ্রেষ্ঠ ! আপনি ভীত হইবেন না, আপনার মঙ্গল হউক" ॥৭॥

আর, মন্ত্রী মনে কবিলেন—'যুদ্ধে শক্রনিপাতকারী বাজা ক্ষুধা ও পিপাসায কাতব হইয়াই ভূতলে পতিত হইয়াছিলেন' ॥৮॥

তাহাব পব, তিনি পদ্মসৌরভযুক্ত শীতল জল দ্বাবা বাজার মস্তক সিক্ত করিলেন, তাহাতে ময়লা দূর হওয়ায বাজাব মুকুটথানি আবও উজ্জল হইল ॥১॥

⁽२) चन्णृगमूक्टेः दोखः ।।

२ ३७ (८)

ততন্তস্যাজ্ঞয়া রাজ্ঞো বিপ্রতত্ত্বে মহদলম্।

স তু বাজা গিরিপ্রস্থে তত্মিন্ পুনরুপাবিশৎ ॥>>॥

ততন্তিমিন্ গিরিবরে শুচিভূজা কুতাঞ্জলিঃ।
আরিবাধয়িষুঃ সূর্য্যং তন্থাবৃদ্ধমূখঃ ক্ষিতৌ ॥>২॥
জগাম মনসা চৈব বশিষ্ঠয়িষসভ্তমম্।
পুরোহিতমমিত্রম্বন্তদা সম্বণো নৃপঃ ॥>৩॥
নক্তন্দিনমথৈকত্র স্থিতে তত্মিন্ জনাধিপে।
অথাজগাম বিপ্রষিন্তদা দ্বাদশমেহহনি ॥>৪॥

স বিদিছৈব নৃপতিং তপত্যা হৃতমানসম্।
দেব্যেন বিধিনা জ্ঞাত্বা ভাবিতাত্মা মহানৃষিঃ ॥>৫॥

তথা তু নিষ্তাত্মানং তং নৃপং মুনিসভ্তমঃ।
আবভাষে স ধর্মাত্মা তত্মৈবার্থিচিকীর্ষয়া ॥>৬॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। মহদ্বলং মহতী চমুং। গিবিপ্রস্থে পর্ববিদ্যানো ॥১১॥

তত ইতি। আরিবাধিযিয়ু আবাধিযিতুমিচ্ছু:। তত্থে দ বাজা ॥১২॥

জগামেতি। জগাম সন্মাব। অমিত্রন্থ: শক্তহন্তা ॥১৩॥

নক্তমিতি। নক্তন্দিনং দিবারাত্রম্। ছাদশ্যে ছাদশ্যংখ্যাপবিমিতে ॥১॥

স ইতি । দিবোন অলৌকিকেন বিধিনা ধ্যানেনেতার্থ:, ভাবিতাত্মা জ্ঞানশোধিতচিত:। তম্ম নূপস্মৈব, অর্থচিকীর্ধযা প্রযোজনসাধনেচ্ছযা ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

পাঠান্তবে শ্লষ্টোহর্থ: ॥२॥ বলং সৈত্তম্ ॥১•॥ গিরিপ্রস্তে শৈলশিথবে ॥১১—১৬॥ দাদশমে

পবে, বাজা চৈত্ত লাভ করিয়া, কেবল সেই মন্ত্রী ব্যতীত সমস্ত সৈক্তকেই বিদায় কবিলেন ॥১০॥

তদনন্তব, বাজাব আদেশে সেই বিশাল সৈন্ত বাজধানীর দিকে প্রস্থান কবিল ; কিন্তু বাজা সেই পর্বতেব সমতল ভূমিতেই পুনবায় উপবেশন কবিলেন ॥১১॥

তাহাব পব, তিনি সূর্য্যদেবেৰ আবাধনা কবিবাব ইচ্ছায় সেই পর্ব্বতেই পবিত্র ও কৃতাঞ্চলি হইযা উদ্ধমুখে ভূতলে অবস্থান কবিতে লাগিলেন ॥১২॥

এবং মনে মনে ঝষিশ্রেষ্ঠ পুৰোহিত বশিষ্ঠকে স্মবণ করিতে থাকিলেন ॥১৩॥ বাজা এইভাবে সেই স্থানে দিবারাত্র অবস্থান কবিতে থাকিলে, বাব দিনেব দিন ত্রহার্ষি বশিষ্ঠ দেখানে আগমন করিলেন ॥১৪॥

জ্ঞানী ও ধার্ম্মিক মহর্বি বশিষ্ঠ তপতীই যে সম্বরণ বাজার চিত্ত অপহরণ

স তস্ত্র মনুজেন্দ্রস্ত পশ্যতো ভগবান্ষিঃ।
উদ্ধানচক্রমে দ্রফ্ট্রং ভাস্করং ভাস্করহাতিঃ॥১৭॥
সহস্রাংশুং ততো বিপ্রঃ ক্বতাঞ্জলিরুপস্থিতঃ।
বিশিষ্ঠোহহমি ত প্রীত্যা স চাত্মানং অবেদয়ৎ॥১৮॥
তমুবাচ মহাতেজা বিবস্বান্ মুনিসত্তমম্।
মহর্ষে! স্বাগতং তেহস্ত কথয়স্ব যথেপিসতম্॥১৯॥
যদিচ্ছসি মহাভাগ! মতঃ প্রবদতাং বর!।
তত্তে দ্যামভিপ্রেতং যগ্রপি স্থাৎ স্কুক্ষবম্॥২০॥
এবমুক্তঃ স তেনর্ষির্বশিষ্ঠঃ প্রত্যভাষত।
প্রাণিপত্য বিবস্বন্তং ভানুমন্তং মহাতপাঃ॥২১॥
বিশিষ্ঠ উবাচ।
বৈষা তে তপতী নাম সাবিত্রাবরজা স্থতা।
তাং ত্বাং সম্ববণস্থার্থে ববয়ামি বিভাবসাে।॥২২॥

ভাৰতকৌমূদী

স ইতি। তম্ম তমনাদৃত্য। আচক্রমে জগাম ॥১৭॥

সহস্রেতি। সহস্রাংশুং স্থ্যম্॥১৮॥

তমিতি। বিবস্থান্ স্থাঃ। স্বাগতং স্বাগতপ্রশ্নেন স্মাদবণ্য্ ॥১৯॥

যদিতি। মত্তো মম সকাশাৎ ॥ ২ • ॥

এবমিতি। ভাত্মন্তং প্রশন্তকিরণং নহন্রকিবণং বা ॥२১॥

যেতি। ববষামি প্রার্থমামি। প্রার্থনার্থস্বান্দ্রিকশ্বকত্বম্ ॥ २ २॥

করিয়াছেন ইহা ধ্যানে জানিয়া, তাঁহাবই উদ্দেশ্য সাধন কবিবাব ইচ্ছায় তাঁহার সহিত কিছু আলাপ কবিলেন ॥১৫—১৬॥

এতস্মাদিতি। শাপদোষসমন্ধিতো ব্ৰাহ্মণীশাপগ্ৰস্ত এব ॥২৬॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাৰ্য্য-শ্ৰীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাৰ্যাং ভাবতকৌমূদীসমাখ্যাযামাদিপৰ্ব্বণি চৈত্ৰবথে পঞ্চসপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥

অস্মাকমিতি। অন্তর্ধণ: শুচিত্বাদিনা যোগ্য:। আচক্ষ্ ব্রহি ॥১॥ যবীযানিতি। যবীযান্ কনিষ্ঠ:। উৎকোচকে তদাখ্যে ॥২॥

তদনস্তর মহিষীব কথা গুনিয়া বাজা চকিত হইলেন এবং সেই ব্রাহ্মণীব শাপ স্মবণ কবিয়া অত্যন্ত অমুতাপ কবিলেন ॥২৫॥

অৰ্জুন! এই কাবণেই সেই ব্ৰাহ্মণীর শাপগ্ৰস্ত রাজা আপন ভাৰ্য্যাব সহিত সমত হইবাব জন্ম বশিষ্ঠকে নিযুক্ত করিয়াছিলেন" ॥২৬॥

___67F6 ___

মর্জুন বলিলেন—"গন্ধর্ববাজ! যিনি আমাদের উপযুক্ত পুবোহিত হইতে পাবেন, তাঁহাব বিষয তুমি বল। কেন না, তোমাবও সমস্তই জানা আছে ॥১॥"

গন্ধৰ্ব কহিল—"অৰ্জ্ন! দেবলেব কনিষ্ঠ ভ্ৰাতা ধৌম্য উৎকোচকতীৰ্থে তপোৰনে থাকিয়া তপস্থা কবিতেছেন . যদি তোমবা ইচ্ছা কর, তবে তাঁহাকেই যাইযা পৌৰোহিতো বরণ কব" ॥২॥

^{• &#}x27;·· অনীতাধিক···', '···হানীতাধিক···', '·· ত্রানীতাধিক···', অন্টনবতাধিক···' ইতি পাঠাফশনি।

বৈশস্পায়ন উবাচ।

ততোহর্জ্নেহন্ত্রমাগ্রেয়ং প্রদদৌ তদ্যথাবিধি।
গন্ধর্বায় তদা প্রীতো বচনঞ্চেদমত্রবীৎ ॥৩॥
ছয্যেব তাবত্তিগুন্ত হয়া গন্ধর্বসত্তম।।
কার্য্যকালে গ্রহীয়্যায়ঃ স্বস্তি তেহস্ত্রিতি চাত্রবীৎ ॥৪॥
তহস্যোম্যমভিসম্পূজ্য গন্ধর্বঃ পাগুবাশ্চ হ।
রম্যাদ্রাগীরথীতীবাদ্যথাকামং প্রতন্থিবে ॥৫॥
তত উৎকোচকং তীর্থং গল্পা ধৌম্যাপ্রমন্ত তে।
তং বক্রঃ পাগুবা ধৌম্যং পৌরোহিত্যায় ভাবত! ॥৬॥
তান্ ধৌম্যঃ প্রতিজ্ঞাহ সর্ববেদবিদাং বরঃ।
বন্যেন ফলমূলেন পৌবোহিত্যেন চৈব হ ॥৭॥
তে সমাশংসিরে লক্কাং প্রিয়ং বাজ্যঞ্চ পাগুবাঃ।
ভ্রাক্ষাণং তং পুবস্কৃত্য পাঞ্চালীঞ্চ স্বয়ংববে ॥৮॥

ভাবতকোমূদী

তত ইতি। তৎ গন্ধর্মজয়হেতুভূতম্॥৩॥

ছবীতি। হ্যাঃ ছ্যা মহুং দাতুমিষ্টা অখাঃ। স্বস্তি মঙ্গলম্ ॥৪॥

ত ইতি। অভিসম্পূজ্য নমস্বাবাদিনা সন্মান্ত ॥৫॥

তত ইতি। তীর্থং তক্সত্যং ধৌমাশ্রেমঞ্চ গত্বেতার্থঃ ॥৬॥

তানিতি। বত্যেন ফলমূলেনাতিথিতয়া প্রতিষ্ণগ্রাহ আদন্তে, পোবোহিত্যেন তদঙ্গীকাবেণ চ প্রতিষ্ণগ্রাহ স্বীচকাব আত্মীযীচকাবেতার্থ: ॥ ৭॥

ত ইতি। রাজ্যঞ্চ লক্ষম্, পাঞ্চালীঞ্চ লক্ষাম্, সমাশংসিরে আশাবিষ্যীচক্ত্য ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব, অর্জ্জুন গন্ধর্বকে যথাবিধানে সেই আগ্নেয় অস্ত্র দান করিলেন এবং সন্তুষ্টচিন্তে এই কথা কহিলেন—॥৩॥

"গন্ধব্যাজ! সেই ঘোড়াগুলি তোমাব কাছেই থা'ক্, আমবা যথাসময়ে সেগুলি লইব! তোমাব মঙ্গল হউক" একথাও বলিলেন ॥৪॥

তাহাব পব, গন্ধর্ব্ব ও পাণ্ডবগণ পবস্পব সম্মান দেখাইয়া সেই মনোহব গঙ্গাতীর হইতে ইচ্ছানুসাবে প্রস্থান কবিলেন ॥৫॥

তদনন্তব পাণ্ডবেবা উৎকোচকতীর্থে ধৌম্যের আশ্রমে যাইয়া সেই ধৌম্যকেই পৌবোহিত্যে বরণ করিলেন ॥৬॥

সর্ববেদজ্ঞপ্রেষ্ঠ ধৌম্যও বন্য ফল-মূল দ্বাবা তাঁহাদিগকে অতিথিকপে গ্রহণ কবিলেন এবং পৌবোহিত্য স্বীকাব কবিয়া আত্মীয়তা স্থাপন কবিলেন ॥৭॥ পুবোহিতেন তেনাথ গুরুণা সঙ্গতান্তদা।
নাথবন্তমিবাত্মানং মেনিবে ভরতর্বভাঃ ॥৯॥
স হি বেদার্থতব্বজ্ঞন্তেষাং গুরুরুদাবধীঃ।
তেন ধর্মাবিদা পার্থা যাজ্যা ধর্মাবিদঃ কৃতাঃ ॥১০॥
বীবাংস্ত স হি তান্ মেনে প্রাপ্তবাজ্যান্ স্বধর্মতঃ।
বুদ্ধি-বীর্য্য-বলোৎসাহৈর্মুক্তান্ দেবানিব দিজঃ ॥১১॥
কৃতস্বস্ত্যয়নান্তেন ততন্তে মনুজাধিপাঃ।
মেনিবে সহিতা গল্তং পাঞ্চাল্যান্তং স্বয়ংবরম্ ॥১২॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামাদিপর্ববি চৈত্রবথে ধৌম্যপুৰোহিতকরণং নাম ষট্দপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ॥।॥ *

ভাবতকৌসুদী

পুবোহিতেনেতি। সঙ্গতাং সন্মিলিতাং। নাথবস্তম্ অভিভাবকবস্তম্ ॥३॥
স ইতি। গুৰুং অভূৎ। পরঞ্চ তেন গুৰুণা ধোম্যেন ॥১০॥
বীবানিতি। বীর্য্যং দৈহিকং সামর্থ্যম্, বলঞ্চ মানসং সামর্থ্যম্ ॥১১॥
ক্তেতি। ক্বতং স্বস্ত্যবনং মঙ্গলসাধকং দেবপূজাদি বৈস্তে। মেনিবে ঈষুং ॥১২॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং
ভাবতকোম্দীসমাধ্যাযামাদিপর্ববিণি চৈত্রবথে ষট্সপ্তত্যধিকশভতমোহধ্যায়ঃ॥০॥

ভাবতভাবদীপঃ

অস্মাকমিতি ॥১ —৬॥ প্রতিজগ্রাহ অঙ্গীচকাব ॥৭॥ পাঞ্চালীঞ্চ লক্কামাশংনিবে ॥৮—১২॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে ষ্ট্সপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৭৬॥

পাণ্ডবৰ্গণ সেই ব্ৰাহ্মণকে পুৰোহিত পাইয়া বাজ্য, বাজলক্ষ্মী এবং স্বযংবৰে জৌপদীকে লাভ কৰিয়াছেন বলিয়া আশা করিতে লাগিলেন ॥৮॥

এবং তাঁহাবা তখন উপদেষ্টা ধৌম্য পুবোহিতেব সহিত মিলিত হইয়া আপনাদিগকে অভিভাবকশালী বলিয়া মনে কবিতে থাকিলেন ॥১॥

বেদজ্ঞ এবং উদাববৃদ্ধি ধৌম্য পাণ্ডবদেব পুবোহিত হইয়া তাঁহাদিগকে ক্রমশঃ ধর্মজ্ঞ কবিয়া তুলিবাব চেষ্টা করিতে লাগিলেন ॥১০॥

আব, দেবতাব ন্থায় দৈহিক বল, মানসিক বল ও উৎসাহশালী মহাবীব পাণ্ডবগণ ধর্ম্ম অন্তসাবেই বাজ্য লাভ কবিয়াছেন বলিয়া ধৌম্য মনে করিতে থাকিলেন ॥১১॥

তাহাব পব, পাণ্ডবগণ স্বস্ত্যয়ন কবিয়া ধৌম্য পুবোহিতেব সহিতই জৌপদীব স্যাবেৰে যাইবাৰ ইচ্ছা কৰিলেন ॥১২॥

^{* &#}x27; একাণীতাবিক···', '···অাশীতাধিক···', '···চতুবশীতাধিক···', '···একোন-হিশততম···' ইতি পাঠাম্বরাণি।

1.4

সপ্তসপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ।

___0350___

বৈশস্পায়ন উবাচ।

ততন্তে নরশার্দ্ণা ভাতবং পঞ্চ পাগুবাং।
প্রযযুর্দ্রোপদীং দ্রফীং তঞ্চ দেশং মহোৎসবম্॥১॥
তে প্রয়াতা নবব্যাদ্রা সহ মাত্রা পবন্তপাঃ।
ব্রাহ্মণান্ দদৃশুর্মার্গে গচ্ছতঃ সঙ্গতান্ বহুন্॥২॥
ত উচুর্ব্রাহ্মণা রাজন্! পাশুবান্ ব্রহ্মচারিণঃ।
ক ভবন্তো গমিয়ন্তি কুতো বাভ্যাগতা ইহ॥৩॥

যুধিষ্ঠিব উবাচ।

আগতানেকচক্রায়াঃ সোদর্য্যানেকচাবিণঃ। ভবন্তো বৈ বিজ্ঞানস্ত সহ মাত্রা দ্বিজর্বভাঃ!॥৪॥ ব্রাহ্মণা উচুঃ।

গচ্ছতাত্যৈব পাঞ্চালান্ ক্রপদস্য নিবেশনে। স্বযংববো মহাংস্কত্র ভবিতা স্বমহাধনঃ॥৫॥

ভাবতকোমুদী

তত ইতি। সহান্ উৎসবো যত্ত তম্, তং শ্রোপদীসম্বন্ধিনং দেশঞ্চ দ্রষ্টুম্ ॥১॥ ত ইতি। প্রযাতাঃ প্রযান্ত ইত্যর্থঃ। সঙ্গতান্ সম্বিলিতান্ ॥২॥ ত ইতি। ব্রন্ধচাবিণো ব্রন্ধচাবিবেশধরান্ ॥৩॥ আগতানিতি। সোদ্য্যান্ ভ্রাত্বনিত্যর্থঃ। একং সহিতং চবন্ধীতি তান্ ॥৪॥ গচ্ছতেতি। স্থমহান্তি বাশীভূতানি ধনানি ব্যযোদ্থানি যত্ত্ব সং ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পর, নবশ্রেষ্ঠ পাণ্ডবেরা পাঁচ ভাই দ্রৌপদীকে এবং মহোৎসবসম্পন্ন সেই দেশটীকে দেখিবাব জন্ম প্রস্থান কবিলেন ॥১॥

মনুষ্যশ্রেষ্ঠ মহাবীব পাণ্ডবগণ কুন্তীব সহিত যাইতে থাকিয়া, পথে সম্মিলিত অৰম্ভায় বহু ব্রাহ্মণকে যাইতে দেখিলেন ॥২॥

মহাবাজ ! তখন সেই ব্রাহ্মণেবা ব্রহ্মচাবিবেশধারী পাণ্ডবগণকে বলিলেন— "আপনাবা কোথায় যাইবেন ? কোথা হইতেই বা আসিলেন ?" ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনাবা ইহাই জান্তুন যে, আমবা পাঁচ ভাই মাতাব সহিত এক সঙ্গে একচক্রানগবী হইতে আসিযাছি"॥৪॥

२२৫ (8)

একদার্থং প্রয়াতাঃ স্ম বয়ং তত্তিব গামিনঃ।
তত্র হুছুতসঙ্কাশো ভবিতা স্থমহোৎসবঃ ॥৬॥
যজ্ঞসেনস্থ চুহিতা দ্রুংপদস্থ মহাত্মনঃ।
বেদীমধ্যাৎ সমুৎপন্না পদ্মপত্রনিভেক্ষণা ॥৭॥
দর্শনীয়াহনবত্যাঙ্গী স্থকুমারী মনস্বিনী।
ধ্বুউচুত্রন্মন্থ ভগিনী দ্রোণশত্রোঃ প্রতাপিনঃ ॥৮॥ (য়ুগ্মকম্)
যো জাতঃ কবচী থড়গী সশবঃ সশবাসনঃ।
স্থসমিদ্ধে মহাবাহুঃ পাবকে পাবকোপমঃ ॥৯॥
স্থসা তস্থানবত্যাঙ্গী দ্রোপদী তত্মধ্যমা।
নীলোৎপলসমো গদ্ধো যস্থাঃ ক্রোশাৎ প্রবাতি বৈ ॥২০॥
যজ্ঞসেনস্থ চ স্থতাং স্বয়ংববকৃতক্ষণাম্।
গচ্ছামো বৈ বয়ং দ্রেফুং তঞ্চ দিব্যং মহোৎসবম্ ॥১১॥

ভাবতকৌমুদী

একেতি। একে একত্ত মিলিতাঃ সার্খাঃ সমানপ্রয়োজনা যশ্মিন্ কর্মণি তদ্যথা তথা ॥৬॥ যজেতি। বেদীমধ্যাৎ যজ্ঞীযবেদীতঃ। অনবছাঙ্গী অনিন্দ্যসর্কাব্যবা ॥१—৮॥ ধৃষ্টহামং বিশিনষ্টি—য ইতি। স্থামিদ্ধে প্রজ্ঞলিতে। পাবকে বহুছা ॥৯॥ স্থাসতি। স্থামা প্রভাগিনী। তত্ত্মধ্যমা ক্লাকটাদেশা ॥১০॥ যজেতি। স্থামাত্মনৈব ববে ববনিদ্ধাবণে ক্বতঃ ক্লণ উৎস্কৃতঃ যয়া তাম্ ॥১১॥

ব্রাহ্মণেবা বলিলেন—"আপনারা অন্তই পাঞ্চালদেশে গমন কফন; সেখানে দ্রুপদবাজার বাড়ীতে বহুব্যয়ে বিশাল একটা স্বয়ংবরসভা হইবে ॥৫॥

আমবাও এক সঙ্গে মিলিয়া সেইখানেই যাইতেছি। কেন না, সেখানে একটী অভূত মহোৎসব হইবে॥৬॥

মহাত্মা দ্রুপদবাজ্ঞাব কন্মা পদ্মনয়না দ্রৌপদী যজ্ঞবেদি হইতে উৎপন্ন হইয়াছিলেন; তাঁহাব কোন অঙ্গই নিন্দনীয় নহে, অতিস্থদৃশ্য এবং স্থকোমশ; আর তিনি প্রশস্তহৃদয়া এবং দ্রোণশক্র প্রতাপশালী ধৃষ্টত্মান্নেব ভগিনী ॥৭—৮॥

যে মহাবীব ধৃষ্টগ্রান্ন কবচ, তরবারি, ধনু ও বাণ ধাবণ কবিয়া প্রজ্ঞালিত যজ্ঞাগ্নি হইতে অগ্নিব তুল্য উৎপন্ন হইয়াছিলেন—॥৯॥

অনিন্যস্থন্দবী ক্ষীণমধ্যা জৌপদী সেই ধৃষ্টগ্যমেরই ভগিনী, যাঁহার নীলোৎপলতুল্য শবীবেব গন্ধ একক্রোশ দূব হইতে বহিত হইয়া থাকে ॥১০॥

সেই জ্রপদক্তা নিজেই বব নির্বাচনেব জন্ম উৎস্কুক হইয়াছেন; তাঁহাকে দেখিবাব জন্ম এবং সেই মহোৎসব প্রত্যক্ষ কবিবার জন্ম আমরা যাইতেছি ॥১১॥ রাজানো বাজপুত্রাশ্চ যত্বানো ভূরিদক্ষিণাঃ।
স্বাধ্যায়বন্তঃ শুচ্বো মহাত্মানো যতব্রতাঃ॥>২॥
তরুণা দর্শনীয়াশ্চ নানাদেশসমাগতাঃ।
মহাবথাঃ কৃতান্ত্রাশ্চ সমুপৈয়ন্তি ভূমিপাঃ॥>৩॥ (যুগ্মকম্)
তে তত্র বিবিধান্ দায়ান্ বিজয়ার্থং নবেশ্ববাঃ।
প্রদাস্থান্তি ধনং গাশ্চ ভক্ষ্যং ভোজ্যঞ্চ সর্ববশঃ॥>৪॥
প্রতিগৃহ্ছ চ তৎ সর্বাং দৃষ্ট্বা চৈব স্বয়ংবরম্।
অনুভূয়োৎসবক্ষৈব গমিয়ামো যথেপিস্বতম্॥>৫॥
নটা বৈতালিকান্তত্র নর্ত্তকাঃ সূত্মাগধাঃ।
নিয়োধকাশ্চ দেশেভ্যঃ সমেয়ন্তি মহাবলাঃ॥>৬॥

ভাবতকোমুদী

বাজান ইতি। যজানো বিধিনেষ্টবন্তঃ। স্বাধ্যাঘবস্তো বেদপাঠিনঃ, শুচষঃ পবিত্রাঃ, যতব্রতা নিয়তব্রতচাবিণঃ। ক্লভান্তাঃ শিক্ষিভান্তাঃ ॥১২—১৩॥

ত ইতি। দীয়স্ত ইতি দায়া বস্ত্রাদীনি দ্রব্যাণি তান্। ভক্ষ্যং পেয়ম্॥১৪॥

প্রতীতি। ऋयः तवः ऋयः तवनवाभावम्। यर्थिकाजः यथा ऋष्वि। ॥১৫॥

নটা ইতি ৷ নটা অভিনযব্যবসাধাং, বৈতালিকাঃ স্থতিপাঠকাঃ, নৰ্দ্তকা নৃত্যকারকাঃ, স্থতাঃ পুরাণপাঠকাঃ, মাগধা বংশপবিচাযকাঃ, নিযোধকা বাছযোদ্ধাবশ্চ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ততন্তে ইতি ॥১ — ১৩॥ দাখান্ দেখানি, তানেবাহ—ধনমিত্যাদি ॥১৪—১৫॥ নটা বেশভেদকাবিণঃ। বৈতালিকা মঙ্গলগাঠকাবিণঃ। নর্ত্তকাঃ প্রসিদ্ধাঃ। স্থতাঃ পৌরা-

বাঁহাবা প্রচুব দক্ষিণা দিয়া যথাবিধানে যজ্ঞ সম্পন্ন করিয়াছেন, বেদপাঠ করিয়াছেন, যথানিয়মে ত্রত কবিয়াছেন এবং সমস্ত অন্ত্র শিক্ষা করিয়াছেন, সেই সকল পবিত্র, মহাত্মা ও মহারথ রাজারা এবং মনোহবাকৃতি যুবক রাজপুত্রেরা নানাদেশ হইতে সেখানে আগমন করিবেন ॥১২—১৩॥

তাঁহাবা জয়লাভ কবিবাব জন্ম সেখানে নানাবিধ দ্রব্য, ধন, গল্ এবং সর্ব-প্রকাব খাল্ল ও পেয় দান করিবেন ॥১৪॥

আমবা সেই সকল গ্রহণ করিয়া, স্বয়ংবর দেখিয়া এবং মহোৎসব প্রত্যক্ষ করিয়া ইচ্ছানুসাবে চলিয়া যাইব ॥১৫॥

স্তুতিপাঠক, পুবাণপাঠক, বংশপবিচায়ক, নট, নর্ত্তক এবং মহাবলশালী বাহুযোদ্ধারা নানাদেশ হইতে সেখানে আসিবে ॥১৬॥

১¢ শ্লোকাৎ পরং কক্ষিণ্টিৎ পুস্তকে কতিপযশ্লোকা অধিকা দৃখ্যস্তে ।

এবং কোতৃহলং কৃত্বা দৃষ্ট্যা চ প্রতিগৃহ্য চ।
সহাস্মাভির্মহাত্মানঃ পুনঃ প্রতিনিবর্ৎ স্থা ॥১৭॥
দর্শনীয়াংশ্চ বঃ সর্ববান্ দেবরূপানবস্থিতান্।
সমীক্ষ্য কৃষ্ণা বরয়েৎ সঙ্গত্যৈকতমং বরম্॥১৮॥
ভায়ং ভ্রাতা তব শ্রীমান্ দর্শনীয়ো মহাভুজঃ।
নিযুজ্যমানো বিজয়েৎ সঙ্গত্যা দ্রবিণং বহু ॥১৯॥

যুধিষ্ঠিব উবাচ।

প্রবমং ভো গমিশ্যামো দ্রেফ্ট্র্কের মহোৎসবম্। ভবদ্ভিঃ সহিতাঃ সর্কের কন্যায়াস্তং স্বয়ংববম্॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামাদিপর্ববি স্বযংববে পাণ্ডবগমনং নাম সপ্তদপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ **

ভারতকৌমূদী

এবমিতি। কৃষা প্রযিষা। প্রতিনিবং স্থা প্রতিনিব্বা ভবিশ্বথ ॥ ১ १॥
দর্শনীযানিতি। দর্শনীযান্ স্থলবান্। কৃষণ প্রোপদী। সঙ্গত্যা ভাগ্যযোগেন ॥ ১৮॥
অযমিতি। নিযুজ্যমানস্থয়েতি শেষঃ। সঙ্গত্যা ভাগ্যযোগেন। দ্রবিণং ধনম্॥ ১৯॥
পবসমিতি। ভো ব্রাহ্মণাঃ।। মহাস্থপবাে যত্ত তম্॥ ২ •॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকায়াং ভাবতকৌমূদীসমাখ্যাযামাদিপর্ব্বণি স্বযংববে সপ্তসপ্তত্যধিকশততমোহধ্যাযঃ॥•॥

ভাবতভাবদীপঃ

ণিকা:। মাগধা বংশহুচকা। নিযোধকা: মল্লা: ॥১৬—১৭॥ সঙ্গত্যা দৈবযোগেন ॥১৮—১০॥ প্ৰমং যথেষ্ট্ৰম্ ॥২০॥

ইতি শ্রীমহাভাবতে আদিপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে সপ্তমপ্তত্যধিকশতভমোহধ্যায়: ॥১৭৭॥

আপনারা এই সকল দেখিয়া, কৌতুক পূর্ণ কবিয়া এবং নানাবিধ বস্তু গ্রহণ করিয়া, আবাব আমাদেব সঙ্গেই ফিরিয়া আসিবেন ॥১৭॥

তা'ব পব, দেবতাদেব স্থায় স্থন্দব মূর্ত্তি আপনাদেব সকলকে দেখিয়া হযত জৌপদী একজনকে ববৰূপে ববণও কবিতে পাবেন ॥১৮॥

আব, স্থুন্দব মূর্ত্তি ও মহাবাহু আপনাব এই ভাইটা আপনাব আদেশে হয়ত বহুতব ধন জয় কবিয়াও আনিতে পাবেন" ॥১৯॥

যুধিষ্ঠির বলিলেন—"মহাশয়গণ! আমবা সকলেই আপনাদেব সঙ্গে মহোৎস্ব-সম্পন্ন সেই জৌপদীব স্বয়ংবর দেখিতে যাইব"॥২০॥

⁽২০) প্রমং ভোগমিচ্ছামো দ্রষ্টুবৈশ্ব…। * '…দ্বাশীতাধিক…', '…চতুরশীতাধিক', '…প্রধাশীতাধিক…', '…একোনধিকদিশততম…' ইতি পাঠভেদাঃ।

অষ্ঠসপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

এবসুক্তাঃ প্রয়াতান্তে পাগুবা জনমেজয় !।
রাজ্ঞা দক্ষিণপাঞ্চালান্ ক্রুপদেনাভিবক্ষিতান্ ॥>॥
ততন্তে তু মহাত্মানং শুদ্ধাত্মানমকল্মষম্ ।
দদৃশুঃ পাগুবা বীরা মুনিং বৈপায়নং তদা ॥২॥
তব্য়ে যথাবং সংকাবং কৃত্মা তেন চ সংকৃতাঃ ।
কথান্তে চাভ্যমুজ্ঞাতাঃ প্রযযুক্ত পদক্ষয়ম্ ॥৩॥
পশ্যন্তো বমণীয়ানি বনানি চ সবাংসি চ ।
তত্র তত্র বসন্তশ্চ শনৈর্জগ্মুর্মহাবথাঃ ॥৪॥
স্বাধ্যায়বন্তঃ শুচয়ো মধুবাঃ প্রিয়বাদিনঃ ।
আনুপূর্ব্যেণ সম্প্রাপ্তাঃ পাঞ্চালান্ পাণ্ডুনন্দনাঃ ॥৫॥

ভাবতকোমুদী

এবমিতি। বান্ধণৈবেবমূক্তা:। প্রযাতা: প্রস্থিতা:॥১॥
তত ইতি। শুদ্ধাত্মানং পবিত্রচিত্তম্, অকল্মখং তপদা নিধূ তিপাপম্ ॥২॥
তস্মা ইতি। সৎকাবং নমস্বাবম্। সংকৃতা আদৃতা:। ক্রপদস্য ক্ষমং ভবনম্ ॥৩॥
পশুস্ত ইতি। তত্ত্ব ত্বনেষু সরংস্ক চ। মহাবথা: পাগুবা:॥৪॥
স্বেতি। স্বাধ্যায়বস্ত: ক্বতবেদপাঠা:। মধুবা মনোহরাক্বত্য:। আমুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ব্রাহ্মণেরা এইবাপ বলিলে, পাণ্ড গেণ ত্রুপদবক্ষিত দক্ষিণ পাঞ্চালদেশেব দিকে প্রস্থান কবিলেন ॥১॥

তাহাব পব, তাঁহারা পবিত্র চিত্ত ও নিষ্পাপ মহাত্মা বেদব্যাসকে দেখিতে পাইলেন॥২॥

তখন পাণ্ডবেবা বেদব্যাসকে নমস্কাব করিলে, তিনিও তাঁহাদের আদব কবিলেন। তৎপবে হুই চাবিটী কথাব পব বেদব্যাসেব অনুমতিক্রমে পাণ্ডবেরা ক্রপদনগবেব দিকে প্রস্থান কবিলেন॥এ॥

তাঁহাবা পথে মনোহব বন ও সবোবব দেখিতে থাকিয়া এবং সেই সেই স্থানে কিছুকাল কিছুকাল অবস্থান কৰিয়া ধীৰে ধীৰে যাইতে লাগিলেন ॥৪॥

বেদপাঠী, পবিত্র চিন্ত, মনোহরাকৃতি এবং প্রিযবাদী পাণ্ডবগণ ক্রমে পাঞ্চালদেশে যাইয়া উপস্থিত হইলেন ॥৫॥ তে তুঁ দৃষ্ট্বা পুরং তচ্চ ক্ষাবাবঞ্চ পাণ্ডবাঃ।
কুম্ভকারস্থ শালায়াং নিবাসং চক্রিবে তদা ॥৬॥
তত্র ভৈক্ষ্যং সমাজহুর্ত্রাহ্মণীং রুত্তিমাশ্রিতাঃ।
তান্ সম্প্রাপ্তাংস্তথা বীবান্ জজ্জিবে ন নবাঃ কচিৎ ॥৭॥
যজ্জসেনস্থ কামস্ত পাণ্ডবায কিবীটিনে।
কুম্বাং দত্যামিতি সদা ন চৈত্রদ্বিগোতি সঃ ॥৮॥
সোহদেষমাণঃ কোন্ডেয়ং পাঞ্চাল্যো জনমেজয়।।
দৃঢ়ং ধনুবনানম্যং কাবয়ামাস ভারত।॥৯॥
যন্ত্রং বৈহায়সঞ্চাপি কাবয়ামাস কৃত্রিমম্।
তেন যন্ত্রেণ সমিতং বাজা লক্ষ্যং চকার সঃ ॥১০॥

ভাবতকোমুদী

ত ইতি। স্বন্ধং দৈয়বূহম্ আর্ণোতীতি স্বন্ধাবারঃ দেনানিবাসস্তম্ ॥৬॥,

তত্তেতি। ব্রাহ্মণীং বৃত্তিসাম্রিতাং, আপদি সর্বেষামেব বৃত্তান্তববিধানাৎ ॥ ৭॥

যজেতি। কিবীটিনে অর্জুনায। কৃষ্ণাং দ্রোপদীম্। বির্ণোতি লোকায প্রকাশযতি আ ॥।॥
স ইতি। স জপদং, কোন্তেযং দ্রোণেনাত্মপবাজয়কালে পবীক্ষিতশক্তিকমর্জুনম্। অনানমাম্
অক্সৈরানমিবিতুমশক্যম্। অর্জুনসদৃশপুরুষশু গৃহদাহেন দাহং থল্বসম্ভব এব। তেন চার্দো
কুত্রাপি প্রচ্ছরন্তিষ্ঠেৎ ইমং স্বযংবরবৃত্তান্তং শ্রুষা চাগচ্ছেৎ স এব চেদং ধহুবানম্যেৎ লক্ষ্যঞ্চ
বিধ্যেৎ। এবঞ্চার্জুনায কৃষ্ণাদানং সিধ্যতীতি বিভাব্য ক্রপদেনেদং কৃত্যিতি বোধ্যম্॥॥॥

ভাবতভাবদীপঃ

এবমিতি ॥১—৫॥ স্বন্ধাবারং বাজগৃহপ্রাকাবম্, লোকসমূহস্থানং বা। ''স্বন্ধঃ স্থান্-পতাবংসে সাম্পবাযসমূহযোঃ' ইতি মেদিনী ॥६॥ ন জজিরে ন জ্ঞাতবস্তঃ ॥৭—৮॥ অনানমাং নময়িতুমশকাম্ ॥२॥ বৈহাযসমন্তরিক্ষগতম্। যন্ত্রং তীববেগবত্তবা ভ্রমণেন লক্ষ্যমার্গ-

ক্রমে তাঁহাবা বাজধানী এবং সেনানিবাস সকল দেখিয়া কোন কুম্ভকাবেব বাড়ী যাইয়া বাস করিতে লাগিলেন ॥৬॥

সেখানে তাঁহাবা ব্রাহ্মণেব বৃত্তি অবলম্বন কবিষা ভিক্ষা কবিষা খাইতে লাগিলেন; স্থতবাং তত্রত্য লোকেবা কখনও তাঁহাদিগকে চিনিতে পাবিল না ॥৭॥

ক্রপদরাজাব সর্ববদাই এইকপ ইচ্ছা ছিল যে, 'পাণ্ড্নন্দন অর্জুনেব হস্তে দ্রৌপদীকে দান করিব'; কিন্তু তিনি এ ইচ্ছা ব্যক্ত কবেন নাই ॥৮॥

সেই নিমিত্তই তিনি অর্জুনকে অনুসন্ধান করিয়া বাহিব করিবাব জন্ম এমন একখানি ধন্ম নির্মাণ কবাইলেন, যাহা অন্মে নোয়াইতে পাবিবে না ॥॥

দ্ৰুপদ উবাচ।

ইদং সজ্যং ধনুঃ কৃত্বা সজ্জৈবৈভিশ্চ সায়কৈঃ। অতীত্য লক্ষ্যং যো বেদ্ধা স লব্ধা মৎস্থতামিতি ॥১১॥ বৈশস্পায়ন উবাচ।

ইতি স ক্রুপদো রাজা স্বযংবরমঘোষয় ।
তচ্প্রেজা পার্থিবাঃ সর্বের সমীয়ুস্তত্র ভাবত ! ॥>২॥
ঋষয়শ্চ মহাত্মানঃ স্বয়ংবরদিদৃক্ষবঃ ।
তুর্য্যোধনপুরোগাশ্চ সকর্ণাঃ কুরবো নূপ ! ॥>৩॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণাশ্চ মহাভাগা দেশেভ্যঃ সমুপাগমন্ ।
ততোহর্চিতা বাজগণা ক্রুপদেন মহাত্মনা ॥>৪॥
উপোপবিফা মঞ্চেযু ক্রেফুকামাঃ স্বয়ংববম্ ।
ততঃ পোবজনাঃ সর্বের সাগবোদ্ধৃতনিস্বনাঃ ॥>৫॥

ভাবতকোমুদী

যন্ত্রমিতি। বিহাযসি আকাশে স্থিতমিতি বৈহাযসম্। সমিতং সংলগ্নম্॥১০॥ ইদমিতি। সজাম্ আবোপিতগুণকম্। অতীত্য অধংস্থিতং যন্ত্রমতিক্রমা॥১১॥ ইতীতি। স্ববংবরং স্ববংববে ক্যার্থিভিঃ কর্ত্তব্যম্। কর্ণেন সহেতি সকর্ণাঃ॥১২—১৩॥ ব্রাহ্মণা ইতি। অর্চিতা অন্নপানাজৈঃ সংকৃতাঃ॥১৪॥

ভারতভাবদীপঃ

নকোচকমন্তবাবদ্ধন্। সমিতং যন্ত্ৰচ্ছিদ্ৰবাবোপলক্ষিতম্, লক্ষ্যমপি বৈহাযসমিতার্থঃ। অন্ত্রশিক্ষাযামেকেনার্জ্জ্নেনৈব চললক্ষ্যপাতনং কৃতম্, অতঃ স এব চলয়ন্ত্রবাবা লক্ষ্যং ভেৎস্থতি
নাম্ম ইতি তদরেষণাবাবং যত্নো দ্রুপদেন কৃতঃ। যন্ত্রপি কর্ণস্থাপ্যেতৎ স্ক্ববং তথাপি
হীনকুলত্বাৎ স স্থপবিহব ইতি ভাবঃ॥১০॥ সঙ্গাং ধহঃ কৃত্বা ইদং যন্ত্রমতীত্য লক্ষ্যং যো
বেদ্ধা বেদ্ধুং সমর্থঃ॥১১—১৪॥ উপোপবিষ্টাঃ পাদপ্রণার্থা উপেত্যস্থাবৃত্তিঃ, "প্রসম্পোদঃ

আব, তিনি আকাশে একটি কৃত্রিম যন্ত্র নির্মাণ কবাইলেন এবং তাহার উপরি-ভাগে তৎসংলগ্নভাবে একটা লক্ষ্যও তৈয়াবি কবাইলেন ॥১০॥

তাহাব পব ক্রপদ বলিলেন—"যিনি এই ধনুতে গুণাবোপণ কবিয়া এই বাণ ক্ষটী দ্বাবা যন্ত্র অভিক্রমপূর্বক এই লক্ষ্য বেধ কবিতে পাবিবেন, তিনিই আমার ক্যা লাভ কবিবেন"॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—ক্রপদবাজা এইভাবে স্বযংবরে কন্যাপ্রার্থীদেব কর্ত্তব্য ঘোষণা কবিলেন, তাহা শুনিয়া অস্থান্ত বাজারা, কর্ণেব সহিত হুর্য্যোধনপ্রভৃতি কুকবংশীযেবা এবং স্বয়ংববদর্শনার্থী ঋষিরা দেখানে আসিলেন ॥১২—১৩॥

শিশুমারশিবঃ প্রাপ্য শ্রবসংস্তে চ পার্থিবাঃ। প্রাপ্তত্তবেণ নগবাদুমিভাগে সমে শুভে ॥১৬॥ সমাজবাটঃ শুশুভে ভবনৈঃ সর্ববেতা রতঃ। প্রাকাবপবিখোপেতো দ্বারতোরণমণ্ডিতঃ ॥১৭॥ বিতানেন বিচিত্রেণ সর্ববতঃ সমলঙ্কতঃ। ভূর্য্যোঘশতসঙ্কীর্ণঃ পবাদ্যাগুরুধুপিতঃ ॥১৮॥ চন্দনোদকসিক্তশ্চ মাল্যদামোপশোভিতঃ। কলাসশিথব প্রথ্যৈর্নভস্তলবিলেথিভিঃ ॥১৯॥

ভাবতকৌমুদী

উপেতি। উপোপবিষ্টা: সমীপে সমীপে স্থিতা:। "উপ স্থাদধিকার্থে চ হীনার্থাসন্মযোরপি" ইতি মেদিনী। সাগবেণেব উদ্ধৃত উত্তোলিতো নিম্বন: কোলাহলো বৈস্তে ॥১৫॥

শিষিতি। শিশুমারো নক্ষত্রসমূহাত্মকো নারাষণস্তস্ত্র শিব ঐশানী দিক্ তাং প্রাণ্য। "শিশু-মারস্ত্র যা প্রোক্তং স প্রবাে যত্র তিষ্ঠতি" ইত্যাদিনা বিষ্ণুপুবানে দ্বিতীযাংশে দ্বাদশাধ্যাযে "কেচিদেতজ্জ্যোতিরনীকং শিশুমাবসংস্থানেন ভগবতো বাস্থদেবস্ত যোগধাবণাযানমূবর্ণযন্তি" ইত্যাদিনা শ্রীমন্তাগবতে পঞ্চমন্বন্দে ত্রয়োবিংশতিত্যাধ্যাযে চ শিশুমারো বর্ণিতঃ। অতএবাহ— , নগবাৎ প্রাপ্তত্তবেণ পূর্ব্বোত্তবকোণে ॥১৬॥

নভান্থানং বছ ভি: কুলকেন বর্ণযতি—সমাজেতি। সমাজস্ম আগন্তকলোকসমূহস্ম বাটো বাদস্থানম। ''বাটো মার্গে বৃতিস্থানে স্থাৎ কুটীবাস্তনোঃ স্ত্রিবাম্বনাং স্থিবাম্ব'' ইতি মেদিনী। প্রার্দ্ধোন ক্ষৎকৃষ্টেরগুরুভিধ্পিতঃ সম্ভাপ্য স্বভীকৃতঃ। কৈলাসস্থ গিবেঃ শিথরপ্রথিয়ঃ শৃঙ্গতুল্যৈঃ ভারতভাবদীপঃ

পাদপুরণে ' ইতি ॥১৫॥ শিশুমারো জলজন্তঃ, তদাকারস্তারাসমৃহাত্মকো বিষ্ণুং, তম্ম শির:-

নানাদেশ হইতে ব্রাহ্মণেবাও দেখিতে আসিলেন। তাহাব পব জ্রপদবাজা অন্নপানাদি দারা আগন্তক রাজাদেব সংবর্দ্ধনা কবিলেন ॥১৪॥

তদনস্তব, পুববাসী লোকেরা স্বয়ংবব দেখিবাব ইচ্ছায় সমুদ্রেব স্থায় কোলাহল করিতে থাকিয়া মঞ্চের উপবে নিকটে নিকটে উপবেশন কবিল ॥১৫॥

বাজধানীব পূর্ব্বোত্তবকোণে সমতল ও স্থন্দব স্থানে সেই বাজাবা নক্ষ্য-সমূহাত্মক নারায়ণের মস্তকেব দিকে উপবেশন করিলেন ॥১৬॥

মধ্যে বিশাল সভামগুপ, তাহাব সকল দিকে অট্টালিকা, তাহাব বাহিবে প্রাচীব ও পবিথা এবং দাবে দাবে তোবণ ছিল, উপরে বিচিত্র চন্দ্রাতপ দারা আববণ করা হইয়াছিল; কোন স্থানে বহুতব ভেবী ছিল, উৎকৃষ্ট অগুক্ব সৌবভ বাহিব হইতেছিল; সকল স্থানই চন্দনের জলে সিক্ত ছিল এবং পুষ্পা- সর্বতঃ সংবৃতঃ শুলৈঃ প্রাসাদেঃ স্বকৃতোচ্ছু রৈঃ।
স্বর্ণজালসংবীতৈর্মণিকুটিমভূষিতৈঃ॥২০॥
স্থারোহণসোপানৈর্মহাসনপরিচ্ছদেঃ।
স্রগ্রাদামসমবচ্ছনৈবগুরুত্তমবাসিতৈঃ॥২১॥
হংসাচ্ছবর্ণবিহুভিরাযোজনস্থগিরিভিঃ।
অসংবাধশতদারৈঃ শয়নাসনশোভিতৈঃ।
বহুধাতুপিনদ্ধান্তৈহিমবচিছখবৈবিব॥২২॥ (কুলকম্)
তত্র নানাপ্রকাবেষু বিমানেষু স্বলস্কৃতাঃ।
স্পর্দ্ধমানাস্তদান্যোতঃ নিষেত্রঃ সর্ব্বপার্থিবাঃ॥২০॥

ভাবতকোমুদী

শুল্লছাৎ। স্বৰ্চ কৃত উদ্ভূষ ঔন্নত্যং যেষাং তৈ:। স্বৰ্ণজালেন সংবাতিতৰ্বেষ্টিতৈ:। কুটিমানি বন্ধভূময়:। অগুৰুভিৰুত্তমং যথা স্থাত্তথা বাসিতৈ:। হংসবৎ অচ্ছবৰ্ণৈ: শুল্লবৰ্ণি:। অসংবাধানি বিশালছাদসন্ধীৰ্ণানি শতদাবাণি যেষাং তৈ:। বহুভিৰ্ধাতৃভি: পিনদানি বন্ধানি অস্থানি যেষাং তৈ:। দাবিংশপত্যং ষ্ট্পদম্ ॥১৭—২২॥

তত্ত্রেতি। বিমানেষু সপ্ততনভবনেষু। নিষেত্রুপবিষ্টা: ॥২৩॥ ভাবতভাবদীপঃ

প্রদেশে এশান্তাং দিশি, অতএব সা অপরাজিতা দিক্, তাং দিশং প্রাপ্য শুবিশন্, তামেব দিশমাহ—প্রাগিতি। প্রাগুত্তবেণ প্রাগুদীচ্যোবস্তবালে নগবাৎ সমীপে। "এবনন্ততরস্তামদূবে পঞ্চম্যা" ইত্যেনবস্তমিদম্॥১৬—২২॥ বিমানেষু সপ্তভূমিগৃহেষু, ''বিমানো ব্যোম্যানে

মাল্য দ্বাবা অলম্কৃত কবা হইয়াছিল। কৈলাসপর্বতের শৃঙ্গতুল্য উচ্চ ও শুভ্রবর্ণ বহুতব প্রাসাদ নির্দ্ধিত হইয়াছিল; সেগুলিব ভিতবে মণি দ্বাবা বহুতব বেদী নির্দ্ধাণ কবিষা সেগুলিকে আবাব সোণাব ঝালবযুক্ত বস্ত্রে আবৃত কবা হইয়াছিল, সুথে আরোহণ কবা যায় এইকপ সোপান ছিল, সেগুলিকেও মালা দ্বাবা আবৃত কবিয়া অগুক দ্বাবা স্থবাসিত কবা হইয়াছিল, সেই প্রাসাদসমূহেব ভিত্তি সকল হংসেব ন্থায় শুভ্রবর্ণ ছিল, তাহাব সৌবভ বহু দূবে যাইতেছিল; নানাবিধ ধাতু দ্বাবা চিত্রিত থাকায় সে প্রাসাদগুলি হিমালধেব শৃঙ্গেব ন্থায় শোভা পাইতেছিল; আব তাহাব ভিতবে মহামূল্য আসন, শয্যা ও পবিচ্ছদ ছিল ॥১৭—২২॥

সেইখানে নানাবিধ সপ্ততল অট্টালিকাতে বাজাবা অলফ্বত হইয়া প্ৰস্পাব স্পৰ্দ্ধা ক্রিতে থাকিয়া অবস্থান ক্রিতে লাগিলেন ॥২৩॥

⁽२२) হংসাংসবর্টেন: ।

२२७ (8)

তত্রোপবিষ্টান্ দদৃশুর্মহাসত্ত্বপরাক্রমান্।
রাজসিংহান্ মহাভাগান্ ক্ষাগুরুবিভূষিতান্ ॥২৪॥
মহাপ্রসাদান্ ব্রহ্মণ্যান্ স্ববাষ্ট্রপরিরক্ষিণঃ।
প্রিয়ান্ সর্বাস্থ্য লোকস্ম স্বকৃতিঃ কর্মাভিঃ শুভৈঃ ॥২৫॥ (যুগ্মকম্)
মঞ্চের চ পবার্দ্ধ্যের পৌবজানপদা জনাঃ।
কৃষ্ণাদর্শনিসিদ্ধ্যর্থং সর্ববতঃ সমুপাবিশন্ ॥২৬॥
ব্রাহ্মণেস্তে চ সহিতাঃ পাগুবাঃ সমুপাবিশন্।
ঝিদ্ধিং পাঞ্চালবাজন্ম পশ্যন্তস্তামনুত্তমাম্ ॥২৭॥
ততঃ সমাজো বর্ধে স রাজন্! দিবসান্ বহুন্।
রত্নপ্রদানবহুলঃ শোভিতো নটনর্ত্তিকঃ ॥২৮॥
বর্ত্মানে সমাজে তু বমণীয়েহহিল ষোড়শে।
আপ্রাতাঙ্গী হ্রবসনা সর্ববাভবণভূষিতা ॥২৯॥

ভাবতকোমূদী

তত্তেতি । মহান্তো সত্তপবাক্তমো অধ্যবসাধবিক্তমো যেষাং তান্, বাজসিংহান্ বাজশ্রেষ্ঠান্, মহাপ্রসাদান্ প্রজাস্বতীবপ্রসন্নান্, বন্ধণ্যান্ বান্ধণহিতান্ ॥२৪—২৫॥

মঞ্চেষিতি। প্রাদ্ধার্ উৎকৃষ্টের্। কৃষ্ণায়া দ্রোপতা দর্শনশু সিদ্ধার্থং লাভার্থম্॥২৬॥ ব্রাহ্মণৈবিতি। ঋদিং সম্পদ্র্। অন্ত্রমাং সর্বোৎকৃষ্টার্॥২৭॥ তত ইতি। সমাজো লোকসংঘঃ। বত্নপ্রদানি বছলানি যত্র সঃ॥২৮॥

উপস্থিত লোকেবা দেখিতে লাগিল যে, অসাধাৰণ অধ্যবসায়ী, পৰাক্রমশালী, প্রজাবর্গেব প্রতি বিশেষ প্রসন্ধ, ব্রাহ্মণহিতৈষী, স্ব স্ব বাজ্যবক্ষক এবং আপন আপন লোকহিতকব কার্য্য দ্বাৰা সমস্ত লোকেব প্রিয় বাজাবা অগুরুপ্রভৃতি গদ্ধজ্বব্যে অলঙ্কুত হইয়া সেই সকল স্থানে উপবেশন করিয়া রহিয়াছেন ॥২৪—২৫॥

নগৰবাসী ও দেশবাসী লোকেবা জৌপদীকে দেখিবার জন্য সকল দিকে উৎকৃষ্ট উৎকৃষ্ট মঞ্চেব উপরে উপবেশন করিল ॥২৬॥

আব, পাগুবেবা ক্রপদবাজাব সেই অসাধাবণ সম্পদ দেখিতে থাকিয়া ব্রাহ্মণ-দের সঙ্গেই উপবেশন কবিলেন ॥২৭॥

মহাবাজ! তাহাব পর, অনেক দিন ধবিয়া সেই লোকসমাজ বৃদ্ধি পাইল, প্রচুর ধনবত্ন দান চলিতেলাগিল এবং নট ও নর্ত্তকগণ অভিনয় ও নৃত্য কবিতে থাকিল ॥২৮॥

এইবাপ সমাজ সন্নিবিষ্ট হইলে, যোল দিনেব দিন জৌপদী স্নান ও সুন্দব

মালাঞ্চ সমুপাদায় কাঞ্চনীং সমলস্কৃতাম্।
অবতীর্ণা ততো বঙ্গং দ্রোপদী ভরতর্যভ । ॥৩০॥ (যুগ্মকম্)
পুবোহিতঃ সোমকানাং মন্ত্রবিদ্রোন্ধাণঃ শুচিঃ।
পরিস্তীর্য্য জুহাবাগ্নিমাজ্যেন বিধিবত্তদা ॥৩১॥
স তর্পগ্রিত্বা জলনং ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ।
বাব্যামাস সর্বাণি বাদিত্রাণি সমন্ততঃ ॥৩২॥
নিঃশব্দে তু ক্তে তিমিন্ ধ্রুইত্যুন্নো বিশাংপতে ।।
ক্ষামাদায় বিধিবন্মেঘত্বন্দুভিনিস্কনঃ ॥৩৩॥
বঙ্গমধ্যে গতস্তত্র মেঘগম্ভীরয়া গিরা।
বাক্যমুক্তৈর্জগাদেদং শ্লক্ষমর্থবত্ত্তমম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। আপ্লুভাঙ্গী গন্ধচন্দনাদিভিঃ সিক্তাব্যবা। কাঞ্চনীং সোবর্ণীম্, সমলঙ্গতাং হীরকাদিভিঃ শোভিতাম ॥২৯—৩০॥

পুরোহিত ইতি। সোমকানাং ক্রপদবংশীঘানাম। পবিস্তীর্ঘ্য প্রণীয় ॥৩১॥
স ইতি। জ্বলনমন্ত্রিম্। বারয়ামাস, অন্তথা ধৃষ্টগ্যুমোন্তিন শ্রুমেতেতি ভাবঃ ॥৩২॥
নিঃশব্দ ইতি। তন্মিন্ সমাজে। ক্রফাং ক্রোপদীম্। মেঘতুন্ভ্যোবিব নিম্বনঃ স্ববো যশ্র সং। শ্লন্ধং কোমলম্, অর্থবং সঙ্গতার্থকম্ ॥৩৩ —৩৪॥

ভাৰতভাৰদীপঃ

চ সপ্তভূমিগৃহেহপি চ" ইতি মেদিনী ॥২৩—১০॥ পরিস্তীর্য্য দর্ভৈঃ পবিতঃ স্তীর্ত্বা ॥৩১—১,॥

বস্ত্র পবিধান করিয়া সমস্ত অলঙ্কাবে অলঙ্কৃত হইয়া এবং মণিখচিত স্থবর্ণমালা ধাবণ কবিষা সেই বঙ্গস্থানে উপস্থিত হইলেন ॥২৯—৩০॥

ি তখন মন্ত্ৰজ্ঞ ও পবিত্ৰ সোমকবংশীয়দিগেব পুবোহিত অগ্নি স্থাপন কবিয়া তাহাতে মৃত দ্বাবা যথাবিধানে হোম কবিলেন ॥৩১॥

তিনি হোম করিয়া এবং ব্রাহ্মণগণ দ্বাবা স্বস্তিবচন পাঠ কবাইযা, সকল দিকেব সকল বাছা নিবাবণ কবিলেন ॥ ২॥

মহাবাজ ! সেই রঙ্গস্থানটাকে নীবব কবা হইলে, মেঘ ও ছুন্দুভির ত্যায় গম্ভীব কণ্ঠধ্বনিসম্পন্ন ধৃষ্টত্যুম যথানিয়মে জ্রৌপদীকে লইয়া, সেই বঙ্গমধ্যে যাইয়া, মেঘের ত্যায গম্ভীবভাবে উচ্চ স্ববে কোমল, সঙ্গত এবং মনোহব এই কথা কয়টী বলিলেন—॥৩৩—৩৪॥

⁽৩২) সম্ভর্পিফা জলনম্…।

ইদং ধনুল ক্যমিমে চ বাণাঃ শৃথস্ত মে ভূপতয়ঃ সমেতাঃ।
ভিজেণ যন্ত্রস্থা সমর্পযধ্বং লক্ষ্যং শিতৈর্ব্যোমচরৈর্দশার্দ্ধিঃ॥৩৫॥
এতন্মহৎ কর্দ্ম কবোতি যো বৈ কুলেন রূপেণ বলেন যুক্তঃ।
তন্মান্ত ভার্য্যা ভগিনী মমেয়ং কৃষ্ণা ভবিত্রী ন মুষা ব্রবীমি॥৩৬॥
তানেবমুক্ত্যা ত্রুপদস্থ পুত্রঃ পশ্চাদিদং তাং ভগিনীমুবাচ।
নাম্না চ গোত্রেণ চ কর্ম্মণা চ সঙ্কীর্ত্তয়ন্ ভূমিপতীন্ সমেতান্॥৩৭॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্প্রাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ববণি স্বযংববে
ধ্রউত্যুদ্ধবাক্যে অফ্টমপ্ত্যুধিকশততমোহধ্যায়ঃ॥০॥ **

--:*:---

ভাবতকৌসুদী

ইদমিতি। সমর্পযধ্বং বিধ্যত। ব্যোমচবৈর্বাণে, দশাদ্ধি: পঞ্চভি: ॥৩৫॥
এতদিতি। কবোতি কর্জ্ব্যু শক্নোতি। কুলেনেতি স্তপুত্রকর্ণাদিব্যবচ্ছেদার্থম্ ॥৬৬॥
তানিতি। সঙ্কীর্জ্বন্ পবিচ্যার্থং বর্ণযন্। সমেতান্ সমাগতান্ ॥৩৭॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতা্যাং মহাভাবতটীকা্যাং
ভাবতকোম্দীসমাথ্যাযামাদিপর্কণি স্বয়ংববে অষ্টমপ্তত্যধিকশততমোহধ্যায়: ॥০॥

ভাৰতভাৰদীপঃ

ইদং ধন্থ:, ইদঞ্চ লক্ষ্যম্, ইমে চ বাণাঃ, চলযন্ত্ৰচ্ছিত্ৰদারা যুগপৎ পঞ্চ বাণান্ লক্ষ্যে যঃ সমর্প্যতি তত্মাত্ত ভার্য্যা ভগিনী সমেযমিতি দ্বোঃ সম্বন্ধঃ। বোমচবৈঃ বাণৈঃ ॥৩৫—৩৬॥ তান্ নৃপান্প্রতি ॥৩৭॥

ইতি শ্রীমহাভাবতে আদিপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে অষ্ট্রসপ্তত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৭৮॥

"সমবেত বাজগণ আমাব কথা শ্রবণ ককন—এই ধনু, এই বাণ এবং ঐ লক্ষ্য —আপনাবা এই স্থধাব পাঁচটী বাণ দারা ঐ যন্ত্রেব ছিদ্রের মধ্য দিয়া ঐ লক্ষ্যটাকে বিদ্ধ ককন ॥৩৫॥

উচ্চ বংশ, মনোহব ৰূপ এবং অসাধাবণ বলশালী যে রাজপুত্র এই গুক্তব কার্য্য সম্পন্ন কবিতে পারিবেন, আমাব ভগিনী এই জৌপদী আজ তাঁহারই ভার্য্যা হইবেন। ইহা আমি মিথ্যা বলিতেছি না"॥৩৬॥

ধৃষ্টগ্ৰাম বাজগণকে এইরূপ বলিয়া, নাম, গোত্র ও কার্য্য দ্বাবা উপস্থিত রাজগণেব পবিচয় দিবাব জন্ম ভগিনী দ্বৌপদীব প্রতি এই কথা বলিলেন ॥৩৭॥

^{--:*:--}

^{* &#}x27;…আশীত্যধিক…', '…পঞ্চাশীত্যধিক…', '…বড়শীত্যধিক…', '…দিশততম…', ইতি পাঠান্তবাণি।

উনাশীত্যধিকশততমোহধ্যায়ঃ।

---- 34kg----

্ধ্যতিয়ন্ন উবাচ।

হুর্য্যোধনো হুবিষহো হুন্মু থো হুপ্রাধ্বণঃ।

বিবিংশতির্বিকর্ণন্চ সহো হুঃশাসনস্তথা ॥>॥

যুযুৎস্থ্বায়ুবেগন্চ ভীমবেগববস্তথা।

উগ্রায়ুধো বলাকী চ কনকায়ুর্বিবোচনঃ ॥২॥

কুন্তজন্চিত্রসেনন্চ স্থবর্চাঃ কনকধ্বজঃ।

নন্দকো বহুশালী চ তুহুণ্ডো বিকটন্তথা ॥৩॥

এতে চাল্যে চ বহুবো ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ।

কর্নেন সহিতা বীবাস্ত্দর্থং সমুপাগতাঃ ॥৪॥ (কলাপকম্)

অসংখ্যাতা মহাত্মানঃ পার্থিবাঃ ক্ষত্রিবর্ষভাঃ।

শকুনিঃ সৌবলন্চেব ব্যকোহথ বৃহদ্দরঃ ॥৫॥

এতে গান্ধাববাজস্ম স্থতাঃ সর্বেব সমাগতাঃ।

অশ্বশ্বামা চ ভোজন্চ সর্ব্বশন্ত্রভূতাং ববৌ ॥৬॥

ভারতকোমূদী

তুর্য্যোধন ইতি। বিকটাস্থানি ধৃতরাষ্ট্রপুত্রনামানি ॥১—৪॥ ভারতভাবদীপঃ

তুর্য্যোধন ইত্যাদিঃ স্পষ্টার্থো গ্রন্থ: ॥১—২৪॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে উনাশীত্যধিকশততমোহধ্যায়: ॥১৭৯॥

ধৃষ্টগ্নায় বলিলেন—"জৌপদি! ছর্য্যোধন, ছবিষহ, ছুম্মুখ, ছুম্প্রধর্ষণ, বিবিংশতি, বিকর্ণ, সহ, ছু:শাদন, যুযুৎস্থ, বাযুবেগ, ভীমবেগ, উগ্রাযুধ, বলাকী, কনকাযু, বিরোচন, কুজজ, চিত্রসেন, স্থবর্চা, কনকধ্বজ, নন্দক, বাহুশালী, তুহুও এবং বিকট—এই সকল ধৃতরাষ্ট্রেব পুত্র এবং বলবান্ অস্থান্থ ধৃতবাষ্ট্রেব পুত্রেবাও কর্ণেব সহিত তোমাব জন্ম আসিয়াছেন ॥১—৪॥

উদাবচেতা এবং ক্ষত্রিরশ্রেষ্ঠ অক্সান্ত অসংখ্য বাজাও আসিয়াছেন। শকুনি, সৌবল, বৃষক এবং বৃহদ্বল—এই চাবি জন গান্ধাববাজেব পুত্র আসিয়াছেন; তা'ব পব অস্ত্রজ্ঞােষ্ঠ অশ্বত্থামা ও ভোজবাজ—ইহাবা তুই জনও অলম্ভূত

⁽২) -- ভীমবেগধবস্তথা -- কবকাবৃর্বিরোচন:। (৩) কুণ্ডলশ্চিত্রসেনশ্চ, স্বস্থুভনশ্চিত্রসেন: --।

সমবেতো মহাত্মানো হৃদর্থে সমলস্কৃতো।
রহন্তো মণিমাংশৈচব দগুধারশ্চ পার্থিবং ॥৭॥ (বিশেষকৃষ্)
নহদেবজয়ৎসেনো মেঘসিয়িশ্চ মাগধং।
বিরাটঃ সহ পুত্রাভ্যাং শন্থেনৈবোত্তরেণ চ ॥৮॥
বার্দ্ধক্রেমিঃ হ্রবর্জাশ্চ সেনাবিন্দুশ্চ পার্থিবং।
হুকেতুঃ সহ পুত্রেণ হুনাল্লা চ হুবর্জানা ॥৯॥
হুচিত্রঃ হুকুমারশ্চ রকঃ সত্যপ্পতিস্তথা।
স্থাধ্বজো রোচমানো নীলশ্চিত্রায়ুধস্তথা ॥২০॥
হুংশুমাংশেচকিতানশ্চ শ্রেণিমাংশ্চ মহবলং।
সমুদ্রসেনপুত্রশ্চ উদ্রসেনঃ প্রতাপবান্ ॥২১॥
জলসন্ধঃ পিতা পুত্রো বিদণ্ডো দণ্ড এব চ।
পৌণ্ডুকো বাহুদেবশ্চ ভগদত্তশ্চ বীর্যুবান্ ॥২২॥

ভারতকৌমুদী

অসংখ্যাতা ইতি। ক্ষত্রিয়র্বভা: সম্পাগতা ইতি পূর্বাহ্বক:। ভোজে ভোজরাজ:।
দত্তধাবন্দ পাথিব এতেহপি সম্পাগতা ইতাহ্ববৃত্তি । ে—१।

সহেতি। মাগধা মগধরাজ:। বিরাটক সম্পাগত: ৮। বার্দ্ধেতি। স্থনামা স্থর্কসা চ পুত্রেণ সহ স্থকেত্রাগত: ॥ । স্থিচিত্র ইতি। তথাপদ্ধবেন সমবেত ইত্যন্তামুক্র । ১০। সংভ্যানিতি। অত্যাপি পূর্ব্ধবদূর্ক্র ॥ ১১॥

হইয়া তোমার জন্ম সমবেত হইয়াছেন। বৃহত্ত, মণিমান্ এবং দঙ্ধার রাজাও আসিয়াছেন ॥৫ — ৭॥

সহদেব, জয়ৎসেন, মগধরাজ মেঘসন্ধি এবং শহা ও উত্তরনামক তৃই প্তের সহিত বিবাটরাজাও আসিয়াছেন ॥৮॥

বার্নক্ষেমি, স্থবর্জা, সেনাবিন্দু 'এবং স্থনামা ও স্থবর্জা নামক পুত্রের সহিত্ স্থকেতুরাজা আসিয়াছেন ॥৯॥

স্থচিত্র, স্থকুমার, বৃহ্ক, সত্যধৃতি, সূর্য্যধ্বজ, রোচমান, নীল এবং চিত্রায়্ধরাজা আসিয়া সমবেত হইয়াছেন ॥১০॥

সংশুমান্, চেকিতান, মহাবল শ্রেণিমান্ এবং সমুদ্রসেনের পুত্র প্রতাপশালী চল্রসেন উপস্থিত হইয়াছেন ॥১১॥

বিদণ্ড ও দণ্ডনামক পুত্রের সহিত জলসন্ধ, পৌণ্ডুক, বাস্থদের এবং বনবাদ ভগদন্ত আসিয়াছেন ॥১২॥

⁽৮) --- মেঘসন্থিক পাথিব:।

কলিঙ্গন্তাত্রলিপ্তশ্চ পত্তনাধিপতিন্তথা। মদ্রবাজন্তথা শল্যঃ সহপুত্রো মহারথঃ ॥১৩॥ রুক্সাঙ্গদেন বীরেণ তথা রুক্সবথেন চ। কৌরব্যঃ সোমদত্তশ্চ পুত্রাশ্চাস্ত মহাবথাঃ ॥১৪॥ সমবেতাস্ত্রয়ঃ শূবা ভূরিভূ বিশ্রবাঃ শলঃ। স্থদক্ষিণশ্চ কাম্বোজো দৃঢ়ধন্না চ পৌববঃ ॥১৫॥ ব্বহদ্বলঃ স্তুষেণশ্চ শিবিরৌশীনবস্তথা। পটচ্চরনিহন্তা চ কর্মাধিপতিন্তথা ॥১৬॥ मऋर्षरा वाञ्चरमरवा रवीक्रिरायम् वीर्यायान् । শাবশ্চ চারুদেফশ্চ প্রাত্ম্যন্নিঃ সগদস্তথা ॥১৭॥ অক্রুবঃ সাত্যকিশ্চেব উদ্ধবশ্চ মহামতিঃ। ক্বতবর্ন্মা চ হার্দ্দিক্যঃ পৃথ্র্বিপৃথ্রেব চ॥১৮॥ বিদূবথশ্চ কক্ষশ্চ শঙ্খশ্চ সগবেষণঃ। আশাবহোহনিরুদ্ধণ্চ সমীকঃ সাবিমেজয়ঃ ॥১৯॥ বীবো বাতপতিশৈচব বিল্লী পিণ্ডাবকন্তথা। উশীনবশ্চ বিক্রান্তো বৃষ্ণযন্তে প্রকীর্ত্তিতাঃ ॥২০॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

জলেতি। বিদণ্ডো দণ্ড এব চ জলসন্ধশ্য পুর্ত্তো ॥১২॥
কলিঙ্গ ইতি। পুর্ত্তেণ সহেতি সহপুত্তঃ ॥১৩॥
কলেতি। রুক্সাঙ্গদেন কর্মবর্থেন চ সহেতি শেষঃ ॥১৪॥
সমবেতা ইতি। কাম্বোজস্তদ্দেশীয়ঃ ॥১৫॥
বৃহদ্বল ইতি। উশীনবস্থাপত্যমৌশীনবঃ। পটচ্চবনিহস্তা চৌব্ঘাতকঃ ॥১৬॥
সম্বর্ধণ ইতি। রৌক্মিণেযঃ প্রত্যায়ঃ। গদেন সহেতি সগদঃ। সত্যকস্থাপত্যং সাত্যকিঃ।
গবেষণেন সহেতি সগবেষণঃ। বৃষ্ণযো বৃষ্ণিবংশীযাঃ ॥১৭—২০॥

কলিঙ্গেব বাজা, তাত্রলিপ্তেব বাজা, পত্তনের বাজা এবং পুত্রেব সহিত মজদেশেব রাজা মহাবথ শল্য আসিয়া সমবেত হইয়াছেন ॥১৩॥

রুক্মাঙ্গদ ও ক্রাবথেব সহিত কুকবংশীয় সোমদত্ত এবং তাঁহাব মহারথ পুত্রগণ আসিয়াছেন ॥১৪॥

মহাবীব ভূবি, ভূবিশ্রবা এবং শল—ইহাবা তিন জন, আর কাম্বোজদেশীর স্থদক্ষিণ এবং পূকবংশীয় দৃঢ়ধন্বা আসিয়া সমবেত হইবাছেন ॥১৫॥

বৃহদ্বল, সুষেণ, উশীনবপুত্র শিবি এক চৌবহস্তা কর্মেব বাজা আসিয়াছেন ॥১৬॥

ভগীরথো বৃহৎক্ষত্রং সৈশ্ববশ্চ জয়দ্রথং।
বৃহদ্রথো বাহ্লিকশ্চ শ্রুণতায়ুশ্চ মহাবথং॥২১॥
উল কং কৈতবো রাজা চিত্রাঙ্গদশুভাঙ্গদৌ।
বংসরাজশ্চ মতিমান্ কোশলাধিপতিস্তথা।
শিশুপালশ্চ বিক্রান্তো জবাসন্ধস্তথৈব চ॥২২॥
এতে চান্ডো চ বহবো নানাজনপদেশ্বরাং।
হদর্থমাগতা ভদ্রে! ক্ষত্রিযাং প্রথিতা ভুবি॥২৩॥
এতে ভেংস্থন্তি বিক্রান্তান্ত্রদর্থে লক্ষ্যমুক্তমম্।
বিধ্যেত য ইদং লক্ষ্যং বরয়েথাং শুভেহন্য তম্॥২৪॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈযাদিক্যামাদিপর্ববি স্বযংববে রাজনামকীর্ত্তনে ঊনাশীত্যধিকশততমোহধ্যায়ঃ॥०॥ **

ভাবতকৌমুদী

ভগীবথ ইতি ৷ সৈন্ধবং সিন্ধদেশবাজং ॥২১॥

উলূক ইতি। ষট্পাদোহযং শ্লোকঃ ॥২২॥

এত ইতি। ছদৰ্থং ছম্ববণাৰ্থম ॥২৩॥

এত ইতি। ভেংশুন্তি ভেন্ত**ুং প্রবর্ত্তিয়ন্তে। তত্র যো বিধ্যেত ॥২**৪॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং ভাবতকৌনুদীসমাথ্যাযামাদিপর্কণি স্বযংববে উনাশীত্যধিকশততমোহধ্যাযঃ॥•॥

বলবাম, কৃষ্ণ, প্রাত্তায়, শাস্ত্র, চাক্রদেষ্ণ, প্রাত্তায়ের পুত্র, গদ, অক্রুব, সাত্যকি, উদ্ধব, কৃতবর্ম্মা, হার্দ্দিকা, পৃথু, বিপৃথু, বিদূবথ, কঙ্ক, শঙ্খ, গবেষণ, আশাবহ, অনিকন্ধ, সমীক, সাবিমেজয়, বাতপতি, ঝিল্লী, পিণ্ডাবক এবং উশীনব—এই সকল বৃষ্ণি-বংশীযেবা আসিয়াছেন ॥১৭—২০॥

ভগীবথ, বৃহৎক্ষত্র, সিন্ধুরাজ জয়দ্রথ, বৃহদ্রথ, বাহ্লিক এবং মহারথ শ্রুতাযু আগমন কবিয়াছেন ॥২১॥

উল্ক, কৈতব, চিত্রাঙ্গদ, শুভাঙ্গদ, বংসবাজ, কোশলবাজ, বিক্রমশালী শিশুপাল এবং জবাসন্ধ আসিয়াছেন ॥২২॥

ভদ্রে! ইহাবা এবং নানাদেশের অধীশ্বব অস্তান্ত অনেক বাজা, আব জগৎ-প্রেসিন্ন বহুতব ক্ষত্রিয় তোমাব জন্ম আগমন কবিয়াছেন ॥২৩॥

কল্যাণি! এই বিক্রমশালী বাজাবা তোমার জন্ম লক্ষ্য ভেদ করিতে

^{* &#}x27;·· চত্রশীত্যধিক···', '···ষ্ডশীত্যধিক···', '···স্থাশীত্যধিক···', '···একাধিক-দ্বিশততম···' ইতি পাঠান্তবাণি।

অশীত্যধিকশততমোহধ্যায়ঃ।

---°#°;---

বৈশস্পায়ন উবাচ।

তেহলস্কৃতাঃ কুগুলিনো যুবানঃ পবস্পারং স্পর্কমানা নবেন্দাঃ।
অন্ত্রং বলঞ্চাত্মনি মন্তমানাঃ সর্বের সমুৎপেতুরুদায়ুধান্তে॥১॥
কপেণ বীর্য্যেণ কুলেন চৈব শীলেন বিত্তেন চ যৌবনেন।
সমিদ্ধদর্পা মদবেগভিন্না মন্তা যথা হৈমবতা গজেন্দ্রাঃ॥২॥
পবস্পারং স্পর্ক্ষয়া প্রেক্ষমাণাঃ সঙ্কল্পজেনাভিপবিপ্লুতাঙ্গাঃ।
কুষ্ণা মমেবেত্যভিভাষমাণা নৃপাসনেভ্যঃ সহসোদতিষ্ঠন্॥৩॥
তে ক্ষত্রিয়া বঙ্গগতাঃ সমেতা জিগীষমাণা ক্রুপদাত্মজাং তাম্।
চকাশিবে পর্বতবাজকন্যামুমাং যথা দেবগণাঃ সমেতাঃ॥৪॥

ভাবতকৌমুদী

ত ইতি। অলঙ্কতা ইত্যনেনোপপত্তাবপি পুনঃ কুণ্ডলিন ইত্যুপাদানং কুণ্ডলযোঃ প্রাধান্তজ্ঞাপ নার্থং গোবৃষ্ট্যাযাৎ। অস্ত্রম্ অস্ত্রপ্রযোগনৈপুণ্যম্। সম্ৎপেতৃঃ লক্ষ্যং ভেতু ম্ ॥১॥ কপেণেতি। সমিদ্ধদর্পা আবিভূ তগর্কাঃ। মদবেগেন ভিন্নাঃ প্রকাশিতগর্কাঃ ॥২॥ প্রস্পাবমিতি। সম্ল্লজেন কামেন, অভিপ্রিপ্প তাঙ্গা বোমাঞ্চাদিভির্ব্যাপ্তগাত্তাঃ ॥৩॥ ত ইতি। জিগীষ্মাণা জেতুমিচ্ছন্তো জ্যেন লক্ষ্মিচ্ছন্ত ইত্যুৰ্থঃ ॥৪॥

প্রবৃত্ত হইবেন, ইহাদেব মধ্যে যিনি এই লক্ষ্য ভেদ কবিতে পাবিবেন, তুমি আজু তাঁহাকেই বৰণ কবিবে" ॥>৪॥

বৈশম্পায়ন বলিলেন—কুগুলপ্রভৃতি সমস্ত অলঙ্কাবে অলঙ্কৃত যুবক বাজগণ অস্ত্রশিক্ষা ও দৈহিক বল নিজেদেব আছে ইহা মনে করিয়া পরস্পাব স্পর্দ্ধা করিতে থাকিয়া, অস্ত্র উত্তোলনপূর্বক লক্ষ্যভেদেব জন্ম গাত্রোখান কবিলেন ॥১॥

কুল, শীল, বাপ, যৌবন, বল ও বিত্ত থাকায় হিমালযবাসী মদমত্ত শ্রেষ্ঠ হস্তি-গণেব স্থায় তাঁহাদেব দর্প প্রকাশ পাইতে লাগিল ॥২॥

তাঁহাবা পৰস্পৰ স্পৰ্দ্ধাপূৰ্বক দ্ৰৌপদীৰ প্ৰতি দৃষ্টিপাত কবিয়া, কামাৰ্ত্ত হইয়া, 'দ্ৰৌপদী আমাৰই হইবেন' এইৰূপ বলিতে থাকিয়া, তৎক্ষণাৎ বাজাসন হইতে উঠিলেন ॥৩॥

পূর্ব্বকালে হিমালয়কন্তা উমাকে লাভ করিবাব জন্ম সমবেত দেবগণ যেমন শোভা পাইযাছিলেন, সেই জ্রুপদনন্দিনীকে লাভ কবিবাব জন্ম সমবেত সেই বাজগণও বঙ্গস্থানে যাইয়া শোভা পাইতে লাগিলেন ॥৪॥ কন্দর্পবাণাভিনিপীড়িতাঙ্গাঃ কৃষ্ণাগতৈন্তে হৃদরৈর্নবেন্দাঃ।
বঙ্গাবতীর্ণা ক্রন্সদাত্মজার্থং দেবং প্রচক্রত্বঃ স্কুলদোহপি তত্র ॥৫॥
ভাথাযযুর্দেবগণা বিমানে ক্রন্তাদিত্যা বদবোহথাশ্বিনো চ।
সাধ্যাশ্চ সর্বের মক্রতন্তথৈব যমং পুবস্কৃত্য ধনেশ্বরশ্চ ॥৬॥
দৈত্যাঃ স্থপর্ণাশ্চ মহোরগাশ্চ দেবর্ষযো গুহুকাশ্চাবণাশ্চ।
বিশ্বাবস্থনারদপর্বতে চ গন্ধর্বমুখ্যাঃ সহ চাপ্সবোভিঃ ॥৭॥
হলাযুধস্তত্র জনার্দ্দনশ্চ ব্যক্তান্ধকাশ্চেব যথা প্রধানাঃ।
প্রেক্ষাং স্ম চক্রুর্যন্তপুস্ববাস্তে স্থিতাশ্চ কৃষ্ণস্থ মতে মহান্তঃ ॥৮॥
দৃষ্ট্বী তু তান্ মন্তগজেন্দ্রপান্ পঞ্চাভিপদ্মানিব বারণেন্দ্রান্।
ভত্মাব্রতাঙ্গানিব হব্যবাহান্ কৃষ্ণঃ প্রদধ্যে যন্ত্বীবমুখ্যঃ ॥৯॥

ভাবতকৌমুদী

কলর্পেতি। ক্বফাগতৈর্দ্রোপদীনিবিষ্টেন্ত্র দিবৈকপলক্ষিতাঃ। পরস্পবং দ্বেষং প্রচক্রুঃ ॥৫॥ অথেতি। ধনেশ্ববঃ কুবেবশ্চ ॥৬॥

দৈত্যা ইতি। স্থপর্ণা গরুডবংশীষাঃ। পর্বতো নাম মুনিঃ। আযমুবিতি পূর্বামুকর্ষঃ॥१॥ হলেতি। প্রধানা দেবা ঋষযশ্চ যথা, তথা প্রেক্ষাং দর্শনমেব চক্রঃ॥৮॥

দৃষ্ট্তি। পদ্ম অভীত্যভিপদ্মা একং পদ্ম লক্ষ্যীকৃত্য স্থিতান্তান্, পাণ্ডবানামপ্যকর্ম্রোপত্তা লক্ষ্যীক্বণাত্বসাসিদ্ধিঃ। হব্যবাহান্ অগ্নীন্। তান্ পাণ্ডবান্ প্রদধ্যো তেষাং জীবিতত্ত্যুক্তিং প্রধ্যায় নিক্রপ্যামাস ॥२॥

ভারতভাবদীপঃ

তেহলত্বতা ইতি॥১—২॥ সঙ্করজেন কামেন॥০—৮॥ অভিতঃ পদ্মা লক্ষীর্ঘেষাং তান্

তাঁহাদেব চিত্ত জৌপদীব উপবে নিবিষ্ট হইয়াছিল বলিয়া তাঁহারা কামবাণে পীডিত হইতে থাকিয়া, রঙ্গস্থানে যাইয়া, পকস্পব বন্ধু হইয়াও জৌপদীব জগ্য পকস্পবেব প্রতি বিদ্বেব করিতে লাগিলেন ॥৫॥

তদনন্তর একাদশ কন্দ্র, দ্বাদশ আদিত্য, অষ্ট বস্থু, অশ্বিনীকুমাবদ্বয়, সমস্ত সাধ্যগণ, মরুদ্গণ এবং যমকে অগ্রবর্ত্তী কবিয়া কুবের বিমানে আবোহণ করিয়া আগমন কবিলেন ॥৬॥

দৈত্যগণ, গক্ড়বংশীয়গণ, নাগগণ, দেবর্ষিগণ, গুহুকগণ, চাবণগণ, বিশ্বাবস্থ, নাবদমুনি, পর্বতমুনি এবং অপ্সরাদেব সহিত প্রধান গন্ধর্বগণও আসিলেন ॥৭॥

তখন বলবাম, কৃষ্ণ, বৃষ্ণিবংশীয়গণ, অন্ধকবংশীয়গণ এবং প্রধান প্রধান যত্ব-বংশীয়গণ কৃষ্ণেব মতানুসাবে দেবগণ ও ঋষিণেব মত কেবল দেখিতেই লাগিলেন ॥৮॥

⁽२) · · · পঞ্চাতিপদ্মানিব, পঞ্চাতিমন্তানিব · · ।

শশংস বামায় যুধিষ্ঠিরং স ভীমং সজিষ্ণুঞ্চ যমো চ বীবো ।
শনৈঃ শনৈস্তান্ প্রসমীক্ষ্য রামো জনার্দ্দনং প্রীতমনা দদর্শ ॥>০॥
অন্যে তু বীবা নৃপপুত্রপোত্রাঃ কৃষ্ণাগতৈর্নেত্রমনঃস্বভাবিঃ।
ব্যায়চছমানা দদৃশুর্ন তান্ বৈ সন্দর্যদন্তচ্ছদতাত্রনেত্রাঃ ॥>>॥
তথৈব পার্থাঃ পৃথ্বাহবস্তে বীরো যমো চৈব মহানুভাবো ।
তাং দ্রোপদীং প্রক্ষ্য তদা স্ম সর্বের কন্দর্পবাণাভিহতা বভূবুঃ ॥>২॥
দেবর্ষিগন্ধর্বসমাকুলং তৎ স্থপর্ণনাগাস্থবসিদ্ধজুষ্টম্।
দিব্যেন গন্ধেন সমাকুলঞ্চ দিব্যৈশ্চ পুজোববকীর্য্যমাণম্ ॥>৩॥

ভাবতকৌমুদী

শশংসেতি। স কৃষ্ণ:। সজিষ্ণুং সার্জ্জ্নম্। প্রীতমনাঃ পাণ্ডবনিরূপণাৎ ॥১০॥
অন্ত ইতি। স্বভাবা মোট্টাযিতাদয়ঃ। বাাযচ্ছমানা জ্ভাং কুর্বস্তঃ। তান্ পাণ্ডবান্ ॥১১॥
তথেতি। পৃথ্বাহবো বিশালভুজাঃ। কন্দর্পবাণাভিহতা বভূবুঃ, তেন চ কৃষ্ণাদীন্ ন
দদৃশুঃ ॥১২॥

ভাবতভাবদীপঃ

দর্কাঙ্গস্থন্দবানিত্যর্থ: । "অতিপদ্মান্" ইতি পাঠে২পি স এবার্থ: । অতিমত্তানিত্যপপাঠ: ॥>--> । ব্যাযচ্ছমানা ব্যাদদানা:, চক্ষ্: প্রসাধ্য কৃষ্ণামেব দদৃশু:, ন পাণ্ডবান্ ॥১১॥ তথৈব পার্থা ইতি । কামাভিভূতত্বাৎ বাসকৃষ্ণাদীন্ ন দদৃশুবিতি ভাবঃ ॥১২--১৩॥ বিমানসংবাধং

এই সমযে মত্ত হস্তীব স্থায় দবল দেহ, ভস্মাবৃত অগ্নিব স্থায় নিগৃত মূৰ্ত্তি এবং একটী পদ্মকে লক্ষ্য কবিয়া অবস্থিত পাঁচটী হস্তীব স্থায় পঞ্চ পাণ্ডবকে দেখিয়াই কৃষ্ণ চিনিতে পাবিলেন ॥১॥

তাহাব পব, তিনি বলবামেব নিকট যুধিষ্টিব, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবেব বিষয় বলিলেন, তখন বলবাম খীবে ধীবে পাগুবগণকে দেখিয়া আনন্দিত চিত্তে কৃষ্ণেব প্রতি দৃষ্টিপাত কবিলেন ॥১০॥

কিন্তু জৌপদীব দিকে নয়ন ও মন গিয়াছিল এবং হাবভাব চলিতেছিল বলিয়া, অস্থান্থ বাজা, বাজপুত্র বা বাজপৌত্রগণ হাই তুলিতে থাকিয়া পাণ্ডবগণকে দেখিতে পাইলেন না, কেবল আবক্তনয়ন হইয়া ওঠদংশন করিতে থাকিলেন ॥১১॥

সেইবপই লম্বিতবাহু যুধিষ্ঠিব, ভীম, অৰ্জুন, নকুল ও সহদেব—ইহাবাও ডৌপদীকে দেখিয়া ভখন সকলেই কামবাণে পীডিত হইতে লাগিলেন ॥১২॥

এই সময়ে, দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, গৰুডবংশীয়গণ, নাগগণ, অস্থবগণ ও সিদ্ধগণ আকাশে আসিয়া উপস্থিত হইলেন; স্বর্গীয় সৌবভ ছুটিতে মহাস্থনৈত্ব ন্তুভিনাদিতৈশ্চ বভূব তৎ সন্তুলমন্তরীক্ষম্।
বিমানসংবাধমভূৎ সমন্তাৎ সবেণুবীণাপণবানুনাদম্॥১৪॥ (যুগ্মকম্)
ততন্ত তে রাজগণাঃ ক্রমেণ ক্বঞানিমিত্তং ক্তবিক্রমাশ্চ।
সকর্ণ-তুর্য্যোধন-শাল্থ-শল্যা দ্রোণায়নি-ক্রাথ-শুনীথ-বক্রাঃ॥১৫॥
কলিঙ্গ-বঙ্গাধিপ-পাণ্ড্য-পোন্ডা বিদেহরাজো ববনাধিপশ্চ।
অন্তে চ নানা-নৃপ-পুত্র-পোত্রা বাষ্ট্রাধিপাঃ পদ্ধজপত্রনেত্রাঃ॥১৬॥
কিবীট-হারাঙ্গদ-চক্রবালৈর্বিভূষিতাঙ্গাঃ পৃথুবাহবন্তে।
অনুক্রমং বিক্রমসন্ত্যুক্তা বলেন দর্পেণ চ নর্দ্ধমানাঃ॥১৭॥
তৎ কাম্মুকং সংহননোপপন্নং সজ্যং ন শেকুর্মনসাপি কর্ত্তুম্।
তে বিক্রমন্তঃ ক্বুরিতাধরোষ্ঠা বিক্রিপ্যমাণা ধনুষা নরেক্রাঃ॥১৮॥ (কলাপকম্)

ভারতকোমুদী

দেবেতি। স্থপর্টের্নর্জভবংশীবৈ: নাগৈ: অস্ক্রিং সিচ্ছৈর্দের্যোনিবিশেবৈশ্চ জুইং সেবিতম্। সস্কুলং ব্যাপ্তম্। বিমানে: সংবাধং নিববকাশম্॥১৩—১৪॥

তত ইতি। অত্র কর্ণাদীনাম্পাদানং তেবাং নর্দ্দক্রাপনার্থং ন পুনর্ধন্থবং দল্লাত্বকরণাদামর্থ্য-বোধনার্থম্, পরত্র কর্ণশু সল্লাত্বকরণদর্শনাং। পহলপত্রাণি পদ্মদলানীব নেত্রাণি যেবাং তে। চক্রবালানি কটকানি। পৃথুবাহবো দীর্ঘভূজাং। নর্দ্দমানা গর্জ্জন্তং। সংহননেন বিশালাকাবেণ উপপন্নং যুক্তম্। তথাপি বিক্রমন্তো জ্যাবোপণেন বিক্রমং প্রকাশঘন্তং। ধন্থবা তদ্ধন্দেট্যা বিশিপামাণা অভবন্নিতি শেবং ॥১৫—১৮॥

ভারতভাবদীপঃ

বিমানস্থীর্ণ ॥১৪—১৭॥ সংহননোপপন্নম্ অত্যন্তং কাঠিন্তান যুক্তম্, স্কুরতা নাম্যিত্ব মনামর্থ্যাৎ ক্বান্ধি:নরৎকোটিত্যা, অতএব বিক্ষিপ্যমাণাঃ দণ্ডেন বীটা ইব, ধন্থবা ধন্ধচোটা। থাকিল; স্বর্গীয় পুপাবৃষ্টি হইতে লাগিল, বিশাল তুন্দুভিস্কনি হইতে থাকিয়া আকাশ ব্যাপ্ত কবিল; বেণু, বীণা ও পণবেব বাদ্য হইতে লাগিল এবং বিমানে আকাশ ব্যাপ্ত হইয়া গেল ॥১৩—১৪॥

তাহার পব, কর্ণ, তুর্য্যোধন, শাল্ব, শল্য, জৌণায়নি, ক্রাথ, সুনীথ এবং বক্র—ইহাবা জৌপদীকে লাভ কবিবার জন্ম ক্রমশঃ বিক্রম প্রকাশ কবিতে প্রবৃত্ত হইলেন; আব কলিঙ্গ, বঙ্গ, পাণ্ড্য ও পৌণ্ডুদেশেব রাজা, বিদেহেব বাজা, যবনদেশেব বাজা এবং কিবীট, হার, কেযুব ও বলয়প্রভৃতি নানাবিধ মলঙ্কাবে অলঙ্গত, পদ্মনয়ন, দীর্ঘবাহ্ন, বিক্রম ও অধ্যবসায়শালী অন্যান্থ বাজাবা, রাজপুত্রেবা এবং রাজপৌত্রেবা ক্রমশঃ বল ও দর্পবশতঃ গর্জন কবিতে লাগিলেন বটে; কিন্তু বিশালাকৃতি ধন্তুতে গুণারোপণ কবা মনেও করিতে

বিচেন্টমানা ধ্বণীতলন্থা যথাবলং শৈক্যগুণক্রমান্চ।
গতোজদঃ স্রস্তুকিবীটহাবা বিনিশ্বসন্তঃ শময়াস্বভূবুঃ ॥>>॥
হাহাকৃতং তদ্ধসুষা দৃঢ়েন বিস্রস্তহাবাঙ্গদচক্রবালম্।
কৃষ্ণানিমিত্তং বিনির্ত্তকামং রাজ্ঞাং তদা মগুলমার্ত্তমাদীৎ ॥২০॥
সর্বান্ নৃপাংস্তান্ প্রদমীক্ষ্য কর্ণো ধনুর্দ্ধবাণাং প্রবরো জগাম।
উদ্ধৃত্য তূর্ণং ধনুরুত্যতং তৎ সজ্যঞ্চকাবাশু যুয়োজ বাণান্ ॥২>॥
দৃষ্ট্বা সূতং মেনিবে পাণ্ডুপুত্রা ভিত্রা নীতং লক্ষ্যববং ধরায়াম্।
ধনুর্দ্ধবা রাগকৃতপ্রতিজ্ঞমত্যগ্রিসোমার্কমথার্কপুত্রম্ ॥২২॥

ভারতকৌমুদী

বিচেষ্টমানা ইতি। শৈক্ষ্য শিক্ষযা লব্বো গুণক্রমো গুণাবোপণে পৌর্বাপর্য্যব্যাপাবো যেষাং তে, যথাবলং বিচেষ্টমানা গুণাবোপণায চেষ্টাং কুর্বস্থঃ, ধন্তকোটীতাজনেন ধবণীতলম্থাঃ সম্ভঃ। শময়ামভূবঃ দ্রোপভাশাং নিবর্ভ্যামাস্থঃ ॥১२॥

হাহেতি। ক্বতমিতি কর্ত্তবি জ্ঞঃ। তদ্ধহাধা তদ্ধহাধোটীতাজনেন। মণ্ডলং সমূহঃ॥২০॥ সর্বানিতি। তান্ তথাবিধান্। উত্যতং জ্যাবোপণায উত্তমবিষ্যীকৃতম্॥২১॥

দৃষ্ট্বৈতি। স্থতং কর্ণম্। লক্ষ্যববং ভিন্তা, ধবায়াং মধ্যে, অনেন স্ততেনৈব, লক্ষ্যববং প্রধানো-দেশ্যং ক্রোপদীরূপং স্ত্রীবত্নম্, নীতং মেনিবে। অথ অপবে ধন্তব্ধবাস্ত, অর্কপুত্রং কর্ণম্, বাগেণ ক্রোপছামন্থবাগেণ কৃতা প্রতিজ্ঞা লক্ষ্যভেদে কর্ত্তব্যতানিদ্ধাবণং যেন তম্, অতএব অগ্নিসোমার্কা-নতিক্রান্ত ইত্যগ্নিসোমার্কস্তম্, মেনিবে ॥২২॥

পাবিলেন না ; তথাপি তাহাবা স্পন্দিত ৬ঠে বিক্রম প্রকাশ কবিতে যাইয়া (অর্থাৎ গুণাবোপণ কবিতে প্রবৃত্ত হইয়া) সেই ধনুবই আঘাতে বিক্ষিপ্ত হইয়া পড়িলেন ॥১৫—১৮॥

গুণ আরোপণ কবিবাব নিয়মাভিজ্ঞ সেই বাজাবা শক্তি অনুসাবে বিশেষ চেষ্টা কবিয়াও ভূতলে পতিত হওয়ায় তাঁহাদেব তেজ নষ্ট হইযা গেল এবং কিবীট, হারপ্রভৃতি অলঙ্কাব ছড়াইয়া পড়িন, এই অবস্থায় তাঁহারা নিশ্বাস ত্যাগ কবিতে থাকিয়া জৌপদী লাভের আশা ত্যাগ করিলেন ॥১৯॥

সেই ধনুব আঘাতে সেই বাজাদেব হাব, কেযুব ও বলয়প্রভৃতি অলঙ্কাব ছড়াইযা পড়িলে, অক্যান্ত রাজাবা হাহাকাব কবিয়া উঠিলেন এবং তাঁহারাও জোপদীব আশা ত্যাগ কবিয়া ত্বংখিত হইলেন ॥২০॥

তখন ধনুৰ্দ্ধবপ্ৰধান কৰ্ণ প্ৰায় সকল বাজাবই সেই অবস্থা দেখিয়া ধনুব নিকট গেলেন এবং সহুব সেই ধনু উত্তোলন কবিয়া তাহাতে গুণাবোপণ ও বাণ সংযোগ কবিলেন ॥২১॥

পাণ্ডবগণ কর্ণকে দেখিয়া মনে কবিলেন যে, পৃথিবীৰ মধ্যে এই কর্ণ ই লক্ষ্য-

দৃষ্ট্বা তু তং দ্রোপদী বাক্যমুচ্চৈর্জগাদ নাহং বর্ষামি দূত্য। সামর্ষহাসং প্রদমীক্ষ্য দূর্য্যং তত্যাঙ্গ কর্ণঃ ক্ষুবিতং ধন্মন্তং ॥২০॥

এবং তেবু নির্ভেরু ক্ল ত্রিরেরু সমস্ততঃ।
চদীনামধিপো বাঁরো বলবান্তকোপমঃ॥২৪॥
দমঘোষস্ততো ধাঁবঃ শিশুপালো মহামতিঃ।
ধনুবাদারমানস্ত জানুভ্যামগমন্মহীম্॥২৫॥ (ব্যাকম্)
ততো রাজা মহাবীর্ব্যো জরাসন্ধা মহাবলঃ।
ধনুবোহভ্যাসমাগত্য তত্থো গিরিরিবাচলঃ॥২৬॥

ভারতকোমূদী

দৃষ্ট্তি। তং লক্ষাভেদে সন্থাবিতশক্তিবং বর্ণম্। হতং জাত্যা নির্ভষ্ । হতছেন-বজ্ঞানাদম্বঃ, তদলীকোক্তিকোতুকান্ধ হাসঃ, তাভ্যাং সহেতি দাম্বহাসং যথা স্কান্তথা, হর্থাং প্রসমীকা। হুর্যাদর্শনেনাত্মনঃ হুর্যাপুত্রহুহ্চনাৎ হুতহুনিগ্রাদঃ হুচিতঃ ২৬ঃ

এবনিতি। চেদীনাং চেদিদেশত। বলবান্ সাহসী। অন্তকোপনো মন্তুল্য:। আবাজ-মান: শক্তা সজ্যং কুর্বন্। "দৈপ্ শোধনে" ইতি ভৌবাদিকদৈপ্ধাতো: "শক্তিব্রস্তাচ্ছীলোঁ ইতি শক্তার্থে কর্ত্তিরি শানঙ্। ধাত্নামনেকার্থতাং সজ্যকরণার্থত্য্। মহীমগমং তহতজেলা তাড়নাদেবেতি ভাব: ॥২৪—২৫:

তত ইতি। মহাবলো মহাদাহদিক ইতি ন পৌনক্জাম্। মভ্যাদং নিক্টম্ ২ে৬: ভাবতভাবনীপঃ

শময়াঘভূব্রিতি হয়ো: নহন্ধ: ১৮ - ১৯। চক্রবালং মণ্ডলম্ ১২ - ২২। সামর্হাসং নীচকুলযোগাদম্বঃ, ত্র্গাপরাধ্তাৎ হাস: ১২ - ২১ঃ ধনুবাদানমান: প্রীক্ষাণঃ, ত্রেপ্

ভেদ করিয়া ত্রৌপদীকে নিযাছেন। আর অস্তান্ত ধমুর্ন্ধবেরা মনে কবিলেন যে কর্ণ, ত্রৌপদীর প্রতি অমুরাগবশতঃ লক্ষ্যভেদ কবিবার জন্ত প্রতিজ্ঞা করিয়াছেন: সূত্রাং ইনি আপন তেজে অগ্নি, সূর্য্য এবং চন্দ্রকেও অতিক্রম কবিয়াছেন ॥২২॥

কর্ণকে লক্ষ্যভেদ করিতে উন্তত দেখিয়া ক্রোপদী উচ্চ স্বরে বলিলেন যে— "আমি স্ততকে বরণ করিব না।" তখন কর্ণ ক্রোধ ও হাস্তের সহিত সূর্য্যের প্রতি দৃষ্টিপাত করিয়া, সেই স্পান্দিত ধনুখানা পরিত্যাগ করিলেন ॥২৩॥

এইভাবে সেই ক্ষত্রিয়েরা সকল দিক্ হইতেই নিবৃত্তি পাইলে, চেদিদেশের রাজা, যমের তুল্য বীর ও সাহসী, ধারপ্রকৃতি ও অত্যন্ত বৃদ্ধিমান্, দমধোষ পুত্র শিশুপাল সেই ধনুতে গুণ আবোপণ করিতে প্রবৃত্ত হইযা তাহাবই আঘাতে ইট্রি পাতিয়া ভূতলে বসিয়া পড়িলেন ॥২৪—২৫॥

⁽২৪) ইতা প্রভৃতি পঞ্চার্যুর্বন্ধা: শ্লোকা: কতিপয়পুস্তকে ন দুখন্তে।

ধনুষা পীডামানস্ত জানুভামগমন্মহীম্।
তত উত্থায় রাজা স স্বরাষ্ট্রাণ্যভিজগ্মিবান্ ॥২৭॥
ততঃ শল্যো মহাবীবো মদ্ররাজো মহাবলঃ।
তদপ্যারোপ্যমাণস্ত জানুভামগমন্মহীম্ ॥২৮॥
তিশ্বংস্ত সন্ত্রান্তজনে সমাজে বিক্ষিপ্তবাদেষু জনাধিপেষু ।
কুন্তীন্ততো জিষ্ণুবিয়েষ কর্ত্ত্বং সজ্যং ধনুস্তৎ সশরং প্রবীবঃ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামাদিপর্ববি স্বয়ংববে
সর্ব্বরাজপবাল্ম্বীভবনে অশীত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ **

ভারতকোমুদী

ধহুষেতি। পীড্যমানঃ সজ্যীকবণাবস্তুকালে। স জরাসন্ধঃ॥- ৭॥

তত ইতি। অত্যাপি মহাবল ইত্যশু পূর্ববিদেব ব্যাখ্যানম্। অপিশবং শল্য ইত্যনেনা-দ্বীষতে। তৎ ধহুং, আরোপামাণো গুণাবোপণবিষধীকুর্বন্। কর্তুবি যণ্প্রত্যয় আর্বঃ ॥২৮॥

তশিনিতি। সম্রান্তা বিশ্বয়চকিতা জনা যত্র তশ্বিন্। বিশ্বিপ্তাঃ পবিত্যক্তা বাদা লক্ষ্য-ভেদাদিকথা অপি যৈন্তেয়্ তাদৃশেষ্ সংস্থ। জিফ্বর্জুনঃ। সশরঞ্চ কর্ত্তুম্ ॥২৯॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং

ভারতকোম্দীসমাখ্যাযামাদিপর্বাণি স্বযংববে অশীত্যধিকশততমোহধ্যায়ঃ॥।॥

ভাবতভাবদীপঃ

শোধনে" অশু রূপম্ ॥২৫॥ অভ্যাসং সমীপম্ ॥২৬॥ ধরুষা আরুষ্মাণেন ॥২৭॥ আবোপ্যমাণঃ দজীকর্ত্মিচ্ছন্ ॥২৮॥ নিক্ষিপ্তবাদেষ্ ত্যক্তধন্তক্তমনকথেষ্ ॥২০॥ ইতি শ্রীমহাভারতে আদিপর্কণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে অশীত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৮০॥

তাহাব পৰ, মহাবীব ও মহাসাহসিক জবাসন্ধ বাজা ধন্থৰ নিকটে যাইয়া পৰ্বতেৰ স্থায় অচল হইযা একটু দাড়াইলেন ॥২৬॥

তা'ব পব, তিনি সেই সেই ধনুতে গুণাবোপণ কবিতে প্রাবৃত্ত হইলেন, অমনি তাহার আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে পডিযা গেলেন। তাহাব পব, তিনি উঠিয়া নিজ রাজ্যে চলিয়া গেলেন ॥২৭॥

তদনন্তব মহাবীব ও মহাসাহসিক মদ্রবাজ শল্যও সেই ধন্তুতে গুণাবোপণ কবিতে প্রবৃত্ত হইয়া তাহাবই আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে পড়িয়া গেলেন ॥২৮॥

তথন সভাব সমস্ত লোকই বিশ্বয়ে চকিত হইল , রাজাবাও লক্ষ্যভেদেব কথা পর্যান্ত পবিভ্যাগ কবিলেন ; এই সময়ে কুন্তীপুত্র মহাবীব অর্জ্জুন সেই ধন্তুতে গুণাবোপুণ কবিয়া শবসংযোগ কবিবাব ইচ্ছা করিলেন ॥২৯॥

^{* &#}x27;···পঞ্চাশীত্যধিক···', '···সপ্তাশীত্যধিক··', '···অষ্টাশীত্যধিক··', '·· দ্বাধিক-দ্বিশততম ' ইতি পাঠান্তরাণি।

একাশীত্যধিকশততমোহধ্যায়ঃ।

---2#3---

বৈশম্পায়ন উবাচ।

যদা নির্ত্তা রাজানো ধনুষঃ সজ্যকর্মণঃ।
অথোদতিষ্ঠদিপ্রাণাং মধ্যাজ্জিফ্বুরুদারধীঃ॥>॥
উদক্রোশন্ বিপ্রমুখ্যা বিধুমস্তোহজিনানি চ।
দৃষ্ট্বা সম্প্রস্থিতং পার্থমিক্রকেতুসমপ্রতম্ ॥২॥
কেচিদাসন্ বিমনসঃ কেচিদাসন্ মুদা যুতাঃ।
আহুঃ পবস্পরং কে চিন্নিপুণা বুদ্ধিজীবিনঃ॥৩॥
যৎ কর্ম শল্যপ্রমুখৈঃ ক্ষত্রিয়েলে কিবিশ্রুণতৈঃ।
নাসাদিতং বলবদ্রির্ধনুর্কেদপরায়ণৈঃ॥৪॥
তৎ কথং তুরুতান্ত্রেণ প্রাণতো তুর্কিলীয়সা।
বটুমাত্রেণ শক্যং হি সজ্যং কর্ত্ত্ব্ং ধনুর্দ্ধিজাঃ!॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদেতি। সদ্যাকর্মণ: সদ্ধাত্তকরণাৎ। দ্বিক্তর্নজ্ন: ॥১॥
উদিতি। উদক্রোশন্ নিবর্ত্তম নিবর্তমেতি উচ্চেরক্রবন্ ॥২॥
কেচিদিতি। বিমনস: অসামর্থ্যসম্ভাবনযা। মৃদা মৃতা: সামর্থ্যসম্ভাবনযা।৩॥
কিমাছবিত্যাহ — যদিতি। নাসাদিতং কর্ত্তুং শক্তম্। অকৃতাম্প্রেণ ব্রাহ্মণহাৎ। প্রাণতো
বলে। বটুমাত্রেণ শিক্ষাদিশ্যুত্বাৎ কেবলেন ব্রাহ্মণেন ॥৪—৫॥

বৈশস্পায়ন বলিলেন—যখন রাজারা ধন্ততে গুণারোপণ কবা হইতে নিবৃত্তি পাইলেন, তখন বুদ্ধিমান অর্জুন ব্রাহ্মণদেব মধ্য হইতে গাত্রোখান করিলেন ॥১॥

সেই সময়ে ইন্দ্রধ্বজেব স্থায় দীর্ঘাকৃতি অর্জুন যাইতেছেন দেখিয়া প্রধান প্রধান ব্রাহ্মণেরা মৃগদর্ম আন্দোলিত করিয়া 'নিবৃত্ত হও নিবৃত্ত হও' বলিয়া কোলাহল করিয়া উঠিলেন ॥২॥

কতকগুলি লোক উদ্বিগ্ন হইল, কতকগুলি লোক আনন্দিত হইল, আর বুদ্ধিমান্ কতকগুলি লোক প্রস্পাব এইনপ বলিতে লাগিল—৷৷৩৷৷

"হে ব্রাহ্মণগণ! লোকবিখ্যাত বলবান্ ও ধন্নুর্ব্বেদনিরত শল্যপ্রভৃতি ক্ষত্রিয়েরা যে কার্য্য সম্পন্ন কবিতে পাবিলেন না, অস্ত্রে অশিক্ষিত এবং অত্যস্ত

⁽৩)···ম্দান্বিতা:। (s) যং কর্ণশল্যপ্রমূথৈ:···নানতং বলবভিহিं···।

অবহাস্থা ভবিশ্বন্তি ব্রাহ্মণাঃ সর্বরাজস্থ। কর্মণ্যস্মিন্নসংসিদ্ধে চাপলাদপবীক্ষিতে ॥৬॥ যত্যেষ দর্পাদ্ধর্যাদ্বাহপ্যথ ব্রাহ্মণচাপলাৎ। প্রস্থিতো ধনুরাযন্তং বার্য্যতাং সাধু মা গমৎ ॥৭॥ ব্রাহ্মণা উচুঃ।

নাবহাস্থা ভবিদ্যামো ন চ লাঘবমাস্থিতাঃ।
ন চ বিদ্বিষ্টতাং লোকে গমিস্থামো মহীক্ষিতাম্ ॥৮॥
কেচিদাহুর্যা শ্রীমান্ নাগবাজকবোপমঃ।
পীনস্কন্ধোরুবাহুণ্চ থৈর্য্যেণ হিমবানিব ॥৯॥
সিংহখেলগতিঃ শ্রীমান্ মত্তনাগেল্রবিক্রমঃ।
সম্ভাব্যমস্মিন্ কর্মেদমুৎসাহাচ্চানুমীয়তে ॥১০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

অবেতি। অস্মিন্ লক্ষ্যভেদে। অপবীক্ষিতে ইতঃ প্রাক্ ॥৬॥
যদীতি। হর্ষাৎ শ্রেপদীলাভানন্দাৎ। আযন্তং নমিযতুম্। সাধু সম্যক্ ॥৭॥
নেতি। বিদ্বিতাং লক্ষ্যভেদায় প্রবৃত্ত্যা প্রতিপক্ষতাচবণাদিত্যাশয়ং ॥৮॥
কেচিদিতি। শ্রীমান্ কান্তিমান্, নাগবান্ধকবোপমো দীর্ঘ ইতি শেষঃ। সিংহন্তেব খেলা
সনীলা গতির্বস্ত সঃ। শ্রীমান্ বলসম্পত্তিমান্॥৯—১০॥

ভাবতভাবদীপঃ

যদেতি। জিষ্ণুবর্জ্জ্নঃ ॥১—৪॥ প্রাণতঃ শক্তিতঃ ॥৫—৬॥ দর্পাৎ গর্ব্বাৎ, হর্ধাদৌৎহর্ববল শরীব ক্ষুদ্র একটা ব্রাহ্মণ ধনুতে সেই গুণাবোপণ কি কবিয়া সম্পন্ন কবিতে
পাবিবে १ ॥৪—৫॥

এই ব্যক্তি পূর্বের লক্ষ্যভেদ পবীক্ষা কবিয়া দেখে নাই, অথচ এখন চাঞ্চল্যবশতঃ এই কার্য্য যদি সম্পন্ন কবিতে না পাবে, তবে সমস্ত বাজাদেব মধ্যে ব্রাহ্মণেবা হাস্থাম্পদ হইবেন ॥৬॥

এই ব্যক্তি গৰ্ব্ব, হৰ্ষ বা ব্ৰাহ্মণচাপল্যবশতঃ যদি ধন্থ নোয়াইবাব জন্ম প্ৰস্থান কবিয়া থাকে, তবে উহাকে ভাল কবিয়া বাবণ ককন; ও যেন যায় না" ॥৭॥

ব্ৰাহ্মণেবা বলিলেন—"আমবা জগতে উপহাস্ত বা হাল্কা হইব না, কিংবা বাজাদেব বিদ্বেষেৰ পাত্ৰও হইব না" ॥৮॥

কতকগুলি লোক বলিল—"এই ব্যক্তি যুবা, স্থুন্তী, ঐবাবতেব শুঁডেব মড দীর্ঘ এবং ধৈর্য্যে হিমালযেব তুল্য; উহাব স্বন্ধযুগল, উক্ষুগল ও বাহুযুগল ২২৮(s) শক্তিকে মহোৎশাহা নহুশক্তঃ হয়ে ব্রহেং।
ন স তবিহাতে কিঞ্চিৎ কর্ম লোকেরু যন্তরেং ১৯৯
বালগানামনাহাঞ্চ নৃত্ব শংহানসাবিত্ব।
হালগানামনাহাঞ্চ নৃত্ব শংহানসাবিত্ব।
হালগা বার্ডকশেস করাহারা নুত্রকাঃ ১৯২৬ শ
হুর্বলা অপি বিপ্রা হি বলীরাধনঃ হাতেল্যা:
বালগো নাব্যন্তবাঃ দলেহা ন্যাসকর্ ১৯০০
হুবং ছুঃবং মহন্ত্রহং কর্ম হৎ স্মুপাপত্যু।
ভামনায়েন কামেন নিজিল্লাঃ কবিরা বুহি ১৯৪০ কিলাপকা
শীতঃ সম্ব্রেহগজ্যেন হুগাহো বলাকেলা।
ভল্যান্ত্রহন্ত নর্বেহত্ত ব্রুরহে হুর্মহান্ ১৯৫৬

ভারত্যকীযুকী

শক্তিরিতি। মহান্ উৎসাহে বজার সা ব্রেনসারিত্ হলবভিত্ত, ন পুনর্বার্তনার ধেসরেবিতার্থা, নূত্ মহা, রাজগানার বং কর্ম আনহার ভাবে, ততা দুনং ক্রিকিন্সি কর্ম লোকত্ব নিবিতার ভার হেতুমার—অরুণা ইত্যালি। বাজেলার বক্তীরার্যাণ প্রভাবেন : ব্ধং ক্রেজনকন্, ব্বং, রাষা বাং কর্ম কর্মায়তন্, তাং বাবের স্মান্তন্ রাজ্যার নাব্যেরবার, হোগপ্রভাবের দ্বিতিশারিকার ভাবের ক্রিভিত্তার ক্রিভিত্তার ভাবের ক্রিভিত্তারিকার ভাবের ক্রিভিত্তার ভাবের ভাবের ক্রিভিত্তার ভাবের ভাবের ক্রিভিত্তার ভাবের ভাবের ক্রিভিত্তার ভাবের ভাবের

ভারতভাবদীপঃ

হকাং, সাপলং অনবহিতহাং। "—) । লোকের্ বস্তান করে, নুর্ প্রবের্, সংহল সারির্ দেরাহ্রাহাকারিক্যথন্ত, তথ কর্ম না বিহারে যথ ব্যাহণ নামলাহ্যিতি ক্ষে । ১—১খা মহথ ভ্রম মহলি ক্ষাং ভবতি হত তথকর্ম, হারোবার্যাতি—হামব্যানতি

স্থূল. দিছের তার দলীল গতি, বলিষ্ঠ দেহ এবং মন্ত হস্তীর তার বিক্রম রহিরাছে। স্বতরাং এ, লক্ষ্যভেদ করিতে পারিবে বলিয়াই সম্ভাবনা করা বার এবং ইংসাই দেখিরা তাহাই অন্ত্যান হর ।১—১০

ইহার দেহে শক্তি এবং মনে গুরুতর ইংসাহ রহিরাছে: এ সমর্থনা হই ন নিজে ঘাইত না। প্রাকৃত মন্তুত্তর মধ্যে প্রান্ধাদের হাহা অনাধা, এমন কার্যা জগতে নাই। কেন না, প্রান্ধাগরা কেবল জল, বাহু বা কল আহার করিব স্থানুত্তাবে যোগ অভ্যান করিব। থাকেন: স্তুরার তাঁহারা দেহে হুর্বল হই নাল বোগপ্রভাবে অভ্যন্ত বলবান্। তাহার দৃষ্টান্ত—পরস্তরাম একাকী মুক্ত সমন্ত ক্ষতিত্বক জয় করিয়াছিলেন: স্কুরার স্বান্ধনক বা জুল্লেনক, বিশাল বা ক্ষ্মা এবা সংবা অনং ক্লেকোন কার্যাই প্রান্ধণ করন না কেন, তাঁহাকে সবজা কর্যা উচিত নহে ১১১—১৪: আবোপয়তু শীন্তাং বৈ তথেত্যুচুর্দ্বিজর্মভাঃ।

এবং তেষাং বিলপতাং বিপ্রাণাং বিবিধা গিবঃ॥১৬॥ (য়ৄয়য়য়্)

অর্জ্জুনো ধন্মুষোহভ্যাদে তস্থে গিবিবিবাচলঃ।

স তদ্ধন্মঃ পরিক্রম্য প্রদক্ষিণমথাকবোৎ ॥১৭॥

প্রণম্য শিরদা দেবমীশানং ববদং প্রভুম্।

কৃষ্ণঞ্চ মনদা কৃত্বা জগৃহে চার্জ্জুনো ধন্মঃ॥১৮॥

যৎ পার্থিবৈ ক্রিক্রিনীথবকৈ বাধেয়ত্রর্য্যোধনশল্যশাক্ত্রঃ।

তদা ধন্মুর্ব্বেদপরৈন্ সিংহৈঃ কৃতং ন সজ্যং মহতোহপি যত্নাৎ॥১৯॥

তদর্জ্জুনো বীর্য্যবতাং সদর্শন্তদৈন্দ্রিবিন্দ্রাববজপ্রভাবঃ।

সজ্যঞ্চ চক্রে নিমিধান্তবেণ শবাংশ্চ জগ্রাহ দশার্দ্ধসংখ্যান্॥২০॥

ভাবতকৌমুদী

দৃষ্টান্তান্তবমাহ—পীত ইতি। সর্বে বান্ধণাং, ব্রুবন্ধ, বান্ধণবচনানামমোঘন্ত।দিতি ভাবং।
বটুবপি বান্ধণন্তাদেব মহান্। বিলপতাং ক্রুবতাম্। গিবং অভবন্নিতি শেবং ॥১৫—১৬॥
অর্জুন ইতি। অভ্যাদে সমীপে, তপ্তে কিযৎকালম্। অথানন্তবম্॥১৩॥
প্রণম্যেতি। ঈশানং জগদীশ্বম্। মনসা কুরা চ। জগৃহে জগ্রাহ ॥১৮॥
যদিতি। অত্র বাধেযো ব্যক্তান্তবং ন তু কর্বং, তশ্ম পূর্বেং সজ্যন্তাদিকবণস্তোক্তন্তবং ॥১৯॥
তদিতি। বীর্য্যবতাং মধ্যে। ঐক্রিবিক্রপুত্রং, ইক্রাব্যজো বামনো বিষ্ণুক্তত্ত্বাপ্রভাবং ॥২০॥
ভাবতভাবদীপঃ

॥১৪॥ ব্রাহ্মণব্চসা ক্ষ্দ্রেণাপি মহৎকর্ম কর্ছ্যু শক্যমিত্যভিপ্রেত্য সর্বেহপ্রৈক্যত্যেন।তঃ

(ব্রাহ্মণ যে অসাধ্য সাধন কবিতে পাবেন, তাহাব আব একটি দৃষ্টান্ত—)
অগস্ত্য আপন ব্রহ্মতেজে অগাধ সমুদ্র পান কবিয়াছিলেন; অতএব আপনাবা
সকলেই বলুন যে, এ ব্যক্তি কুদ্র হইলেও ব্রহ্মতেজে মহান্, স্থতরাং ইনি সহবই
ধন্ততে গুণ আরোপণ কবিতে সমর্থ হউন।" ব্রাহ্মণেবা তাহাই বলিলেন।
ব্রাহ্মণগণেব এইকপ নানাবিধ বাক্য চলিতে লাগিল॥১৫—১৬॥

তখন অর্জ্জুন ধন্থব নিকটে যাইয়া কিছু কাল পর্বতেব স্থায় অচল হইযা থাকিলেন; পবে তিনি ভ্রমণ কবিয়া সেই ধনুখানাকে প্রদক্ষিণ কবিলেন ॥১৭॥

তাহাব পব, অর্জুন মস্তক অবনত কবিয়া, ঈশ্বর, ববদাতা ও জগতেব নিযন্তা কৃষ্ণকে প্রণাম ও মনে মনে ব্যান কবিয়া ধনু ধাবণ কবিলেন ॥১৮॥

পূর্বের কন্নী, সুনীথ, বক্র, বাধেষ, ছুর্য্যোধন, শল্য এবং শারপ্রভৃতি ধন্থুর্বের দচর্চ্চায নিবত প্রধান প্রধান বাজাবা বিশেষ যত্ন কবিষাও যে ধন্থুতে গুণাবোপণ কবিতে পাবেন নাই ॥১৯॥ বিব্যাধ লক্ষ্যং নিপপাত তচ্চ চ্ছিদ্রেণ ভূমো সহসাতিবিদ্ধম্। ততোহন্তরীক্ষে চ বভূব নাদঃ সমাজমধ্যে চ মহান্ নিনাদঃ। পুষ্পাণি দিব্যানি ববর্ষ দেবঃ পার্থস্য মূর্দ্ধি, দ্বিষতাং নিহন্তঃ॥২১॥

চেলানি বিব্যধুস্তত্র ব্রাহ্মণাশ্চ সহস্রশঃ। বিলক্ষিতাস্ততশ্চত্রুহাহাকাবাংশ্চ সর্ববশঃ॥২২॥ গুপতংশ্চাত্র নভসঃ সমস্তাৎ পুষ্পার্কীয়ঃ। শতাঙ্গানি চ তূর্য্যানি বাদকাঃ সমবাদয়ন্। সূত্যাগধসংঘাশ্চাহপাস্তবংস্তত্র স্ক্ষরাঃ॥২৩॥

ভারতকৌমুদী

মহাদেব এইবপ বলিলে, ইন্দ্র বাতনাব আশস্কায় পীড়িত হইয়া বাযুচালিত অশ্বত্থপত্রেব স্থায় সেই হিমালয়েব উপবে শিথিল অঙ্গে কম্পিত হইতে লাগিলেন ॥২২॥

এবং মহাদেব সহসা একপ বলিলে, দেববাজ কাঁপিতে থাকিয়া কৃতাঞ্জলি হইয়া বহুমূর্ত্তি মহাদেবকে বলিলেন—"সমস্ত জগতের মধ্যে আজ আপনিই আমাব প্রতি প্রথম অনুগ্রহ করুন" ॥২৩॥ তমত্রবীত্রপ্রবর্জাঃ প্রহস্ত নৈবংশীলাঃ শেষমিহাপ্নুবন্তি।
এতেহপ্যেবং ভবিতাবঃ পুবস্তাক্তন্মাদেতাং দবীমাবিশ্য শেষ ॥২৪॥
তত্র ছেবং ভবিতারো ন সংশ্যো যোনিং সর্বে মানুষীমাবিশধ্বম্।
তত্র যুয়ং কর্ম কৃত্বাহবিষহ্যং বহুনন্যান্ নিধনং প্রাপয়িত্বা ॥২৫॥
আগন্তারঃ পুনবেবেন্দ্রলোকং স্বকর্মণা পূর্বেজিতং মহার্হম্।
সর্ববং ময়া ভাষিত্রমেত্রদেবং কর্ত্ব্যমন্যদিবিধার্থযুক্তম্ ॥২৬॥ (যুগ্মকম্)

পূর্বেন্দ্র। উচুঃ।

গমিয়ামো মানুষং দেবলোকাদ্তুরাধবো বিহিতো যত্র মোক্ষঃ। দেবাস্তুস্মানাদ্ধীবন্ জনভাং ধর্ম্মো বাযুর্মঘবানশ্বিনো চ ॥২৭॥

ভারতকোমুদী

তমিতি। উগ্রবর্চা ভয়ত্বতেজাঃ শিবঃ। এবংশীলাঃ সাহস্কাবস্থভাবাঃ, শেষং প্রসাদং নাপুবস্তি। "শেষঃ সঙ্কর্ষণে ববে। অনস্তে না প্রসাদে চ" ইতি মেদিনী। পুরস্তাৎ পূর্ব্বম্ এবং ভবিতাব ইখং সাহস্কাবা ভূতাঃ, এতে চম্বাবো২পি অস্তাং দর্য্যাং তিষ্ঠস্তীতি শেষঃ। স্বমপি শেষ স্বপিহি তিষ্ঠেত্যর্থঃ ॥২৪॥

তত্ত্বতি। তত্ত্র মর্জ্যে, এবং মন্ত্য়া:, বৃষং ভবিতাব:। অবিবহুং শত্রুণামসহুম্। স্বকর্ষণা পূর্ব্বকৃতসংক্রিযয়া। বিবিধার্থযুক্তং নানাবিধপ্রযোজনবৎ, অন্তৎ কর্ম চ তত্ত্ব যুম্মাভিঃ কর্ত্বব্যম্॥২৫—২৬॥

গমিস্তাম ইতি। মান্নুষং লোকম্। ত্রাধরো তুর্লভঃ। আদধীবন্ জনযেযুঃ ॥২৭॥ ভারতভাবদীপঃ

মাং জিবৈর ন স্বল্লথেতি স্টিতম্ ॥২২—২৩॥ শেষং প্রসাদম্, "শেষঃ সন্ধানে বধে। অনস্কেতথন উপ্রতেজা মহাদেব হাস্ত করিয়া ইন্দ্রকে বলিলেন—"অহঙ্কারীরা অনুগ্রহ লাভ করে না। ইহারাও পূর্বে অহঙ্কার করিয়াছিল বলিযা এই গুহাতে রহিয়াছে; স্ক্তরাং তুমিও এই গুহায় প্রবেশ করিয়া অবস্থান কর ॥২৪॥

তোমরা মর্ত্যলোকে যাইয়া মনুষ্য হইয়া থাকিবে, ইহাতে কোন দন্দেহ
নাই; স্থতরাং তোমরা সকলেই মনুষ্যযোনিতে যাইয়া প্রবিষ্ট হও, সেধানে
তোমরা শক্রর অসহ্য কার্য্য করিয়া এবং বহু শক্রকে সংহার করিয়া, আপন
আপন কর্ম অনুসারে পুনরায় ইন্দ্রলোকে আসিবে, আমি বলিলাম বলিয়া
এ সমস্তই হইবে এবং অন্যান্থ নানাবিধ কার্য্যও তোমরা করিবে" ॥২৫—২৬॥

পূর্ববর্তী ইন্দ্রেরা বলিলেন—"আমরা দেবলোক হইতে মনুয়ালোকে যাইব, যেখানে মুক্তি ছর্লভ। তবে, ধর্ম, বাযু, ইন্দ্র এবং অধিনীকুমারদ্বয়—এই পাঁচ জন দেবতা আমাদিগকে জননীর গর্ভে উৎপাদন করিবেন" ॥২৭॥ ২৬৬ (৪)

ব্যাদ উবাচ।

এতচ্ছু, ত্বা বজ্রপাণির্বচস্ত দেবশ্রেষ্ঠং পুনরেবেদমাহ।
বীর্য্যোণাহং পুরুষং কার্যাহেতোর্দগ্যামেষাং পঞ্চমং মৎপ্রদূতম্ ॥২ -॥
বিশ্বভূগ্ ভূতধামা চ শিবিরিক্তঃ প্রতাপবান্।
শান্তিশ্চতুর্থন্তেষাং বৈ তেজস্বী পঞ্চমঃ স্মৃতঃ ॥২৯॥
তেষাং কামং ভগবানুগ্রধন্বা প্রাদাদিষ্টং সন্নিদর্গাদ্যথোক্তম্।
তাঞ্চাপ্যেষাং যোষিতং লোককান্তাং প্রিয়ং ভার্য্যাং ব্যদ্ধান্যানুষেরু ॥৩০॥

ভারতকৌমুদী

এতদিতি। বজ্রপাণির্নবীনেক্র:। কার্য্যহেতোঃ অস্তরবধনপদেবকার্য্যসম্পাদনার্থন্, বীর্য্যেণ শুক্রেণ, মংপ্রস্তম্ এষাং পঞ্চমং পুরুষং দভান্। ত্রিভ্বনবাজকার্য্যসম্পাদনায় স্বযন্ত ন গচ্ছামীতি ভাব: ॥২৮॥

অথ গুহাগতানাং চতুর্ণাং পূর্ব্বেক্রাণাং নবীনেক্রস্ত চ নামান্যাহ—বিশ্বভূগিতি। বিশ্বভূক্, ভূতধামা, শিবিঃ, শাস্তিশ্চেতি ক্রমিকা ভূতপূর্বা ইক্রাঃ , তেজম্বী চ বর্ত্তমান ইক্রঃ ॥২৯॥

তেষামিতি। কামং ধর্মাত্যুৎপাদিতত্বৰপমভিলাষ্ম্। উগ্ৰধন্বা পিনাকী শিব:। ইষ্ট্য্ আত্মনাপি বাঞ্ছিতম্, সন্নিসর্গাৎ আত্মনঃ সংস্থভাবাৎ। তাং প্রসিদ্ধান্, যোষিতং তৈবিদ্রৈঃ ক্রমিকভোগাদ্যোবিভূতাম্, লোককান্তাং স্বর্গবাসিভিঃ স্পৃহিতাম্, প্রিয়ং স্বর্গলন্মীন্, মান্নবেষ্ লোকেষ্, এবাং পঞ্চানামপীক্রাণাম্, ভাষ্যাং ব্যদধাৎ ১০০॥

ভারতভাবদীপঃ

না প্রসাদে চ" ইতি মেদিনী ॥২৪—২৬॥ ত্বাধরো তৃত্থাপ: ॥২৭॥ বীর্য্যেণ শুক্রদারা পুরুষ-মংশভ্তং দত্যাম্। স্বযং তু আদিকাবকত্বাদিহৈব তিষ্ঠেযমিতি ভাব: ॥২৮॥ তেজস্বী ইন্দ্রাংশ: ॥২৯॥ সন্নিসর্গাৎ স্বস্থভাবাৎ। শ্রিষমিতি ক্রোপদী স্বর্গশ্রী: তাম্ ॥৩০॥ তৈ:

বেদব্যাস বলিলেন—"নৃতন ইন্দ্র পূর্ববর্ত্তী ইন্দ্রগণের ঐ কথা শুনিয়া পুনরায মহাদেবকে এই কথা কহিলেন—"আমি দেবগণের কার্য্য সম্পাদন করিবার জন্ম আপন বীর্ঘাদ্বারা উৎপাদিত মংপুত্রকেই ইহাদের পঞ্চম ইন্দ্র করিয়া পাঠাইতে ইচ্ছা করি" ॥২৮॥

সেই পাঁচ জন ইন্দ্রের মধ্যে প্রথমের নাম—বিশ্বভুক্, দ্বিতীয়ের নাম—
ভূতধামা, তৃতীয়ের নাম—শিবি, চতুর্থের নাম—শান্তি এবং পঞ্চমের নাম—
তেজস্বী ছিল ॥২৯॥

ভগবান্ মহাদেব নিজের সংস্বভাববশতঃ তাঁহাদের সেই অভিলাষ পূর্ণ করিবার অঙ্গীকার করিলেন এবং ইহাদেরই ভোগ্য স্বর্গবাসীর লোভনীয স্বর্গলক্ষ্মীকে মনুয়ালোকে উহাদের ভার্য্যা হইবার জন্ম আদেশ করিলেন ॥৩০॥ তৈবেব সাৰ্দ্ধন্ত ততঃ স দেবো জগাম নারায়ণমপ্রমেয়ম্।
অনন্তমব্যক্তমঙ্গং পুবাণং সনাতনং বিশ্বমনন্তরপ্রম্ ॥৩১॥
স চাপি তদ্যদধাৎ সর্ব্বমেব ততঃ সর্ব্বে সংবভূবুর্বরণ্যাম্।
স চাপি কেশো হরিরুদ্বর্হ একং কৃষ্ণমপরক্ষৈব শুক্রম্ ॥৩২॥
তৌ চাপি কেশো নিবিশেতাং যদূনাং কুলে দ্রিয়ো দেবকীং রোহিণীঞ্চ।
তবোবেকো বলদেবো বভূব যোহসো শেতস্তম্য দেবস্য কেশঃ।
কৃষ্ণো দিতীয়ঃ কেশবঃ সংবভূব কেশো যোহসো বর্ণতঃ কৃষ্ণ উক্তঃ ॥৩০॥
যে তে পূর্ববং শক্ররপা নিবদ্ধান্তম্যাং দর্য্যাং পর্ব্বতম্যোত্রস্য।
ইহৈব তে পাগুবা বীর্য্রন্তঃ শক্রম্যাংশঃ পাগুবঃ সব্যসাচী ॥৩৪॥

ভারতকোমুদী

তৈবিতি। তৈঃ পঞ্চভিবেবেক্সিঃ। স দেবঃ শিবঃ। জগাম বামক্সফ্যোবাবির্ভাবার্থম্ ॥৩১॥ স ইতি। স নাবায়ণোহপি ব্যদবাৎ অন্তমতবানিত্যর্থঃ। উদ্বর্হ উৎপাট্যামাস ॥৩২॥ তাবিতি। নিবিশেতাং প্রবিষ্টবস্তো। কেশজাতত্বাদেব কেশব ইত্যাশয়ঃ। নারায়ণ-কেশযোবপি নাবায়ণাত্মকত্বাৎ বামক্সফ্যোবনস্তবিষ্ণুতাবাদিনা শ্রীমন্তাগবতেন সহ ন বিরোধঃ। ষট্পাদমিদং পত্তম্ ॥৩৩॥

য ইতি। তে চত্বার:। দর্য্যাং গুহাযাম্। শক্রশু নবীনেক্রশু। সব্যসাচী অর্জুন: ॥৬৪॥ ভারতভাবদীপঃ

বিশ্বভূগাদিভি:, স দেবো মহাদেব: ॥৩১॥ ব্যদধাৎ বিহিতবান্ আজ্ঞপ্তবানিত্যর্থ:। উদ্ববর্হ উদ্ধৃতবান্ ॥৩২॥ অত্র কেশাবেব বেতোর্নপৌ পাণ্ডবানামিব বামক্লফ্যোবপি প্রকরণ-সঙ্গত্যর্থং সাক্ষাদ্দেববেতস উৎপত্তেববশ্যবক্তব্যস্থাৎ, অতএব দেবক্যাং রোহিণ্যাঞ্চ সাক্ষাৎ কেশপ্রবেশ উচ্যতে, ন তু বস্থদেবে, তথা সতি তু "দেবানাং বেতো বর্ষং বর্ষস্থ রেত ওম্বয়ং" ইত্যাদিশ্রোতপ্রনাড্যা অম্মদাদিবৎ ত্যোবিপি ব্যবধানেন দেবপ্রভবন্থং স্থাৎ, তথা চ—"এতয়ানাবতাবাণাং নিবানং বীজ্মব্যয়ন্" ইতি ভগবতঃ সাক্ষান্মৎস্থাভ্যবতাববীজন্থ-

তৎপরে, যাহার মহিমার ইয়তা করা যায় না, যিনি অনন্ত, অস্পষ্ট, জন্ম-হীন, সর্ব্বাপেক্ষা প্রাচীন, সনাতন, বিশ্বব্যাপক এবং অনন্তমূর্ত্তি—সেই নারায়ণের নিকটে সেই পাঁচ জন ইন্দ্রের সহিত মহাদেব গমন করিলেন ॥৩১॥

নারায়ণও সেই সমস্ত বিষ্যেরই অনুমোদন করিলেন; তথন পঞ্চ ইন্দ্র এবং স্বর্গলন্মী পৃথিবীতে জন্ম গ্রহণ করিলেন। এই সময়ে নারাযণ নিজের একটা শুক্ল কেশ এবং একটা কৃষ্ণবর্ণ কেশ উৎপাটন করিলেন॥৩২॥

সেই কেশ ছুইটা যাইযা যছকুলে দেবকী ও রোহিণীর গর্ভে প্রবেশ করিল। তাহার মধ্যে শুক্লবর্ণ কেশটা বলরাম হইল এবং কৃষ্ণবর্ণ কেশটা কেশব অর্থাৎ কৃষ্ণ হইল॥৩৩॥ এবনেতে পাগুবাং সংবভূবুর্ষে তে রাজন্ ! পূর্ব্বমিদ্রা বভূবুং।
লক্ষাশৈচষাং পূর্ব্বমেবোপদিন্টা ভার্য্যা যৈষা দ্রোপদী দিব্যরূপা ॥৩৫॥
কথং হি স্ত্রী কর্মণোহন্তে মহীতলাৎ সমৃত্তিষ্ঠেদন্যতো দৈবযোগাৎ।
যক্ষা রূপং সোমসূর্য্যপ্রকাশং গন্ধশ্চাম্মাঃ ক্রোশমাত্রাৎ প্রবাতি ॥৩৬॥
ইদঞ্চান্যৎ প্রীতিপূর্বাং নবেন্দ্র ! দদানি তে বরমত্যদ্ভুতঞ্চ।
দিব্যং চক্ষুঃ পশ্য কুন্তীস্থতাংস্তং পূণ্যাদিব্যঃ পূর্ব্বদেহৈরুপেতান্ ॥৩৭॥

ভারতকোমুদী

এবমিতি। লক্ষী: স্বৰ্গশ্ৰী:, এষাং পাণ্ডবম্বপ্ৰাপ্তানামিক্ৰাণাম্, ভাষ্যা ভবিতৃমুপদিষ্টা ॥৩৫॥
অন্তথানুপপত্তিং দৰ্শযতি—কথমিতি। কৰ্মণোহস্তে যজ্ঞাবসানে। অন্ততাংক্তত্ৰ ॥ ৬॥
বাদ্মাত্ৰে জ্ৰপদস্থাবিশ্বাস: স্থাদিতি প্ৰত্যক্ষত এব পঞ্চপাণ্ডবেষ্ পঞ্চেক্ত্ৰং দৰ্শযিতুমাহ—
ইদমিতি। ববং ববভূতম্, অত্যভূতং দিব্যং চকুৰ্দদানীতি সম্বন্ধ:। পূৰ্ব্বদেহে: পূৰ্ব্বপ্তিভি-বেবেক্ত্ৰশারীবৈ: ॥৩৭॥

ভারতভাবদীপঃ

ম্চ্যমানং বিরুধ্যেত, অপি চ কেশবেতসোর্দেহজ্জে সমানেইপি বেতঃপ্রভবত্বে অর্কাক্শ্রোতত্ত্বন মন্ব্যুত্বং পূত্রত্বঞ্চ স্তাৎ। তথা—"রুফস্ত ভগবান্ স্বযন্" ইতি প্রীমন্তাগবতোজিঃ
সঙ্গচ্ছতে। ন চ কেশোদ্ধবণাৎ রুফস্তাপ্যংশত্বং প্রতীয়তে ইতি বাচ্যম্, কেশন্ত দেহাবয়বত্বাভাবাৎ, তত্মাৎ নম্চিবধে কর্ত্তব্যে যথা অপাং কেনে বজ্জ্য প্রবেশঃ, এবং দেবকীবোহিণ্যোর্জিঠবপ্রবেশে কর্ত্তব্যে কেশন্বযেন দারভ্তেন ভগবতঃ কাৎস্যোনবাবির্ভাবো দ্রষ্টব্য ইতি

যুক্তম্ ॥৩৩—৩৬॥ দিবাং ভোতমানং দিবি হিতং বা, সার্ক্জ্যপ্রদন্তাৎ ॥৩০॥ তত্ম রাজঃ

হিমালয়ের সেই গুহার ভিতরে পূর্বেব যে সেই ইন্দ্রবাপী চারিটা পুক্ষ আবদ্ধ ছিলেন, তাঁহারা চারি জনই এই মর্ত্তালোকে যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেব; আর অর্জুন সেই নৃতন ইন্দ্রের অংশ ॥৩৪॥

মহারাজ। পূর্বে যে সেই পাঁচ জন ইন্দ্র ছিলেন, তাঁহারাই এইভাবে পঞ্চ পাগুব হইয়াছেন; আর মহাদেব পূর্বে যে সেই স্বর্গলন্মীকে ইহাদের ভার্যা হইবার আদেশ দিয়াছিলেন, তিনিই এই মনোহরমূর্ত্তি জৌপদী হইয়াছেন॥৩৫॥

এইবাপ দৈবযোগ ব্যতীত যজ্ঞাবসানে কি করিয়া একটা স্ত্রী ভূতল হইতে উঠিতে পারে ? যাহার রূপ চক্র ও সূর্য্যের স্থায় উজ্জ্বল এবং দেহের সৌরভ এক ক্রোশ দূরে বহিত হয় ॥৩৬॥

সে যাহা হউক, মহারাজ! আমি প্রণয়বশতঃ এই আর একটা অত্যন্ত্ত বরস্বরপ দিব্যচক্ষ্ আপনাকে দিতেছি; আপনি দিব্য পুণ্যবশতঃ ভূতপূর্ব ইন্দ্রদেহধারী পাণ্ডবগণকে নিজেই দর্শন ককন" ॥৩৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততো ব্যাদঃ প্ৰমোদাবকর্মা শুচির্বিপ্রস্তপদা তস্ত রাজ্ঞঃ।
চক্ষ্পিব্যং প্রদদৌ তাংশ্চ দর্বান্ রাজাহপশ্যৎ পূর্ব্বদেহৈর্যথাবং ॥৩৮॥
ততো দিব্যান্ হেমকিরীটমালিনঃ শত্রপ্রখ্যান্ পাবকাদিত্যবর্ণান্।
বদ্ধাপীড়াংশ্চারুরূপাংশ্চ যুনো ব্যুঢ়োরস্কাংস্তালমাত্রান্ দদর্শ ॥৩৯॥
দিব্যৈবস্ত্রেররজোভিঃ স্থগদ্ধৈর্মাল্যেশ্চাপ্রোঃ শোভমানানতীব।
দাক্ষাজ্যক্ষান্ বা বদৃংশ্চাপি রুদ্রানাদিত্যান্ বা দর্বগুণোপপন্নান্॥৪০॥
(যুগ্মকম্)

তান্ পূর্বেক্রানভিবীক্ষ্যাভিরূপান্ শক্রাত্মজঞ্চেক্তরপং নিশম্য। প্রীতো বাজা ক্রুপদো বিশ্মিতশ্চ দিব্যাং মায়াং তামবেক্ষ্যাপ্রমেযাম্ ॥৪১॥

ভারতকোমুদী

তত ইতি। তপসা তপোমহিয়া। যথাবৎ ইন্দ্রনপানেবাপশুৎ গবান্ধবন্ধে ॥৩৮॥
ইন্দ্রনপত্মের বর্ণযন্নাহ—তত ইতি। দিব্যান্ স্বর্গীযান্, দেহচ্ছাযান্যননিমেষাদিশূল্যতাদিত্যাশয়:। শক্রপ্রথ্যান্ইন্দ্রতুল্যান্। বদ্ধাপীডন্ ধৃতস্বর্গীয়পুস্পশেখবান্। ব্যুচোবস্কান্ বিশালবক্ষসঃ,
তালমাত্রান্ উদ্ধোত্তোলিতহন্তপ্রমাণান্। এতৎপ্রমাণন্ত পূর্ব্যেবোক্তম্। অবজোভিধূলীশূল্য:।

অগ্রৈয়ঃ শ্রেষ্ঠিঃ। ত্রাক্ষান্ ত্রিলোচনান্। বাশবদ্বযমৌপম্যে, ঔপম্যঞ্চ সর্ব্বদেব-গুণোপপন্নত্বে। "বা স্থাদ্বিকরোপম্যোবেবার্থে চ সমুচ্চযে" ইতি বিশ্বঃ ॥৩৯—৪০॥

তানিতি। পূর্বেক্রান্ পূর্বেক্রচতুষ্ট্যপবিণতিভূতান্, অভিনপান্ মনোজ্ঞান্, তান্ যুধিষ্টিবাদীন্, অভিবীক্ষ্য, শক্রাত্মজ্মর্জুনঞ্চ, ইক্রবেপং নৃতনেক্রমূর্তিম্, নিশম্য দৃষ্টা, দশানার্থে-ভারতভাবদীপঃ

তব্মৈ বাজ্ঞে ॥৩৮॥ বদ্ধাপীড়ান্ পবিহিতালফাবান্। তালমাত্রান্ তালবৃক্ষপ্রমাণান্ ॥৩১—৫৩॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্বনি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে নবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১১০॥

বৈশস্পায়ন বলিলেন—তাহার পর, অদ্ভুতকর্মা শুদ্ধচিত্ত বেদব্যাস তপস্থার প্রভাবে ত্রুপদ রাজাকে দিব্যচক্ষু দান করিলেন, তথন ত্রুপদ রাজা গবাক্ষরন্ত্র দ্বারা সকল পাণ্ডবকেই ভূতপূর্ব্ব ইন্দ্রদেহধারী দেখিলেন ॥৩৮॥

তিনি দেখিলেন—পাগুবগণের স্বর্গীয় মূতি, দেহে ছাযা বা নয়নে নিমেষ নাই, স্থবর্ণের মুকুট ও মালা, ইল্রের স্থায় আকৃতি, অগ্নি ও সূর্য্যের স্থায় উজ্জ্বল বর্ণ, মস্তকে স্বর্গীয় পুল্পের মালা, মনোহর মূর্তি, যৌবন বয়স, বিশাল বন্ধ, স্থদীর্ঘ দেহ, ধূলীশূন্ত স্বর্গীয় বস্ত্র এবং স্থান্ধ উৎকৃষ্ট মাল্য রহিয়াছে; তাহাতে সাক্ষাৎ শিব, বস্থাণ, কল্রগণ ও আদিত্যগণের স্থায় দেবযোগ্য সর্ব্বগুণসম্পান্ন দেখা যাইতেছে ॥৩৯—৪০॥

তাকৈবাগ্র্যাং স্ত্রিযমতিরূপযুক্তাং দিব্যাং দাক্ষাৎ দোমবহ্নিপ্রকাশাম্। যোগ্যাং তেষাং রূপতেজোযশোভিঃ পত্নীং মত্বা হুফবান্ পার্থিবেল্রঃ ॥৪২॥ দ তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্যারূপং জগ্রাহু পাদৌ দত্যবত্যাঃ স্থতস্ত । নৈতচ্চিত্রং পরমর্ষে! ত্বয়ীতি প্রদন্নচেতাঃ দ উবাচ চৈনম্ ॥৪৩॥

ব্যাস উবাচ।

আদীত্তপোবনে কাচিদৃষ্ণে কন্সা মহারুনঃ। নাধ্যগচ্ছৎ পতিং দা তু কন্সা রূপবতী দতী॥৪৪॥

ভারতকোমুদী

হপি, হ্রস্বত্বমার্যম্, দিব্যামপ্রমেষাং তাং তৎপঞ্চকসদ্বিনীম্, মাষাং শক্তিঞ্চাবেক্ষ্য জ্রপদো রাজা প্রীতো বিস্মিতশ্চাসীৎ ॥৪১॥

তামিতি। অগ্র্যাং শ্রেষ্ঠাম্। তাং দ্রোপদীম্, নপতেজোযশোভিন্তেযাং যোগ্যাং পত্নীম্, মত্মা, স্কুটবান্ আনন্দিতো বভূব, পার্থিবেন্দ্রো জপদঃ ॥৪২॥

স ইতি। স জ্ঞপদ:। ইত্যুবাচ চেতি শেষ:। স ব্যাসশ্চ। এনং জ্ঞপদম্ ॥৪৩॥
তথ পঞ্চেলাবভাবাণাং পঞ্চপাগুবানাসন্তিকে পঞ্চেল্রোপাখ্যানাখ্যানে ভেষাং গ্রীষানহন্বাবঃ
ভ্যাদিতি তৎপবিহাবায ব্যাসেন পূর্বং পাগুবানামন্তিকে পঞ্চেল্রোপাখ্যানং নোজ্ঞম্,
কিন্তু পঞ্চানাং ল্লাভূণামেকভা ল্রোপতা বিবাহায কেবলমূবিকভোপাখ্যানমভিহিতম্।
ইদানীন্ত পত্যপেক্ষাযা পত্না অববব্যস্কত্বং দর্শবিতব্যম্, তচ্চ পঞ্চেল্রাণং অর্গলক্ষ্মাশ্চ যুগপভ্রুদ্মিনি ন সম্ভবতীতি অর্গলক্ষ্মা কিঞ্চিদ্বিদ্যতিব্যম্। এবঞ্চ অর্গলক্ষ্মীবেব মধ্যে ঋবিক্তা
ভূত্বা বিলম্বিতবতীতি স্ক্রিভূং তত্নপাখ্যানং পুনব্প্যাহ—আসীদিতি। নাধ্যগচ্ছন্ন লেভে ॥৪৪॥

মনোহরমূর্ত্তি যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেবকে পূর্ব্ব ইন্দ্রমূর্ত্তি দেখিযা এবং অর্জ্জ্নকে নৃতন ইন্দ্রমূর্ত্তি দর্শন করিয়া, আর তাহাদের শক্তিকে অলোকিক ও অনির্বাচনীয় পর্যাবেক্ষণ করিয়া ক্রুপদ রাজা আনন্দিত ও বিস্মিত হইলেন ॥৪১॥

আর, সাক্ষাৎ চন্দ্র ও অগ্নির স্থায় উজ্জ্জলকান্তি, স্বর্গীয়মূর্ত্তি, অতিস্থুন্দরী ড্রোপদীকে বাপ, তেজ ও যশে তাঁহাদেরই উপযুক্ত পত্নী স্বর্গলক্ষ্মী মনে করিয়া দ্রুপদ রাজা আনন্দে অধীর হইলেন ॥৪২॥

ক্রপদ রাজা সেই গুরুতর আশ্চর্য্য ঘটনা দেখিয়া বেদব্যাসের চরণ্যুগল ধারণ করিলেন এবং বলিলেন—"মহর্ষি! আপনাতে ইহা আশ্চর্য্য নহে"। পরে, বেদব্যাস প্রসন্ন হইষা ক্রপদ রাজাকে বলিলেন ॥৪৩॥

বেদব্যাস কহিলেন—"কোন তপোবনে কোন মহর্ষির একটি কন্সা ছিল; সে কন্সাটি স্থন্দরী হইয়াও উপযুক্ত পতি পাইতেছিল না ॥৪৪॥ তোষয়ামাস তপসা সা কিলোগ্রেণ শঙ্করম্।
তামুবাচেশ্ববং প্রীতো র্ণু কামমিতি স্বয়ম্ ॥৪৫॥
সৈবমুক্তাব্রবীৎ কন্সা দেবং বরদমীশ্বরম্।
পতিং সর্ববিশুণোপেতমিচ্ছামীতি পুনঃ পুনঃ ॥৪৬॥
দদৌ তক্তি স দেবেশন্তং বরং প্রীতমানসঃ।
পঞ্চ তে পতয়ো ভদ্রে! ভবিষ্যন্তীতি শঙ্করঃ ॥৪৭॥
সা প্রসাদয়তী দেবমিদং ভূয়োহভ্যভাষত।
একং পতিং গুণোপেতং হুত্তোহ্হামীতি শঙ্কর। ॥৪৮॥
তাং দেবদেবং প্রীতাত্মা পুনঃ প্রাহ শুভং বচঃ।
পঞ্চকুত্বস্থ্যোক্তাহহং পতিং দেহীতে বৈ পুনঃ ॥৪৯॥
তত্তথা ভবিতা ভদ্রে! বচস্তদ্রমস্ত তে।
দেহমন্যং গতায়ান্তে সর্বব্যেতন্ত্রবিশ্বতি ॥৫০॥

ভারতকোমূদী

তোষযামাসেতি। ঈশ্বং শঙ্কব এব। কামং কাম্যবিষযম্ ॥৪৫॥
সেতি। পুনঃ পুনঃ পঞ্চ বাবান্ অব্রবীদিত্যর্থঃ, পবত্র তথাভিধানাৎ ॥৪৬॥
দদাবিতি। ঈদৃশববদানে স্বর্গলক্ষীং প্রতি পূর্বাদেশস্ত স্মবণমেব হেতুবিতি বোধ্যম্ ॥৪৭॥
সেতি। প্রসাদযতী প্রসাদযন্তী। অহামি প্রাপ্ত,্মিতি শেষঃ, দ্বিষা একপতিকত্বনিয়মাৎ ॥৪৮॥

তামিতি। পঞ্চকুত্বঃ পঞ্চ বাবান্। মনৈব পূর্ব্বাদেশবশাদিত্যাশযঃ ॥৪১॥ তদিতি। গতায়াঃ প্রাপ্তাযাঃ। এতদেবৈতৎপ্রসাদনকলমিতি ভাবঃ ॥৫০॥

তাহার পর, সেই কন্সাটী ভয়ঙ্কর তপস্থা করিয়া মহাদেবকে সন্তুষ্ট করিল; তথন মহাদেব সন্তুষ্ট হইয়া নিজেই আসিয়া তাহাকে বলিলেন—"তোমার অভীষ্ট বিষয় প্রার্থনা কর" ॥৪৫॥

মহাদেব এইনপ বলিলে, "আমি সর্ব্বপ্তণসম্পন্ন পতি লাভ করিতে ইচ্ছা করি" এই কথাটী পাঁচ বার বরদাতা মহাদেবের নিকট সে বলিল ॥৪৬॥

তথন মহাদেব সম্ভষ্টচিত্তে তাহাকে সেই বরই দিলেন এবং বলিলেন— "ভদ্রে! তোমার পাঁচটী পতি হইবে" ॥৪৭॥

তথন কন্যাটী মহাদেবকে প্রসন্ন করিয়া পুনরায় এই কথা বলিল যে, "শঙ্কর। আমি আপনার নিকট গুণবান্ একটী পতি প্রার্থনা করি"॥৪৮॥

তথন সন্তুষ্টচিত্ত মহাদেব পুনরায় তাহাকে এই কথা বলিলেন—"ভদ্রে। তুমি 'পতি দিন' এই কথাটী পাঁচ বার আমাকে বলিয়াছ ॥৪৯॥

মহাভারতে

জ্রপদৈষা হি সা জজ্ঞে স্থতা বৈ দেবরূপিণী।
পঞ্চানাং বিহিতা পত্নী কৃষ্ণা পার্ষত্যনিন্দিতা ॥৫১॥
স্বর্গশ্রীঃ পাগুবার্থস্ত সমুৎপন্না মহামথে।
দেহ তপ্তা তপো ঘোরং চুহিতৃত্বং তবাগতা ॥৫২॥
দৈবী কৃচিরা দেবজুফী পঞ্চানামেকা স্বকৃতেনেহ কর্ম্মণা।
স্কী স্বয়ং দেবপত্নী স্বয়ন্তুবা শ্রুত্বা বাজন্! দ্রুপদেন্টঃ কুরুষ ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যামাদিপর্বাণি বৈবাহিকে
পঞ্চেল্রোপাখ্যানে নবত্যধিকশতভ্যোহধ্যায়ঃ॥০॥ **

----<u>2</u>#2---

ভারতকৌসুদী

জ্বপদেতি। সা দেবনপিণী ঋষিকস্তা। পৃষতভাগত্যং পৌত্রী পার্যতী ॥৫১॥
তথ কাসৌ দেবনপিণীত্যাহ—স্বৰ্গশ্রীবিতি। স্বৰ্গশ্রী:, মধ্যে সা ঋষিকতা ভূত্মা, ঘোবং তপত্তপ্ত্মা,
ইহ পাণ্ডবার্থং মহামথে সমুৎপন্না সতী, তব ছহিত্ত্মাগতা ॥৫২॥

সেতি। দেবৈজু ষ্টা স্বৰ্গলক্ষীত্বাদেব সেবিতা। দেবানাং পঞ্চানামিদ্রাণাং পত্নী কুত্বৈব স্বয়ন্ত্রবা ব্রহ্মণা স্বয়ং স্ষ্টো। ইষ্টং পঞ্চত্য এব দানমদানং বা ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবত-টাকাযাং ভারতকোমুদীসমাথ্যাযামাদিপর্ব্ধণি বৈবাহিকে নবত্যবিকশততমোহধ্যায়ঃ ॥॰॥

স্থতরাং সে বাক্য সেইনপই হইবে, তোমার মঙ্গল হউক, জন্মান্তরেই তোমার পঞ্চ পতি হইবে"॥৫০॥

ক্রপদ রাজা। দেবকপিণী সেই খাষিকস্তাই আপনার কন্তা ক্রোপদী হইষা জন্মিয়াছেন এবং এই অনিন্দ্যস্থন্দরী পৃষতপোত্রী ক্রোপদীকেই বিধাতা পঞ্চ পাগুবের পত্নী বিধান করিয়াছেন ॥৫১॥

সেই স্বর্গলক্ষী মধ্যে ঋষিক্তা হইয়া, ঘোরতর তপস্তা করিয়া, পাগুবগণের জন্ম মহাযজ্ঞে উৎপন্ন হইয়া এখন আপনার কন্তা হইয়াছেন ॥৫২॥

জ্ঞপদ রাজা। পরমস্থলরী দেবদেবিতা সেই দেবী স্বর্গলক্ষীকেই তাঁহার কর্ম্ম অনুসারে পঞ্চ পাগুবের একমাত্র পত্নীরূপে স্বয়ং বিধাতা স্বষ্টি করিয়াছেন; ইহা শুনিয়া আপনার যাহা ইচ্ছা, তাহাই করিতে পারেন"॥৫৩॥

----%株%----

^{* &#}x27;···পঞ্চনবত্যধিক ··', ' - সপ্তনবত্যধিক ···', ' · নবনবত্যধিক ', ' চতুর্দিশাধিক-দ্বিশত্তমঃ ··', ইতি পাঠান্ত্বাণি।

একনবত্যধিকশতত্বোইধ্যায়ঃ।

-- 202--

দ্রুপদ উবাচ।

শ্রুত্বা বচন্তথ্যমিদং মহার্থং নফপ্রমোহোহিন্ম মহানুভাব!।
ন বৈ শক্যং বিহিতস্থাপযানং তদেবেদমুপপনং বিধানম্॥১॥
দিফস্য গ্রন্থিনবর্ত্তনীয়ঃ স্বকর্মণা বিহিতং নেহ কিঞ্ছিং।
কৃতং নিমিত্তং হি ববৈকহেতোন্তদেবেদমুপপন্নং বহুনাম্॥২॥
যথৈব কৃষ্ণোক্তবতী পুরস্তান্নিকান্ পতীন্ মে ভগবান্ দদাতু।
স চাপ্যেবং বর্মিত্যব্রবীত্তাং দেবো হি বেতা পরমং যদত্র॥৩॥

ভারতকোমুদী

শ্রুতি। মহার্থং সন্দেহনিবাসেন গুরুতববিষয়সম্পাদকম্। ঈশ্ববেণ বিহিতস্ত বিষয়স্ত, অপযানং নিবর্ত্তনম্, মান্নষেণ কর্ত্তুং ন শক্যম্। তক্তমাদেব, ইদং বিধানং পঞ্চত্য এব ক্রোপত্তা দানম্, উপপন্নং যুক্তম্॥১॥

দিষ্টভোতি। দিষ্টভা দৈবন্ত, গ্রন্থি: কাষ্ঠাদিগ্রন্থিবদ্চসম্বন্ধ:, মান্থবেণানিবর্ত্তনীয়:। অতএবেহ জগতি, মান্থবেণ স্বকর্মণা নিজচেষ্ট্রযা, কিঞ্চিদপি বিহিতং ভবিতুং নার্হতি। তথাহি
ববৈকহেতোবেকবরার্থম্, নিমিত্তং লক্ষ্যভেদরূপং কাবণং ক্লতম্, তদেবেদং বহুনাং বিবাহায
উপপন্ধং সম্পন্নম্ ॥২॥

যথেতি। ক্বফা প্রস্তাৎ প্র্রজন্মনি, নৈকান্ অনেকান্ পঞ্চেত্যর্থঃ, পতীন্ মে ভগবান্ শিবো ভবান্ দদাতু ইতি যথা উক্তবতী পঞ্চবাবপ্রার্থনিয়া স্পষ্টমেবাস্ট্রফিন্তার্থঃ; স ভগবানপি, ইত্যুক্তরূপেণ, তামৃষিক্ত্যাম্, এবং ববমব্রবীৎ। হি তন্মাৎ, স দেব এব, অত্র বিষয়ে যৎ পরমং সাধু, তৎ, বেত্তা জানাতি। নাহমিতি ভাবঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

শ্রুতি। বিহিতশ্র দৈবোপস্থাপিতশ্র অপ্যান্য্ অপেক্ষা তদেব বিধানং প্রাক্কতম্

জ্ঞপদ বলিলেন—"মহাত্মন্। আপনার এই সত্য বাক্য শ্রেবণ করিয়া আমার মোহ দ্রীভূত হইয়াছে। ঈশ্বরবিহিত বিষয়ের নিবৃত্তি করা মানুষের শক্তি-শাধ্য নহে, অত এব জ্রৌপদীকে পঞ্চ পাগুবের হস্তে দান করাই সঙ্গত ॥১॥

দৈবের ঘটনা অত্যন্ত দৃঢ, স্থতরাং মানুষ তাহার নিবৃত্তি করিতে পারে না; অতএব জগতে মানুষ নিজের চেষ্টায় কিছুই করিতে পারে না। কারণ, আমি একটা বরের জন্ম যে লক্ষ্যভেদ পণ করিয়াছিলাম, তাহাই এখন বহু বরের পণে দাঁড়াইল॥২॥

⁽১) অশ্রুত্বিং বচনং তে মহর্ষে। ময়া পূর্বাং যতিতং সংবিধাতুম্···। (২) ·· উপপন্নং বিধানম্।

যদি চৈবং বিহিতং শঙ্করেণ ধর্ম্মোহধর্ম্মো বা নাত্র মমাপবাধঃ। গৃহুস্থিমে বিধিবৎ পাণিমস্থা যথোপজোষং বিহিতৈষাং হি কৃষ্ণা॥৪॥ ব্যাস উবাচ।

নায়ং বিধির্মানুষাণাং বিবাহে দেবা ছেতে দ্রোপদী চাপি লক্ষ্মীঃ। প্রাক্ কর্ম্মণঃ স্ত্রকৃতাৎ পাগুবানাং পঞ্চানাং ভার্য্যা দেবদেবপ্রসাদাৎ ॥৫॥ তেষামেবায়ং বিহিতঃ স্থাদ্বিবাহো যথা ছেষ দ্রোপদীপাগুবানাম্। অন্যেষাং নৃণাং যোষিতাঞ্চ ন ধর্মঃ স্থান্মানবোক্তো নবেন্দ্র ! ॥৬॥

ভারতকৌমুদী

যদীতি। তদা ধর্মো২ধর্মো বা ভবছিতি শেষ:। অত্যাধর্মে২পি সতি মমাপবাধো নান্তি ইমে পকৈব পাওবা:। যথা যতঃ, ঈশ্ববেণ উপজোষং মাতুষনিযমং লজ্মযিত্বা, কুঞা এষাং পঞ্চানামেব পাওবানাম, পত্নী বিহিতা। "জোষং স্থাথে প্রশংসায়াং তৃফীং লজ্মনযোবপি" ইতি বিশ্ব: ॥৪॥

নেতি। এতে পাওবা:। লক্ষ্মী: স্বৰ্গশ্ৰী:। দেবদেবপ্ৰসাদাদীশ্বনান্ত্ৰহাৎ ॥৫॥
তেষামিতি। তেষাং দেবানাম্। তৰ্হি নৃণাং কো ধর্ম ইত্যাহ—মানবে ধর্মশান্ত্রে উক্ত
এব বিবাহধর্ম: ॥৬॥

ভারতভাবদীপঃ

উপপন্ন: কর্ত্ত্যু ॥১॥ গ্রন্থিপনা, স্বকর্মণা ইদানীস্তনেন, বিহিতং সিদ্ধম, নিমিজং

জৌপদী পূর্বজন্ম সহাদেবের নিকট স্থস্পষ্টভাবে জানাইয়াছিলেন যে, 'আপনি আমাকে পাঁচটী পতি দান ককন'; মহাদেবও এইরপ বরই তথন তাঁহাকে দিয়াছিলেন; স্মৃতরাং এ বিষয়ে যাহা ভাল, তাহা তিনিই জানেন ॥৩॥

যদি মহাদেবই এইকপ বিধান করিয়া থাকেন, তবে ইহাতে ধর্মই হউক বা অধর্মই হউক, তাহাতে আমার কোন অপরাধ নাই। যথন তিনিই মনুষ্মের নিয়ম লজ্মন করিয়া জৌপদীকে পঞ্চ পাগুবের পত্নী বিধান করিয়াছেন, তথন ইহারা পাঁচ জনেই যথাবিধানে ইহার পাণি গ্রহণ ককন"॥৪॥

বেদব্যাস বলিলেন—"মনুয়্যের বিবাহে একপ বিধান নাই; ভবে পাণ্ডবেরা দেবতার অবতার, জৌপদীও স্বর্গলক্ষীর অবতার; স্থতরাং পূর্বে-সুকৃতিবশতঃ এবং মহাদেবের অনুগ্রহে এক জৌপদী পঞ্চ পাণ্ডবের ভার্যা হইবেন ॥৫॥

দেবতাদেরই এইবাপ বিবাহ বিহিত আছে; স্মৃতরাং দেবতাদের বলিযাই জৌপদী ও পঞ্চ পাশুবের এই বিবাহ হইতেছে; কিন্তু মহারাজ। অন্য

⁽৪)…বিহিত: শঙ্কবেণ । (৫) ইত্যাদয় ত্রয় শ্লোকা: কতিপ্যপুস্তকে ন সন্তি।

বৈশম্পায়ন উবাচ।

তত আজগ্মতুস্তত্ৰ তো ব্যাসক্ৰপদাবুভো। কুন্তী সপুত্রা যত্রান্তে ধৃষ্টত্ন্যুদ্দদ পার্ষতঃ ॥৭॥ ততোহত্রবীত্তগবান্ ধর্মরাজং পুণ্যাহমত্যৈব যুধিষ্ঠিরেতি। অত্য পৌষ্যং যোগমুপৈতি চক্রমাঃ পাণিং কৃষ্ণায়াস্ত্রং গৃহাণাত্য পূর্ব্বম্ ॥৮॥ এবমুক্ত্যা ধর্মারাজং ভীমাদীনপ্যভাষত। ক্রমেণ পুরুষব্যাঘ্রাঃ! পাণিং গৃহুন্ত পাণিভিঃ॥৯॥

বৈশস্পায়ন উবাচ।

ততো বাজা যজ্ঞদেনঃ সপুত্রো জন্যার্থমূক্তং বহু তত্তদগ্র্যম্। স্থসজ্জ্যামাস স্থতাঞ্চ কৃষ্ণামাপ্লাব্য রত্নৈর্বহুভির্বিভূষ্য ॥১০॥

ভারতকৌমূদী

তত ইতি। আন্তে তিষ্ঠতি শ্ব। পৃষ্তস্থাপত্যং পৌত্র ইতি পার্বতঃ ॥৭॥ তত ইতি। ভগবান্ ব্যাসঃ, ধর্মবাজং যুধিষ্ঠিবম্। পোষ্যস্ত পুত্রস্তাযমিতি পৌষ্যস্তং পুত্রোৎপত্তিস্টকমিত্যর্থ:। পূর্বং প্রথমম্, তবৈব জ্যেষ্ঠহাদিতি ভাবঃ ॥৮॥

এবমিতি। অভাষত ভগবানিত্যহকর্ম:। পুক্ষব্যাদ্রা ভবন্ত:। পাণিং রুঞ্চাযা:॥১॥ তত ইতি। জন্তার্থং বববধূনিমিত্তম্, "জন্তো বববধূজাতিপ্রিযভ্ত্যহিতে২পি চ" ইতি বিশ্ব:। উক্তং প্রাক্ কথিতম্, অগ্র্যং শ্রেষ্ঠম্, তত্তৎ বহু বসনভূষণাদি দ্রব্যমানিনাষেতি শেষ:। আপ্লাব্য স্বপযিত্বা ॥১০॥

মানুষের পক্ষে ইহা ধর্ম নহে, মনুসংহিতাপ্রভৃতি ধর্মশাস্ত্রোক্ত ধর্মই মানুষের ধৰ্ম্ম" ॥৬॥

বৈশস্পায়ন বলিলেন—তাহার পর, পুত্রগণের সহিত কুম্ভী এবং ধৃষ্টগ্রায় যেথানে ছিলেন, সেইখানে বেদব্যাস ও ক্রপদ রাজা আগমন করিলেন ॥৭॥

তদনন্তর বেদব্যাস যুধিষ্ঠিরকে বলিলেন—"যুধিষ্ঠির। অভাই শুভ দিন; কেন না, অন্ত চন্দ্র পুত্রোৎপাদক যোগে রহিয়াছেন; স্থতরাং অন্ত তুমিই প্রথমে জৌপদীর পাণি গ্রহণ কর" ॥৮॥

যুধিষ্ঠিরকে এইৰূপ বলিয়া তিনি ভীমপ্রভৃতিকেও বলিলেন যে—"হে পুক্ষ-শ্রেষ্ঠগণ। তোমরা ক্রমশঃ আপন আপন পাণি দারা দ্রৌপদীর পাণি গ্রহণ কর্" ॥৯॥

তাহার পর, ত্রুপদ রাজা ধৃষ্টগুয়ের সহিত মিলিত হইয়া বর ও কন্সার জন্ম

⁽৮) --- অতৈত্ব পুণ্যেংহনি পাণ্ডবেষ।। -- অতৈত্ব পুণ্যাহম্ত বঃ পাণ্ডবেষাঃ - । অত পৌষীযোগম্, অন্ত পৌষযোগম্ ।। (১) অষং শ্লোকঃ কচিন্নান্তি। (১০) । প্ৰমৰ্থবামাস । স্থতাঞ্চ কৃষ্ণাম---।

ততস্ত দর্বে স্থলনে নৃপস্ত সমাজগাঃ দহিতা মন্ত্রিণশ্চ।

দ্রুষ্ট্রং বিবাহং পরমপ্রতীতা দ্বিজাশ্চ পৌরাশ্চ যথাপ্রধানাঃ॥১১॥

ততোহস্ত বেশ্মাগ্রাজনোপশোভিতং বিস্তীর্ণপদ্মাৎপলভূষিতাজিরম্।

বলোঘবত্নোঘবিচিত্রমাবভৌ নভো যথা নির্মালভারকান্বিতম্॥১২॥

ততস্ত তে কৌববরাজপুত্রা বিভূষিতাঃ কুণ্ডলিনো যুবানঃ।

মহার্হবন্ত্রাম্বরচন্দনোক্ষিতাঃ কৃতাভিষেকাঃ কৃতমঙ্গলক্রিয়াঃ॥১০॥

পুবোহিতেনাগ্রিসমানবর্চ্চদা দহৈব ধৌম্যেন যথাবিধি প্রভো!।

ক্রমেণ দর্বেব বিবিশুস্ততঃ দদো মহর্ষভা গোষ্ঠমিবাভিনন্দিনঃ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

তত ইতি। নৃপস্থ জ্ঞপদস্থ। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ। প্ৰমপ্ৰতীতা অত্যন্তানন্দিতাঃ। প্ৰধানান্তন্তিক্ৰম্যেতি যথাপ্ৰধানাঃ পুৰস্কৃতপ্ৰধানজনা ইত্যৰ্থঃ ॥১১॥

তত ইতি। অশু ক্রপদশু, বেশা সোধম্, অগ্র্যজনৈ: প্রধানলোকৈকপশোভিতম্, বিস্তীর্ণি: পদ্মোৎপলৈভূষিতানি অজিবাণি চত্ববাণি যশু তৎ ॥১২॥

তত ইতি। তে যুধিষ্টিবাদয়:। মহাহাণি মহামূল্যানি বন্ধাণি অম্ববং আকাশবং স্ক্ষাণি যেষাং তে চ তে চন্দনোক্ষিতাশ্চেতি তে, ক্তোইভিষেকঃ স্নানং থৈন্তে, ক্তা মঙ্গলক্ৰিয়া দেবপূজাদিকা থৈন্তে। সদো বিবাহসভাম্। মহর্ষভা মহাব্যভাঃ। অভিনন্দিনো গুরু-জনানভিবাদযন্তঃ ॥১৩ – ১৪॥

নির্বাচিত সেই সকল উৎকৃষ্ট দ্রব্য আন্যন করিলেন এবং জৌপদীকে স্নান করাইয়া ও নানাবিধ রত্নালঙ্কারে অলঙ্কৃত করিয়া স্কুসজ্জিত করিলেন ॥১০॥

তাহার পর, ক্রপদ রাজার বন্ধুগণ, মন্ত্রিগণ, ব্রাহ্মণগণ ও পুরবাসিগণ সম্মিলিত হইয়া, প্রধান প্রধান ব্যক্তিকে অগ্রবর্ত্তী করিয়া, আনন্দিত চিত্তে বিবাহ দেথিবার জন্ম উপস্থিত হইলেন ॥১১॥

পূর্বেই ভূত্যেরা পদ্ম ও উৎপল বিক্ষিপ্ত করিয়া উঠানগুলিকে ভূষিত করিয়াছিল, সৈন্থাগণ উজ্জ্বনবেশে নানাস্থানে অবস্থান করিতেছিল এবং বহুস্থানে উজ্জ্বল রত্ম সকল সন্নিবেশিত হইয়াছিল, আর তৎকালে প্রধান প্রধান
ব্যক্তিরা উজ্জ্বল বেশে আসিয়া শোভা বৃদ্ধি করিয়াছিলেন; স্থৃতরাং ক্রপদ
রাজার বাড়ীথানি তথন নির্মাল-নক্ষত্রযুক্ত আকাশের স্থায় শোভা পাইতে
লাগিল ॥১২॥

তাহার পর, যুধিষ্ঠিরপ্রভৃতি রাজপুত্রগণ স্নান ও মাঙ্গলিক কার্য্য সম্পাদনপূর্বেক কুণ্ডলপ্রভৃতি সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত হইয়া, আকাশের স্থায়
মহামূল্য বস্ত্র পরিধান করিয়া এবং চন্দনতিলকে সজ্জিত হইয়া, গুরুজনদিগকে
নমস্কার করিতে করিতে, মহাব্যেরা যেমন গোষ্ঠে প্রবেশ করে, সেইকপ অগ্নির

ততঃ সমাধায় স বেদপারগো জ্হাব মদ্রৈজ লিতং হুতাশনম্।

যুধিষ্ঠিরঞ্চাপ্যুপনীয় মন্ত্রবিদিযোজয়ামাস সহৈব রফয়া ॥>৫॥

প্রদাক্ষণং তৌ প্রগৃহীতপানী সমানযামাস স বেদপাবগঃ।

বিপ্রাংশ্চ সন্তর্প্য যুধিষ্ঠিবো ধনৈর্গোভিশ্চ রক্তর্মবিবিধেশ্চ পূর্বম্ ॥>৬॥

তদা স রাজা ক্রুপদস্থ পুত্রিকা-পাণিং প্রজগ্রাহ হুতাশনাগ্রতঃ।

ধৌম্যেন মন্ত্রৈবিধিবদ্ধুতেহয়ৌ সহায়িকল্প ঋষিভিঃ সমেত্য ॥>৭॥ (যুগ্মকম্)

ততোহন্তরিক্ষাৎ কুন্থমানি পেতুর্ববৌ চ বায়ুঃ ন্থমনোজ্ঞগন্ধঃ।

ততোহন্তরক্ষাৎ কুন্থমানি পেতুর্ববৌ চ বায়ুঃ ন্থমনোজ্ঞগন্ধঃ।

ততোহন্তরক্ষাণ্য সমাজশোভিতং যুধিষ্ঠিরং রাজপুবোহিতন্তদা ॥>৮॥

বিপ্রাংশ্চ সর্বান্ ন্থন্থদন্য রাজঃ সমেত্য বাজানমদীনসত্তম্।

জগাদ ভূয়োহপি মহানুভাবো বচোহর্থযুক্তং মনুজেশ্বং তম্ ॥>৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। সমাধায় সংস্থাপ্য, স ধৌম্যপুবোহিতঃ। ক্বফ্যা দ্রোপন্থা ॥১৫॥
প্রদক্ষিণমিতি। তে ক্বফায়ুধিষ্টিবো। সমান্যামাস আনিনায়, স ধৌম্যঃ। পুত্রিকায়।
ন্তন্যায়াঃ পাণিং জগ্রাহ মন্ত্রপাঠপূর্ব্বকং তাং পবিণিনায়েত্যর্থঃ। পুনর্হোম উদীচ্যান্তন্থঃ।১৬—১৭॥

তত ইতি। অভ্যন্তজ্ঞাপ্য ভীমাদীনাং বিবাহায়াভ্যন্তজ্ঞাং কার্যিস্থা। অদীনসন্ত্য্ অনল্লা-ধ্যবসায়ম্। মহাত্মভাবো বাজপুবোহিতো ধৌম্যঃ ॥১৮—১১॥

তুল্য তেজস্বী ধোম্য পুরোহিতের সহিত ক্রমশঃ বিবাহসভাষ প্রবেশ করিলেন ॥১৩—১৪॥

তদনন্তর বেদপারদর্শী ও মন্ত্রজ্ঞ ধৌম্য পুরোহিত প্রজ্ঞলিত অগ্নি স্থাপন করিয়া মন্ত্রপাঠপূর্বক হোম করিলেন এবং যুধিষ্ঠিরকে নিয়া জৌপদীর সঙ্গে সন্মিলিত করাইলেন ॥১৫॥

তৎপরে, জৌপদী ও যুধিষ্ঠির পরস্পর হস্ত ধারণ করিলে, ধৌম্য পুরোহিত তাঁহাদিগকে অগ্নি প্রদক্ষিণ করাইলেন; তাহার পর, যুধিষ্ঠিরই প্রথমে ধন, গক ও নানাবিধ রত্ন দারা ব্রাহ্মণগণকে সম্ভষ্ট করিয়া, অগ্নির সম্মুখে জৌপদীর পাণিগ্রহণ করিলেন; তখন ধৌম্য পুরোহিত অগ্নিকল্প ঋষিগণের সহিত মিলিত হইয়া হোম সমাপন করিলেন ॥১৬—১৭॥

তাহার পর, আকাশ হইতে পুষ্পর্ষ্টি হইতে লাগিল এবং দৌরভযুক্ত বাযু বহিত হইতে থাকিল। তদনন্তর রাজপুরোহিত মহাত্মা ধৌম্য যুধিষ্টিরের অনুমতি লইযা, ব্রাহ্মণগণ, ক্রপদ রাজার বন্ধুগণ এবং ক্রপদ রাজার নিকট

⁽১৬) শ্লোকশু দিতীয়াৰ্দ্ধমারভ্য চন্দাব: শ্লোকা: ক্তিপয়পুস্তকে ন দৃখন্তে।

গৃহুত্ত্বথান্তে নবদেবক্তা-পাণিং যথাবন্ধবদেবপুত্রাঃ।
তমভ্যনন্দদ্দ্রপদন্তথা দ্বিজং তথা কুরুষেতি তমাদিদেশ ॥২০॥
ক্রমেণ চান্তে চ নরাধিপাত্মজা বরস্ত্রিয়ান্তে জগৃহুঃ করং তদা।
ত্মহত্তহুত্ত্বমন্ধপাবিশো মহারথাঃ কৌবববংশবর্দ্ধনাঃ॥২১॥
ইদঞ্চ তত্রাদ্ভুতন্ধপযুত্তমং জগাদ বিপ্রধিরতীত্যানুষ্য্।
মহানুভাবা কিল সা স্থমধ্যমা বভূব কন্তৈব গতে গতেহহনি॥২২॥

পতিশ্বশুরতা জ্যেষ্ঠে পতিদেবরতাহমুজে। মধ্যমেষু চ পাঞ্চাল্যান্ত্রিতয়ং ত্রিতয়ং ত্রিষু॥২৩॥ ভারতকৌমুদী

গৃহুদ্বিতি। অত্যে ভীমাদযো নবদেবপুত্রা বাজপুত্রাঃ, নবদেবকগ্যাযা বাজকগ্যাযা দ্রোপগ্যাঃ পাণিং গৃহুদ্বিত্যন্ত্মতিপ্রার্থনা। অভ্যনন্দৎ প্রশংসিতবান্, অন্ত্মতিপ্রার্থনযা গ্যাযান্ত্সবণাৎ ॥২০॥

ক্রমেণেতি। অত্যে ভীমাদয়:। ববস্ত্রিয়া উত্তমাঙ্গনায়া দ্রোপন্তা:। অহন্তহনি প্রথবদিনে, "একোদ্বপ্রস্থানামেকশ্মিমণি বাসবে। বিবাহো নৈব কর্ত্তব্যে গর্গস্থ বচনং যথা॥" ইতি বৃহস্পতিবচনাৎ "যুগ্মমোদ্বাহিকং বর্জ্যম্" ইতি শ্বভাস্তব্বচনাচ্চেতি ভাবঃ॥২১॥

অথ "কুমার্য্যাঃ পাণিং গৃহ্লীষাৎ" ইতি পাবস্কবাদিনা কল্যায়া এব পাণিগ্রহণবিধানাৎ যুধিষ্টিববিবাহেনৈব চ তল্পাঃ কল্যাত্বলোপাৎ কথং পুনর্ভীমাদীনাং তল্পা এব বিবাহ ইত্যাহ — ইদমিতি। বিপ্রার্থিবসাধাবণতপঃপ্রভাবশালী ব্যাসঃ, ইদং 'ত্বমিদানীং পুনঃ কল্পা ভব' ইতি বাক্যং জগাদ। মহাত্বভাবা তল্মাত্বাক্যাৎ দেবাবভারত্বাচ্চ অত্যন্তপ্রভাবশালিনী সাহ্মমধ্যমা প্রোপদী, অহনি তত্ত্বিবাহদিনে গতে গতে সতি, কল্পৈব বভ্ব। অতো ভীমাদীনাং তির্বাহে ন দোর ইতি ভাবঃ ॥২২॥

যাইয়া, পুনরায় এই স্থায়সঙ্গত কথা তাহাদিগের নিকট জিজ্ঞাসা করি-লেন—॥১৮—১৯॥

"অপর রাজপুত্রেরা এখন যথাবিধানে রাজকন্তার পাণি গ্রহণ ককন"। তখন দ্রুপদ রাজা তাঁহাকে প্রশংসা করিয়া বলিলেন—"তাহাই ককন"॥২০॥

তদনন্তর, উত্তমবেশধারী মহারথ ভীমপ্রভৃতি রাজপুত্রেরা যথাক্রমে পর পর দিনে জ্রৌপদীর পাণি গ্রহণ করিলেন ॥২১॥

যুধিষ্ঠিরের বিবাহ হইয়া গেলে, প্রত্যহই প্রাতঃকালে ব্রহ্মর্যি বেদব্যাস অভূত, অলোকিক ও উত্তম এইবাপ বাক্য জৌপদীকে বলিতেন যে, "তুমি আবার ক্যাহও"। তাহাতেই মহাপ্রভাবশালিনা জৌপদী সেই সেই বিবাহের দিন অতীত হইলেই ক্যা হইয়া যাইতেন ॥২২॥

⁽২২)---জগাদ দেবর্ষি:--। (২৩) এষ শ্লোকোইপি সর্বপৃস্তকে নান্তি।

কৃতে বিবাহে জ্রপদো ধনং দদে মহাবথেভ্যে বহুরূপমূত্তমম্ ।
শতং রথানাং বরহেমমালিনাং চতুরুজাং হেমথলীনশালিনাম্ ॥২৪,।
শতং গজানামপি পদ্মিনাং তথা শতং গিবীণামিব হেমশৃঙ্গিণাম্ ।
তথৈব দাসীশতমগ্র্যোবনং মহার্হবেশাভরণাম্বরস্রজ্ঞম্ ॥২৫॥

ভারতকোমুদী

অথ কৃষ্ণাযাং পাণ্ডবেষ্ প্রত্যেকং কীদৃশঃ সম্বন্ধ আসীদিত্যাহ—পতীতি। অত্র শ্বন্ধব-পদং শ্বন্ধবিদ্যাননীয়বাৎ পত্যুজ্যেষ্ঠল্রাতৃপবম্। স চ ল্রাতৃগণ্ডব ইত্যুচ্যতে দাযভাগাদিষ্ তথা দর্শনাৎ। দেববপদক্ষ পত্যুঃ কনিষ্ঠল্রাতৃপবম্। তথা চ জ্যেষ্ঠে যুধিষ্ঠিবে, পাঞ্চাল্যা ক্রোপ্যাঃ, পতিশ্বন্ধবতা, পবিণযাৎ পতিবং পতিভূতভীমাদিজ্যেষ্ঠল্রাতৃত্বাক্ত ল্রাতৃশ্বন্ধবতা, ন পুনর্দেববন্ধং কুতোইপি, তল্প সর্বজ্যেষ্ঠল্বাৎ। অন্তল্প কনিষ্ঠে সহদেবে, পতিদেববতা পবিণযাৎ পতিত্বম্, পতিভূতভীমাদিকনিষ্ঠল্রাতৃত্বাক্ত দেববন্ধম্, ন পুত্রল্রাতৃশ্বন্ধবন্ধং কুতোইপি, তল্প সর্বকিনিষ্ঠিয়াৎ। মধ্যমেষ্ চ ত্রিষ্ ভীমার্জ্ক্ননকুলেষ্, ত্রিত্বং ত্রিত্বম্—পতিবং ল্লাতৃশ্বন্ধবন্ধতি ত্রন্ধং ত্র্যমেবাসীৎ। তথা চ ভীমে পবিণ্যাৎ পতিত্বম্, অর্জ্ক্নাত্ত-পেক্ষ্যা জ্যেষ্ঠন্বাদ্লাতৃশ্বন্ধবন্ধ্য্, যুধিষ্টিবতঃ কনিষ্ঠল্রাত্বাক্ত দেববন্ধমিতি। এবমর্জ্ননকুলেয়া প্রত্যাক্ষ্ম॥২৩॥

ক্বত ইতি। মহাবথেভ্যঃ পাণ্ডবেভ্যঃ। চতুর্জাম্ অশ্বচতুষ্ট্যযুক্তানাম্, হেমখলীনৈ: স্থবর্ণকবিকাভিঃ শালন্ত ইতি তেয়াম্। "কবিকা তু খলীনোংস্ত্রী" ইত্যমবঃ ॥২৪॥

শভমিতি। পদ্মিনাং পদ্মাকাবশিবোভ্ষণযুক্তানাম্। হেমশৃঙ্গিণাং স্বর্ণমযশিথরশালি-নাম্, গিবীণাং পর্ব্বতানামিব। অগ্যাণি উত্তমানি যৌবনানি যশু তৎ। দদাবিত্যস্কর্ষঃ। অকৃশবাদংপ্রত্যয় আর্যঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তপঃ ॥২—৭॥ পৌষ্যং পু্যাভ্যনেনেতি তং ন তু পু্যাং তস্থাবৈবাহিকত্বাৎ, পৌষ্পমিতি পাঠে পুষ্পায় হিতং বহুসন্ততিপ্রদমিত্যর্থঃ। হে আগু! হে জ্যেষ্ঠ। ॥৮—২৩॥ চতুর্মুজামখ-চতুষ্ট্যযুজাম্, হেমমযং খলীনমশ্বমুখস্থং নিযামকং "লগাম" ইতি ভাষষা প্রসিদ্ধম্, ব্যপ্রসঙ্গাৎ

যুধিষ্ঠির জোপদীর পতি ও কেবল ভাস্থর হইলেন এবং সহদেব তাঁহার পতি ও কেবল দেবর হইলেন, আর ভীম, অর্জ্ঞ্ন ও নকুল—ইহারা প্রত্যেকেই তাঁহার পতি, ভাস্থর ও দেবর হইলেন ॥২৩॥

বিবাহ হইযা গেলে, জ্রপদ রাজা পাগুবগণকে নানাবিধ উৎকৃষ্ট ধন এবং এক শত রথ যৌতুক দিলেন; তাহার প্রত্যেক রথে সোণার ঝালর ও সোণার লাগাম-যুক্ত চারিটী করিয়া অশ্ব ছিল ॥২৪॥

স্বর্ণময-শৃঙ্গযুক্ত এক শত পর্ব্বতের স্থায স্বর্ণপদ্মভূষিত এক শত হস্তী এবং

⁽२8) .. ट्रमथनीनमानिनाम्।

পৃথক্ পৃথক্ দিব্যদৃশাং পুনর্দদৌ তদা ধনং সৌমকিরগ্নিদাক্ষিকম্।
তথৈব বন্ত্রাণি বিভূষণানি প্রভাবযুক্তানি মহানুভাবঃ ॥২৬॥
কৃতে বিবাহে তু ততন্ত পাগুবাঃ প্রভূতবত্নামুপলভ্য তাং প্রিবম্।
বিজহু বিক্রপ্রতিমা মহাবলাঃ পুবে তু পাঞ্চালনৃপস্থ তস্ত হ ॥২৭॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্যাং সংহিতায়াং বৈযাদিক্যামাদিপর্বাণি বৈবাহিকে
দ্রোপদীবিবাহে একনবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ **

----°#° ---

ভারতকৌমুদী

পৃথগিতি। দিব্যদৃশাং স্থলবন্যনানাং দাসীনাং শত্মিত্যন্থকর্ব:। সৌমকিজপদ: ॥২৬॥ কৃত ইতি। প্রভূতানি প্রচুবাণি বত্মানি বত্মালদাবা যন্তান্তান্, শ্রিষং স্বর্গশ্রিয়োহবতাবভূতাং ক্রোপদীম্। ইক্রপ্রতিমা ইক্রতুল্যাঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভারতটীকায়াং। ভাবতকোমূদীসমাথ্যাযামাদিপর্বনি বৈবাহিকে একনবত্যধিকশততমোথধ্যায়ঃ ॥০॥

--:*:---

ভারতভাবদীপঃ

বা থলীনং যুগং তেন মালিনাম্, যুক্তামিত্যর্থ: ॥২৪॥ পদানি গজোত্তমলক্ষণানি তদ্বতাং পদ্মিনাম্, প্রীয়তাং বা। যদ্বা হেমশৃঙ্গিণামিতি দৃষ্টাস্তাম্প্রণ্যাৎ পদাং পদ্মাকাবং গদ্ধপল্যাণমষ্টকোণমষ্টক্তম্ভং শিথরকলশাদিযুক্তং তদ্বতাম্ ॥২৫—২৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্বণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে একনবত্যধিকশততমোইধ্যায়ঃ ॥১১১॥

-:*:--

মহামূল্য বেশ, আভরণ, বস্ত্র ও মাল্যযুক্ত পূর্ণযুবতি এক শত দাসী দান করিলেন ॥২৫॥

আর, মহাত্মা ক্রপদ রাজা অগ্নিকে সাক্ষী করিষা পাগুবগণের প্রত্যেককেই পৃথক্ পৃথক্ ভাবে স্থনয়না অনেক দাসী, প্রচুর ধন, মহামূল্য বস্ত্র ও অলঙ্কার দান করিলেন ॥২৬॥

বিবাহ হইযা গেলে, ইন্দ্রভুল্য বলবান্ পাগুবগণ প্রচুর রত্নালঙ্কারে অলঙ্কতা স্বর্গলক্ষীরপা সেই জৌপদীকে লইযা জ্রুপদের পুরে বিহার করিতে লাগি-লেন ॥২৭॥

^{* &#}x27;--- ব্লব্ৰত্যধিক •', '--- আন্তন্ত্ৰত্যধিক •·', ' • দ্বিশ্ভতম •·', ' •পঞ্চদশাধিকদ্বিশ্ভতম •' ইতি পাঠভেদাঃ।

দ্বিনবত্যখিকশতততমো২ধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।
পাগুবিঃ দহ দংযোগং গতস্ত জ্পদস্ত হ।
ন বভূব ভয়ং কিঞ্চিদ্দেবেভ্যোহপি কথঞ্চন ॥>॥
কুত্তীমাসাত তা নার্য্যো ক্রপদস্ত মহাত্মনঃ।
নাম দল্পতিয়ভ্যোহস্তা জগ্মঃ পাদে সমূর্দ্ধনি ॥২॥
কৃষণ চ ক্ষোমসংবীতা কৃতকোতুকমঙ্গলা।
কৃতাভিবাদনা শুল্রাস্তন্থে প্রহ্মা কৃতাঞ্জলিঃ॥৩॥
রূপলক্ষণসম্পন্নাং শীলাচারসমন্থিতাম্।
ক্রোপদীমবদৎ প্রেম্ণা পৃথাশীর্বচনং স্কুষাম্॥৪॥
যথেক্রাণী হরিহ্যে স্বাহা চৈব বিভাবসোঁ।
রোহিণী চ যথা সোমে দময়ন্তী যথা নলে॥৫॥

ভারতকোমুদী

পাণ্ডবৈবিতি। ভয়ং ন বভ্ব, পাণ্ডবানাং মহাবলম্বাৎ তৎসাহায্যলাভাবশুস্তাবাচ্চেতি ভাব: ॥১॥

কুস্তীমিতি। অস্তা: কৃস্ত্যা: পাদে), স্বমূর্দ্ধনি জগ্মু: স্পর্শবামাস্থ: প্রণেম্বিত্যর্থ: ॥२॥ কৃষ্ণেতি। ক্ষোমেন বন্ত্রেন সংবীতা আবৃতা ক্ষোমং বস্ত্রং পবিদশতী। প্রহ্বা অবনতা ॥৩॥ কপেতি। পৃথা কুস্তী, স্বুবাং পুত্রবধুং ক্রোপদীম্, প্রেম্না বাৎসল্যেন ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—জ্রপদ রাজা পাগুবদের সহিত সম্মিলিত হইয়াছিলেন বলিয়া তাঁহার দেবগণ হইতেও কোন প্রকারে কোন ভয় ছিল না ॥১॥

মহাত্মা জ্রপদ রাজার মহিষীরা কুন্তীর নিকট যাইয়া, আপন আপন নাম উল্লেখ করিয়া আপন আপন মস্তকে তাঁহার চরণযুগল স্পর্শ করাইতেন ॥২॥

জৌপদী পট্টবস্ত্র পরিধানপূর্বেক মাঙ্গলিক কার্য্য সম্পাদন করিয়া, শাশুড়ী কুন্ডীর নিকট যাইয়া, তাঁহাকে প্রণাম করিয়া, তাঁহার সম্মুখে অবনতা ও কুতাঞ্জলি হইয়া দাঁডাইতেন ॥৩॥

কৃত্তীও বাংসল্যবশতঃ স্থকপা, স্থলক্ষণা, সংস্বভাবা ও সদাচারা পুত্রবধ্ ভৌপদীকে আশীর্কাদ করিতেন—॥৪॥

"শচী যেমন ইন্দ্রের, স্বাহা যেমন অগ্নির, রোহিণী যেমন চন্দ্রের, দমযস্তী ২৬৮ (৪)

আদ-

যথা বৈশ্রবণে ভদ্রা বশিষ্ঠে চাপ্যক্রমতী।
যথা নারায়ণে লক্ষীন্তথা হং ভব ভতু বু ॥৬॥ (যুগাক্ষ্)
জীবসূর্বীরসূর্ভদ্রে! বহুদোখ্যগুণান্বিতা।
স্মভগা ভোগসম্পন্না যজ্ঞপত্নী পতিব্রতা॥৭॥
অতিথীনাগতান্ সাধূন্ রুদ্ধান্ বালাংস্তথা গুরুন্।
পূজয়ন্ত্যা যথান্যায়ং শশ্বদ্গাহ্নন্ত তে সমাঃ॥৮॥
কুরুজাঙ্গলমুথ্যেষু রাষ্ট্রেষু নগবেষু চ।
অনু ত্বমভিষিচ্যন্থ নূপতিং ধর্মবৎসলা॥৯॥
পতিভিনিজ্জিতামুক্রীং বিক্রমেণ মহাবলৈঃ।
কুরু ব্রাহ্মণসাৎ সর্বমশ্বমেধে মহাক্রতো॥১০॥

ভারতকোমুদী

যথেতি। হবিহয়ে ইক্রে। বিভাবসোঁ অগ্নো। বৈশ্রবণে কুবেরে ॥৫—৬॥
জীবেতি। জীবং চিবজীবিনং স্থত ইতি জীবস্থা, বীরং স্থত ইতি বীবস্থা। যজে বজ্ঞসম্পাদনে গল্পী যজ্ঞগল্পী "সগল্পীকো ধর্মমাচরেং" ইতি শাস্ত্রাৎ প্রধানা মহিষী চ ভারত্যর্থা ॥৭॥

অতিথীনিতি। শর্ষিক্রম্। সমা বৎস্বাঃ ॥৮॥

কুৰ্বিতি। কুৰুজাঙ্গলাথ্যে দেশে যানি মুখ্যানি প্ৰধানানি তেরু। নৃগতিম্ অহু রাজা সহ "মহুবেষু সহার্থে চ" ইত্যভিবানাৎ নৃগতিমিতি "কর্মপ্রবচনীয়েশ্চ" ইতি দিতীয়া ॥১॥

পতিভিবিতি। ব্রাহ্মণসাৎ ব্রাহ্মণেভ্যো দেযম্ ॥১०॥

ভারতভাবদীপঃ

পাওবৈরিতি ॥১—২॥ কুমা অতসী, তবিকারভূতং বস্ত্রং কোঁমম্ ॥৩—৬॥ জীবস্থঃ
আবৃদৎসন্ততিপ্রস্থা ॥৭—৮॥ অভিবিচ্যস্ব অভিবেকং প্রাপ্নুহি। নুপতিং পট্টাভিহিত্তং
যেমন নলের, ভদ্রা যেমন কুবেরের, অরুন্ধতী যেমন বশিষ্ঠের এবং লক্ষ্মী যেমন
নারায়ণের আদরের পাত্রী, তুমিও তেমনই ভর্তাদের আদরের পাত্রী হও ॥৫—৬॥

ভদ্রে! তুমি চিরজীবী ও মহাবীর পুত্র প্রসব কর, বছবিধ স্থুথ লাভ কর, গুণবতী ও ভাগ্যবতী হও, নানাবিধ ভোগ কর এবং পতিদের যজ্ঞপত্নী ও পতিব্রতা হও॥৭॥

অতিথি, অভ্যাগত, সাধু, বালক, বৃদ্ধ ও গুক্জনদিগের যথানিয়মে সেবা করিতে থাকা অবস্থাতেই যেন তোমার চিরদিন চলিয়া যায়॥৮॥

কুরুজা্মুলদেশে যে দকল রাজ্য ও নগর আছে, তাহাতে তুমি ধর্মামুরক্ত হইয়া রাজার সহিত অভিষিক্ত হও ॥৯॥ পৃথিব্যাং যানি বত্নানি গুণবন্তি গুণান্বিতে !। তান্সাপ্নুহি ত্বং কল্যাণি ! স্থথিনী শরদাং শতম্ ॥>>॥ যথা চ ত্বাভিনন্দানি বধ্বতা ক্ষোমবাসসম্। তথা ভূয়োহভিনন্দিয়ে জাতপুত্রাং গুণান্বিতাম্ ॥>`॥

বৈশস্পায়ন উবাচ।

ততন্ত্র কৃতদারেভ্যঃ পাণ্ড্ভ্যঃ প্রাহিণোদ্ধরিঃ।
মুক্তাবৈদূর্য্যচিত্রাণি হৈমান্যাভরণানি চ ॥>৩॥
বাসাংসি চ মহার্হাণি নানাদেশ্যানি মাধবঃ।
কন্মলাজিনবত্নানি স্পার্শবন্তি শুভানি চ ॥>৪॥
শায়নাসন্যানানি বিবিধানি মহান্তি চ।
বৈদূর্য্যবজ্রচিত্রাণি শতশো ভাজনানি চ ॥>৫॥
রূপযৌবনদাক্ষিণ্যৈক্রপেতাশ্চ ম্বলস্কৃতাঃ।

প্রেয়াঃ সম্প্র নদৌ কৃষ্ণো নানাদেশ্যাঃ সহস্রশঃ ॥১ ৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

পৃথিব্যামিতি। গুণবন্তি উৎকর্ষণালীনি। শবদাং বৎসবাণাম্ ॥১১॥
যথেতি। হে বধু। তা তাম্, অভিনন্দামি আদ্রিযে। গুণান্বিভাং ভাগ্যবতীম্॥১২॥
তত ইতি। পাণ্ডুভ্যঃ পাগুবেভ্যঃ। মৃক্তা বৈদ্ধ্যাণি মণিবিশেষান্চ তৈন্দিত্রাণ্যান্দর্যাণি॥১৩॥
বাসাংসীতি। মহাহাণি মহামূল্যানি। অজিনং চর্ম। স্পর্শবন্তি স্থ্যস্পর্শানি। শয়নং
শয্যা। বৈদ্ধ্যমণিভিঃ বজৈহীব্বৈশ্চ চিত্রাণি। দাক্ষিণ্যমোদার্যম্। প্রেয়া দাসীঃ ॥১৪—১৬॥

মহাবীর স্বামীরা বিক্রম প্রকাশ করিয়া যে সকল রাজ্য জয় করিবেন, সে সমস্তই তুমি অপ্রমেধ-মহাযজ্ঞে ব্রাহ্মণদিগকে দান করিও॥১০॥

গুণবতি! পৃথিবীতে যে সকল উৎকৃষ্ট রত্ন আছে, সে সমস্তই তুমি লাভ কর এবং কল্যাণি! তুমি সুথে থাকিযা শত বংসর জীবিত থাক ॥১১॥

বধু। আজ বেমন পট্টবস্ত্র-পরিছিত অবস্থায় তোমাকে অভিনন্দিত করিতেছি, তেমন পুত্র জন্মিলে পর ভাগ্যবতী অবস্থাতেও আবার অভিনন্দিত করিব"॥১২॥

বৈশস্পায়ন বলিলেন—তাহার পর, পাগুবেরা বিবাহ করিয়াছেন শুনিযা শ্রীকৃষ্ণ তাঁহাদের জন্ম মুক্তা ও বৈদূর্য্যমণিথচিত নানাবিধ অলঙ্কার পাঠাইয়া দিলেন॥১৩॥

্নানা দেশোৎপর মহামূল্য বস্ত্র, স্থম্পর্ক কম্বল ও চর্ম, স্থলক্ষণ রত্ন নানা-(১২) ক্ষাম্মস্থ্তান্, কৌমসংব্তান্। গজান্ বিনীতান্ মজাংশ্চ সদশ্বাংশ্চ স্বলঙ্কৃতান্।
প্রাংশুদান্তিঃ স্থবর্ণেশ্চ রথানথৈরলঙ্কৃতান্॥>१॥
কোটিশশ্চ স্থবর্ণঞ্চ তেষামকৃতকং তথা।
বীথীকৃতমমেয়াত্মা প্রাহিণোন্মধুসূদনঃ॥>৮॥ (মুগ্মকম্)
তৎ সর্ববং প্রতিজ্ঞাহ ধর্মারাজো মুধিষ্ঠিরঃ।
মূদা পরময়া মুজো গোবিন্দপ্রিয়কাময়য়া॥>৯॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যামাদিপর্ব্বণি বৈবাহিকে শ্রীকৃষ্ণোপহারপ্রেষণে দ্বিনবত্যধিকশততমোহধ্যায়ঃ॥०॥ *

ভারতকোমুদী

গজানিতি। বিনীতান্ শিক্ষিতান্। মন্ত্রান্ মন্ত্রদেশীয়ান্। প্রাংশব উচ্চাশ্চ তে দান্তা: শিক্ষিতাশ্চেতি তৈ:, শোভনো বর্ণো যেষাং তৈ: স্বর্ণ:। স্থবর্ণ: স্বর্ণার্য্য, তেষাং স্বর্ণানাম্, বীথীক্বতং শ্রেণীক্বতম্, অক্বতকম্ অক্বত্রিমং বাশীক্বতং মূলং স্বর্ণমিত্যর্থ: ॥১৭—১৮॥

তদিতি। প্রম্যা মহত্যা, মুদা আনন্দেন ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারত-টীকাষাং ভারতকোম্দীসমাখ্যায়ামাদিপর্বাণি বৈবাহিকে দ্বিনবত্যথিকশততমোহধ্যায়: ॥৽॥

ভারতভাবদীপঃ

বাজানমন্থ ॥১—১১॥ হে বধূ । অভ ॥১২—১৫॥ প্রেক্তা: দাসী: ॥১৬॥ ভদ্রান্ ভদ্রজাতীয়ান্
॥১৭॥ অক্তকং জাধূনদম্ আকবেষ্ ধমনাদিনা অন্তংপাদিতম্। বীথীক্বতং ধান্তরাশিবং পৃথক্
পৃথক্ মালয়া বাশীক্বতম্। 'বাশীক্বতম্' ইতি পাঠে পিণ্ডীক্বতম্। ক্বাক্বমিতি পাঠে
ঘটিতমঘটিতঞ্ ॥১৮—১১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্বনি নৈলকষ্ঠীয়ে ভাবতভাবদীপে দ্বিনবত্যধিকশততমোহধ্যায়: ॥১>২॥

বিধ বৃহৎ বৃহৎ শয্যা, আসন ও যান এবং বৈছ্র্য্যমণি ও হীরকখচিত শত শত ভাজন, আর কপ, যৌবন ও ঔদার্য্যযুক্ত এবং সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত নানা দেশীয় বহুতর দাসী—এই সমস্ত শ্রীকৃষ্ণ দান করিয়াছিলেন ॥১৪—১৬॥

আর শিক্ষিত হস্তী, মদ্রদেশীয় বিভূষিত ভাল ভাল অশ্ব এবং উচ্চ, শিক্ষিত ও স্থলরাকৃতি অশ্বযুক্ত বহুতর রথ, কোটি কোটি স্বর্ণমূক্তা এবং রাশীকৃত মৌলিক স্বর্ণ—এই সমস্তও শ্রীকৃষ্ণ পাঠাইয়াছিলেন॥১৭—১৮॥

ধর্মরাজ যুধিষ্ঠির শ্রীকৃষ্ণকে সন্তুষ্ট করিবার ইচ্ছায় অত্যন্ত আনন্দের সহিত সে সমস্তই গ্রহণ করিলেন ॥১৯॥

^{* •}সপ্তনবত্যধিক ', ' • নবনবত্যধিক •• ', '---একাধিকদিশতত্ম •• ', ' ধোড়শা-ধিকদিশতত্ম • ' ইতি পাঠান্তরাণি ।

(১৪। বিত্বাগমন-বাজ্যলাভপর্ব্ব।)

ত্রিনবত্যধিকশততমো২ধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততো রাজ্ঞাং চরৈরাপ্তিঃ প্রবৃত্তিরুদনীয়ত।
পাগুবৈরুপসম্পন্না দ্রোপদী পতিভিঃ শুভা ॥>॥
যেন তদ্ধসুরাদায় লক্ষ্যং বিদ্ধং মহাত্মনা।
দোহর্জ্জনো জয়তাং প্রেচো মহাবাণধনুর্দ্ধরঃ ॥২॥
যঃ শল্যং মদ্ররাজ্ঞং বৈ প্রোৎক্ষিপ্যাপাতয়দ্ধনী।
ত্রাসয়ামাস সংক্রুদ্ধো রক্ষেণ পুরুষান্ বণে ॥৩॥
ন চাস্থ সন্ত্রমঃ কশ্চিদাসীত্ত্র মহাত্মনঃ।
স ভামো ভীমসংস্পর্শঃ শক্রসেনাপ্রতাপনঃ ॥৪॥ (যুগ্মকম্
ব্রহ্মরূপধরান্ প্রুত্বা প্রশান্তান্ পাণ্ডুনন্দনান্।
কৌন্তেয়ামানুজেন্দ্রাণাং বিশ্বয়ঃ সমজায়ত ॥৫॥

ভারতকোমূদী

তত ইতি। আঠিপ্তবিশ্বত্যৈ, প্রবৃত্তিবৃত্তিস্তঃ। উপসম্পন্না পবিণযেন লক্ষা ॥১॥ যেনেতি। জয়তাং শত্রুবিজ্ঞযিনাম্ ॥২॥

য ইতি। প্রোৎক্ষিপ্য উদ্ভোল্য। সন্তমন্থবা। ভীমসংস্পর্মো দৃচদেহত্বাৎ ॥৬—৪॥

ব্হেছি। ব্হুদ্বপধ্রান্ বাহ্মণবেশধাবিণঃ, প্রশান্তান্ অমুদ্বতান্॥৫॥

বৈশস্পায়ন বলিলেন—তাহার পর, বিশ্বস্ত গুপ্তচরেরা আপন আপন রাজাদের নিকট এই সংবাদ লইয়া গেল যে, "পাশুবেরা স্থলক্ষণা জৌপদীকে পত্নীরূপে লাভ করিয়াছেন ॥১॥

যে মহাত্মা সেই ধন্থ ধারণ করিয়া লক্ষ্য বিদ্ধ করিয়াছিলেন, তিনিই বিজয়িশ্রেষ্ঠ মহাবীর অর্জ্ন ॥२॥

আর, যে বলবান্ পুক্ষ মন্ত্রবাজ শল্যকে উত্তোলন করিয়া ভূতলে পাতিত করিয়াছিলেন এবং ক্রুদ্ধ হইয়া বৃক্ষ দারা যুদ্ধমধ্যে বীরগণকে ত্রাসিত করিয়াছিলেন, আর সেই সময়ে যে মহাত্মার কোন ব্যস্ততা ছিল না, তিনিই দৃঢ়শরীর ও শক্রসৈক্যবিনাশক ভীম" ॥৩—৪॥

⁽১) ততো বাজ্বংশ্চবৈরাপ্তে: প্রবৃত্তিরুপনীয়তে। (৪) ক্রেনাঞ্চপাতন:।

সপুত্রা হি পুরা কুন্তী দগ্ধা জতুগৃহে শ্রুন্তা।
পুনর্জাতামিব চ তাং তেহমন্যন্ত নরাধিপাঃ ॥৬॥
ধিগকুর্বংন্তদা ভীম্মং ধৃতরাষ্ট্রঞ্চ কৌববম্।
কর্ম্মণাতিনৃশংসেন পুরোচনকৃতেন বৈ ॥৭॥
রুত্তে স্বয়ংবরে চৈব বাজানঃ সর্বব এব তে।
যথাগতং বিপ্রজ্ঞ বিদিদ্বা পাণ্ডবান্ রুতান্ ॥৮॥
তথ তুর্য্যোধনো বাজা বিমনা ল্রান্ডিঃ সহ।
ভাশ্বথান্না মাতুলেন কর্ণেন চ রূপেণ চ ॥৯॥
বিনিরত্তে। রুতং দৃষ্ট্বা দ্রোপান্তা শ্বেত্বাহনম্।
তন্ত তুঃশাসনো ব্রীড়ন্ মন্দং মন্দমিবাব্রবীৎ ॥>০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী -

কথং বিশ্বয়: সমজাযতেত্যাহ—সপুত্তেতি। জাতাং লব্ধজনান্মিব ॥৬॥
দিগিতি। ধিগকুৰ্ব্বন্, ভীম্মাদিভিবেব তদভিসন্ধিনা পুবোচনাপ্রেবণান্ত্মানাৎ ॥৭॥
বৃত্ত ইতি। বৃত্তে সম্পন্নে। বিপ্রজগা; প্রতন্থিবে। বৃতান্ দ্রোপছেতি শেষঃ ॥৮॥
অথেতি। বিমনা বিষয়চিতঃ। মাতুলেন শকুনিনা। বিনিবৃত্তঃ প্রস্থিতঃ। দৃষ্ট্য পর্যালোচ্য। শ্বেতবাহনমর্জ্নম্। বীডন্ লজ্মানঃ। দিবাদিত্বেংপি যন্প্রত্যযাভাব আর্যঃ ॥১—১০॥

ভারতভাবদীপঃ

তত ইতি। চর্টরশ্চারে: ॥১—৩॥ সেনাঙ্গানাং বথগজাদীনাং পাতন: ॥৪—৬॥ বিশ্ববে হেতুমাহ—সপুত্রেতি ॥৬— ১॥ অব্রীড ইতি চ্ছেদ:। 'ব্রীড়ন্' ইত্যেব পাঠঃ, অন্তথা মনং

পাশুবেরা ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া ব্রাহ্মণদের মধ্যে শান্তভাবে রহিয়া-ছিলেন, ইহা শুনিয়া রাজাদের বিশ্বয় জন্মিল ॥৫॥

কারণ, তাহারা শুনিয়াছিলেন যে, কুন্তীদেবী পূর্ব্বেই পুত্রগণের সহিত জতুগৃহে
দক্ষ হইয়াছেন; কিন্তু তথন আবার সেই বৃত্তান্ত শুনিয়া তাহারা মনে করিলেন যে,
পুত্রগণের সহিত কুন্তী যেন পুনরায় জন্মিয়াছেন ॥৬॥

তথন রাজারা পুরোচনকৃত সেই দাকণ নৃশংসকার্য্য দারা ভীম্ম ও ধৃতরাষ্ট্রকে ধিকার দিতে লাগিলেন ॥৭॥

জৌপদী পাণ্ডবগণকে বরণ করিয়াছেন; স্থুতরাং স্বয়ংবরব্যাপার সমাপ্ত হইযা গিয়াছে, ইত্যাদি বিষয় জানিয়া রাজারা সকলেই যথাস্থানে প্রস্থান করিলেন ॥৮॥

জোপদী অর্জনকে বরণ করিয়াছেন, ইহা জানিয়া রাজা তুর্ব্যোধন বিষ্ণচিত্ত হইয়া ভাতৃগণ, অশ্বত্থামা, শকুনি, কর্ণ এবং কুপাচার্য্যের সহিত ফিরিয়া যতাসোঁ ব্রাহ্মণো ন স্থাদিন্দেত দ্রোপদীং ন সঃ।
ন হি তং তত্ত্তো রাজন্! বেদ কশ্চিদ্ধনঞ্জয়ম্॥১১॥
দৈবঞ্চ প্রমং মন্তে পৌরুষঞ্চাপ্যনর্থকম্।
ধিগস্ত পৌরুষং মন্ত্রং যদ্ধরন্তীহ পাগুবাঃ॥১২॥
এবং সংভাষমাণান্তে নিন্দন্তশ্চ পুরোচনম্।
বিবিশুর্হান্তিনপুরং দীনা বিগতচেতসঃ॥১৩॥
ব্রস্তা বিগতসঙ্কল্লা দৃষ্ট্রা পার্থান্ মহোজসঃ।
মুক্তান্ হব্যভুজশ্চিব সংযুক্তান্ ক্রপদেন চ॥১৪॥
ধৃষ্টত্রান্মন্ত সঞ্চিন্ত্য তথৈব চ শিখ্তিনম্।
ক্রপদস্থাত্মজাংশ্চান্তান্ সর্বব্র্দ্ধবিশারদান্॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যদীতি। অসৌ লক্ষ্যভেত্তা। দ্বোপদীং ন বিন্দেত লক্ষ্ণ ন শকুষাৎ, অস্মাভির্বাধাদানাৎ। অপি চাহ—ন হীতি। তত্ততো যথার্থতঃ। বেদ জানাতি, ধনঞ্জযমৰ্জ্ঞ্নম্॥১১॥

ধনঞ্জযমেব সত্যং মাল্যমান আহ—দৈবমিতি। প্রবাং বলবং। পৌরুষং হত্যাচেষ্টাদিপুরুষ-কারম্, মন্ত্রং তন্মূলীভূতাং মন্ত্রণাম্। ধ্বস্তি ধাব্যস্তি প্রাণানিতি শেবঃ ॥১২॥

এবমিতি। দীনা মানা:, বিগতচেতস উদ্বেগাদ্যস্তচিন্তা:। বিগতসম্বলান্তিবোহিত-বাজ্যবৃদ্ধ্যান্তভিলাষা:। দৃষ্ট্বা পর্য্যালোচ্য। হব্যভূজো জতুগৃহাগ্নিত:। সঞ্চিন্ত্য অজ্য্যতগ্না বিভাব্য ॥১৩—১৫॥

চলিলেন। তথন হুঃশাসন লজ্জিতভাবে ধীরে ধীরে ছর্ব্যোধনকে বলি-লেন—॥৯—১০॥

"যিনি লক্ষ্যভেদ করিয়াছেন, তিনি যদি ব্রাহ্মণ না হইতেন, তবে তিনি জৌপদীকে লাভ করিতে পারিতেন না; তা'র পর, কোন লোকই সে ব্যক্তিকে অর্জন বলিয়া চিনিতেও পারে নাই ॥১১॥

আমি মনে করি— দৈবই প্রবল; স্থতরাং পুক্ষকার তাহার নিকট ব্যর্থ হইয়া যায়; অতএব পুক্ষকার বা মন্ত্রণাকে ধিক্, যখন এখনও পাণ্ডবেরা বাঁচিয়া আছে"॥১২॥

তাঁহারা মহাবল পাগুবগণকে জতুগৃহের অগ্নি হইতে মুক্ত এবং ক্রুপদ রাজার সহিত সম্মিলিত দেখিযা, আর ধৃষ্টত্যুয়, শিখণ্ডী ও যুদ্ধবিশারদ অক্সান্ত ক্রুপদপুত্রদিগকে ভাবিয়া বিষয়, অন্থিরচিত্ত, ভীত ও নষ্টসঙ্কল্প হইযা, হস্তিনা-নগরে যাইয়া প্রবেশ করিলেন ॥১৩—১৫॥

⁽১২) ধিগন্ত পৌকুষং তাত। ব্রিয়ন্তে যত্র পাওবা:।

বিত্বরস্থথ তাং শ্রুদ্বা দ্রোপদীং পাগুবৈর্ তাম্।
ব্রীড়িতান্ ধার্ত্তরাষ্ট্রাংশ্চ তগ্নদর্পান্মপাগতান্ ॥>৬॥
ততঃ প্রীতমনাঃ ক্ষত্তা ধৃতরাষ্ট্রং বিশাংপতে!।
উবাচ দিষ্ট্যা কুরবো বর্দ্ধন্ত ইতি বিশ্বিতঃ ॥>৭॥ (যুগ্মকম্)
বৈচিত্রবীর্যাস্ত নৃপো নিশম্য বিত্বরস্থ তৎ।
অব্রবীৎ পবমপ্রীতে। দিষ্ট্যা দিষ্ট্যেতি ভারত!॥>৮॥
মন্মতে দ রৃতং পুত্রং ভ্যেষ্ঠং ক্রুপদক্ষ্মরা।
হুর্য্যোধনমবিজ্ঞানাৎ প্রজ্ঞাচক্ষুর্নরেশ্বরঃ ॥>৯॥
অথ দ্বাজ্ঞাপয়ামাদ দ্রোপান্থা ভূষণং বহু।
আনীয়তাং বৈ ক্ষেতি পুত্রং হুর্য্যোধনং তদা ॥২০॥
অথাস্থ্য পশ্চাদ্বিত্বর আচথ্যে) পাগুবান্ রুতান্।
দর্ব্বান্ কুশলিনো বীরান্পুজিতান্ ক্রুপদেন হ ॥২১॥

ভারতকোমুদী

বিহুব ইতি। অথ ক্ষত্তা বিহুবঃ, তাং দ্রোগদীং গাওবৈর্তান্, ধার্ত্তবিষ্ট্রান্ হুর্য্যোধনাদীংশ্চ, পাগুববরণাদেব ভগ্নদর্পান্, অভএব ব্রীডিভান্ লজ্জিতান্, সমাগতান্, শ্রুত্বাষ্ট্রম্বাচ। দিষ্ট্যা ভাগ্যেন, কুববো বর্জস্তে ইতি ॥১৬—১৭॥

বৈচিত্ৰেভি। বৈচিত্ৰবীয়াে বিচিত্ৰবীয়াপুত্ৰাে গুতবাষ্ট্ৰম্বাচ। দিষ্টাা ভাগ্যেন ॥১৮॥

নহ পাণ্ডবানাং দ্রোপদীলাভে কথং ধৃতবাষ্ট্র: প্রমপ্রীত ইত্যাহ—মন্তত ইতি। প্রজ্ঞাচক্ষ্-রন্ধ: স নবেশ্বর:, অবিজ্ঞানাৎ স্বয়মদর্শনাৎ, দ্রুপদকত্যবা, জ্যেষ্ঠং পুত্রং ত্র্য্যোধনং বৃতং মন্ততে স্ম, কুরবো বর্দ্ধস্ত ইতি বিত্রবাক্তেন্তথৈব তাৎপর্য্যনিশ্চয়াদিতি ভাব: ॥১৯॥

অথেতি। আজ্ঞাপয়ামাস স নবেশ্বর ইত্যন্থকর্ম:। রুফা দ্রোপদী ॥২০॥

তাহার পর, পাগুবগণই জৌপদীকে লাভ করিয়াছেন এবং ধৃতরাষ্ট্রের পুত্র-গণ ভগ্নদর্প ও লজ্জিত হইয়া আসিয়াছেন—ইহা শুনিয়া বিছর সন্তুষ্ট ও বিশ্বিত হইয়া যাইয়া ধৃতরাষ্ট্রকে বলিলেন—"মহারাজ! ভাগ্যবশতঃ কুকবংশের উন্নতি হইয়াছে" ॥১৬—১৭॥

কিন্তু ধৃতরাষ্ট্র বিহুরের মুখে সেই কথা গুনিয়াই অত্যন্ত আহলাদিত হইয়া বলিয়া উঠিলেন—"ভাগ্যে ভাগ্যে" ॥১৮॥

কেন না, তিনি অন্ধ ছিলেন কি না, তাই তিনি না দেখিয়া মনে করিয়া ছিলেন যে, জৌপদী বুঝি নিজের জ্যেষ্ঠপুত্র হুর্য্যোধনকে বরণ করিয়াছেন ॥১৯॥

তাহার পর, তিনি তখনই পুত্র ছর্ষ্যোধনকে আদেশ করিলেন যে, "দ্রৌপদীর জন্ম বহুতর অলঙ্কার নির্মাণ করাও এবং তাহাকে লইয়া আইস" ॥২০॥ তেষাং সম্বন্ধিনশ্চান্তান্ বহুন্ বলসমন্বিতান্। সমাগতান্ পাণ্ডবেয়ৈস্তন্মিমেব স্বয়ংবরে ॥২২॥ (যুগ্মকম্) ধ্বতরাষ্ট্র উবাচ।

যথৈব পাণ্ডোঃ পুত্রান্তে তথৈবাভ্যধিকা মম।

যথা চাভ্যধিকা বুদ্ধির্মম তান্ প্রতি তচ্ছৃণু ॥২৩॥

যত্তে কুশলিনো বীরা মিত্রবন্তশ্চ পাণ্ডবাঃ।

তেষাং সম্বন্ধিনশ্চান্তে বহবশ্চ মহাবলাঃ ॥২৪॥

কো হি ক্রপদমাসাত্ত মিত্রং ক্ষত্তঃ! সবান্ধবম্।

ন বুভূষেদ্রবেনার্থী গতশ্রীরপি পার্থিবঃ ॥২৫॥

ভারতকোমুদী

অথেতি। অশু ধৃতরাইশু সমীপে। সমাগতান্ মৈত্রো মিলিতান্ ॥২১—২২॥
যথেতি। তে পুত্রা: পাগুবা:, যথৈব পাণ্ডোবভ্যধিকা:, মমাপি তথৈবাভ্যধিকা: ॥২০॥
যদিতি। তেয়াং পাগুবানাম্। সম্বন্ধিনো ধৃষ্টগুল্লপ্রভূত্য: ॥২৪॥

ক ইতি। হে ক্ষত্ত:। বিত্ব। গতঞীর্নষ্টসম্পৎ, কঃ পার্থিবোহপি, সবান্ধবং জ্ঞপদম্, মিত্রমাসাত্ত ভবেন ধনলাভেন, অর্থী যাচকঃ, ন বৃভ্ষেৎ ভবিতৃমিচ্ছেৎ, অপি তৃ সর্ব্ব এবার্থী বৃভ্যেদিত্যর্থ:। "ভবঃ ক্ষেমেশসংসাবে সত্তাযাং প্রাপ্তিজন্মনোঃ" ইতি মেদিনী ॥২৫॥

ভারতভাবদীপঃ

মন্দম্ ইত্যম্পপত্তিঃ ॥১০—১৯॥ বৈ চার্থে, ক্লফা ভ্ষণঞ্চ তৎপবিধানার্থমানীযভামিত্যর্থঃ ॥২০—২৪॥ গভশ্রী: নষ্টশ্রী:, কো ভবেন ঐশ্বর্ষ্যেণ অর্থী ন বুভ্ষেৎ ভবিতুমিচ্ছেৎ অপি তৃ

তৎপরে বিহুর ধৃতরাষ্ট্রকে বলিলেন যে, "দ্রোপদী পাগুবগণকে বরণ করিয়াছেন, পাগুবেরা সকলেই কুশলে আছেন এবং ক্রপদ রাজা তাঁহাদের যথেষ্ট সম্মান করিয়াছেন; আর সেই স্বয়ংবরেই অন্তান্ত অনেক প্রবল সম্পর্কিত লোক পাগুবদের সঙ্গে সম্মিলিত হইয়াছেন" ॥২১—২২॥

তথন ধৃতরাষ্ট্র বলিলেন—"বিহর! পাগুবেরা পাগুর নিকটেও থেমন অত্যন্ত আদরের পাত্র ছিল, আমার নিকটেও তেমনই অত্যন্ত আদরের পাত্র আছে। আর, আমার মন তাহাদের প্রতিই অত্যন্ত আর্ক্ট আছে, তাহার কারণ শোন ॥২৩॥

যে হেতু সেই বীর পাণ্ডবগণ কুশলে আছে, সহায়শালী হইয়াছে এবং অক্সান্ত বহুতর বীর পুক্ষেরা তাহাদের আত্মীয হইয়াছেন ॥২৪॥

বিছুর! সম্পত্তি নষ্ট হইষা গেলে, কোন্ রাজাও বন্ধুসমন্বিত দ্রুপদ রাজাকে মিত্রবাপে লাভ করিয়া তাঁহার নিকট সেই সম্পদের প্রার্থী হইতে ইচ্ছা করেন ?" ॥২৫॥

বৈশস্পায়ন উবাচ।

তং তথা ভাষমাণন্ত বিহুরঃ প্রত্যভাষত।
নিত্যং ভবতু তে বুনিরেষা রাজন্! শতং সমাঃ।
ইত্যুক্ত্বা প্রযয়ে রাজন্! বিহুরঃ স্থং নিবেশনম্ ॥২৬॥
ততো হুর্য্যোধনশ্চাপি রাধেরশ্চ বিশাংপতে!।
ধূতরাষ্ট্রমুপাগম্য বচোহজ্ঞতামিনং তদা ॥২৭॥
সমিধে বিহুরস্থ ছাং দোষং বক্ত্যং ন শঙ্কুবঃ।
বিবিক্তমিতি বক্ষ্যাবঃ কিং ভবেদং চিকীবিত্যু ॥২৮॥
সপত্রুদ্ধিং যভাত! মন্তমে রুদ্ধিমাত্মনঃ।
অভিকৌষি চ যথ ক্ষত্তুঃ সমীপে দিপানাং বর! ॥২৯॥
ভাস্মিন্ নূপ! কর্তুব্যে ত্মন্তথ কুক্ষমেহনম্ব!।
তেষাং বলবিঘাতো হি কর্তুব্যক্তাত! নিত্যশঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ত্যিতি। এবা ঈদৃদী পাওবাদিহিতৈবিশীতার্থঃ। ফ্রানোহাং শ্লোকঃ । ২৬।
তত ইতি। রাধেঃ কর্মঃ। অত্যতাম্ উক্তরেক্রা ।২৭।
সন্নিধাবিতি। বিবিক্তং নির্ক্তন্মিদং স্থানম্। চিকীবিতং কর্তু্মিইমিতি ভাবে জঃ ।২৮।
অথ কোহসৌ নোব ইত্যাহ— সপজেতি। সপজুহৃদ্ধি শত্রহতিম্। মতিটোরি প্রশংসদি ।২২।
অন্তর্মিনিতি। তেবাং পাওবানাম্। কর্ত্তবাং কর্ত্তুং চেইনীঃঃ ।২০।

বৈশপায়ন বলিলেন—ছতরাষ্ট্র নেইরপ বলিতে থাকিলে, বিহুর তাঁহাকে বলিলেন—"মহারাজ! শত বংসর পর্যান্ত আপনার এইরপ ব্রিট সর্বশে হউক"। এই কথা বলিয়া বিহুর আপন ভবনে চলিয়া গেলেন ।২৬॥

মহারাজ! তাহার পর তথনই ছর্ব্যোধন ও কর্ম মৃতরাষ্ট্রের নিকট উপস্থিত হইয়া এই কথা বলিলেন— ৷ ২৭ ৷

"মহারাজ! বিহুরের নিকটে আপনাকে লোকের কথা বলিতে গারি নাই: এখন এ স্থান নির্জন হইয়াছে, তাই বলিব, আপনি এ কি করিতে ইছা করিতেছেন গুণিখা।

পিতঃ! হে নরশ্রেষ্ঠ! আপনি শক্তর উহতিকে নিজের উহতি বহিঃ। মনে করিতেছেন! যে হেত্ আপনি বিহারর নিকটে পাওবালর প্রশাসন করিলেন। ১৯"

মহারাজ! যাহা করা উচিত, আপনি তাহার বিপরীত করিতেছে

তে বয়ং প্রাপ্তকালস্থ চিকীর্যাং মন্ত্রয়ামহে। যথা নো ন গ্রাদেয়ুক্তে দপুত্রবলবান্ধবান্ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ববণি বিছুরা-গমনরাজ্যলাভে ছুর্য্যোধনবাক্যে ত্রিনবত্যধিকশততমোহধ্যায়ঃ। ।। *

চতুৰ্নবত্যধিকশততমো২ধ্যায়ঃ।

প্রতবাপ্ত উবাচ।

অহমপ্যেবমেবৈতচ্চিকীর্যামি যথ। যুবাম্।

বিবেক্তর্থ নাহমিচ্ছামি কার্য্যন্ত বিচুবং প্রতি॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রাপ্তকালশু উপস্থিতসময়শু উপযোগিনীমিতি শেষ:। চিকীর্ষাং কর্ত্তব্যম্ ॥৩১॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচাৰ্য্য-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতায়াং মহাভাবত-ট্রকায়াং ভারতকোমুদীসমাখ্যায়ামাদিপর্বনে বিত্বাগমনবাজ্যলাভে

ত্রিনবত্যধিকশততমোইধ্যাবঃ ॥১৯৩॥

অহমিতি। চিকীর্ধামি কর্ত্ত্মিচ্ছামি। বিবেক্তুং প্রকাশিষতুম্। কার্য্যম্ অম্মাকং কর্ত্তব্যম্ ॥১॥ ভারতভাবদীপঃ

সর্ব্বোংপীচ্ছেৎ ॥২৫---২৮॥ সপত্নবৃদ্ধিং তৎক্রতাং বৃদ্ধিম্। "বৃদ্ধিম্' ইতি পাঠঃ স্বচ্ছঃ। হে বব! শ্রেষ্ঠ ! দ্বিষতাং দ্বিষ্তঃ শত্রন্ ॥২১—৩০॥ প্রাপ্তকালস্থ কর্মণঃ চিকীর্ষাং কর্ত্তব্যতাম্ ॥৬১॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্ব্বণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে ত্রিনবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১১৩॥

সর্ববদাই পাণ্ডবদের শক্তিহানি করিবার চেষ্টা পিতঃ। আমাদের করা উচিত ॥৩০॥

আমরা এখন সময়োচিত কর্ত্তব্য বিষ্থের মন্ত্রণা করিব; যাহাতে পাণ্ডবেরা আমাদিগকে পুত্র, বল ও বান্ধবগণের সহিত গ্রাস করিতে না পারে" ॥৩১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"তোমরা যে ভাবে যাহা করিতে ইচ্ছা করিতেছ, আমিও সেইভাবেই তাহা করিতে ইচ্ছা করিতেছি। আমি বিছরের নিকট আমাদের কর্ত্তব্য বিষয় প্রকাশ করিবার ইচ্ছা করি নাই ॥১॥

^{&#}x27; অষ্টনবতাধিক ', ' দ্বিশততম ', ' দ্বাধিক দ্বিশততম · ', ' একোনবিংশতা ধিকদিশততম · ' ইতি পাঠভেদা:।

⁽১)···ছাকারং বিত্ববং প্রতি।

ততন্তেষাং গুণানেব কীর্ত্তরামি বিশেষতঃ। নাববুধ্যেত বিছুরো মমাভিপ্রায়মিঙ্গিতৈঃ॥২॥ যচ্চ ত্বং মন্যদে প্রাপ্তং তদ্ব্রবীহি স্থযোধন!। রাধেয়! মন্যদে যচ্চ প্রাপ্তকালং বদাশু মে॥৩॥ তুর্য্যোধন উবাচ।

অগ্ন তান্ কুশলৈবিপ্রৈঃ স্থক্তিরাপ্তকারিভিঃ।
কুন্তীপুত্রান্ ভেদয়ামো মাদ্রীপুত্রো চ পাগুবো ॥৪॥
অথবা দ্রুপদো রাজা মহন্তির্বিত্তদক্ষয়ৈঃ।
পুত্রাশ্চাম্ম প্রলোভ্যন্তামমাত্যাশ্চেব দর্ববশঃ॥৫॥
পরিত্যজেদ্যথা রাজা কুন্তীপুত্রং যুধিষ্ঠিবম্।
অথ তত্রিব বা তেষাং নিবাসং বোচয়ন্ত তে ॥৬॥
ইতৈষাং দোষবদাসং বর্ণয়ন্ত পৃথক্ পৃথক্।
তে ভিগ্নমানন্তত্রৈব মনঃ কুর্বন্ত পাগুবাঃ॥৭॥

ভারতকোমুদী

তত ইতি। তেবাং পাণ্ডবানাম্। বিশেবতো বাহুল্যেন। ইঙ্গিতৈর্জনীভিঃ ॥२॥

যদিতি। প্রাপ্তমৃচিতম্। ব্রবীহীতি ঈডাগম আর্য:। প্রাপ্তকালমেতৎকালোচিতম্ ॥

অত্যেতি। কুশলৈঃ কার্য্যনিপুণৈঃ। স্কুকিতবন্মাভিঃ সংকৃতিঃ। আপ্তকাবিভির্বিশ্বতৈঃ ॥

অথবেতি। মহন্তিবিত্তসক্ষেঃ প্রচুবতবধনোপহাবদানৈঃ ॥৫॥

পরিত্যজেদিতি। বাজা স জ্রপদঃ। তত্ত্রৈব পাঞ্চালদেশ এব। তেবাং পাণ্ডবানাম্ ॥৬॥

ইহেতি। ইহ কুরুবাজ্যে। এবাং পাণ্ডবানাম্। কুর্বস্তি বাসাযেতি শেষঃ ॥৭॥

সেইজন্মই আমি বিছরের নিকট বিশেষভাবে পাগুবগণের গুণকীর্ত্তন করিয়াছি। বাহাতে বিছর ভঙ্গী দ্বারা আমার অভিপ্রায় বুঝিতে না পারেন ॥২॥ অতএব ছর্ষ্যোধন! তুমি যাহা সঙ্গত মনে কর, তাহা বল। কর্ণ! তুমিও যাহা সময়োচিত মনে কর, তাহা আমার নিকট সহর বল"॥এ॥

তুর্ব্যোধন বলিলেন—"আমরা এখনই কার্যানিপুণ, আদৃত ও বিশ্বস্ত ব্রাহ্মণ-গণ দ্বারা পাণ্ডবদের মধ্যে ভেদ জন্মাইব ॥৪॥

অথবা আমরা প্রচুর ধন উপহার দিয়া জ্ঞপদ রাজাকে, তাঁহার পুত্রগণকে এবং তাঁহার মন্ত্রিগণকে সর্ববিপ্রকারে প্রলুক করিব ॥৫॥

যাহাতে জ্রপদ রাজা যুর্ধিষ্ঠিরকে পরিত্যাগ করেন কিংবা সেই পাঞ্চাল-দেশেই পাণ্ডবগণের বাস করিবার ইচ্ছা জন্মাইয়া দেন ॥৬॥ অথবা কুশলাঃ কেচিত্নপায়নিপুণা নরাঃ।
ইতরেতরতঃ পার্থান্ ভেদয়ন্ত্রনুরাগতঃ ॥৮॥
ব্যুত্থাপয়ন্ত বা কৃষ্ণাং বহুত্বাৎ স্ককরং হি তৎ।
অথবা পাগুবাংস্তস্তাং ভেদয়ন্ত ততশচ তাম্॥৯॥
ভীমদেনস্ত বা রাজন্! উপায়কুশলৈন রৈঃ।
মৃত্যুর্বিধীয়তাং ছলৈঃ স হি তেষাং বলাধিকঃ ॥১০॥
তমাশ্রিত্য হি কোন্তেয়ঃ পুরা চাম্মান্ ন মন্ততে।
স হি তীক্ষণ্ড শূবশ্চ তেষাক্ষৈব পরায়ণম্॥১১॥

ভারতকৌমুদী

অথবেতি। কুশলা বাক্যেংপি নিপুণা:। ইতবেতবতঃ পরস্পবম্ ॥৮॥
ব্যুখাপযন্তিতি। ব্যুখাপযন্ত পতিভাো বিবঞ্জযন্ত, ক্লফাং দ্রোপদীম্। পতীনাং বহুছাৎ
তৎ ব্যুখাপনম্। তন্তাং ক্লফাষাং বিষয়ে। তাং লভেমহীতি শেষঃ ॥১॥
তীমেতি। ছলৈও থৈঃ সদ্ভিঃ। তেষাং পাণ্ডবানাং মধ্যে ॥১০॥
তমিতি। কোন্তেষো মুধিষ্টিরঃ। তীক্ষো কক্ষমভাবঃ। পবায়ণং পবমাশ্রয়ঃ ॥১১॥
ভারতভাবদীপঃ

অহমিতি। বিবেক্তরুং ব্যক্তীকর্ত্তরুম্ ॥১॥ ইঙ্গিতৈশ্চেষ্টিতৈঃ ॥২॥ যচ্চ কর্ত্তব্যম্ ॥৩॥ আপ্তকারিভিঃ অবঞ্চকৈঃ ॥৪—৬॥ ভিগ্নমানা অন্মত্তঃ পৃথগ্ভবন্তঃ ॥৭—৮॥ ব্যুত্থাপযন্ত স্বভর্ত্তুণাং ত্যাগঃ, স চ বহুন্ত্তদোষেণ স্কবঃ। অথবেতি অস্তাঃ ভর্তৃত্ব্ বৈষম্যং প্রদর্শ্য

এবং তাঁহারা পৃথক্ পৃথক্ ভাবে পাগুবদের নিকট বলুন যে, এই রাজ্যে পাগুবদের বাস করা অত্যন্ত দোষাবহ। তাহাতে তাহারা সেই দেশেই বাস করিবার ইচ্ছা ককক ॥৭॥

অথবা বাক্পটু ও নীতিনিপুণ কতকগুলি লোক পাগুবগণকে পরস্পর ভালবাসা হইতে বিশ্লিষ্ট ককক ॥৮॥

কিংবা জৌপদীকে অপরক্ত করিয়া তুলুক। কারণ, বহু পতি বলিয়া জৌপদীকে অপরক্ত করা অনায়াসসাধ্য। অথবা পাণ্ডবগণকেই জৌপদীর প্রতি বিরক্ত ককক; তাহার পর আমরাই জৌপদীকে লইব ॥৯॥

অথবা মহারাজ! নীতিনিপুণ লোকেরা গুপ্তভাবে থাকিয়া ভীমের মৃত্যু সাধন ককক। কারণ, ভীমই তাহাদের মধ্যে প্রধান বলবান্॥১০॥

স্থতরাং যুধিষ্ঠির ভীমকে অবলম্বন করিরাই পূর্বের আমাদিগকে গ্রাহ্য করে নাই। কেন না, ভীম কক্ষমভাব, বীর এবং তাহাদের প্রধান অবলম্বন ॥১১॥

তিমিন্নভিহতে রাজন্! হতোৎদাহা হতোজদঃ।
যতিষ্যত্তে ন রাজ্যায় দ হি তেষাং ব্যপাশ্রয়ঃ ॥>২॥
অজয্যো হার্জ্জনঃ দংখ্যে পৃষ্ঠগোপে রুকোদবে।
তমতে ফাল্পনো যুদ্ধে বাধেয়স্থা ন পাদভাক্ ॥>॥
তে জানানাস্ত দৌর্বিল্যং ভীমদেনমূতে মহৎ।
অস্মান্ বলবতো জ্ঞাত্বা ন যতিষ্যত্তি দুর্বিলাঃ ॥>৪॥
ইহাগতেষু বা তেষু নিদেশবশবর্তিষু।
প্রবর্তিষ্যামহে রাজন্! যথাশাস্ত্রং নিবর্হণে ॥>৫॥
অথবা দর্শনীয়াভিঃ প্রমদাভির্বিলোভ্যতাম্।
একৈকস্তত্ত কোন্তেয়স্ততঃ কৃষ্ণা বিরজ্যতাম্॥>৬॥

ভারতকৌমুদী

তিমিরিত। স ভীম:, তেষাং পাণ্ডবানাম্, ব্যপাশ্রয়: প্রধানাশ্রয়: ॥১২॥
অজ্য্য ইতি। বুকোদবে পৃষ্ঠগোপে পৃষ্ঠবক্ষকে সতি, সংখ্যে যুদ্ধে, অর্জুন:, অজ্যাে
জেতুমশক্য:। তং বুকোদবম্, ঋতে বিনা, ফাল্গনােইর্জুন:, যুদ্ধে, রাধেষশু কর্ণখ্য, ন পাদভাক্ ন
চতুর্থাংশতুল্য: ॥১৩॥

ত ইতি। তে পাগুবা:। ঋতে বিনা। ন যতিয়ন্তি যুদ্ধায় চেষ্টিয়ন্তে ॥১৪॥ ইহেতি। নিদেশবশবর্তিষ্ অমাকমাজাবহেষ্। নিবর্হণে নিগ্রহে ॥১৫॥ ভারতভাবদীপঃ

পাণ্ডবানেব বা তন্তাং ভেদয়ন্ত, ততশ্চ তাং লপ্যামহে ইতি শেষ: ॥১—১২॥ ন পাদভাক্ ন চতুর্থাংশতুল্য: ॥১৩—১৫॥ একৈক: কোন্ডেয়: প্রলোভনীয়:, তত্ত্ব তের্ ততঃ প্রলোভা-

মহারাজ। ভীম নিহত হইলে, অস্তান্ত পাগুবেরা নিকংসাহ ও নিস্তেজ হইযা রাজ্যলাভের জন্ত চেষ্টাই করিবে না। কেন না, সে-ই তাহাদের আশ্রয়॥১২॥

ভীম পৃষ্ঠরক্ষক হইলে, অর্জ্ন যুদ্ধে অজেয় হইযা থাকে; আর ভীম না থাকিলে অর্জ্ন যুদ্ধে কর্ণের এক চতুর্থাংশতুলাও নহে॥১৩॥

পাগুবেরা ভীম ব্যতীত আপনাদের অত্যন্ত হুর্বলতা বৃঝিয়া এবং আমাদের প্রবলতা জানিয়া যুদ্ধের জন্ম চেষ্টাও করিবে না ॥১৪॥

অথবা পাণ্ডবেরা এথানে আদিয়া আমাদের আজ্ঞাবহ হইলে, আমরা নীতি-শাস্ত্র মনুসারে তাহাদের নিগ্রহে প্রবৃত্ত হইব ॥১৫॥

⁽১৩) অজেযো হজ্জ্ন: · । (১৪) · জাত্বা নাশমেশ্রন্তি তুর্বলা:।

⁽১৫) - यथानाञ्चः निवर्श्यम्।

প্রেয় তাকৈব বাধেয়স্তেধামাগমনায় বৈ।
তৈন্তঃ প্রকাবিঃ দনীয় পাত্যন্তামাপ্তকারিভিঃ॥>৭॥
এতেধামপ্যুপায়ানাং যস্তে নির্দ্দোষ আত্মনঃ।
তস্ত্য প্রয়োগমাতিষ্ঠ পুরা কালোহতিবর্ত্ততে॥>৮॥
যাবচ্চাকৃতবিশ্বাসা দ্রুপদে পার্থিবর্ষভে।
তাবদেব হি তে শক্যা ন শক্যাস্ত ততঃ পবম্॥>৯॥
এধা মম মতিস্তাত। নিগ্রহায় প্রবর্ত্ততে।
সাধ্বী বা যদি বাহসাধ্বী কিং বা বাধেয়! মন্তুদে ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈধাসিক্যামা দিপর্বণি বিছ্রাগ্রনবাজ্যলাভে তুর্য্যোধনবাক্যে চতুর্নবত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমূদী

অথবেতি। দর্শনীযাভি: স্থন্দবীভি:, প্রমদাভি: ন্ত্রীভি:। ক্বঞ্চা দ্রেপিদী ॥১৬॥
প্রেক্সতামিতি। বাধেষ: কর্ণ:। তৈন্তৈর্বিষদানাদিভি:। আপ্রকাবিভিবিশ্বন্তৈ: ॥১৭॥
এতেষামিতি। প্রযোগমস্কানম্, আতিষ্ঠ কুক। পুরা সম্মুখবর্ত্তী ॥১৮॥
যাবদিতি। তে পাণ্ডবা:, শক্যা নিগ্রহীতুমিতি শেষ:। ন শক্যা জ্ঞপদসাহায্যাৎ ॥১১॥
এষেতি। নিগ্রহায পাণ্ডবানাং নির্বাতনাষ। বাধেয়। হে কর্ন। ॥২০॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভারতটীকায়াং ভাবতকোম্দীসমাখ্যাযামাদিপর্ব্বনি বিত্রোগমনবাদ্যলাভে

চতুর্নবত্যধিকশততমোইধ্যায: ॥ । ॥ ভারতভাবদীপঃ

মানাৎ ॥১৬॥ সন্নীয ঐকং নীছা ॥১৭—১৮॥ শক্যা: ঘাত্যিতুমিতি শেষ: ॥১৯—২০॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্কণি নৈলক্ষীযে ভাবতভাবদীপে চতুর্নবত্যধিকশততমোইধ্যায়: ॥১৯৪॥

অথবা স্থলরী রমণীদিগের দারা সেইখানেই পাণ্ডবদের প্রত্যেককে প্রলুব্ধ করা হউক এবং সেই উপাযেই দ্রোপদীকে বিশ্লিষ্ট করা হউক ॥১৬॥

কিংবা তাহাদিগকে আনিবার জন্ম বর্ণকে পাঠাইয়া দিন; পরে তাহা-দিগকে এখানে আনিয়া বিশ্বস্ত লোক দ্বারা সেই সেই উপায়ে নিপাত ককন ॥১৭॥

এই উপায়গুলির মধ্যে যেটাকে আপনি আপনার পক্ষে নির্দ্ধোষ বলিয়া মনে করেন, তাহারই অনুষ্ঠান ককন ; এদিকে সম্য চলিযা যাইতেছে ॥১৮॥

যে পর্যান্ত পাণ্ডবেরা ক্রপদ রাজার উপরে সম্পূর্ণ বিশ্বাস স্থাপন না করে,

(১৮) ··যত্তে নির্দোষবান্ মত:। * ' ··একোনদ্বিশততম ·', ' ···একাধিকদ্বিশত-তম ·', ' ··· ত্র্যধিকদ্বিশততম ··', ' ··বিংশত্যধিকদ্বিশততম ·' ইতি পাঠান্তরাণি।

পঞ্চনবত্যখিকশততমোইধ্যায়ই।

----:#:----

কর্ণ উবাচ।

তুর্য্যাধন! তব প্রজ্ঞান সম্যাসিতি মে মতিঃ।
ন হ্যপায়েন তে শক্যাঃ পাগুবাঃ কুরুনন্দন!॥>॥
পূর্ব্বমেব হি তে সূক্ষেক্রপায়ৈর্ঘতিতান্ত্র্যা।
নিগ্রহীতুং তদা বীর! ন চৈব শকিতান্তথা॥২॥
ইহৈব বর্ত্ত্রমানান্তে সমাপে তব পার্থিব!।
অজাতপক্ষাঃ শিশবঃ শকিতা নৈব বাধিতুম্॥৩॥
জাতপক্ষা বিদেশস্থা বিরুদ্ধাঃ সর্ব্বশোহত তে।
নোপায়সাধ্যাঃ কৌন্তেরা মন্মেষা মতিরচ্যুত॥৪॥

ভারতকৌমুদী

ছ্র্যোধনেতি। প্রজ্ঞা বৃদ্ধি:। উপায়েন ক্টকোশলেন। শক্যা: নিগ্রহীতুমিতি শেষ: ॥১॥
কথং ন শক্যা ইত্যাহ —পূর্ব্বমিতি। স্ফ্রেবজ্ঞেয়ে:, উপাথৈর্বিষদানাদিতি: ॥২॥
ইদানীং ক্টকোশলেন তেষাং নিগ্রহস্তাবদসম্ভব এবেত্যাহ—ইহেতি। ন জাত: পক্ষ: সহায়:
পতত্রঞ্চ যেষাং তে। বাধিতুং নিগ্রহীতুম্। শকিতা ইত্যার্ব ইড়াগমঃ ॥৩॥

জাতেতি। জাতঃ পক্ষো জ্রপদবাজাদিঃ সহায়ঃ পতত্রঞ্চ যেষাং তে। বিবৃদ্ধা বয়সা বৃদ্ধি সেই পর্যান্তই তাহাদিগকে নিগৃহীত করা যাইতে পারে, তাহার পরে আর নহে॥১৯॥

পিতৃদেব! পাগুবগণকে নিগৃহীত করিবার পক্ষে এইগুলি আমার মত। কর্ণ! এগুলি ভাল কি মন্দ, তুমি কি মনে কর ?" ॥২০॥

--- °**3---

কর্ণ বলিলেন—"ছুর্ব্যোধন! তোমার এই মতগুলি সমীচীন বলিয়া আমার মনে হয় না। কারণ, পাণ্ডবগণকে কৃটকৌশল দ্বারা নির্বাতন করিতে পারা যাইবে না॥.॥

বীর! তুমি পূর্বেই গুপু উপায়ে তাহাদিগকে নির্বাতিত করিবার চেষ্টা করিয়াছিলে, কিন্তু তথনও পার নাই ॥২॥

রাজা! তথন তাহারা এই হস্তিনানগরে তোমার নিকটেই ছিল এবং তথন তাহাদের কোন সহাযও ছিল না; অধচ তাহারা বালক ছিল; এ অবস্থাতেও নির্বাতন করিতে পার নাই॥৩॥

⁽১) ---পাণ্ডবা: কুরুবর্দ্ধন!। (৪) ---মইমধা মতিবিত্যুত, মইমধা মতিরচ্যতা।

ন চ তে ব্যদনৈর্যোক্ত্রুং শক্যা দিউক্তেন চ।
শকিতাশ্চেপ্সবশ্চৈব পিতৃপৈতামহং পদম্ ॥৫॥
পরস্পবেণ ভেদশ্চ নাধাতুং তেয়ু শক্যতে।
একস্থাং যে বতাঃ পত্নাং ন ভিত্ততে পরস্পারম্ ॥৬॥
ন চাপি কৃষ্ণা শক্যেত তেভ্যো ভেদয়িতুং পরিঃ।
পরিদ্যুনান্ ব্যত্বতী কিমুতাত মুক্তাবতঃ ॥৭॥

ভারতকৌমুদী

প্রাপ্তা:। ন উপায়সাধ্যা: ক্টকোশলৈন নিগ্রহীতুং শক্যা:। অজাতপতত্রাণাং সন্ধি হিতানাং শিশ্নাং পশ্বিণাং নিগ্রহে কর্ত্ত্ব্যুভ্যভাব:। হে অচ্যুত। পৌরুষাদ্খলিত।॥৪॥

অথ চৌধ্যাবোপাদিনা বিপৎস্থ নিপাত্য তে নিগ্রাহ্যা ইত্যাহ—নেতি। দিইক্তেন দৈববিহিতেন বলব্দ্যাদিনা, শকিতাঃ স্বভাবত এব শক্তিমন্তঃ, তে পাণ্ডবাঃ, ব্যসনৈশ্চোধ্যাবোপাদিক্বতবিপদ্ভির্বোক্তিং ন শক্যাঃ, তেষাং বলব্দ্যাদিগুণেনৈব তদসম্ভবাদিতি ভাবঃ। অথ
তে যত্যদাসীনা এব তিঠেযুবিত্যাহ—ঈপ্সবশ্চেতি। পিতৃপৈতামহং পদং বাজ্যম্, ঈপ্সবশ্চ ॥৫॥

"অগ্য তান্ কুশলৈবিপ্রৈঃ" ইত্যাদিনা পূর্ব্বাধ্যাযে যতুক্তং তত্তোত্তবমাহ—পরস্পবেণেতি। আধাতুং স্থাপযিতুম্। ন ভিগ্নস্তে তে ইতি শেষঃ। তথা চ যোষিদেব সর্বত্ত পবস্পবভেদ- হেতুঃ। এবঞ্চ তপ্তামেকস্থামেব যোষিতি যে স্বস্মত্যা অভেদেনাস্ক্রান্তেষাং ভেদোপারো জগত্যাং নাস্ত্যেবেতি ভাবঃ॥৬॥

"ব্যুখাপযন্ত বা ক্নফাম্" ইত্যাদেকত্তবমাহ—ন চেতি। অত্ত পবির্বর্জনার্থ: । এবঞ্চ পবিদূয়নান্ ভিক্ষার্থপিষ্যটনাদিনা বিজ্ঞতকান্তীন্, বৃতবতী পতিছেমাঙ্গীকৃতবতী, যা ক্লফেতি শেষঃ, সা কিম্তাগু মূজাবতো জ্রুপদসাহাষ্যাৎ বেশাদে পবিদ্বাবশালিনন্তান্ পতীন্ পবিহবেদিতি শেষঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

ছুয্যোধনেতি ॥১—২॥ জাতপক্ষাঃ সহায়বস্তঃ তদত্যে অজাতপক্ষাঃ ॥৬—৪॥ দিইক্বতেন দৈবনিশ্মাণেন শকিতাঃ শক্তিমন্তঃ, জতুগৃহাদিভ্য আত্মানং মোচয়িতুং শক্তা অভ্বনিতার্থঃ

আর, এখন তাহাদের সহায় হইবাছে এবং তাহারা বিদেশে রহিয়াছে ও দর্বপ্রকারে বৃদ্ধি পাইয়াছে; এ অবস্থায় কৃটকোশল দ্বারা তাহাদিগকে নিগৃহীভ করা সম্ভবপর নহে; ইহাই আমার মত ॥৪॥

তা'র পর, তাহারা দৈবকৃত শক্তিবল ও বুদ্ধিবলে বলীয়ান্; এ অবস্থাই তাহাদিগকে কোনকপ বিপদে কেলিতেও পারা যাইবে না, অথচ তাহারা পৈতৃকপদ লাভ করিতেও ইচ্ছুক ॥৫॥

তাহাদের মধ্যে পরস্পর ভেদ জনাইতেও পারা যাইবে না। কারণ, যাহারা একটি স্ত্রীতে আদক্ত রহিয়াছে, তাহারা কি পরস্পর ভিন্ন হয় ? ॥৬॥ ২৪০ (৪) ঈিলতশ্চ গুণঃ স্ত্রীণামেকস্থা বহুভর্তৃতা।
তঞ্চ প্রাপ্তবতী কৃষ্ণা ন সা ভেদয়িতুং ক্ষমা ॥৮॥
বহুরত্বশ্চ পাঞ্চাল্যো ন স রাজা ধনপ্রিয়ঃ।
ন সন্তক্ষ্যতি কৌন্তেয়ান্ রাজ্যদানৈরপি ধ্রুবম্ ॥৯.।
তথাস্থ পুত্রো গুণবান্ অনুরক্তশ্চ পাগুবান্।
তত্মামোপায়সাধ্যাংস্তানহং মন্মে কথঞ্চন ॥১০॥
ইদং ত্বন্ত ক্ষমং কর্ত্তুমুম্মাকং পুরুষর্বভ!।
যাবন্ন কৃতমূলান্তে পাগুবেয়া বিশাংপতে!।
তাবৎ প্রহরণীয়ান্তে তত্তুভ্যং তাত! রোচতাম্॥১১॥

ভারতকোমুদী

অথ তম্ভা বহুপতিকন্বমেব ভেদহেতুরিত্যাশযে বৈপবীত্যমাহ—ঈপ্সিতশ্চেতি। একভাঃ স্থিয়া:, বহুভর্তৃতা ইত্যেষ গুণ এব স্ত্রীণামীপ্সিতঃ প্রিয়:। তঞ্চ বস্তুভর্তৃকত্বনগং গুণম্, ক্বমা প্রপ্রবাজী দৈবাং। অতএব সা পতিভাো ভেদয়িতুং ন ক্ষমা ন শক্যা ॥৮॥

বহিবতি। বহুনি বত্নানি যক্ত সং। অতএব স ন ধনপ্রিয়ং নবা সন্তক্ষ্যতি ॥>॥
তথেতি। পুত্রো ধৃষ্টত্যুমাদিং। পাঙবান্ প্রতি। উপাযসাধ্যান্ কোশলনিগ্রাহ্যান্ ॥>৽॥
ইদমিতি। ক্ষমমূচিতম্। ক্তমূলাং সমূলবদ্যাধিষ্ঠানাং। ষট্পদমিদং পভাম্ ॥>১॥

অক্ত লোক দ্বারা পাণ্ডবগণ হইতে জৌপদীকেও অপরক্ত করিতে পারা যাইবে না; কেন না, যে জৌপদী হীন অবস্থাতেই পাণ্ডবগণকে বরণ করিয়াছে, সে কি সমুদ্ধ অবস্থায় তাহাদিগকে পরিত্যাগ করে? ॥৭॥

একটি দ্রীর অনেক পতি হওয়া দ্রীলোকদিগের অভীষ্ট, তাহা দ্রৌপদী পাইয়াছে; এ অবস্থায় তাহাকে অপরক্ত করা অসম্ভব ॥৮॥

ওদিকে ক্রপদরাজার প্রচুর ধন রহিয়াছে; স্থৃতরাং তিনি ধনপ্রিয় হইতে পারেন না। অতএব ধন ত দূরের কথা, রাজ্য দান করিলেও নিশ্চয়ই তিনি পাণ্ডবগণকে পরিত্যাগ করিবেন না॥৯॥

তা'র পর, ত্রুপদরাজার পুত্রগণ গুণবান্ এবং পাণ্ডবগণের প্রতি অনুরক্ত। অতএব আমি মনে করি—কোন প্রকারেই কূটকৌশল দ্বারা পাণ্ডবগণকে নিগৃহীত করা যাইবে না ॥১০॥

অতএব হে পুক্ষশ্রেষ্ঠ ! বর্ত্তমান সময়ে আমাদের ইহাই করা উচিত যে, যে পর্যান্ত পাগুবেরা দৃঢ়ভাবে অধিষ্ঠিত না হয়, তাহার মধ্যেই তাহাদিগকে আক্রমণ করিতে হইবে। এই বিষয়ে তোমারও মত হউক ॥১১॥

⁽১) আর্য্যব্রতশ্চ পাঞ্চাল্যঃ…।

অস্মৎপক্ষো মহান্ যাবদ্যাবৎ পাঞ্চালকো লঘুঃ।
তাবৎ প্রহরণং তেষাং ক্রিয়তাং মা বিচাবয়॥>২॥
বাহনানি প্রভূতানি মিত্রাণি বহুলানি চ।
যাবন্ধ তেষাং গান্ধারে! তাবদ্বিক্রম পার্থিব!॥>១॥
যাবচ্চ বাজা পাঞ্চাল্যো নোডমে কুরুতে মনঃ।
সহ পুত্রৈর্মহাবীর্য্যেস্তাবদ্বিক্রম পার্থিব!॥>৪॥
যাবন্ধায়াতি বাফে ফ্লং কর্ষন্ যাদববাহিনীম্।
রাজ্যার্থে পাগুবেযানাং পাঞ্চাল্যসদনং প্রতি॥>৫॥
বস্নি বিবিধা ভোগা বাজ্যমেব চ কেবলম্।
নাত্যাজ্যমন্তি কৃষণস্থ পাগুবার্থে কথঞ্চন॥>৬॥

ভারতকোমুদী

অমাদিতি। মহান্ প্রবল:। লঘু: অসংগৃহীতবলান্তবন্ধান্ত্র্বল: ॥১২॥ বাহনানীতি। তেবাং পাণ্ডবানাম্। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধাবিঃ, গান্ধাবীশবাৎ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতি ইণি পূর্ব্বেকাবলোপে সম্বোধনম্। বিক্রমেতি দীর্ঘাভাব আর্য: ॥১৩॥

যাবদিতি। পাঞ্চাল্যো জ্রপদঃ। উত্তমে পাগুবানাং বাজ্যোদ্ধাবোদ্যোগে ॥১৩॥
যাবদিতি। বাস্ফেমঃ কৃষ্ণঃ, কর্ষন্ আনযন্। পাঞ্চাল্যসদনং জ্রপদগৃহম্ ॥১৫॥
অথ কৃষ্ণেনাপি কিং পাগুবার্থে নিবপেক্ষতা ত্যাজ্যেতাহ—বস্থনীতি। বস্থনি ধনানি। কেবলং
কংশ্বম্। "নির্ণীতে কেবলমিতি ত্রিলিঙ্কং ত্বেককুংশ্বযোঃ" ইত্যমবঃ ॥১৬॥

যে পর্যান্ত আমাদের পক্ষ প্রবল রহিষাছে এবং যে পর্যান্ত জ্ঞাপদরাজা তুর্বল আছেন, ইহার মধ্যেই যাইয়া পাগুবগণকে আক্রমণ কর; কিন্তু এবিষয়ে কোন বিবেচনা করিতে থাকিয়া সময় নষ্ট করিও না ॥১২॥

রাজা! যে পর্যান্ত পাগুবগণের প্রচুর পরিমাণে বাহন এবং বহুসংখ্যক মিত্র সংগৃহীত না হ্য, তাহার মধ্যেই তুমি বিক্রম প্রকাশ কর ॥১৩॥

যে পর্য্যন্ত ক্রেপদরাজা মহাবীর পুত্রগণের সঙ্গে মিলিত হইয়া পাণ্ডবগণের রাজ্য উদ্ধারের উদ্যোগে মনোনিবেশ না করেন, ইহার ম্ধ্যেই তুমি বিক্রম প্রকাশ কর॥১৪॥

এবং যে পর্যান্ত কৃষ্ণ পাণ্ডবগণের রাজ্য উদ্ধারের জন্ম যাদবদৈন্য লইয়া ক্রপদ-রাজার বাড়ীতে উপস্থিত না হয়, তাহার মধ্যেই তুমি বিক্রম প্রকাশ কর ॥১৫॥ বিক্রমেণ মহী প্রাপ্তা ভরতেন মহাত্মনা।
বিক্রমেণ চ লোকাংস্ত্রীন্ জিতবান্ পাকশাসনঃ ॥১৭॥
বিক্রমঞ্চ প্রশংসন্তি ক্ষত্রিয়স্তা বিশাংপতে!।
স্বকো হি ধর্ম্মঃ শূবাণাং বিক্রমঃ পার্থিবর্ষভ!॥১৮॥
তে বলেন বয়ং রাজন্! মহতা চতুরঙ্গিণা।
প্রমথ্য ক্রপদং শীঘ্রমানয়ামেহ পাগুবান্॥১৯॥
নহি সালা ন দানেন ন ভেদেন চ পাগুবাঃ।
শক্যাঃ সাধ্য়িতুং তত্মাদ্বিক্রমেণেব তান্ জহি॥২০॥
তান্ বিক্রমেণ জিছেমামথিলাং ভুঙ্ক্ব্ মেদিনীম্।
স্বতো নাস্তং প্রপশ্যামি কার্য্যোপায়ং জনাধিপ!॥২১॥

ভারতকোমুদী

উপায়ের বিক্রমস্রোৎকর্ষং দর্শযতি—বিক্রমেণেতি। পাকশাসন ইন্দ্র: ॥১৭॥
বিক্রমমিতি। স্বকঃ স্বকীয়া, ধর্মঃ স্বভাবঃ ॥১৮॥
ত ইতি। চন্থারি অদানি হস্তাশ্বরথপদাতিরপাণি অস্ত সন্তীতি তেন ॥১১॥
নহীতি। সাধয়িত্ম আয়ভীকর্তুম্। বিক্রমে হননমেব সম্ভবভীতি ভাবঃ ॥২০॥
ভানিতি। তান্ পাওবান্। কার্যান্ত পাওবাযত্তীকরণক্ত উপায়ং সাধনম্ ॥২১॥
ভারতভাবদীপঃ

॥৫—৬॥ পবিল্যুনান্ শোচ্যান্, ভিক্ষাভোজিস্বাদিনা, মৃজাবতঃ স্থবেশান্ ॥৭—১১॥ লঘুঃ অল্লকঃ ॥১২—১৮॥ আনয়াম স্বৰশমিতি শেষঃ ॥১৯—২৫॥ ইতি শ্রীমহাভাবতে আদিপর্বনি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে পঞ্চনবত্যধিকশততমোইধ্যায়ঃ ॥১৯৫॥

ধন, নানাবিধ বস্তু এবং সকল রাজ্য—এগুলি সমস্তই কৃষ্ণ পাণ্ডবদের জন্ম পরিত্যাগ করিতে পারেন ॥১৬॥

তা'র পর, মহাত্মা ভরতরাজা বিক্রম প্রকাশ করিয়াই পৃথিবীর লাভ করিয়াছিলেন এবং ইন্দ্র বিক্রম দ্বারাই ত্রিভুবন জয় করিয়াছিলেন ॥১৭॥

রাজা! তত্ত্বজ্ঞ লোকেরা ক্ষত্রিয়ের বিক্রমেরই প্রশংসা করিয়া থাকেন এবং বিক্রমই বীরগণের স্বাভাবিক ধর্ম ॥১৮॥

অতএব রাজা! আমরা বিশাল চতুরুদ্র সৈত্য দ্বারা সন্তর্ই জ্রপদরাজাকে জ্য় করিয়া পাণ্ডবগণকে এইথানেই লইযা আসিব ॥১৯॥

যথন সাম, দান ও ভেদ—ইহার কোনটা দ্বারাই পাণ্ডবগণকে আযত্ত করা যাইবে না, তথন বিক্রম দ্বারাই তাহাদিগকে নষ্ট কর ॥২০॥

রাজা! বিক্রম দ্বারা পাশুবগণকে জয় করিয়া এই সমগ্র পৃথিবী ভোগ কর। আমি কর্ত্তব্যবিষয়ে ইহা ব্যতাত অক্স কোন উপায় দেখিতেছি না" ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু রাধেয়বচো ধৃতরাষ্ট্রঃ প্রতাপবান্।
অভিপূজ্য ততঃ পশ্চাদিদং বচনমত্রবীৎ ॥২২॥
উপপন্নং মহাপ্রাজ্ঞে কৃতান্ত্রে সূতনন্দনে।
ছয়ি বিক্রমসম্পন্নমিদং বচনমীদৃশম্ ॥২৩॥
ভূয় এব তু ভীষ্মশ্চ দ্রোণো বিছুর এব চ।
যুবাঞ্চ কুরুতাং বৃদ্ধিং ভবেদ্যা নঃ স্থখোদয়া ॥২৪॥
তত আনায্য তান্ সর্বান্ মন্ত্রিণঃ স্থমহাযশাঃ।
ধৃতরাষ্ট্রো মহারাজ! মন্ত্র্যামাস বৈ তদা ॥২৫॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈযাদিক্যামাদিপর্ববি বিছুবা-গমনরাজ্যলাভে ধৃতরাষ্ট্রমন্ত্রণে পঞ্চনবত্যধিকশততমোহধ্যাযঃ ॥০॥ **

ভারতকোমুদী

শ্রুতি। বাধেষবচঃ কর্ণবাক্যম্। অভিপূজ্য তং বাধেষমেব মনসা প্রশস্ত ॥২২॥
উপেতি। উপপন্নং যুক্তম্। বিক্রমসম্পন্নং বিক্রমপ্রকাশকম্ ॥২৩॥
ভূষ ইতি। ভীমাদিভিঃ সহ সম্মন্ত্রোত্যাশবঃ। স্থখন্ত উদযো যন্তাঃ সা ॥২৪॥
তত ইতি। আনাষ্য দেবিবিকৈবিতি শেষঃ। তান্ ভীমাদীন্ ॥২৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকৌম্দীসমাধ্যায়ামাদিপর্ব্বিণ বিত্বাগমনবাজ্যলাতে
পঞ্চনবত্যধিকশততমোইধ্যায়ঃ ॥৩॥

--*--

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র কর্ণের কথা শুনিয়া, মনে মনে তাঁহার প্রশংসা করিয়া পরে এই কথা বলিলেন—॥২২॥

"কর্ণ! তুমি মহাপ্রাজ্ঞ এবং অস্ত্রে স্থশিক্ষিত; স্থতরাং তোমাতে এইকপ বিক্রমপ্রকাশক বাক্য সঙ্গতই বটে ॥২৩॥

কিন্তু ভীম, জোণ ও বিছরের সঙ্গে মিলিত হইয়া আবারও তোমরা এ বিষযে পর্যালোচনা কর; যাহাতে আমাদের মঙ্গল হয়"॥২৪॥

মহারাজ! ভাহার পর ধৃতরাষ্ট্র ভীষ্মপ্রভৃতি সমস্ত মন্ত্রীদিগকে আনাইযা তখন মন্ত্রণা করিতে লাগিলেন ॥২৫॥

 ^{* &#}x27;… দিশততম…', '… দ্যাধিক দিশততম · ', '… চতুর ধিক দিশতত ম…', '… একবিংশত্যাধিক দিশতত ম…' ইতি পাঠাস্তবাণি।

ষণ্ণবত্যধিকশততমো২ধ্যায়ঃ।

ভীম্ম উবাচ।

ন রোচতে বিগ্রহো মে পাণ্ডুপুত্রৈঃ কথঞ্চন।

যথৈব ধ্রতরাষ্ট্রো মে তথা পাণ্ডুরসংশয়ম্ ॥১॥

গান্ধার্য্যাশ্চ যথা পুত্রাস্তথা কুন্তীস্থতা মম।

যথা চ মম তে বক্ষ্যা ধ্রতবাষ্ট্র! তথা তব ॥২॥

যথা চ মম বাজ্ঞশ্চ তথা দুর্য্যোধনস্থা তে।

তথা কুরূণাং দর্বেষামন্মেষামপি পার্থিব!॥৩॥

এবং গতে বিগ্রহং তৈর্ন রোচে সন্ধ্যায় বীরেদীয়তামর্দ্ধভূমিঃ।

তেষামপীহ প্রপিতামহানাং বাজ্যং পিতুশ্চেব কুরুত্রমানাম্॥৪॥

ভারতকৌমুদী

নেতি। বিগ্রহো যুদ্ধম্। ধৃতবাষ্ট্রেণ কর্ণমতে শ্রাবিতে ভীম্মাদিভিক্জমিদমিতি বোধ্যম্॥১॥
গান্ধার্য্যা ইতি। যথা সম্পর্কে যাদৃশাঃ, তথা সম্পর্কে তাদৃশাঃ। তে পাণ্ডবাঃ ॥২॥
যথেতি। বাজ্ঞো ধৃতবাষ্ট্রস্থা। পাণ্ডবা বন্ধণীয়া ইতি সর্ব্বিত্র শেষঃ ॥৩॥
এবমিতি। গতে স্থিতে। ন বোচে নাভিপ্রৈমি। তেষাং পাণ্ডবানাম্। পিতৃঃ পাণ্ডোঃ।
তম পাণ্ডবানামের পৈতৃকং বাজ্ঞাম, ধতবাষ্ট্রস্য জন্ধত্যা বাজ্ঞভাভাবাৎ তর্য্যোধনস্থ ন

এতেন পাণ্ডবানামেব পৈতৃকং রাজ্যম্, গুতবাষ্ট্রভ জ্ঞত্যা বাজ্বাভাবাৎ হুর্যোধনভ ন পৈতৃকমিতি স্টিতম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—"পাণ্ড্র পুত্রগণের সহিত যুদ্ধ করা কোন প্রকারেই আমার অভিপ্রেত নহে। কেন না, আমার নিকট ধৃতরাষ্ট্র যেমন, পাণ্ড্ও তেমনই ছিল; এ বিষয়ে কোন সন্দেহ নাই॥.॥

স্থৃতরাং, আমার নিকট গান্ধারীর পুত্রগণও যেমন, কুন্তীর পুত্রগণও তেমনই। অতএব ধৃতরাষ্ট্র! তোমার পুত্রগণকে আমার যেমন রক্ষা করা উচিত, পাণ্ডুর পুত্রগণকেও আমার তেমনই রক্ষা করা উচিত॥১॥

আর, আমার ও তোমার পাণ্ডবগণকে যেমন রক্ষা করা উচিত, তেমন হুর্য্যোধনের ও অস্থান্ম কুকবংশীয় সকলেরই পাণ্ডবগণকে রক্ষা করা উচিত ॥৩॥

এমন হইলে, পাণ্ডবদের সহিত যুদ্ধ করা আমার অভিপ্রেত নহে; সেই বীরগণের সহিত সন্ধি করিয়া তাহাদিগকে অর্দ্ধরাজ্য দান কর। কেন না, এই রাজ্য তাহাদেরও পিতামহের, বিশেষতঃ পিতার ছিল ॥৪॥

⁽৪) এবং গতে বিগ্রহন্তৈর্ন বোচতে 😶

তুর্য্যোধন! যথা রাজ্যং ছমিদং তাত! পশুদি।
মম পৈতৃকমিত্যেবং তেহপি পশুন্তি পাণ্ডবাঃ॥৫॥
যদি বাজ্যং ন তে প্রাপ্তাঃ পাণ্ডবেয়া যশমিনঃ।
কৃত এব তবাপীদং ভারতস্থাপি কস্ফচিৎ॥৬॥
অধর্মেণ চ বাজ্যং দ্বং প্রাপ্তবান্ ভরতর্ষভ!।
তেহপি বাজ্যমনুপ্রাপ্তাঃ পূর্ব্বমেবেতি মে মতিঃ॥৭॥
মধুরেণেব রাজ্যস্থ তেষামর্দ্ধং প্রদীয়তাম্।
এতদ্ধি পুরুষব্যান্ত্র! হিতং সর্বজনস্থ চ॥৮॥
অতোহন্তথা চেৎ ক্রিয়তে ন হিতং নো ভবিশ্বতি।
তবাপ্যকীতিঃ সকলা ভবিশ্বতি ন সংশয়ঃ॥৯॥
কীর্ত্তিবক্ষণমাতিষ্ঠ কীর্তিহি পবমং বলম্।
নইকীর্ত্তের্মনুশ্বস্থ জীবিতং হুফলং শ্বতম্॥১০॥

ভারতকোমুদী

ছুর্য্যোধনেতি। হে তাত। বৎস।। তে পাণ্ডবা অপি তথৈব পশ্যন্তীত্যর্থ: ॥৫॥

যদীতি। প্রাপ্তা ভবেয়ুবিতি শেষ:। ভারতশ্য ভবতবংশীযশ্য ॥৬॥

অবর্শেণেতি। অধর্শেণ বাবণাবতে প্রস্থাপনাত্মকেন। পূর্ব্ধমেব পিতৃ: পাণ্ডোবনস্তবমেব,

"পিতৃযু্গপবতে পুত্রা বিভজেমুর্ধনং পিতৃ:" ইত্যাদিশাস্ত্রাদিতি ভাব: ॥৭॥

মধুবেণেতি। মধুবেণ বিবাদাভাবাৎ সর্ব্বসন্তোষকারিণা ভাবেন ॥৮॥
অত ইতি। নঃ অস্মাকম্। সকলা, জতুগৃহদাহাদিদোষাণামপি অধ্যেব সম্ভবাৎ ॥১॥

বংস। তুর্ব্যাধন। তুমি যেমন এই রাজ্যটাকে পৈতৃক বলিয়া মনে কর, সে পাগুবেরাও তেমনই ইহাকে পৈতৃকরাজ্য মনে করে॥৫॥

স্থতরাং, সেই পাগুবেরা যদি এই রাজ্য না পায়, তবে তুমিই বা কি করিয়া পাইবে ? এবং অক্স ভরতবংশীয়ই বা কি করিয়া পাইবে ? ॥৬॥

তা'র পর, ছর্ব্যোধন! তুমি অধর্ম অনুসাবেই এই রাজ্য হাতে পাইবাছ; বাস্তবিকপক্ষে পাণ্ডবেরা পূর্বেই এ বাজ্য পাইযাছিল; ইহাই আমার মত ॥৭॥

ত্র্যোধন। মধুরভাবে পাগুবগণকে রাজ্যের অর্দ্ধ দান কর , ইহাই সমস্ত লোকের হিতকর হইবে ॥৮॥

এতদ্বির অক্সকপ যদি কর, তবে আমাদের মঙ্গল হইবে না; তোমারও সর্বপ্রকার নিন্দা হইবে; ইহাতে কোন সন্দেহ নাই ॥৯॥

কীর্ত্তি রক্ষা কর, কীর্ত্তি মানুষের প্রধান বল; আর কীর্ত্তিহীন মানুষের জীবনই নিম্মল ॥১০॥ যাবৎ কীর্ভির্মনুষ্যস্থ ন প্রণশুতি কোরব!।
তাবজ্জীবতি গান্ধারে! নফকীর্তিস্ত নশুতি ॥১১॥
তমিমং সমুপাতিষ্ঠ ধর্ম কুরুকুলোচিত্তম্।
অনুরূপং মহাবাহো! পূর্বেবধামাত্মনঃ কুরু ॥১২॥
দিষ্ট্যা প্রিয়ন্তে পার্থা হি দিষ্ট্যা জীবতি সা পৃথা।
দিষ্ট্যা পুরোচনঃ পাপো ন সকামোহত্যয়ং গতঃ॥১৩॥
যদা প্রভৃতি দগ্ধান্তে কুন্তিভোজস্থতাস্থতাঃ।
তদা প্রভৃতি গান্ধারে! ন শকোম্যভিবীক্ষিতুম্॥১৪॥
লোকে প্রাণভৃতং কঞ্চিচ্ছুত্মা কুন্তীং তথাগতাম্।
ন চাপি দোমেণ তথা লোকোহবৈতি পুবোচনম্।
যথা ত্বাং পুরুষব্যাত্র! লোকো দোষেণ গচ্ছতি॥১৫॥

ভারতকৌমুদী

কীর্ত্তীতি। আতি গ্রন্থতি । অধলং লোকের গোববালাভাদিতি ভাব: ॥১০॥
যাবদিতি। জীবতি স মন্থ্য ইতি শেষ:। নশ্যতি, লোকাদবালাভাদিত্যাশয়: ॥১১॥
তমিতি। ধর্মং সাধুতাম্। আত্মন: পূর্ব্বোং পূর্ষাণামন্থনপং কার্য্যং কুরু ॥১২॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, প্রিয়স্তে অবতিষ্ঠন্তে জীবন্তীত্যর্থ:। অত্যয়ং মৃত্যুম্ ॥১০॥
যদেতি। অভিবীক্ষিতৃং স্বম্থং দর্শবিত্মিত্যর্থ:, স্বন্মিন্ তদ্যোবাবোপাশন্ধাত ইতি ভাব: ॥১॥
লোক ইতি। লোক:, কুন্তীং সপুত্রামিত্যাশয়:, তথাগতাং জতুগৃহদাহেন দ্যাম্, শ্রন্থা,
ভারতভাবদীপঃ

ন রোচতে ইতি ॥১—१॥ মধুবেন প্রীত্যা ॥৮—১২॥ ধ্রিয়স্তে জীবন্ধি, স্কামো নাসীৎ, যে পর্যান্ত মানুষের কীর্ত্তি নষ্ট না হয়, সেই পর্যান্তই সে বাঁচিয়া থাকে; আর কীর্ত্তি নষ্ট হইলে, সেও নষ্ট হয় ॥১১॥

অতএব তুমি এই কুকবংশোচিত ধর্শের অনুষ্ঠান কর, নিজের পূর্ব্বপুক্ষদিগের অনুবাপ কার্য্য কর ॥১২॥

ভাগ্যবশতই পাগুবেরা জীবিত রহিয়াছে এবং ভাগ্যবশতই কুস্তীদেবী বাঁচিয়া আছেন; আর ভাগ্যবশতই পাপাত্মা পুরোচন সফলকাম হয নাই, মরিযা গিয়াছে ॥১৩॥

তুর্ব্যোধন! যদবধি শুনিয়াছি যে, পাগুবেরা দগ্ধ হইয়াছে, তদবধি আমি আর লোকসমাজে মুথ দেখাইতে পারিতেছি না ॥১৪॥

^{(.}৫) লোকে প্রাণভৃতাং কিবিং, · লোকে প্রাণভৃতাং কঞ্চিং · · লোকো মত্তেৎ পূরো-চনম্ · · ।

তদিদং জীবিতং তেষাং তব কিল্মিখনাশনম্।
সম্মন্তব্যং মহারাজ! পাগুবানাঞ্চ দর্শনম্॥>৬॥
ন চাপি তেষাং বীরাণাং জীবতাং কুরুনন্দন!।
পিত্যোহংশঃ শক্য আদাতুমপি বজ্রভূতা স্বয়ম্॥>৭॥
তে সর্বেহ্বস্থিতা ধর্ম্মে সর্বে চৈবৈকচেতদঃ।
অধর্মেণ নিরস্তাশ্চ তুল্যে রাজ্যে বিশেষতঃ॥>৮॥

ভারতকোমূদী

লোকে জগতি, কঞ্চিদন্তং প্রাণভ্তং লোকম্, পুবোচনমপি চ, তথা তাদৃশেন দোষেণান্বিতম্, ন অবৈতি নাবগচ্ছতি, লোকঃ, স্বাম্, যথা যাদৃশেন দোষেণান্বিতম্, গচ্ছতি অবগচ্ছতি। প্রভূত্বাৎ প্রযোজকত্বাচ্চ ত্বামেবাধিকদোষান্বিতং জানাতীতি ভাবঃ। ষট্পাদোহযং শ্লোকঃ ॥১৫॥

তদিতি। তত্ত্ব্বাৎ, তেবাং পাণ্ডবানামিদং জীবিতং দর্শনঞ্চ, তব, কিল্পিনাশনং কিল্পিজনিতভদপবাদনাশকম্, সম্মন্তব্যম্, তেবাং জীবিতদর্শনেন বাজ্যার্দ্ধদানেন চ তদপবাদশু মিথ্যাত্ত্প্রমাণীকবণাদিতি ভাব: ॥১৬॥

অথ তেষাং জীবনেনৈব তদপবাদনাশনম্, বিক্রমেণ রাজ্যগ্রহণঞ্চ ক্ষত্রিয়ন্ত ধর্ম এবেতি ন তত্রাপবাদান্তবঞ্চেত্যাহ—ন চেতি। জীবতাং বোগাদিনা অমৃতানাম্। পিত্রাঃ পৈতৃকঃ। বজভ্তাপি ইক্রেণাপি। যুদ্মান্ত্ কা কথেত্যাশয়ঃ ॥১৭॥

অথ যদি কদাচিদধর্মেণা নৈক্যেন চ তেষাং শক্তিক্ষয়: স্থাদিত্যাহ—ত ইতি। একচেতস একমতাবলম্বিন:। নিবস্তা বহিতা:। তুল্যে বাজ্যে তব তেষাঞ্চ। বিশেষেণ যুদ্মন্তো-ইতিবেকেণ ॥১৮॥

ভারতভাবদীপঃ

অত্যয়ং নাশম্ ॥১৩—১৪॥ দোষেণ যুক্তম্, গচ্ছতি জানাতি ॥১৫॥ সম্মন্তব্যং সম্মতং কর্ত্তব্যম্ ॥১৬—১৭॥ অধর্মেণ জতুগৃহদাহাদিনা ॥১৮—১১॥

ইতি শ্রীমহাভাবতে আদিপর্ব্বণি নৈলবণ্ঠীয়ে ভারওভাবদীপে ষর্মবত্যধিকশততমো২ধ্যায়ঃ ॥১৯৬॥

ছর্ব্যোধন! কুন্তীদেবী পুত্রগণের সহিত জভুগৃহদাহে দগ্ধ হইয়া গিয়াছেন, ইহা শুনিযা জগতের লোক অন্ত কোন লোককে বা পুরোচনকে সেরপ দোষী মনে করে না, তোমাকে যেরপ দোষী মনে করে ॥১৫॥

অতএব পাণ্ডবগণের বাঁচিয়া থাকা এবং তাহাদিগকে দেখিতে পাওযা তোমার সেই অপবাদ নষ্ট করিবে—ইহা তোমার মনে করা উচিত ॥১৬॥

তা'র পর, সেই বীরগণ বাঁচিয়া থাকিতে, স্বয়ং ইন্দ্রও বলপূর্বক তাহাদের পৈতৃক অংশ লইতে সমর্থ হইবেন না॥১৭॥

আর, রাজ্য—তোমাদের ও তাহাদের তুল্য হইলেও প্রধানতঃ তাহারা সকলেই ধান্মিক, সকলেই একমতাবলম্বী এবং সকলেই অধর্মশৃন্য ॥.৮॥ ২৪১ (৪) যদি ধর্মাস্ত্রয়া,কার্য্যো যদি কার্য্যং প্রিয়ঞ্চ মে। ক্ষেমঞ্চ যদি কর্ত্তব্যং তেষামর্দ্ধং প্রদীয়তামৃ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ববিণি বিছুরা-গমনরাজ্যলাভে ভীম্মবাক্যং নাম ধর্রবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ **

সপ্তনবত্যধিকশততমো২ধ্যায়ঃ।

-----°**°-----

দ্ৰোণ উবাচ।

মন্ত্রায় সমুপানীতৈগ্ন তবাষ্ট্র ! হিতৈনৃপি ! । ধর্ম্ম্যমর্থ্যং যশস্তঞ্চ বাচ্যমিত্যসুক্তপ্রেম ॥১॥ মমাপ্যেষা মতিস্তাত ! যা ভীক্ষস্ত মহাত্মনঃ। সংবিভাজ্যাস্ত কৌন্তেয়া ধর্ম এষ সনাতনঃ॥২॥

ভারতকৌসুদী

ইদানীং বক্তব্যম্পসংহরতি—যদীতি। ক্ষেমং সর্ব্বেষামেৰ মঙ্গলম্ ॥১৯॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাংমহাভারতটীকাষাং ভাবতকোম্দীসমাখ্যাযামাদিপর্বাণি বিদ্ববাগমনবাজ্যলাভে বন্ধবত্যধিকশঙতমোহধ্যায়: ॥০॥

মন্ত্রায়েতি। হিতৈহিতৈবিভির্জনৈ:। অনুস্তশ্রুম বৃদ্ধেভ্য ইতি শেষ: ॥১॥ মমেতি। যা যাদৃশী। সংবিভাজ্যা: সমানবিভক্তবাজ্যার্দ্ধদানবিষধীকর্ত্তব্যা: ॥২॥

অতএব যদি ধর্ম করা তোমার উচিত হয়, যদি আমার প্রিয় কার্য্য করিতে চাও এবং যদি সকলের মঙ্গলই করিতে ইচ্ছা কর, তবে রাজ্যের অর্দ্ধ তাহাদিগকে ছাড়িয়া দাও" ॥১৯॥

---- 04k2----

জোণ বলিলেন—"মহারাজ ধৃতরাষ্ট্র! মন্ত্রণা করিবার জন্ম আনীত হিতৈষী লোকেরা ধর্মসঙ্গত, স্থায়সঙ্গত ও যশোবৃদ্ধিজনক বাক্যই বলিবেন ইহা আমরা শুনিয়াছি॥১॥

স্ত্রাং মহাত্মা ভীত্মের র্যে মত, আমারও দেই মত। রাজ্যকে সমানভাগে বিভক্ত করিয়া এক অর্দ্ধ পাণ্ডবগণকে দিন, ইহাই চিরন্তন ধর্ম ॥:॥

^{* &#}x27;…একাধিকদ্বিশততম…', ' ে ত্রাধিকদ্বিশততম ে', ' পঞ্চাধিকদ্বিশততম ে', ' ে দ্বাবিংশত্যধিকদ্বিশততম ে' ইতি পাঠান্তবাণি।

প্রেয়তাং ক্রপদায়াশু নরঃ কশ্চিৎ প্রিয়ংবদঃ।
বহুলং রত্নমাদায় তেষামর্থায় ভারত ! ॥৩॥
মিথঃ কৃত্যঞ্চ তশ্মৈ স আদায় বস্থ গচ্ছতু ।
বৃদ্ধিঞ্চ পরমাং ক্রেয়াত্তৎসংযোগোদ্ধবাং তথা ॥१॥
সম্প্রীয়মাণং ত্বাং ক্রেয়াক্রাজন্ ! দুর্য্যোধনং তথা ।
অসক্দক্রপদে চৈব ধৃষ্টন্তান্দে চ ভারতে । ॥৫॥
উচিতত্বং প্রিয়ত্বঞ্চ যোগস্থাপি চ বর্ণয়েৎ ।
পুনঃ পুনশ্চ কোন্তেয়ান্ মাদ্রীপুর্ত্রো চ সাল্বয়ন্ ॥৬॥
হিরপ্রমানি শুলাণি বহুস্থাভরণানি চ ।
বচনাত্তব রাজেক্র ! দ্রোপত্যাঃ সম্প্রয়চ্ছতু ॥৭॥

ভারতকোমুদী

প্রেম্বতামিতি। প্রিযংবদো মধুবভাষী। তেষাং পাণ্ডবানাম্॥৩॥

মিথ ইতি। মিথঃ প্রস্পব্ম, ক্তাং ব্রক্তাপক্ষাভাাং দেয্ম, ব্রু ধন্ম। বৃদ্ধিং ধৃতবাট্টাদীনাং ব্রপক্ষাণামুন্নতিম্। তৎসংযোগোদ্ভবাং জ্ঞপদেন সহ সম্মেলনজাতাম্ ॥৪॥

সম্প্রীযমাণমিতি। হে বাজন্। ধৃতবাষ্ট্র।। সম্প্রীযমাণম্ অনেন সম্বন্ধনেতি শেষ: ॥৫॥ উচিতত্বমিতি। যোগস্ত সোমককৌববযোর্বিবাহিকসম্বন্ধত। উচিতত্বং যোগ্যত্বম্ ॥৫॥ হিবগ্নযানীতি। দ্রোপতা অর্থে, সম্প্রয়ন্ত্বতু ক্রপদহন্তে সমর্পরতু ॥৭॥

ভারতভাবদীপঃ

মন্ত্রাখেতি। হিতৈমিত্রৈ: ॥১—২॥ তেষাং পাণ্ডবানাম্ ॥৩॥ মিথ:ক্বত্যং সাম্বন্ধিকং ববপন্ধীয়ৈ: বধ্বলঙ্কাবাদি, ক্যাপন্ধীয়ৈর্ববালঙ্কাবাদি, তাম্মৈ ক্রপদায় তদর্থে, এতেন মিথ:-ক্বত্যে এব শ্বন্থবো জামাতৃদায়ং গৃহ্লীয়াৎ নাম্বথেতি সিদ্ধন্। বৃদ্ধিং চেতি ছংসংযোগাৎ অস্মাকং মহত্বাপ্তির্জাতা ইতি ধৃতবাষ্ট্রো হুর্য্যোধনশ্চ মন্তত ইতি তত্ত বক্তব্যমিত্যর্থ: ॥৪—৫॥

আপনি পাণ্ডবদের জন্ম প্রচুর ধনরত্ব দিয়া প্রিয়ভাষী কোন লোককে সত্তর জ্বপদরাজার নিকট প্রেরণ ককন ॥৩॥

সে লোক জ্ঞপদ রাজার জন্মও উপঢৌকন লইয়া যাউক , যাইয়া বলুক যে, জ্ঞপদরাজার সহিত সম্বন্ধ হওযায কুকবংশের বিশেষ উন্নতি হইযাছে ॥৪॥

আর, ক্রপদরাজা ও ধৃষ্টগ্নায়ের নিকট বার বার এই কথা বলুক যে, এই সম্বন্ধ হওয়ায় ধৃতরাষ্ট্র ও তুর্য্যোধন অত্যন্ত সন্তুষ্ট হইয়াছেন ॥৫॥

এবং এই সম্বন্ধ যে যোগ্য ও গ্রীতিকর হইযাছে—একথাও সে লোক বলিবে, আর পাণ্ডবগণকে বার বার আশ্বস্ত করিবে ॥৬॥

⁽৪) পৃথক্ কৃতঞ্চ তল্মে, সঃ ...।

তথা জ্ঞপদপুত্রাণাং দর্বেষাং ভরতর্বভ!।
পাণ্ডবানাঞ্চ দর্বেষাং কুন্ত্যা যুক্তানি যানি চ॥৮॥
এবং দান্তদমাযুক্তং জ্ঞপদং পাণ্ডবৈঃ দহ।
উক্ত্যা দোহনন্তরং ব্রেরাক্তেরামাগমনং প্রতি॥৯॥
অনুজ্ঞাতেরু বীরেরু বলং গচ্ছতু শোভনম্।
ছঃশাদনো বিকর্ণচাপ্যানেছুং পাণ্ডবানিহ॥>০॥
ততন্তে পাণ্ডবাঃ শ্রেষ্ঠাঃ পুজ্যমানাঃ দদা ত্বয়।
প্রকৃতীনামনুমতে পদে স্থাস্মন্তি পৈতৃকে॥>>॥
এক্তব মহাবাজ! পুত্রেষু তেয়ু চৈব হ।
বৃত্তমোপয়িকং মন্যে ভীম্মেণ দহ ভারত!॥>২॥

ভারতকোমুদী

তথেতি। কুন্তা বিববারা:, যানি যুক্তানি খেতবল্লাদীনি, তানি চ সম্প্রযক্তত্ ॥৮॥
এবমিতি। স তংপ্রেরিতো লোক:। তেবাং পাওবানাম্ ॥১॥
অন্বিতি। অনুজ্ঞাতেব্ অব্রাগমনায় জপদেনান্নতেব্, বীবের্ পাওবের্ ॥১০॥
তত ইতি। পূজামানা আদিরমাণা:। প্রব্তীনাং প্রজানাম্। পদে রাজ্তে ॥১১॥
এতদিতি। তের্ পাওবের্ চ। বৃত্তং ব্যবহাবন্, উপয়িকং সর্বসামঞ্জ্ঞসাধকম্ ॥১২॥
ভারতভাবদীপঃ

বোগতা স্বন্ধতা ৯৬॥ সম্প্রাক্ত্ হলীয়োংনত্যাদি: ॥৭॥ তথা আভরণানি প্রযাছত্ত ইত্য-ম্বন্ধ্য প্রত্যেকং জ্পদপুরোণান্ ইত্যাদিব্ যোজ্যন্ ॥৮—১১॥ ঔপযিকন্ অবতাকর্তব্যন্

আর, মহারাজ। আপনার আদেশ অনুসারে সে লোক দ্রৌপদীর জন্ম বহুতর হীরকনিশ্মিত নির্মাল অলম্বার নিয়া ক্রপদরাজার হস্তে সমর্পণ করুক ॥৭॥

এবং ক্রেপদরাজার সকল পূত্র, সকল পাণ্ডব ও কুন্তীদেবীর পক্ষে যে সমস্ত বস্তু যোগ্য, সেগুলিও নিয়া ক্রেপদরাজার নিকট সমর্পণ ককক ॥৮॥

পরে, আপনার প্রেরিত লোক পাণ্ডবগণের সহিত ক্রপদরাজাকে উক্তর্মপ প্রিয় বাক্য বলিয়া, পাণ্ডবগণের এস্থানে আগমনের কথা বলুক ॥৯॥

তদনন্তর, জ্রপদরাজা পাণ্ডবগণকে আসিবার অনুমতি দিলে, তাহাদিগকে আনিবার জন্ম আপনার সৈন্তাগণ শোভাযাত্রা ককক, সেই সঙ্গে ছংশাসন ও বিকর্ণ যাউক॥১০॥

তাহার পর, পাশুবেরা আদিরা প্রজাদের অভিমত পৈতৃকপদে অধিষ্ঠিত ' হইবে, আপনিও দর্ববদাই তাহাদের আদর করিতে থাকিবেন ॥১১॥

মহারাজ । আপনার এইরূপ ব্যবহারই আপনার পুত্রগণ ও পাওবগণের সামঞ্জয় রক্ষক হইবে। ইহাই ভীগ্নের ও আমার মত"॥১২॥

কৰ্ণ উবাচ।

যোজিতাবর্থমানাভ্যাং সর্ববকার্য্যেম্বনন্তরো ।
ন মন্ত্রয়েতাং স্বচ্ছে মঃ কিমদ্ভুততবং ততঃ ॥>৩॥
ছফৌন মনসা যো বৈ প্রচহন্দেনান্তরাত্মনা ।
জ্রয়ান্মিঃভোয়সং নাম কথং কুর্য্যাৎ সতাং মতম্ ॥>৪॥
ন মিত্রাণ্যর্থক্বচ্ছে মু শ্রেমসে বেতরায় বা ।
বিধিপূর্ববং হি সর্বস্থ ছঃখং বা যদি বা স্থখম্ ॥>৫॥

ভারতকৌমুদী

যোজিতাবিতি। অর্থমানাভ্যাং ধনগোববাভ্যাম্, যোজিতো সম্বন্ধিতো তো প্রাপিতাবিত্যর্থ:। অনস্তবো অব্যবহিতো অন্তর্নিবিষ্টো ভীমন্তোগো। স্বচ্ছেষ্ট্রবন্তব মঙ্গলম্॥১৩॥

তুষ্টেনেতি। যো জনঃ, তৃষ্টেন তৃবভিসন্ধিশালিনা, অতএব প্রচ্ছন্নেন বহিঃ সদ্ভাবপিহিতেন অন্তক্ষ শক্রহিতৈবিতাযুক্তেন, অন্তবাত্মনা মনসা, নাম প্রকাশম্, নি.শ্রেষসং মঙ্গলম্, ক্রয়াৎ, স জনঃ, কথম্, সতাং বহিরন্তক্ষভযত্তাপি সদ্ভাবযুক্তানামকপটানাম্, যাদৃশং মতং ভবতি তাদৃশং মতং কুর্যাৎ, কথমপি নেত্যর্থঃ। ভীত্মন্তোণবোঃ কপটমিত্রত্বাত্তমতং ন গ্রাহ্মিতি ভাবঃ॥১৪॥

অথ তং বাল:, ভীদ্মন্তোণো চ কপটমিত্রে ইতি কেন সহ মন্ত্রয়ামি কুতো বা মঙ্গলাশেত্যাহ— নেতি। অর্থক্কচ্ছেষ্ কার্যসঙ্কটেষ্, মিত্রাণি, শ্রেষসে মঙ্গলায বা, ইতবায় অশ্রেষসে বা, ন ভবন্তি। কিন্তু সঞ্চত্তৈব লোকস্ত, তুঃখং বা, যদি বা স্থ্যম্, বিধিপূর্ব্বং দৈবপ্রযোজ্যমেব ভবতি। অতঃ স্থানৈবসত্ত্বে ভবাপি স্থ্যমেব ভবেদিতি ন বিষাদঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

॥১২॥ অনন্তবৌ অন্তবঙ্গো ভীমদ্রোণো ॥১৩॥ নমু অন্তবঙ্গো চেৎ কথং মদ্ভেষো নাম্বমন্ত্রয়েতাম্ ইত্যাশস্ক্য অন্তবঙ্গাভাসাবিমো ন তু অন্তবঙ্গাবিত্যাহ—হুষ্টেনেতি। ছুষ্টেন
মিত্রদ্রোহ্বতা মনসা সন্ধরেন, প্রচ্ছন্নেন শক্রহিতেঞ্জুনাপি স্বামিহিতবদাভাসমানেন।
অন্তবাত্মনা বৃদ্ধ্যা। যো ক্রয়াৎ মন্ত্রং স সভাং সাধূনাং বিশ্বস্তানাং স্বামিনাং মতমিষ্টং
নিঃপ্রেয়সং কল্যাণং কথং কুর্যাৎ ন কথমপি। শঠমিত্রং হি পাতয়ত্যেব ন হিতায়েত্যর্থঃ
॥১১॥ নম্ব শঠমিত্রত্বস্তু অন্ত ত্বয়াপ্যাশস্ক্যেত তথাচ সর্ব্ব্রানাশ্বাসপ্রসঙ্গ ইত্যাশস্ক্য দৈবমেব

কর্ণ বলিলেন—"মহারাজ! যাঁহারা চিরদিন ধন ও মান দ্বারা আর্ত এবং সমস্ত কার্য্যে অন্তরঙ্গ হইয়া আসিতেছেন, তাঁহারা আপনার মঙ্গলের কথা বলেন না; ইহা অপেক্ষা আর অত্যাশ্চর্য্য কি হইতে পারে ? ॥১৩॥

যে লোক বাহিরে সদ্ভাব ও ভিতরে অসদ্ভাবযুক্ত দূষিত হৃদয়ে মঙ্গলের কথা বলে, সে লোক কি করিয়া প্রকৃত হিতৈষীর মত প্রকাশ করিতে পারে ? ॥১৪॥

কৃত প্রজ্ঞাহকৃত প্রজ্ঞো বালো বৃদ্ধশ্চ মানবঃ।
সদহায়োহদহায়শ্চ দর্বাং দর্বত্র বিন্দ তি ॥১৬॥
ক্রেয়তে হি পুরা কশ্চিদন্তুবীচ ইতীশ্বাঃ।
আদীদ্রোজগৃহে বাজা মাগধানাং মহীক্ষিতাম্॥১৭॥
দ হীনঃ করণৈঃ দর্বেরক্তর্ব্বাদপবমো নৃপঃ।
অমাত্যদংস্থঃ দর্বের্ কার্য্যেষবাভবত্তদা ॥১৮॥
তস্থামাত্যো মহাকর্ণির্বভূবৈকেশ্বস্তদা।
দ লব্ধবলমাত্মানং মন্তমানোহ্বমন্ততে ॥১৯॥

ভারতকোমুদী

নত্ন সহাযাভাবে কথং বিষাদো ন কর্ত্তব্য ইত্যাহ — ক্ততেতি। ক্বতপ্রপ্রজন্তিরপর্য্যালোচন্যা লক্কবৈচক্ষণ্য:, অক্বতপ্রজ্ঞন্চ তদিতব:। সর্ব্বং মদলাদিক্য, সর্ব্বত্ত দেশে কালে চ, বিন্দতি লভতে, দৈববশাদেব। অতঃ স্থানৈবসত্ত্বে ত্বমপি মদলাদিকং লপ্স্যাস এবেত্যাশয়ঃ ॥১৬॥

ভীন্মক্রোণমতে ন স্থাতব্যমিতি স্থাচয়তুমাথ্যায়িকামবভাবয়তি—শ্রুষত ইতি। ঈশ্ব: কায়িক-শক্তিশালী। বাজগৃহে ভদাখ্যে পুবে। মাগধানাং মহীক্ষিতাং বংশে ॥১৭॥

তম্মেতি। একেশ্ববো বাজ্যে অদ্বিতীয়ঃ প্রভুঃ। অবমন্ততে বাজানমিতি শেষঃ ॥১৯॥ ভারতভাবদীপঃ

মৃথ্যং বৃদ্ধিহ্রাসাদিহেতুবিত্যাহ—ন মিত্রাণীতি। মিত্রাণি সাধ্বসাধূনি অর্থকচ্চেষ্ কার্যসন্ধটেষ্ শ্রেমসে ইতবাষ নাশাষ বা ন প্রভবন্তি, হি যন্ত্রাৎ বিধিপূর্ব্বং পুণ্যাপুণ্যকহেতুকং সর্বাং স্থাদিকন্ ॥১৫॥ এতদেব স্পষ্টয়তি—ক্বতেতি। সর্বাং দৈবোপনীতন্। সর্বত্র দেশে কালে চ॥১৬॥ অত্র আখ্যাধিকামাহ—শ্রেষত ইতি। ঈশ্ববঃ সমর্থঃ। বাজগৃহে তন্নামকে নগবে॥১৭॥ কর্বণৈ চক্ষ্বাদিভিহীনো বিকলঃ, উচ্ছাস এব প্রমো ভবতীতি জ্ঞানহেতুর্যস্ত

সঙ্কট উপস্থিত হইলে, মিত্রই মঙ্গল বা অমঙ্গলের কারণ হয় না; দৈববশতই সকলের সুথ বা তুঃখ হইবা থাকে ॥১৫॥

মানুষ —বুদ্ধিমান্, নির্বোধ, বালক, বৃদ্ধ, সমহায বা নিঃসহায় হউক ; কিন্তু দৈববশতই সে সকল সময়ে সকল স্থানে সকল লাভ করিয়া থাকে ॥১৬॥

শুনিতে পাই—পূর্বকালে রাজগৃহনগরে মগধরাজবংশে কায়িক-শক্তিশালী 'অমুবীচ' নামে কোন রাজা ছিলেন ॥১৭॥

তাহার কোন ইন্দ্রিয় ছিল না বলিয়া তিনি কেবল খাস-প্রশাসই করিতে পারিতেন; তাই তিনি সমস্ত কার্য্যেই মন্ত্রীর উপরে নির্ভরশীল ছিলেন ॥১৮॥

মহাকর্ণি নামে তাঁহার এক মন্ত্রী ছিলেন, দেই মন্ত্রীই একমাত্র প্রভু

স বাজ্ঞ উপভোগ্যানি দ্রিয়ো রত্নধনানি চ।
আদদে সর্বশো মৃঢ় ঐশ্বর্যঞ্চ স্বয়ং তদা ॥২০॥
তদাদায় চ লুরুস্থ লোভাল্লোভোহভাবর্দ্ধত।
তথা হি সর্বমাদায় রাজ্যমস্থ জিহীর্ষতি ॥২১॥
হীনস্থ করণেঃ সর্বৈরুচ্ছ্বাসপ্রমস্থ চ।
যতমানোহপি তদ্রাজ্যং ন শশাকেতি নঃ শ্রুতম্ ॥২২॥
কিমন্যদিহিতা নূনং তস্থ দা পুরুষেক্রতা।
যদি তে বিহিতং বাজ্যং ভবিয়তি বিশাংপতে! ॥২০॥

ভারতকৌমুদী

স ইতি। স মহাকণি:। মৃতঃ পাপাসক্তত্বাৎ। ঐশ্বর্যাং সেনাবাহনাদিকম্ ॥২০॥ তদিতি। লুক্স মহাকণে:। অস্ত অম্বীচ্স বাজ্যম্, জিহার্ষতি হর্ত্তুমিচ্ছতি আ ॥২১॥ হানস্তোতি। যতমানোহপি মহাকণিঃ, তদ্রাজ্যং হর্ত্তুং ন শশাক দৈবাদেবেতি ভাবঃ ॥২২॥ কিমিতি। অন্তং কিং ব্রবীমীতার্থ:। তম্ম অম্বীচ্স, সা পুক্ষেক্ততা বাজ্যম্, নৃনং নিশ্চিতমেব, বিহিতা দৈবেন নিরূপিতা। অতএব মন্ত্রিণা হর্ত্তুং ন শক্তা। অতএব হে বিশাংপতে। যদি তে তবাপি বাজ্যম্, বিহিতং দৈবেন নিরূপিতম্, তদা ভবিশ্বতি শ্বাস্তাতি ॥২৩॥

ভারতভাবদীপঃ

স:। অমাত্যসংস্থ: অমাত্যাধীন: ॥১৮॥ অবমগ্যতে বাজানমিতি শেষ: ॥১৯—২১॥ ন
শশাক হর্ত্ত্মিতি শেষ: ॥২২॥ আখ্যাযিকাতাৎপর্য্যমাহ—কিমিতি। তম্ম অম্বীচম্ম।
সা পুরুষেক্রতা তৎ নবেক্রঅম্। নৃনং বিহিতা বিধিপ্রাধ্যেব ন তু যত্মসম্পাদিতা। কিময়াছিলেন; স্ক্রাং তিনি আপনাকে শক্তিশালী মনে করিয়া সর্ব্বদাই রাজাকে
অবজ্ঞা করিতেন॥১৯॥

সেই পাপিষ্ঠ মন্ত্রী, রাজার উপভোগ্য স্ত্রী, ধন, রত্ন, বল ও বাহনপ্রভৃতি সমস্তই আত্মসাৎ করিয়াছিলেন ॥২০॥

সেই সমস্ত আত্মসাৎ করিতে পারায সেই লোভী মন্ত্রীর লোভ আরও বৃদ্ধি পাইযাছিল, তাই তিনি সমস্ত আত্মসাৎ করিয়া, পরে রাজ্যও লইবার ইচ্ছা করিয়াছিলেন ॥২১॥

কিন্তু ইন্দ্রিয়হীন কেবল প্রাণধারী রাজার রাজ্য লইবার চেষ্টা করিয়াও দৈববশতই মন্ত্রী তাহা পারেন নাই , ইহা আমরা শুনিয়াছি ॥২২॥

আর কি বলিব, অসুবীচের সেই রাজহু নিশ্চয়ই দৈবনির্দিষ্ট ছিল। অতএব মহারাজ! আপনার রাজহুও যদি দৈবনির্দিষ্ট থাকে, তবে ইহা থাকিবে॥২০॥ মিষতঃ দর্বলোকস্ম স্থাস্মতে ত্বয়ি তদ্ধ্রবম্। অতোহম্মথা চেদ্বিহিতং যতমানো ন লক্ষ্যদে ॥২৪॥ এবং বিদ্বন্ধুপাদৎস্ব মন্ত্রিণাং দাধ্বদাধূতাম্। ছফীনাঞ্চৈব বোদ্ধব্যমন্থ্যীনাঞ্চ ভাষিতম্ ॥২৫॥

দ্ৰোণ উবাচ।

বিদ্ম তে-ভাবদোষেণ যদর্থমিদমূচ্যতে। হুফ ! পাগুবহেতোস্ত্রং দোষমাখ্যাপয়স্থ্যত ॥২৬॥ হিতন্তু পরমং কর্ণ! ব্রবীমি কুলবর্দ্ধনম্। অথ ত্বং মন্যদে হুফং ক্রহি যৎ পরমং হিতম্ ॥২৭॥

ভারতকোমুদী

মিষত ইতি। মিষত: পশ্যত:। তৎ বাজ্যম্। বিহিতং দৈবেন। যতমানোহিপি অম্ ॥২৪॥ এবমিতি। হে বিদ্ন্। এবমিখং মন্ত্রণয়া, মন্ত্রিণাং ভীগ্নাদীনাম্, সাধ্বসাধুতাম্, উপাদংস্ব গৃহাণ জানীহীত্যর্থ:। বোদ্ধব্যং বিবেচনীয়ম্। এতেন শত্রুহিতিবিশ্বান্তীগ্নাদয়ো ছষ্টা: তবতো হিতৈবিশ্বান্ত বয়মত্নতা ইতি স্মিত্রম্ ॥২৫॥

বিদ্মেতি। ভাবদোষেণ স্বভাবদোষেণ প্রলত্যেত্যর্থঃ, তে ত্বা, যদর্থম্, ইদমীদৃশম্, উচ্যতে, তৎ, বিদ্ম জানীমঃ। দোষম্, আবয়োর্ভীশ্বজ্ঞোণয়োঃ ॥২৬॥

হিতমিতি। অথ পক্ষান্তবে। চুষ্টং ধৃতবাষ্ট্রপক্ষে অহিতম্॥২৭॥

ভারতভাবদীপঃ

দদৃষ্টাৎ পৰায়ণমন্তি ন কিমপীতি ভাব:। প্রকৃতে যোজ্যতি—যদীতি ॥২৩—২৫॥ তে তব

সমস্ত লোকের সমক্ষে নিশ্চরই আপনার রাজত্ব থাকিবে। আর, বিধাতাই যদি অন্তব্যপ বিধান করিয়া থাকেন, তবে আপনি চেষ্টা করিয়াও ইহা রাখিতে পারিবেন না ॥২৪॥

মহারাজ! আপনি বৃদ্ধিমান্; স্বতরাং আপনি এইরূপ মন্ত্রণা দ্বারাই মন্ত্রিগণের সাধুতা ও অসাধুতা বৃঝিয়া লউন। ছপ্টের বাক্য এবং অছপ্টের বাক্য, ছ'ই বিবেচনা করিবেন"॥২৫॥

জোণ বলিলেন—"কর্ণ। স্বভাবের দোষে যাহার জন্ম তুমি এইবাপ বলিতেছ, তাহা আমরা বুঝিতেছি। ছষ্ট ! তুমি পাগুবদের জন্ম আমাদের দোষ কীর্ত্তন করিতেছ ! ॥২৬॥

কর্ণ! কুরুকুলের উন্নতির জন্ম আমি পরম হিতের কথাই বলিয়াছি; ইহাকে যদি তুমি দূষিত মনে কর, তবে তোমার মতে যাহা বিশেষ হিতকর হয়, তাহা বল ॥২৭॥ অতোহত্যথা চেৎ ক্রিয়তে যদ্ব্রবীমি পরং হিতম্।
কুরবো বৈ বিনজ্জ্যন্তি নচিরেণৈব মে মতিঃ ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্যাং সংহিতায়াং বৈষাদিক্যামাদিপর্ববিণি বিদ্ররা গমনরাজ্যলাভে দ্রোণবাক্যং নাম সপ্তানবত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ #

অফ্টনবত্যধিকশততমো২ধ্যায়ঃ।

— °*°—

বিহুর উবাচ।

রাজন্! নিঃসংশয়ং শ্রেয়ো বাচ্যন্ত্বমদি বান্ধবৈঃ।
ন্দ্রন্ত্রশুক্রাবমাণে বৈ বাক্যং সম্প্রতিতিষ্ঠতি ॥>॥

ভারতকোমুদী

অত ইতি। অহং যৎ পবং হিতং ব্রবীমি, অতঃ অস্মাদগ্যথা চেৎ ক্রিয়ত ইত্যন্ত্রয়: ॥২৮॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকায়াং ভাবতকোম্দীসমাখ্যাযামাদিপর্বনি বিত্বাগমনবাজ্যলাভে সপ্তনবত্যধিকশভতমোইধ্যায়:॥০॥

বাজন্নিতি। হে বাজন্। ত্বম্, বান্ধবৈ:, নি:সংশযং শ্রেষো মঙ্গলমেব বাচ্যোথসি। আতো বান্ধবন্বান্তীদ্মেণ দ্রোণেন ময়া চ শ্রেষ এবোচ্যত ইতি ভাবঃ। কিন্তু অশুক্রমমাণে শ্রোত্মনিচ্ছতি ত্বযি, বাক্যং ন সম্প্রতিতিষ্ঠতি প্রতিষ্ঠাং ন লভতে দ্রলোপবাষকং ন ভবতী-তার্থঃ। অভত্ত্বাপ্যস্মাকং বাক্যং শ্রোতব্যমিত্যাশয়ঃ॥১॥

ভারতভাবদীপঃ

মতং বিদ্ম, ভাবদোষেণ ॥২৬—২৭॥ অহং যৎ ব্রবীমি অতোহগ্রথা ॥২৮॥
ইতি শ্রীমহাভাবতে আদিপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে সপ্তনবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৯৭॥

কিন্তু আমার ধারণা এই যে, আমি যে হিতের কথা বলিয়াছি, রাজা যদি তাহার অন্তথা করেন, তবে অচিরকালমধ্যেই কুককুল বিনষ্ট হইবে" ॥২৮॥

--:*:--

বিহুর বলিলেন—"মহারাজ। আপনার নিকটেও বন্ধুবর্গের অবশ্যই হিতের কথা বলা উচিত; আবার আপনারও তাহা গুনিবার ইচ্ছা থাকা চাই; না হইলে সে কথা কোনই ফল জন্মাইতে পারে না॥১॥

প্রিয়ং হিতঞ্চ যদ্বাক্যমুক্তবান্ কুরুসতমঃ।
ভীল্পঃ শান্তনবো রাজন্ ! প্রতিগৃহ্লাসি তদ্বচঃ ? ॥২॥
তথা দ্রোণেন বহুধা ভাষিতং হিতমুক্তমন্।
তচ্চ রাধাস্ততঃ কর্ণো মন্যতে ন হিতং তব ॥৩॥
চিন্তয়ংশ্চ ন পশ্যামি বাজন্ ! তব স্বহুত্তমন্।
আভ্যাং পুরুষসিংহাভ্যাং যো বা স্থাৎ প্রক্রযাধিকঃ ॥৪॥
ইমৌ হি রুদ্ধো বয়সা প্রজ্ঞয়া চ প্রেতেন চ।
সমৌ চ দ্বয়ি রাজেদ্রে। তথা পাণ্ড্স্তেরু চ ॥৫॥
ধর্মো চানবরৌ রাজন্ ! সত্যতায়াঞ্চ ভারত !।
রামাদ্দাশরথেশ্চেব গয়াচ্চেব ন সংশয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

প্রিথমিতি। প্রতিগৃহ্লাসীতি কাকু:। তদা ততোঁ নাধিকং কিঞ্চিবক্তব্যমন্তীতি ভাব: । ২ তথেতি। বাধাস্থত ইত্যনেন কর্ণস্থ নীচত্যা তদমনন্মকিঞ্চিৎক্বমিতি স্টিতম্ ॥ ।

চিন্তয়নিতি। হে বাজন্। অহং চিন্তয়নপি, আভ্যাং ভীন্মশ্রোণকপাভ্যাং পুরুষসিংহাভ্যাং সকাশাং তব স্বস্তত্তমন্, যো বা প্রজ্ঞয়া বৃদ্ধ্যা অধিক: ভাৎ, তঞ্চ জনম্, ন পহামি। অতো-২নয়োর্বচনং ত্বয়া স্বর্বথৈব গ্রাহ্মিতি ভাবঃ ॥ গ্র

অপি চাহ—ইমাবিতি। ইমৌ ভীম্মশ্রোণো। প্রজ্ঞয়া বৃহ্যা, প্রতেন শাস্ত্রজ্ঞানেন চ। সমৌ তুল্যসম্পর্কো। অতোহপ্যনযোর্বচনং গ্রাহ্মিত্যাশয়ঃ ॥৫॥

অথ তথাভূতো সন্তাবণি অবাস্মিকো চেদিত্যাহ—ধর্ম ইতি। ধর্মে সত্যতায়াঞ্চ, দাশরথে বামাৎ গ্যাদস্কবাচ্চ অনববো অনিক্নষ্টো। ইমো ভীন্নদ্রোণাবিতি সম্বন্ধঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

বাজন্নিতি ॥১—০॥ আভ্যাং ভীমহোণাভ্যাম্, পঞ্ম্যস্তমিদম্ ॥৪—৫॥ অনবরো

অতএব কুকবংশশ্রেষ্ঠ শান্তনুনন্দন ভীন্ম আপনার যে প্রীতিকর ও হিতকর বাক্য বলিয়াছেন, তাহা আপনি গ্রহণ করিয়াছেন কি ? ॥২॥

এবং জোণাচার্যাও বছবিধ উত্তম হিতের কথাই বলিয়াছেন। তবে, রাধার পুত্র কর্ণ সে কথাগুলিকে আপনার হিতকর বলিয়া মনে করিতেছেন না॥৩॥

কিন্তু আমি বিশেষ চিন্তা করিয়াও এই তুইজন পুক্ষশ্রেষ্ঠ অপেক্ষা আপনার প্রধান স্বন্থদ্ বা প্রধান বুদ্ধিমান্ লোক দেখিতে পাই না ॥৪॥

আর, ইহারা তুইজনই বয়দে, বুদ্ধিতে এবং শাস্ত্রজ্ঞানে বৃদ্ধ এবং আপনার ও পাণ্ডবগণের তুল্যসম্পর্কী ॥৫॥

⁽২) --- প্রতিগৃহাসি তন্ন চ। (৬) ধর্ম্মে চারুপমৌ বাজনু !---।

ন চোক্তবন্তাবশ্রেয়ঃ পুরস্তাদপি কিঞ্চন।
ন চাপ্যপক্তং কিঞ্চিদনয়োর্লক্ষ্যতে দ্বয়ি ॥৭॥
তাবুভৌ পুরুষব্যাদ্রাবনাগদি নৃপ! দ্বয়ি।
ন মন্ত্রয়েতাং দ্বচ্ছেরঃ কথং সত্যপবাক্রমৌ ॥৮॥
প্রজ্ঞাবন্তৌ নবশ্রেষ্ঠাবন্মিল্লোকে নরাধিপ!।
দ্বন্নিমিত্তমতো নেমৌ কিঞ্চিজ্জিক্ষং বিদয়তঃ ॥৯॥
ইতি মে নৈষ্ঠিকী বৃদ্ধিবর্ত্ততে কুরুনন্দন!।
ন চার্থহেতোর্ধর্মজ্ঞৌ বক্ষ্যতঃ পক্ষদংগ্রিতম্।
এতদ্ধি পরমং গ্রেষো মন্যেহহং তব ভারত!॥১০॥
দ্বর্য্যোধনপ্রভ্তয়ঃ পুত্রা রাজন্। যথা তব।
তথৈব পাগুবেয়ান্তে পুত্রা রাজন্! ন সংশযঃ॥১১॥

ভারতকৌমুদী

কিঞ্চ নেতি। পুবন্তাৎ পূর্বম্। উক্তবন্তো ইমো। অপক্কতমিতি ভাবে ক্তঃ ॥৭॥
তাবিতি। উভৌ ভীম্মজ্রোণো। অনাগসি নিবপবাধে। অচ্ছেরঃ তব হিতম্ ॥৮॥
প্রজ্ঞেতি। যতো ভীম্মজ্রোণো প্রজ্ঞাবন্তো নবশ্রেটো চ, অত ইমো, জিন্ধং কুটিলম্ ॥৯॥
ইতীতি। নৈষ্টিকী নিম্পত্তিবিষয়া নিঃসন্দেহেতি যাবৎ। অর্থহেতোঃ কস্তাপি প্রয়োজনত্ত
হেতোঃ। পক্ষসংশ্রিতম্ একতরপক্ষবিষয়্। শ্রেষো মঙ্গলম্। ষট্পাদোইয়ং শ্লোকঃ ॥১০॥
ন কেবলমনযোর্মতেন তবাপ্যেতদোচিত্যেন কর্ত্তব্যমিত্যাহ—ছ্র্যোধনেতি। তে তব ॥১১॥
ভারতভাবদীপঃ

ভারভভাবনাশঃ শ্রেটো ॥৬॥ অনযোঃ এতাভ্যাম্, কর্ত্তবি ষষ্ঠী ॥৭—১॥ পক্ষসংশ্রিতমন্ততরভ্রৈব হিতম্

তা'র পর, ইহারা ধর্মে এবং সত্যেও দশর্থনন্দন রাম বা গয়াস্থর হইতেও অবশ্যই নিকৃষ্ট নহেন ॥৬॥

আর, ইহারা পূর্ব্বে কখনও আপনার কোনই অহিতের কথা বলেন নাই বা আপনার কোন অপকার করিয়াছেন বলিয়াও লক্ষ্য করি নাই ॥৭॥

মহারাজ। আপনার কোন দোষ নাই, ইহারাও পুকষশ্রেষ্ঠ এবং যথার্থ বিক্রমশালী; স্থুতরাং ইহারা কেন আপনার হিতের কথা বলিবেন না ॥৮॥

ইহারা এই জগতের মধ্যেই বুদ্ধিমান্ ও মন্নুয়াশ্রেষ্ঠ , স্থতরাং ইহারা আপনার জন্ম কোন কপটের কথাই বলিবেন না ॥৯॥

ইহাই আমার নিশ্চিন্ত ধারণা যে, ভীম্ম ও জোণ ধর্মজ্ঞ বলিযা কোন প্রযোজনের জন্মই এক পক্ষের কথা বলিবেন না, স্মৃতরাং ইহারা যাহা বলিযাছেন, তাহাই আপনার পক্ষে পরম মঞ্চল বলিযা আমি মনে করি॥১০॥ তেষু চেদহিতং কিঞ্চিন্মন্ত্রয়েয়ুরতদিদঃ।
নিত্রণিস্তে ন চ শ্রেয়ং প্রপশ্যন্তি বিশেষতঃ॥>২॥
ভাথ তে হৃদয়ে রাজন্! বিশেষঃ স্বেয়ু বর্ত্ততে।
ভাতরস্থং বির্থানাঃ শ্রেষঃ কুর্যুর্ন তে প্রুবম্॥>৩॥
এতদর্থনিনো রাজন্! মহাত্মানো মহাত্মতী।
নোচতুর্বিকৃতং কিঞ্চিন্ন হেষ তব নিশ্চয়ঃ॥>৪॥
ঘচ্চাপ্যশক্যতাং তেষামাহতুঃ পুরুষর্যভৌ।
তত্তথা পুরুষব্যাদ্র। তব তদ্ভদ্রমস্ত তে॥>৫॥

ভারতকোমুদী

তেষিতি। অত্থিক: তাদৃশতুল্যতানভিজ্ঞা:। অতঃ কর্ণন্তে শ্রেযো ন পশ্যতীতি ভাবঃ ॥১২॥ অথেতি। স্বেষ্ স্বপুত্রেষ্, বিশেষঃ স্নেহাতিবেকঃ। অন্তবস্থং তং স্নেহাতিরেকম্, বিবৃধানাঃ প্রকাশযন্তঃ, তে মন্ত্রিণঃ, প্রেযো ন কুর্যুঃ, প্রভোর্ভাবগোপনস্থৈবোচিত্যাদিত্যাশয়ঃ ॥১৩॥

এতদিতি। এতদর্থং তবাস্তবস্থভাবগোপনার্থম্। ইমৌ ভীম্মক্রোণো। বিক্বতং বিরুদ্ধম্ ॥১৪॥ যদিতি। তেবাং পাণ্ডবানাম্, অশক্যতাং বিক্রমেণায়ন্তীকবণস্থাসাধ্যতাম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

॥১০—১১॥ তেমু পাগুবেমু ॥১২॥ তে তব মন্ত্রিণস্তবাস্তরক্ষ বিশেষ বির্ধানান্ত গ্রুবং শাশ্বতং হিতং ন কুর্মুঃ, তব বৈষম্যদোষমেব তে প্রকাশয়িয়ান্তি ন তু কার্যাং সাধ্যিয়ান্তি ইত্যর্থ: ॥১৩॥ এতদর্থং পাগুবানাং শ্রেষোহর্থম্। বির্তং বিস্পষ্টম্, "বিরুতম্" ইতি পাঠে পরুষম্, এষ পাগুবানাং শ্রেষো ভবন্বিত্যেবংরূপঃ। হিশব্দেন তত্ত্ব তেতীতিং প্রমাণয়তি ॥১৪॥ যচেতি। অশক্যতামজ্য্যতাম্, তব পুরস্তাৎ যচ্চাহত্বিতি সম্বন্ধঃ।

তা'র পর, ছর্ব্যোধনপ্রভৃতিও যেমন আপনার পুত্র, পাওবেরাও তেমনই আপনার পুত্র ॥১১॥

ইহা না বুঝিয়া যদি মন্ত্রীরা পাণ্ডবদের কোন অহিতের কথা বলেন, ভবে তাহারা বিশেষভাবে আপনার হিত দেখেন না ॥১২॥

তা'র পর, যদিও আপনার মনে নিজের পুত্রদের উপরে অধিক স্নেহ থাকে, তথাপি আপনার সেই জন্তরের ভাব ব্যক্ত করিয়া মন্ত্রীরা নিশ্চন্থই ভাল কার্য্য করেন না ॥১৩॥

এই জন্মই মহাত্মা ও মহাতেজা ভীম্ম ও জোণ কোন বিকল্প কথা বলেন নাই; তবে আপনি তাহা নিশ্চয় করিতে পারেন নাই ॥১৪॥

বিক্রম দারা পাণ্ডবগণকে আয়ত্ত করিতে পারা যাইবে না, ইহা যে ভীগ

কথং হি পাণ্ডবং শ্রীমান্ সব্যসাচী ধনঞ্জয়ঃ।
শক্যো বিজেতুং সংগ্রামে রাজন্! মঘবতাপি হি ॥>৬॥
ভীমসেনো মহাবাহুর্নাগাযুত্তবলো মহান্।
কথং স্ম যুধি শক্যেত বিজেতুমমরৈরপি ॥>৭॥
তথৈব কৃতিনো যুদ্ধে যমো যমস্থতাবিব।
কথং বিজেতুং শক্যো তো বণে জীবিতুমিচ্ছতা ॥>৮॥
যক্মিন্ প্রতিবন্মক্রোশঃ ক্ষমা সত্যং পরাক্রমঃ।
নিত্যানি পাণ্ডবে জ্যেষ্ঠে স জীয়েত রণে কথম্ ॥>৯॥
যেষাং পক্ষধরো রামো যেষাং মন্ত্রী জনার্দ্দনঃ।
কি তৈরজিতং সংখ্যে যেষাং পক্ষে চ সাত্যকিঃ ॥২০॥
- পদঃ শৃশুরো যেষাং যেষাং শ্যালাশ্চ পার্যতাঃ।

গ্রুষ্মকুর্যা বীরা ভাতরো ক্রুপদাত্মজাঃ ॥২০॥ (রুষ্মকম্)

ভারতকোমুদী

পাণ্ডবানাং জেতুমশক্যতামেব দর্শহতি ষজ্ভি: কথমিতি। মঘবতা ইক্রেণাপি ॥১৬॥
ভীমেতি। নাগাযুতবলো দশসহস্রহন্তিতুল্যবলশালী, মহান্ বিশালাক্বতি: ॥১৭॥
তথেতি। কৃতিনৌ নিপুণো। যমৌ নকুলসহদেবো ॥১৮॥
যশিরিতি। ধৃতিধৈর্য্যম্, অন্ক্রোশো দ্যা। জ্যেষ্ঠে যুধিষ্টিবে ॥১৯॥

যেষামিতি। পক্ষধব: সাহায্যকাবী। সংখ্যে যুদ্ধে! সর্বত বন্ধুত্বাদিতি ভাব:। পার্মতা: পৃষতস্থাপত্যানি পৌত্রা: ॥२०—२১॥

ভারতভাবদীপঃ

ভদ্তমন্ত তে তে তেভ্য: পাওবেভাত্তব ভদ্রমন্ত, কুনা: পাওবাত্তব সর্বান্ পুত্রান্ মা হিংস্থা ও জোণ বলিয়াছেন, তাহা আপনাব পক্ষে সম্পূর্ণ সত্য; স্থতরাং আপনার মঙ্গল ইউক ॥১৫॥

মহারাজ! স্বয়ং ইন্দ্রও যুদ্ধে সব্যসাচী অর্জ্নকে জয় করিতে কোন প্রকারেই সমর্থ নহেন ॥১৬॥

এবং দশ সহস্র হস্তীর তুল্য বলশালী বিশালাকৃতি মহাবাহু ভীমসেনকে দেবতারাও যুদ্ধে জয় করিতে পারেন না॥১৭॥

আর, যমের পুত্রের তুল্য যুদ্ধনিপুণ নকুল ও সহদেবকে জীবনার্থী কোন্ লোক যুদ্ধে জয় করিতে সমর্থ হয় १ ॥১৮॥

তা'র পর, যে যুধিষ্ঠিরে ধৈর্যা, দয়া, ক্ষমা, সত্য ও পরাক্রম—এইগুলি গুণ সর্বদাই বিভ্যমান রহিযাছে, তাঁহাকে যুদ্ধে জয় বরা যায় কি করিয়া ? ॥১৯॥

তা'র পর, বলরাম ও সাত্যকি থাঁহাদের সাহায্যকারী, কৃষ্ণ থাঁহাদের

সোহশক্যতাঞ্চ বিজ্ঞায় তেষামগ্রে চ ভারত!।

দায়াদতাঞ্চ ধর্ম্মেণ সম্যক্ তেষু সমাচর ॥২২॥

ইদং নির্দ্দিষ্টমযশঃ পুরোচনকৃতং মহৎ।
তেষামনুগ্রহেণান্ত রাজন্! প্রকালয়াত্মনঃ ॥২০॥
তেষামনুগ্রহশ্চায়ং সর্বেষাফৈব নঃ কুলে।
জীবিতঞ্চ পরং শ্রেয়ঃ ক্ষত্রেন্ত চ বিবর্জনম্ ॥২৪॥
ত্রুপদোহপি মহান্ বাজা কৃতবৈরশ্চ নঃ পুরা।
তত্ম সংগ্রহণং রাজন্। স্বপক্ষস্ত বিবর্জনম্ ॥২৫॥
বলবন্তশ্চ দাশাহা বহবশ্চ বিশাংপতে!।

যতঃ কৃষ্ণস্ততঃ সর্বের্ব যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ ॥২৬॥
,

ভারতকোমুদী

স ইতি। হে ভাবত। স হম্, অগ্রে প্রথম এব, তেষাং পাওবানাং জেতুমশক্যতাং বিজ্ঞায়, ধর্মেণ তেষু দাযাদতাং পৈতৃকধনভাগিতাম্, সম্যক্ স্মাচব কুক ॥২২॥

ইদমিতি। হে বাজন্। অন্ত তেষাং গাণ্ডবানাং সম্বন্ধে অনুগ্রহেণ, পুবোচনক্তম্, নির্দিষ্টমসন্দিগ্ধম্, মহদিদম্, আত্মনঃ অ্যশঃ প্রকালয। তেষাং রাজ্যার্দ্ধদানে তদযশো বিনজ্যাতীতি ভাবঃ ॥২৩॥

তেষামিতি। অয়ং বাজ্যার্দ্ধদানপ্রকাবঃ, তেষাং পাণ্ডবানাম্, নোইস্মাকং কুলে সর্বেষাং জনানাঞ্চ সম্বন্ধে অনুগ্রহঃ। কিঞ্চ যুদ্ধাভাবে জীবিতঞ্চ ক্ষত্রন্থ বিবর্দ্ধনঞ্চ পবং শ্রেয়ঃ। যুদ্ধকরণে তু বীবাণাং মৃত্যুক্তেন চ ক্ষত্রক্ষযোহবশ্যস্তাবীতি ভাবঃ ॥২৪॥

জ্পদ ইতি। পুরা দ্রোণায় গুরুদিশণাদানকালে। সংগ্রহণং প্রসাদনেনায়ত্তীকবণম্ ॥২৫॥
মন্ত্রী, ক্রেপদরাজা যাহাদের শ্বশুর এবং ধৃষ্টগ্রায়প্রভৃতি মহাবীর ক্রপদপুত্রগ যাহাদের শ্যালক, সেই পাণ্ডবেরা যুদ্ধে কি জয় না করিয়াছেন ? ॥২০—২১॥

অতএব মহারাজ। আপনি প্রথমে পাগুবদের অজেয়তা বুঝিয়া ধর্ম অনুসারে সমীচীনভাবে তাহাদের পৈতৃক অংশ ছাড়িয়া দিন ॥২২॥

আজ আপনি পাগুবদের প্রতি অনুগ্রহ দেখাইয়া পুরোচনকৃত অসন্দিশ্ধ নিজের সেই গুকতর নিন্দা প্রক্ষালন ককন ॥২৩॥

মহারাজ! এইবাপ করিলে, পাণ্ডবদের প্রতি এবং আমাদের বংশের সকলের প্রতি আপনার অনুগ্রহ করা হইবে। কেন না, বাঁচিয়া থাকা এবং ক্ষত্রিয়জাতির বুদ্ধি করা পরম মঙ্গল ॥২৪॥

তা'র পর, জপদ একজন বড় রাজা, অথচ পূর্বেই আমরা তাহার সহিত শক্রতা করিয়াছি; এখন এইরূপ করিলে, তাহাকে আয়ত্ত করা হইবে এবং আত্মপক্ষের উন্নতি করা হইবে ॥২৫॥ যচ্চ দান্ধিব শক্যেত কার্য্যং দাধয়িত্বং নৃপ ।।
কো দৈবশপ্তস্তৎ কার্য্যং বিগ্রহেণ সমাচরেৎ ॥২৭॥
শ্রুত্বা চ জীবতঃ পার্থান্ পোরজ্ঞানপদা জনাঃ।
বলবদর্শনে হুফীস্তেষাং রাজন্ ! প্রিযং কুরু ॥২৮॥
হুর্য্যোধনশ্চ কর্ণশ্চ শকুনিশ্চাপি দৌবলঃ।
অধর্মযুক্তা হুপ্রাজ্ঞা বালা মৈষাং মতং কুথাঃ ॥২৯॥
উক্তমেতৎ পুরা রাজন্ ! ময়া গুণবতস্তব।
হুর্যোধনাপরাধেন প্রজেয়ং বৈ বিনজ্ফ্যতি ॥৩০॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহজ্ঞাং দংহিতায়াং বৈয়াদিক্যামাদিপর্বাণি বিছুবা গমনরাজ্যলাভে বিছুব বাক্যং নামান্টনবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকোমুদী

বলেতি। দাশার্হা যাদবাঃ। ষতো যশ্মিন্, ততন্ত শ্মিন্। সর্বের দাশার্হাঃ ॥২৬॥
যদিতি। দৈবশপ্তো দৈবেন নিগৃহীতো জনঃ। সমাচবেৎ সাধ্যিতুম্দ্যচ্ছেৎ ॥২৭॥
শ্রুতি। পার্থান্ পাণ্ডবান্। দর্শনে দর্শনার্থম্, বলবদত্যন্তম্, হৃষ্টা হর্ষেণোৎকৃষ্টিতাঃ ॥২৮॥

ত্র্য্যোধন ইতি। ত্প্প্রজা তৃষ্টবৃদ্ধযঃ, বালা মূর্থাশ্চ। মা রুথা ন কুরু ॥২১॥ ভারতভাবদীপঃ

বিতি ভাব: ॥১৫—২১॥ অগ্রে তৎপিতৃবেব পাণ্ডো: বাজ্যভাগিত্বকালে, দাযাগ্যতাং পিতৃধ্বভাষ্ ॥২২—২৭॥ বলবদত্যস্তম্ ॥২৮—৩০॥

ইতি শ্রীমহাভাবতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে অষ্টনবত্যধিকশততমোহধ্যায়: ॥১৯৮॥

আর এক কথা, যত্নংশীবেরা বলবান্ অথচ সংখ্যায় বহুতর, তাহারা সকলেই কৃষ্ণ যে দিকে থাকিবেন, সেই দিকেই থাকিবে, অতএব কৃষ্ণ যে দিকে থাকিবেন, সেই দিকেই জয় হইবে ॥২৬॥

তা'র পর, যে কার্য্য শান্তভাবে সম্পন্ন করা যায়, সেই কার্য্যকে কোন্ দৈবনিগৃহীত লোক যুদ্ধ করিয়া সম্পন্ন করিবার চেষ্টা করে ? ॥২৭॥

এদিকেও, পাণ্ডবগণ জীবিত আছেন, ইহা শুনিযা পুরবাদী ও দেশবাদী সমস্ত লোকই তাঁহাদিগকে দেখিবার জন্ম আনন্দে অত্যন্ত উৎকণ্ডিত হইয়াছে; আপনি তাহাদের সন্তোষের কার্য্য ককন ॥২৮॥

কিন্তু, তুর্য্যোধন, কর্ণ ও শকুনি—, ইহারা অধার্শ্মিক, তুষ্টবৃদ্ধি এবং মূর্য ; স্থৃতরাং আপনি ইহাদের মত অনুসারে কার্য্য করিবেন না ॥২৯॥

 ^{* &#}x27;…অধিকিদিশততম · ', ' পথাধিকিদিশততম · ', ' সপ্তাধিকিদিশততম · ',
 ' ৽ চতুর্বিংশত্যধিকিদিশততম · ' ইতি পাঠভেদা: ।

নবনবত্যধিকশততমো২ধ্যায়ঃ।

--:*:--

ধৃতবাষ্ট্র উবাচ।

ভীম্মঃ শান্তনবো বিদ্বান্ দ্রোণশ্চ ভগবানৃষিঃ।
হিতঞ্চ পরমং বাক্যং ত্বঞ্চ সত্যং ব্রবীষি মাম্॥>॥
যথৈব পাণ্ডোস্তে বীবাঃ কুন্তীপুত্রা মহারথাঃ।
তথৈব ধর্মতঃ সর্বের মম পুত্রা ন সংশয়ঃ॥২॥
যথেব মম পুত্রাণামিদং রাজ্যং বিধীয়তে।
তথেব পাণ্ডুপুত্রাণামিদং রাজ্যং ন সংশয়ঃ॥৩॥
ক্ষত্তরানয় গচৈছতান্ সহ মাত্রা স্থসৎকৃতান্।
তয়া চ দেবরূপিণ্যা কৃষ্ণয়া সহ ভারত।॥৪॥

ভারতকোমূদী

উক্তমিতি। পুবা ত্র্যোধনজন্মসময এব। প্রজা প্রায়েণ জনঃ॥ •॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতচাধ্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকার্যাং ভাবতকৌমুদীসমাখ্যাযামাদিপর্বাণি বিত্বাগমনবাজ্যলাভে অষ্টনবত্যধিকশততমোইধ্যায়ঃ॥•॥

___0*0___

ভীম ইতি। ভীম্মন্তোণযোর্যথাক্রমং বিদ্বাহ্বন ঋষিত্বেন চাভ্যহিতত্বমিতি ভাব: ॥১॥
যথেতি। ধর্মতো স্তায়তঃ। ত এব সর্ব্বে, মম মমাপি। "সর্ব্বেবামেকজাতানামেকশ্চেৎ পুত্রবান্ ভবেৎ। সর্ব্বে তে তেন পুত্রেণ পুত্রিণো মন্ত্বব্রবীৎ ॥" ইতি স্মৃতেরিত্যাশয়: ॥২॥
তেন কিমিত্যাহ—যথেতি। তথৈব পাণ্ডুপুত্রাণামিদং বাজ্যং ময়া বিধাতব্যমিতি শেষঃ ॥৩॥

মহারাজ! আপনি গুণবান্; তাই আমি আপনার নিকট পূর্ব্বেই এই কথা বলিয়াছিলাম যে, ছুর্য্যোধনের অপরাধেই লোক বিনষ্ট হইবে" ॥৩০॥

_____0类0____

ধৃতরাষ্ট্র বলিলেন—"বিহুর। শান্তকুনন্দন জ্ঞানবান্ ভীম্ম, মাহাত্মশালী ঋষি জোণাচার্য্য এবং তুমি যথার্থই আমাকে অত্যন্ত হিতের কথা বলিয়াছ॥১॥

বীর ও মহারথ যুধিষ্ঠিরপ্রভৃতি যেমন পাণ্ড্র পুত্র, ন্যায় অনুসারে তাঁহার। সকলেই আমারও তেমনই পুত্র; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥২॥

অতএব এই রাজ্য যেমন আমার পুত্রগণকে দিয়াছি, তেমন পাণ্ড্র পুত্রগণকেও দিতে হইবে ; তাহাতেও কোন সংশয় নাই ॥৩॥ দিষ্ট্যা জীবন্তি তে পার্থা দিষ্ট্যা জীবতি সা পূথা।

দিষ্ট্যা ক্রপদকন্যাঞ্চ লব্ধবন্তো মহারথাঃ ॥৫॥

দিষ্ট্যা বর্দ্ধামহে সর্বেধ দিষ্ট্যা শান্তঃ পুরোচনঃ।

দিষ্ট্যা মম পরং হুঃখমপনীতং মহাহ্যতে! ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।
ততো জগাম বিছুরো ধৃতরাষ্ট্রস্থ শাসনাৎ।
সকাশং যজ্ঞদেনস্থ পাণ্ডবানাঞ্চ ভারত!॥৭॥
সমুপাদায় বজ্লানি বসূনি বিবিধানি চ।
ডৌপত্যাঃ পাণ্ডবানাঞ্চ যজ্ঞসেনস্থ চৈব হ॥৮॥ (যুগ্মকম্)
তত্ত্র গত্তা স ধর্মজ্ঞঃ সর্ববশান্ত্রবিশারদঃ।
ত্রুপদং ন্যায়তো বাজন্! সংযুক্তমুপতস্থিবান্॥৯॥

ভারতকোমুদী

ক্ষত্তরিতি। হে ক্ষত্ত: । বিহ্ব !। মাত্রা কুস্তা। হুসৎকৃতান্ অত্যাদৃতান্ ॥৪॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা তাগ্যেন। পার্থা: পাগুবা:। পৃথা কুস্তী ॥৫॥
দিষ্ট্যেতি। শাস্তো নির্ত্তো মৃত ইত্যর্থ:। অপনীতম্, পাগুবানাং বিচ্ছেদান্তননাৎ ॥৬॥
তত ইতি। শাসনাদাদেশাৎ। যজ্ঞসেনস্থ জ্ঞপদস্থ। বস্থনি তল্পভানি বস্ত্রাদীনি ॥৭—৮॥
তত্তেতি। সংযুক্তং বিবাহসম্বন্ধেন সম্বন্ধ্য। উপতস্থিবান্ নমস্বাবাদিনা সেবিত্বান্ ॥১॥

স্থতরাং বিছর! তুমিই যাও, যাইয়া কুন্তী ও দেবকপিণী জৌপদীর সহিত বিশেষ আদর করিয়া পাণ্ডবগণকে লইয়া আইস ॥৪॥

ভাগ্যবশতঃ পাগুবেরা বাঁচিয়া আছে, ভাগ্যবশতঃ কুন্তী বাঁচিয়া আছেন এবং ভাগ্যবশতই পাগুবেরা জৌপদীকে লাভ করিয়াছে ॥৫॥

আর, ভাগ্যবশতঃ আমরা দকলেই উন্নতি লাভ করিয়াছি, ভাগ্যবশতঃ পুরোচন যেটা মরিবা গিয়াছে এবং ভাগ্যবশতই আমার হঃথ দ্রীভূত হইয়াছে ॥৬॥

তাহার পর, বিছর ধৃতরাষ্ট্রের আদেশ-অনুসারে জৌপদী, পাওবগণ ও জ্ঞপদপ্রভৃতির জন্ম নানাবিধ ধন ও রত্ন লইয়া জ্ঞপদ ও পাওবগণের নিকটে গমন করিলেন ॥৭—৮॥

মহারাজ ! সর্বশান্তবিশারদ ও ধর্মজ্ঞ বিছর সেথানে থাইয়া যথানিযমে বৈবাহিক জ্ঞপদের সংবর্জনা করিলেন ॥৯॥

⁽১) --- সংযুক্তমিব ভস্থিবান্।

२८७ (८)

স চাপি প্রতিজ্ঞাহ ধর্মেণ বিদ্বরং ততঃ।
চক্রতুশ্চ যথান্যারং কুশলপ্রশ্নসংবিদম্॥>০॥
দদর্শ পাগুবাংস্তত্ত বাস্তদেবঞ্চ ভাবত।।
স্নেহাৎ পবিষজ্য স তান্ পপ্রচ্ছানাময়ং ততঃ॥>>॥
তৈশ্চাপ্যমিতবৃদ্ধিঃ স পূজিতো হি যথাক্রমম্।
বচনাদ্ধতবাপ্ত্রস্থা স্নেহযুক্তং পুনঃ পুনঃ॥>২॥
পপ্রচ্ছানাময়ং রাজন্। ততন্তান্ পাণ্ডুনন্দনান্।
প্রদদৌ চাপি রত্নানি বিবিধানি বসূনি চ॥>০॥
পাগুবানাঞ্চ কুন্ত্যাশ্চ দ্রোপদ্মাশ্চ বিশাংপতে।।
ফ্রপদস্থ চ পুত্রাণাং যথা দন্তানি কৌরবৈঃ॥>৪॥ (বিশেষকম্)
প্রোবাচ চামিতমতিঃ প্রজ্ঞিতং বিনয়ান্বিতঃ।
ক্রপদং পাণ্ডুপুত্রাণাং সন্ধিধে কেশবস্থা চ॥>৫॥

ভারতকোমুদী

স ইতি। কুশলপ্রশ্নেন সংবিদং সম্ভাষণম্, ক্রপদবিত্বে পবস্পব্মিতি শেষ:। "দ্রী সংবিজ্ঞানসম্ভাষাক্রিয়াকাবাজিনামস্থ॥" ইত্যমবঃ ॥১০॥

एएएर्नि । ज विष्ठ्वः । जनामस्मारतानाम् ॥১১॥

তৈবিতি। যথাক্রমং জ্যেষ্ঠান্থক্রমেণ তৈযু বিষ্টিবাদিভিঃ পূজিঙঃ অভিবাদনাদিনা সম্মানিতঃ। বস্থনি ধনানি তল্লভ্যবস্ত্রাদীনি। যথা যাদৃগ্যাদৃঙ্,নির্দ্দেশেন ॥১২—১৪॥

প্রোবাচেতি। প্রশ্রিতং প্রশ্রবেণ প্রণযেনান্বিতম্। "প্রশ্রবপ্রণযৌ সমৌ" ইত্যমব: ॥১৫॥

ক্রপদও যথানিয়মে বিহুরকে গ্রহণ করিলেন। তাহার পর, ক্রপদ ও বিহুর পরস্পর কুশলপ্রশ্নপ্রভৃতি শিষ্টালাপ করিলেন॥১০॥

বিছর সেখানে পাণ্ডবগণকে ও কুঞ্চকে দেখিতে পাইলেন; তাহার পর, তিনি স্নেহবশতঃ তাহাদিগকে আলিঙ্গন করিয়া অনাময়প্রশ্ন কবিলেন ॥১১॥

তথন যুধিষ্ঠিরপ্রভৃতিও জ্যেষ্ঠান্থক্রমে বিছরকে অভিবাদন করিলে, বুদ্ধিমান্ বিছর ধৃতরাষ্ট্রের বচন অনুসারে সম্নেহে বার বার পাগুবগণের নিকটে অনাময-প্রশ্ন করিলেন; তাহার পর তিনি ধৃতরাষ্ট্রপ্রভৃতির নির্দ্দেশ অনুসারে পাগুবগণকে, কুন্তীকে, জৌপদীকে, জ্রপদকে এবং জ্রপদের পুত্রগণকে নানাবিধ ধন ও বৃদ্ধ উপহার দিলেন ॥১২—১৪॥

এবং বুদ্ধিমান্ বিছর পাগুবগণের ও কৃষ্ণের সমক্ষে বিনীতভাবে প্রণয়ী জ্পদ-রাজাকে বলিলেন ॥১৫॥

⁽১৫)---প্রস্থতং বিনযান্বিতঃ।

বিছুর উবাচ।

রাজন্! শৃণু সহামাত্যঃ সপুত্রশ্চ বচো মম। ধৃতরাষ্ট্রঃ সপুত্রস্থাং সহামাত্যঃ সবান্ধবঃ ॥১৬॥ অব্রবীৎ কুশলং রাজন্ ! প্রীয়মাণঃ পুনঃ পুনঃ । প্রীতিমাংস্তে দৃঢ়ঞাপি সম্বন্ধেন নরাধিপ ! ॥১৭॥ (যুগ্মকম্) তথা ভীম্মঃ শান্তনবঃ কোরবৈঃ দহ দর্ববশঃ। কুশলং ত্বাং মহাপ্রাজ্ঞঃ দর্ববতঃ পরিপুচ্ছতি ॥১৮॥ ভারদ্বাজো মহাপ্রাজ্ঞা দ্রোণঃ প্রিয়দখস্তব। দমাশ্লেষমুপেত্য ত্বাং কুশলং পরিপৃচ্ছতি ॥>৯॥ ধ্বতরাষ্ট্রশ্চ পাঞ্চাল্য! ত্বয়া সম্বন্ধমীযিবান্। কৃতার্থং মন্মতেত্মানং তথা দর্ব্বেহপি কৌববাঃ॥২০॥ ন তথা বাজ্যসম্প্রাপ্তিস্তেষাং-প্রীতিকরী মতা। যথা সম্বন্ধকং প্রাপ্য যজ্ঞসেন! ব্যয়া সহ ॥২১॥

ভারতকৌমূদী রাজন্নিতি। "সহসমানযোঃ সো বা" ইতি বিবল্পাত্তয়ত্ত্রাাপ সাদেশাভাবঃ। অব্রবী-দপৃচ্ছৎ। দ্বভত্থাং প্রতি প্রীয়মাণোইপি, তে তব, সহদ্ধেন বৈবাহিক্ত্বেন, দৃচমেকান্তম, প্ৰীতিমান্ সন্॥১৬--১৭॥

তথেতি। সর্বশঃ সর্বৈরঃ। সর্ববতঃ সর্বেষেব বিষয়েষু॥১৮॥ ভাবদ্বাজ ইতি। সমাশ্লেষং গাঢালিদ্বনম্, উপেত্য প্রাপ্য রুছেত্যর্থ: ॥১১॥ ধৃতেতি। ঈষিবান্ প্রাপ্তবান্ সন্। আত্মানমিত্যাকাবলোপ আর্ব: ॥২০॥ ভারতভাবদীপঃ

ভীম ইতি ॥১—৮॥ ভাষতো জ্যেষ্ঠাত্ত্রমেণ। সংযুক্তম্ আলিন্দননমস্কাবাদিনা মিলিত

বিত্বর বলিলেন—"মহারাজ। আপনি পুত্রগণ ও মন্ত্রিগণের সহিত আমার কথা শ্রবণ ককন। আপনার প্রতি চিরদিনই সন্তুষ্ট রাজা ধৃতরাষ্ট্র আপনার সহিত এই সম্বন্ধ হওয়ায় অত্যন্ত আনন্দিত হইয়া পুত্রগণ, মন্ত্রিগণ ও বন্ধুগণের সহিত একত্র থাকিয়া বার বার আপনার মঙ্গল জিজ্ঞাদা করিয়াছেন ॥১৬—১৬॥

এবং মহাপ্রাজ্ঞ শান্তরুনন্দন ভীন্ম সমস্ত কৌরবগণের সহিত মিলিত হইয়া সমস্ত বিষয়েই আপনার মঙ্গল জিজ্ঞাসা করিতেছেন ॥১৮॥

আর, আপনার প্রিয় স্থা মহাপ্রাজ্ঞ ভরদাজনন্দন জোণ আপনাকে গাঢ় আলিঙ্গন করিয়া মহলপ্রশ্ন করিতেছেন ॥১৯॥

মহারাজ ! ধৃতরাষ্ট্র এবং কুকবংশীবেরা দকলে আপনার দহিত এই দহন্ধ লাভ করিয়া আপনাদিগকে কৃতার্থ মনে করিতেছেন ॥২ ।॥

এতিদিদ্বি তু ভবান্ প্রস্থাপয়তু পাগুবান্।

দেই হৈ পাণ্ডুপুত্রাংস্ত ত্বরন্তি কুরবো ভূশম্ ॥২২॥
বিপ্রোষিতা দীর্ঘকালমেতে চাপি নর্বহাঃ।
উৎস্ককা নগরং দেই ভবিশ্বন্তি তথা পৃথা ॥২০॥
কৃষ্ণামপি চ পাঞ্চালীং সর্ববাঃ কুরুবরন্তিয়ঃ।
দেই কামাঃ প্রতীক্ষন্তে পুরঞ্চ বিষয়াশ্চ নঃ ॥২৪॥
স ভবান্ পাণ্ডুপুত্রাণামাজ্ঞাপয়তু মা চিরম্।
গমনং সহদারাণামেতদত্র মতং মম ॥২৫॥
